# মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) ম্যানুয়াল

স্ট্রেংদেনিং পাবলিক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম প্রকল্প

কার্যক্রম বিভাগ
পরিকল্পনা কমিশন
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জুন ২০২৪

# মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে বিনিয়োগ প্রকল্প প্রস্তাব যাচাই করার ম্যানুয়াল

শুধুমাত্র বিনিয়োগ প্রকল্পের জন্য

জুন, ২০২৪

**প্রকাশক**

Strengthening Public Investment Management System (SPIMS) Project
কার্যক্রম বিভাগ
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

প্রথম প্রকাশিত: জুন ২০২৪

কপিরাইট @ SPIMS প্রকল্প, কার্যক্রম বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, ২০২৪

প্রণেতা:

১. JICA Expert Team (JET), SPIMS প্রকল্প

বিশেষ দ্রষ্টব্য:

এই ম্যানুয়ালটি নিম্নে উল্লিখিত ওয়েবসাইটসমূহে পাওয়া যাবে:

১. বাংলাদেশ পরিকল্পনা কমিশন: https://plancomm.gov.bd/
২. পরিকল্পনা বিভাগ: https://plandiv.gov.bd/

*প্রচ্ছদ নকশা:*

JICA Expert Team (JET), SPIMS প্রকল্প

*কারিগরি সহযোগিতায়:*

Strengthening Public Investment Management System (SPIMS) প্রকল্প

# প্রাক-কথা

উন্নয়ন বাজেটের অধিকতর দক্ষ ও কার্যকর ব্যবহারের মাধ্যমে ২০৩১ সালের মধ্যে উচ্চ মধ্যম আয় এবং ২০৪১ সালের মধ্যে উচ্চ আয়ের দেশে উন্নীত হবার জাতীয় ভিশন অর্জনের লক্ষে সরকার সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনা সংস্কার কার্যক্রম বাস্তবায়ন করছে।

সার্বিকভাবে সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনায় দক্ষতা আনয়নের উদ্দেশ্যে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের নেতৃত্বে এবং জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থার (জাইকা) কারিগরি সহায়তায় সরকার ২০১৮ সালে মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) ও সেক্টর মূল্যায়ন ফরমেট (SAF) প্রণয়ন করে। ২০২৩ সালের মার্চ মাস থেকে সরকার সকল মন্ত্রণালয়/বিভাগ ও পরিকল্পনা কমিশনের জন্য যথাক্রমে MAF ও SAF ব্যবহার বাধ্যতামূলক করেছে (মেমো নং: ২০.০০.০০০০.১০৪.১৪.০৬১.২০২০ (অংশ-২)৮৯, তাং মার্চ ২৯, ২০২৩)।

মন্ত্রণালয়/বিভাগের প্রকল্প যাচাই কমিটি ও পরিকল্পনা কমিশনের প্রকল্প মূল্যায়ন কমিটির সভার কার্যপত্র প্রণয়নের জন্য MAF ও SAF একটি প্রমিত ফরমেট হিসেবে ব্যবহৃত হচ্ছে। এই প্রমিত ফরমেটগুলি ব্যবহারের ফলে ডিপিপি'র মান উন্নয়ন এবং প্রকল্প যাচাই/মূল্যায়ন প্রক্রিয়া দক্ষ হবে বলে আশা করা যায়।

MAF ও SAF সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা পরিপূর্ণরূপে অনুসরণ করে প্রণয়ন করা হয়েছে। এতৎসংক্রান্ত পরিকল্পনা বিভাগের স্মারক নং ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২০২০ (অংশ-১)/১৩৩, তারিখ ১২ জুন, ২০২২ গ্রিনবুক এর বিধানসমূহ বিবেচনায় রেখে সে অনুযায়ী MAF ও SAF এর ম্যানুয়ালগুলি প্রণয়ন করা হয়েছে। ফরমেটসমূহ কিভাবে পূরণ করতে হবে এই ম্যানুয়ালগুলি শুধু তাই ব্যাখ্যা করে না, বরং মন্ত্রণালয়/বিভাগ ও পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্প প্রণয়ন ও যাচাই/মূল্যায়নের ধারণাগত প্রেক্ষাপটও ব্যাখ্যা করে। প্রস্তাবিত ডিপিপি কাঠামোগত ও ক্রমপরম্পরায় কিভাবে যাচাই/মূল্যায়ন করা হবে তার প্রাসঙ্গিক টার্ম (Term) সমুহের ব্যাখ্যা ও কোন জায়গায় প্রয়োজনীয় তথ্যাদি পাওয়া যাবে তার সুনির্দিষ্ট সূত্র এই ম্যানুয়াল এ উল্লেখ করা হয়েছে। তাই মন্ত্রণালয়/বিভাগ ও পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নুতন প্রস্তাবিত বিনিয়োগ প্রকল্প যাচাই ও মূল্যায়নের ক্ষেত্রে এই ম্যানুয়ালগুলি সহায়ক হিসেবে ব্যবহার করতে পারবেন।

# ম্যানুয়াল এর সংক্ষিপ্ত বিবরণ

## ম্যানুয়াল এর প্রধান উদ্দেশ্য

'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা' [স্মারক নং: ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২০২০ (অংশ ১)/১৩৩। তারিখ: ১২ই জুন ২০২২] বিষয়ক পরিকল্পনা বিভাগ কর্তৃক জুন ২০২২ সনে জারীকৃত পরিপত্রের (যা 'গ্রিনবুক' নামে অভিহিত) অন্যতম সম্পুরক দলিল হিসেবে এই ম্যানুয়াল প্রণয়ন করা হয়েছে।

মন্ত্রণালয়/বিভাগ এর উন্নয়ন খাতভূক্ত বিনিয়োগ প্রকল্প প্রস্তাব যাচাই কার্যক্রম সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা ও নির্দেশনা প্রদান করাই এই ম্যানুয়ালের প্রধান উদ্দেশ্য। এই দলিলে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাইয়ের প্রয়োজনীয়তা, "কিভাবে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই করতে হবে" এবং "প্রকল্প প্রস্তাব যাচাইয়ের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যাতে কার্যকরভাবে 'মন্ত্রণালয় যাচাই ফরমেট' (Ministry Assessment Format: MAF) ব্যবহার করতে সক্ষম হবেন" সে সকল বিষয়ে যথাযথ ও প্রয়োজনীয় ব্যাখ্যাসহ বিস্তারিত দিক নির্দেশনা দেয়া হয়েছে।

## কাদের জন্য এই ম্যানুয়াল এবং তাঁরা কখন এটি ব্যবহার করবেন

মন্ত্রণালয়/বিভাগ এর পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখায় কর্মরত কর্মকর্তাগণ মূলত: বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক দাখিলকৃত উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাইকালে এই ম্যানুয়াল ব্যবহার করবেন। ম্যানুয়ালে এসকল কর্মকর্তাদেরকে 'প্রকল্প যাচাইকারী' হিসেবে উল্লেখ করা হয়েছে।

## এই ম্যানুয়াল হতে যাচাইকারীগণ যে ধরনের সুফল পেতে পারেন


এই ম্যানুয়াল ব্যবহারের মাধ্যমে প্রকল্প যাচাইকারীগণ সুনির্দিষ্ট পদ্ধতি ও নির্দেশনা অনুসরণ করে অধিকতর দক্ষতার সাথে প্রকল্প প্রস্তাব যাচাই কার্যক্রম সম্পন্ন করতে সক্ষম হবেন। এছাড়া নির্দিষ্ট নির্দেশক ব্যবহার করে যাচাইকারীগণ আরো কার্যকরভাবে প্রকল্প প্রস্তাব যাচাই প্রতিবেদন প্রণয়ন করতে পারবেন।

## ম্যানুয়ালে ব্যবহৃত গুরুত্বপূর্ণ ধারণাসমূহের সংজ্ঞা

- **প্রকল্প মূল্যায়ন (Project Evaluation):** উন্নয়ন প্রকল্প প্রণয়ন এবং উহার বাস্তবায়ন পর্যায়ের উপর ভিত্তি করে প্রাক-বাছাই, প্রকল্প প্রস্তাব যাচাই/মূল্যায়ন, মধ্যমেয়াদি প্রকল্প পর্যালোচনা, প্রকল্পের প্রান্তিক মূল্যায়ন কিংবা প্রকল্পের বাস্তবায়ন উত্তর প্রভাব মূল্যায়নকে সাধারণভাবে 'প্রকল্প মূল্যায়ন' হিসেবে উল্লেখ করা হয়।
- **প্রকল্প প্রস্তাব মূল্যায়ন (Project Appraisal):** এটি মূলত উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন পূর্ব মূল্যায়ন। একে কোন কোন সময় প্রাক-যাচাই/মূল্যায়নও বলা হয়। এই ম্যানুয়ালে প্রকল্প প্রস্তাব মূল্যায়নের মধ্যে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প প্রস্তাব যাচাই এবং সেক্টর পর্যায়ে প্রকল্প প্রস্তাব মূল্যায়নকে অন্তর্ভূক্ত করা হয়েছে।
    - **প্রকল্প প্রস্তাব যাচাই (Project Assessment):** মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে বাস্তবায়নকারী সংস্থার নিকট হতে প্রাপ্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাবের প্রাসঙ্গিকতা, সম্ভাব্যতা এবং সম্ভাব্য স্থায়িত্বশীলতার সামগ্রিক বিশ্লেষণ।
    - **সেক্টরভিত্তিক মূল্যায়ন (Sector Appraisal):** পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন পর্যায়ে পরিচালিত উন্নয়ন প্রকল্প প্রস্তাবের সেক্টরভিত্তিক যৌক্তিকতা মূল্যায়ন।

এই ম্যানুয়াল এর সামগ্রিক কাঠামো নিচের চিত্রে দোখানো হয়েছে।

প্রসঙ্গত: উল্লেখ্য যে, প্রকল্প প্রণয়ন, মূল্যায়ন ও পর্যালোচনা প্রক্রিয়ার অন্যতম একটি পর্যায় হচ্ছে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই (এই ম্যানুয়াল এর মুখ্য আলোচ্য বিষয়), যা বাংলাদেশ সরকারের সামগ্রিক উন্নয়ন প্রকল্প পরিচালনা ও ব্যবস্থাপনা প্রক্রিয়ার অবিচ্ছেদ্য অংশ।




নোট (১)- বিনিয়োগ প্রকল্পের ক্ষেত্রে যার আনুমানিক ব্যয় ৫০ কোটি টাকার উপরে। ৫০ কোটি টাকা পর্যন্ত আনুমানিক ব্যয়সহ একটি বিনিয়োগ প্রকল্পের ক্ষেত্রে, মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী প্রকল্পটি অনুমোদন করেন।

**Legend**: ECNEC- Excutive Committee of the National Economic Council; MAF- Ministry Assessment Format; PSC: Project Scrutinyizing Committee.

## ম্যানুয়াল এর বিষয়বস্তু

এই ম্যানুয়াল তিনটি অংশের সমন্বয়ে গঠিত:

- অংশ-১: মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই কার্যক্রমের ধারণাগত পটভূমি।
- অংশ-২: মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই কার্যপ্রণালি।
- অংশ-৩: মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই করার জন্য ব্যবহৃতব্য ‘মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF)’ সংক্রান্ত নির্দেশনা।

# সূচিপত্র


অংশ-১ ........ ১
১. মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই কার্যক্রমের ধারণাগত পটভূমি ........ ৩
১.১. সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার (PUBLIC INVESTMENT MANAGEMENT: PIM) কাঠামো ........ ৩
১.১.১ উন্নয়ন পরিকল্পনা (নীতি/পরিকল্পনা, কর্মসূচি এবং প্রকল্প) ........ ৩
১-১-২ সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যসমূহ ........ ৫
১-১-৩ বাংলাদেশের সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার সার্বিক কাঠামো ........ ৬
১-২ প্রকল্প কাঠামো ........ ৯
১-২-১ প্রকল্পের ধারণা ........ ৯
১-২-২ লজিক্যাল ফ্রেমওয়ার্কভিত্তিক প্রকল্প কাঠামো ........ ১১
১-২-৩ প্রকল্প ব্যবস্থাপনার ধারাবাহিকতা ........ ১২
১-৩ প্রকল্প মূল্যায়নের কাঠামো ........ ১৪
১-৩-১ প্রকল্প মূল্যায়নের সংজ্ঞা ........ ১৪
১-৩-২ প্রকল্প মূল্যায়ন প্রবাহ ........ ১৬
১-৩-৩ লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর মাধ্যমে প্রকল্পের মান ব্যাখ্যা ........ ১৮
১-৩-৪ প্রকল্প মূল্যায়নের মানদন্ড (PROJECT EVALUATION CRITERIA) ........ ২০
১-৩-৫ প্রকল্প ও প্রকল্প মূল্যায়ন এর মধ্যে সম্পর্ক (লজিক্যাল ফ্রেমওয়ার্ক এবং মূল্যায়নের মানদন্ড) ........ ২১
১-৪. বাংলাদেশে পরিচালিত প্রকল্প যাচাই/মূল্যায়ন এর সংক্ষিপ্ত বিবরণ ........ ২৩
১-৪-১ প্রকল্প যাচাই/মূল্যায়ন পদ্ধতি ........ ২৩
১-৪-২ প্রকল্প যাচাই/মূল্যায়নের ধারাবাহিকতা ........ ২৫
১-৪-৩ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই এর বিষয়সমূহ ........ ২৮
অংশ- ২ ........ ৩৫
২ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প প্রস্তাব যাচাই পদ্ধতি ........ ৩৭
২-১ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই এর সামগ্রিক কাঠামো ........ ৩৭
২-১-১ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প ব্যবস্থাপনায় উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই এর অবস্থান ........ ৩৭
২-১-২ প্রকল্প যাচাই কমিটি'র গঠন/সদস্যবৃন্দ ও উহার কার্যপরিধি (TOR) সহ মন্ত্রণালয়/বিভাগ এর পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখার প্রকল্প যাচাই কমিটি সংক্রান্ত দায়িত্ব: ........ ৩৮
২-১-৩ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাইয়ের প্রস্তুতি ........ ৩৮
২-১-৪ প্রকল্প প্রস্তাব প্রক্রিয়াকরণের প্রতিটি ধাপে প্রণীত দলিল/প্রতিবেদনসমূহ ........ ৪২
২-২ ধাপ ১: ডিপিপি যাচাই এর প্রস্তুতি ........ ৪৩
২-২-১ ডিপিপি নথিভুক্ত ও নিবন্ধনকরণ ........ ৪৩
২-২-২ মন্ত্রণালয়/বিভাগের সহিত বাস্তবায়নকারী সংস্থার যোগাযোগ প্রক্রিয়া ........ ৪৩
২-৩ ধাপ ২: মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) ব্যবহার করে ডিপিপি যাচাই এর প্রস্তুতি ........ ৪৭
২-৩-১ মন্ত্রণালয়ের যাচাই ফরমেট (MAF) এর যাচাই মানদন্ডসমূহ ........ ৪৮
২-৩-২ MAF এর যাচাই কাঠামো ........ ৫২
২-৩-৩ প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্রের বিষয়বস্তু ........ ৫৪
২-৪ ধাপ ৩: প্রকল্প যাচাই কমিটি সভায় ডিপিপি যাচাই ........ ৫৬
২-৪-১ প্রকল্প যাচাই কমিটির সভা পরিচালনার পদ্ধতি ........ ৫৭
২-৪-২ কার্যপত্রের ব্যবহার ........ ৫৭
২-৫ ধাপ ৪: যাচাই প্রতিবেদনের ফলাফল সংকলন ........ ৫৮
২-৫-১ কার্যবিবরণীর বিষয়বস্তু ........ ৫৯
২-৫-২ প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণী জারিকরণ ........ ৫৯
২-৬ ধাপ ৫ প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য মতামত/পরামর্শ গ্রহণ এবং ডিপিপি পুনর্গঠন ........ ৬০
২-৬-১ জনবল নির্ধারণ কমিটি ........ ৬০
২-৬-২ ডিপিপি পুনর্গঠন ........ ৬১
২-৬-৩ চেকলিস্ট/কমপ্লায়েন্স/তুলনামূলক সারণির প্রস্তুতি ........ ৬১
২-৭ ধাপ ৬: পুনর্গঠিত ডিপিপি এবং চূড়ান্ত মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন পরিকল্পনা কমিশনে প্রেরণ ........ ৬২
২-৭-১ পুনর্গঠিত ডিপিপি'র বিষয়বস্তু নিশ্চিতকরণ ........ ৬৩
২-৭-২ প্রকল্প যাচাই/পর্যালোচনা চূড়ান্তকরণ ........ ৬৩
২-৭-৩ পুনর্গঠিত ডিপিপি এবং চূড়ান্ত মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন প্রেরণ ........ ৬৩
অংশ- ৩ ........ ৬৫
৩ মন্ত্রণালয় যাচাই ফরমটে (MAF) ব্যবহার করার নির্দেশিকা ........ ৬৭
৩-১ প্রচ্ছদ পাতা ........ ৬৮
নির্দেশনা ........ ৬৮

প্রকল্পের নাম: ....................................................................................................................................................৬৯
মন্ত্রণালয় কর্তৃক যাচাই এর পূর্বে গৃহীত পদক্ষেপসমূহের তারিখ........................................................................................৬৯
ডিপিপি প্রণয়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার এবং সংস্থা প্রধান কর্তৃক ডিপিপি স্বাক্ষরের তারিখ.................................................৬৯
মন্ত্রণালয়/বিভাগ এবং ডেস্ক কর্মকর্তা কর্তৃক ডিপিপি প্রাপ্তির তারিখ.......................................................................................৬৯
মন্ত্রণালয় কর্তৃক যাচাইকালে গৃহীত পদক্ষেপসমূহের তারিখ...................................................................................................৬৯
মন্ত্রণালয় যাচাই নিশ্চিতকরণের তারিখ................................................................................................................................ ৭০
৩-২ অনুসরণ-ক: প্রকল্প প্রস্তাব যাচাই এর পূর্বে প্রকল্প প্রস্তাবের মৌলিক চাহিদা প্রতিপালন যাচাই ..............................................৭১
ক-১ সংস্থা পর্যায়ে কমিটি কর্তৃক পরীক্ষা ............................................................................................................................ ৭২
ক-২ সম্ভাব্যতা সমীক্ষা....................................................................................................................................................৭৩
ক-৩ বৈদেশিক অর্থায়ন.................................................................................................................................................. ৭৫
ক-৪ সরকারি মালিকানাধীন/স্বায়ত্তসাশিত প্রতিষ্ঠানসমূহের প্রকল্পসমূহ.................................................................................. ৭৬
খ-১ ভুমি...................................................................................................................................................................... ৭৮
খ-২ পুনর্বাসন/প্রত্যাবাসন................................................................................................................................................ ৭৯
খ-৩ পরিবেশগত প্রভাব.................................................................................................................................................... ৮০
খ-৪ দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি ............................................................................................................................... ৮১
৩-৩ অংশ ১ প্রকল্পের মৌলিক/গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় তথ্যাদি.......................................................................................................৮৩
(১-১, ১-২ এবং ১-৩) উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগ ........৮৩
(১-৪) প্রকল্পের বাস্তবায়নকাল ..........................................................................................................................................৮৩
(১-৫) প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ............................................................................................................................................. ৮৪
(১-৬) প্রকল্প এলাকা............................................................................................................................................................ ৮৪
৩-৪ অংশ-২ লজিক্যাল ফ্রেমওয়ার্কের স্পষ্টতা .......................................................................................................................৮৫
অনুভূমিক যুক্তি: লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর অনুভূমিক যুক্তি ফলাফল চেইন এর প্রতিটি পর্যায় ব্যাখ্যা করে: ১) সংক্ষিপ্ত বর্ণনা, ২) বস্তুনিষ্ঠ যাচাই এর মাধ্যম/উপায় এবং ৪) গুরুত্বপূর্ণ অনুমানসমূহ। ..........................................................................................৮৬
(২-১) প্রকল্পের উদ্দেশ্য..................................................................................................................................................... ৮৭
(২-১-১) প্রকল্প উদ্দেশ্যের সংক্ষিপ্ত বর্ণনা.............................................................................................................................৮৮
(২-১-২) প্রকল্প উদ্দেশ্যের বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকসমূহ (OVIs) ............................................................................................৮৯
(২-২) প্রকল্পের লক্ষ্য ............................................................................................................................................................৯০
(২-২-১) প্রকল্প লক্ষ্যের সংক্ষিপ্ত বর্ণনা ................................................................................................................................ ৯১
(২-১-২) প্রকল্প লক্ষ্যের বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকসমূহ (OVIs) ...............................................................................................৯২
(২-২-৩) প্রকল্প উদ্দেশ্যের গুরুত্বপূর্ণ অনুমানসমূহ...................................................................................................................৯৩
(২-৩) আউটপুট.................................................................................................................................................................. ৯৪
(২-৩-১) আউটপুটের সংক্ষিপ্ত বর্ণনা.......................................................................................................................................৯৫
(২-৩-২) আউটপুটের বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকসমূহ (OVIs) .....................................................................................................৯৬
(২-৩-৩) প্রকল্প আউটপুটের গুরুত্বপূর্ণ অনুমানসমূহ................................................................................................................. ৯৭
(২-৪) ইনপুট .......................................................................................................................................................................৯৮
(২-৪-১) ইনপুটসমূহ...............................................................................................................................................................৯৯
(২-৪-২) ক্রয় পরিকল্পনা ........................................................................................................................................................১০০
(২-৪-৩) জনবল .....................................................................................................................................................................১০২
(২-৪-৪) ইনপুটের গুরুত্বপূর্ণ অনুমানসমূহ এবং পূর্বশর্তসমূহ ...................................................................................................... ১০৩
৩-৫ অংশ-৩ ভূমি অধিগ্রহণ, পুনর্বাসন/ প্রত্যাবাসন.....................................................................................................................১০৪
(৩-১) প্রাপ্যতা, পরিমাণ ও ভূমির শ্রেণি.................................................................................................................................. ১০৫
(৩-২) ব্যয় প্রাক্কলনের ভিত্তি................................................................................................................................................. ১০৬
(৩-৩) পুনর্বাসন/প্রত্যাবাসন .................................................................................................................................................১০৭
৩-৬ অংশ-৪ পরিবেশ সংক্রান্ত চাহিদা এবং দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি.......................................................................... ১০৮
(৪-১) পরিবেশগত চাহিদাসমূহ...............................................................................................................................................১০৯
(৪-১-১) পরিবেশগত শ্রেণি......................................................................................................................................................১১০
(৪-১-২) পরিবেশগত ছাড়পত্র (ENVIRONMENTAL CLEARANCE CERTIFICATE- ECC) ......................................................... ১১১
(৪-১-৩) পরিবেশগত প্রভাব যাচাই (ENVIRONMENTAL IMPACT ASSESSMENT- EIA)...........................................................১১২
(৪-১-৪) পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (ENVIRONMENTAL MANAGEMENT PLAN- EMP) .........................................১১২
(৪-১-৫) পরিবেশগত ও সামাজিক প্রভাব এবং প্রতিকারসমূহ .......................................................................................................১১৩
(৪-২) দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি ..............................................................................................................................১১৮
(৪-২-১) সবুজ ও জলবায়ু সহিষ্ণু (GCRD) অগ্রাধিকার ..........................................................................................................১১৯
(৪-২-২) দুর্যোগের প্রভাব যাচাই (DIA) ..................................................................................................................................১২০
(৪-২-২-১) দুর্যোগের প্রভাব যাচাই (DIA) প্রতিবেদন...............................................................................................................১২০
(৪-২-২-২) দুর্যোগের প্রভাব যাচাই (DIA) প্রতিবেদন ..............................................................................................................১২১

(৪-২-২-৩) দুর্যোগের প্রভাব যাচাই (DIA) প্রতিবেদন......১২২
(৪-২-২-৪) দুর্যোগের প্রভাব যাচাই (DIA) প্রতিবেদন ......১২৩
৩-৭ অংশ-৫ সেক্টর নির্দিষ্ট বিশ্লেষণ/সেক্টর নির্দিষ্ট বিশেষ চাহিদাসমূহ......১২৪
৩-৮ অংশ-৬ ব্যয়-আয় বিশ্লেষণ......১২৭
আর্থিক বিশ্লেষণের প্রয়োজনীয়তা পরীক্ষা করুন......১২৯
(৬-১) আর্থিক বিশ্লেষণ ......১৩০
(৬-২) অর্থনৈতিক বিশ্লেষণ......১৩২
(৬-৩) আর্থিক ও অর্থনৈতিক মূল্যের প্রাক্কলন......১৩৪
৩-৯ অংশ-৭ মূল্যায়নের মানদন্ড (প্রাসঙ্গিকতা, কার্যকারিতা, দক্ষতা, প্রভাব, স্থায়িত্বশীলতা এবং ঝুঁকি ও তা নিরসণের উপায়সমূহ) .. ১৩৫
(৭-১) প্রাসঙ্গিকতা......১৩৭
(৭-১-১) উন্নয়ন কৌশল, পরিকল্পনা ও কর্মসূচির সাথে সংগতি ......১৩৮
(৭-১-২) মন্ত্রণালয়/বিভাগের MULTI-YEAR PUBLIC INVESTMENT PROGRAMME (MYPIP) (বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি) যদি থাকে এবং মধ্যমেয়াদি বাজেট অবকাঠামো (MTBF) এর সাথে সামঞ্জস্যতা......১৩৯
(৭-১-৩) সুফলভোগী ......১৪০
(৭-১-৪) প্রকল্পের অবস্থান/ এলাকা ......১৪২
(৭-২) কার্যকারিতা......১৪৩
(৭-৩) দক্ষতা......১৪৪
(৭-৩-১) (১-১) ব্যয় প্রাক্কলন ......১৪৫
(৭-৩-১) (১-২) ব্যয়ের তুলনা ......১৪৬
(৭-৩-২) প্রকল্প বাস্তবায়নকাল......১৪৭
(৭-৩-৩) প্রকল্পের উপকরণ ও প্রযুক্তি......১৪৮
(৭-৩-৪) জনবল ......১৪৯
(৭-৩-৫) বাস্তবায়নকালীন ঝুঁকিসমূহ ......১৫০
(৭-৩-৬) বাস্তবায়নকালীন ঝুঁকি প্রশমনের উপায়সমূহ ......১৫০
(৭-৪) প্রভাব......১৫১
(৭-৪-১) প্রভাব (ক) দীর্ঘ এবং বিস্তৃত উন্নয়ন ফলাফলগুলো কি প্রকল্পের উদ্দেশ্য অর্জনে যথাযথভাবে চিহ্নিত করা হয়েছে এবং বাস্তবে অর্জনযোগ্য? ......১৫২
(৭-৪-২) প্রভাব (খ) প্রকল্পের দীর্ঘমেয়াদি লক্ষ্যের সাথে সম্পর্কিত নয় এমন বিষয়ে প্রকল্পের পরোক্ষ প্রভাব (ইতিবাচক এবং নেতিবাচক) মূল্যায়ন ......১৫৩
(৭-৪-২-১) প্রকল্প বাস্তবায়নকালে: ......১৫৪
(৭-৪-২-১) (১-১) নেতিবাচক প্রভাব (NEGATIVE IMPACT) ......১৫৪
(৭-৪-২-১) (১-২) ইতিবাচক প্রভাব (POSITIVE IMPACT) ......১৫৪
(৭-৪-২-২) প্রকল্প পরিচালন ও রক্ষণাবেক্ষনকালে: ......১৫৫
(৭-৪-২-২) (২-১) নেতিবাচক প্রভাব (NEGATIVE IMPACT)......১৫৫
(৭-৪-২-২) (২-২) ইতিবাচক প্রভাব (POSITIVE IMPACT)......১৫৫
(৭-৫) স্থায়িত্বশীলতা ......১৫৬
(৭-৫-১) প্রাতিষ্ঠানিক স্থায়িত্বশীলতা......১৫৭
(৭-৫-২) সাংগঠনিক স্থায়িত্বশীলতা ......১৫৮
(৭-৫-৩) আর্থিক স্থায়িত্বশীলতা......১৫৯
(৭-৬) পরিচালনাকালীন ঝুঁকি বিশ্লেষণ ও প্রতিকারের উপায়সমূহ......১৬০
(৭-৬-১) পরিচালনাকালীন ঝুঁকি বিশ্লেষণ......১৬১
(৭-৬-২) পরিচালনাকালীন ঝুঁকি প্রতিকারের উপায়সমূহ......১৬১
৩-১০ চেক সিট (পুনর্গঠিত ডিপিপি গ্রহণের পর)......১৬২
(৩-১০-১) জনবল নির্ধারণ কমিটি ......১৬৩
(৩-১০-২) পুনর্গঠিত ডিপিপি’র জন্য প্রযোজ্য ......১৬৪

# চিত্র সূচি

চিত্র ১ উন্নয়ন পরিকল্পনার কাঠামো এবং সংশ্লিষ্ট প্রধান প্রতিষ্ঠানসমূহ.......... ৪
চিত্র ২ সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার প্রমিত ধারণাগত কাঠামো.......... ৫
চিত্র ৩ প্রকল্প বিষয়ক সাধারণ ধারণা.......... ৯
চিত্র ৪ প্রকল্পের ফলাফল চেইন.......... ১০
চিত্র ৫ যৌক্তিক সম্পর্কের (Causal relationship)এর মধ্যে কর্মসূচি ও প্রকল্পের সম্পৃক্ততা.......... ১০
চিত্র ৬ লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর গঠন.......... ১১
চিত্র ৭ প্রকল্পের জীবন চক্রের আঙ্গিকে প্রকল্প ব্যবস্থাপনার ধারাবাহিকতা.......... ১২
চিত্র ৮ বার্ষিক বাজেট চক্রের আঙ্গিকে প্রকল্প ব্যবস্থাপনার ধারাবাহিকতা.......... ১৩
চিত্র ৯ মূল্যায়নের ধারণামূলক ব্যাখ্যা.......... ১৪
চিত্র ১০ প্রকল্পের জীবনচক্রের আঙ্গিকে প্রকল্প মূল্যায়নের ধারাবাহিকতা.......... ১৬
চিত্র ১১ বার্ষিক বাজেট চক্রের আঙ্গিকে প্রকল্প মূল্যায়নের ধারাবাহিকতা.......... ১৭
চিত্র ১২ লজিক্যাল ফ্রেমওয়ার্কের কাঠামো এবং যৌক্তিক পারস্পরিক সম্পর্ক.......... ১৯
চিত্র ১৩ ‘প্রকল্প মূল্যায়নের’ সচিত্র ব্যাখ্যা.......... ২১
চিত্র ১৪ লজিক্যাল ফ্রেমওয়ার্কভূক্ত পাঁচটি মূল্যায়ন মানদন্ড এর সংক্ষিপ্ত বিবরণ.......... ২২
চিত্র ১৫ জীবনচক্রের ভিত্তিতে প্রকল্প মূল্যায়নের ধারাবাহিকতার স্তরসমূহের সম্পর্ক এবং স্ব স্ব স্তরের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ.......... ২৩
চিত্র ১৬ বাংলাদেশের উন্নয়ন প্রকল্প প্রস্তাব প্রক্রিয়াকরণ সংক্রান্ত যাবতীয় পদ্ধতি.......... ২৫
চিত্র ১৭ উন্নয়ন প্রকল্প প্রণয়ন, যাচাই/মূল্যায়ন এবং অনুমোদনের চারটি পর্যায়.......... ৩৭
চিত্র ১৮ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে বিনিয়োগ প্রকল্প প্রস্তাব যাচাই এর ৬ টি ধাপ.......... ৩৯
চিত্র ১৯ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প প্রস্তাব যাচাই এর প্রতিটি ধাপে প্রণীত দলিল/প্রতিবেদনসমূহ.......... ৪২
চিত্র ২০ ধাপ ১ “ডিপিপি যাচাই এর প্রস্তুতি”.......... ৪৩
চিত্র ২১ ধাপ ২ “MAF ব্যবহার করে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই”.......... ৪৭
চিত্র ২২ MAF এর যাচাই কাঠামো.......... ৫২
চিত্র ২৩ মন্ত্রণালয় যাচাই ফরমেটের কাঠামো.......... ৫৩
চিত্র ২৪ ধাপ ৩ “প্রকল্প যাচাই কমিটি সভায় ডিপিপি যাচাই”.......... ৫৬
চিত্র ২৫ ধাপ-৪ “প্রকল্প যাচাই এর উপধাপসমূহ”.......... ৫৮
চিত্র ২৬ প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণীতে অন্তর্ভূক্তির জন্য প্রস্তাবিত তুলনামূলক সারণি.......... ৫৯
চিত্র ২৭ ধাপ-৫ “প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য মতামত/পরামর্শ গ্রহণ এবং ডিপিপি পুনর্গঠন” .. ৬০
চিত্র ২৮ প্রস্তাবিত তুলনা সারণি/ কমপ্লায়েন্স টেবিল.......... ৬১
চিত্র ২৯ ধাপ ৬ “পুনর্গঠিত ডিপিপি এবং চূড়ান্ত মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন পরিকল্পনা কমিশনে প্রেরণ”.......... ৬২

# বক্স সূচি

বক্স ১ পরিকল্পনা কমিশনের ১৯৮৩ সালের হ্যান্ডবুকে উন্নয়ন পরিকল্পনার ব্যাখ্যা.......... ৪
বক্স ২ সেক্টর কৌশলপত্র (Sector Strategy Paper) কি?.......... ৮
বক্স ৩ মধ্যমেয়াদি বাজেট কাঠামো (MTBF), বহু বছর ভিত্তিক সরকারি বিনিয়োগ কর্মসূচি (MYPIP), FBE এবং Fiscal Space কি?.......... ৮
বক্স ৪ মূল্যায়ন এবং ফলাফল ভিত্তিক ব্যবস্থাপনা সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ শব্দ বা শব্দাবলীর সংজ্ঞা.......... ১৫
বক্স ৫ বাংলাদেশের সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার (PIM) পরিবীক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি.......... ২৭
বক্স ৬ কার্যপত্রের বিষয়বস্তু/ সূচিপত্র.......... ৫৫
বক্স ৭ ডিআইএ কাঠামো.......... ৮২
বক্স ৮ লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর রূপরেখা.......... ৮৬
বক্স ৯ ক্রয়ের ধরন এবং পদ্ধতির শর্তসমূহ.......... ১০১
বক্স ১০ পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এ উল্লিখিত পরিবেশগত প্রভাব যাচাই প্রতিবেদনের ফরমেট.......... ১১৪
বক্স ১১ Disaster and Climate Risk Information Platform (DRIP).......... ১২০
বক্স ১২ গ্রিনবুক ২০২২ এ উল্লিখিত নির্দিষ্ট চাহিদাসমূহ.......... ১২৫
বক্স ১৩ আয়-ব্যয় বিশ্লেষণের মৌলিক ধারণা.......... ১২৮
বক্স ১৪ চাহিদা বিশ্লেষণ কি?.......... ১৪১

# সারণি সূচি


সারণি ১ বাংলাদেশের সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার বিভিন্ন বৈশিষ্ট্যের সাথে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ দলিলাদি এবং প্রতিষ্ঠানসমূহ ...... ৭

সারণি ২ লজিক্যাল ফ্রেমওয়ার্কভূক্ত উপাদানসমূহের বিবরণ ...... ১১

সারণি ৩ যাচাই নির্দেশক ১: লজিক্যাল ফ্রেমওয়ার্কের উল্লম্ব যুক্তি...... ১৮

সারণি ৪ যাচাই নির্দেশক ২: লজিক্যাল ফ্রেমওয়ার্কের অনুভূমিক যুক্তি ...... ১৯

সারণি ৫ যাচাই নির্দেশক ৩: লজিক্যাল ফ্রেমওয়ার্কের গুরুত্বপূর্ণ অনুমান ও পূর্বশর্তসমূহ...... ১৯

সারণি ৬ প্রকল্প প্রস্তাব মূল্যায়নের মানদন্ডসমূহের বিবরণ ...... ২০

সারণি ৭ উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রক্রিয়করণের সময় কাঠামো ...... ২৬

সারণি ৮ গ্রিনবুকে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই সংক্রান্ত বিষয়সমূহের তালিকা...... ২৯

সারণি ৯ পাঁচটি মূল্যায়ন মানদন্ডে শ্রেণিবিন্যাসকৃত প্রকল্প প্রস্তাব যাচাই এর বিষয়সমূহ...... ৩২

সারণি ১০ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই এর ধাপ এবং উহাদের উপধাপসমূহ ...... ৩৯

সারণি ১১ ডিপিপি প্রণয়নের মৌলিক চাহিদা পূরণের জন্য প্রয়োজনীয় বিষয়াদির তালিকা...... ৪৫

সারণি ১২ মন্ত্রণালয়ের যাচাই করমেট (MAF) এর বিষয়বস্তু...... ৪৯

সারণি ১৩ প্রকল্প যাচাই কমিটি সভার নমুনা আলোচ্যসূচি...... ৫৭

সারণি ১৪ MAF এর অংশ-২ এর সার-সংক্ষেপ ...... ৮৫

সারণি ১৫ MAF এর অংশ ৬ এর সার-সংক্ষেপ...... ১২৭

সারণি ১৬ MAF এর অংশ ৭ এর সার-সংক্ষেপ ...... ১৩৫

# Abbreviations and Acronyms

| | |
|---|---|
| ADP | Annual Development Programme |
| BCR | Benefit-Cost Ratio |
| BDT | Bangladesh Taka |
| CBA | Cost Benefit Analysis |
| DAC | Development Assistance Committee |
| DPP | Development Project Proforma/ Proposal |
| DRIP | Disaster and Climate Risk Information Platform |
| EA | Economic Analysis |
| ECC | Environmental Clearance Certificate |
| ECNEC | Executive Committee of the National Economic Council |
| EIA | Environmental Impact Assessment |
| EMHF | Eight Must Have Features |
| ERD | Economic Relations Division |
| FA | Financial Analysis |
| FD | Finance Division |
| FYP | Five Year Plan |
| GED | General Economics Division |
| GOB | Government of Bangladesh |
| IA | Important Assumption |
| ICT | Information and communication technology |
| IEE | Initial Environmental Examination |
| IMED | Implementation Monitoring and Evaluation Division |
| IP | Input |
| IRR | Internal Rate of Return |
| JICA | Japan International Cooperation Agency |
| MAF | Ministry Assessment Format |
| MD | Ministry/ Division |
| MDA | Ministry Division Agency |
| MM | Meeting Minutes/ Minutes of Meeting |
| MOV | Means of Verification |
| MTBF | Medium-Term Budget Framework |
| MTSBP | Medium-Term Strategy and Business Plan |
| MYPIP | Multi-Year Public Investment Programme |
| NDB | Non-Development Budget |
| NEC | National Economic Council |
| NPV | Net Present Value |
| NS | Narrative Summary |
| OECD | Organization for Economic Cooperation and Development |
| OP | Output |

| | |
|---|---|
| OVI | Objectively Verifiable Indicator |
| PG/PL | Project Grant/Project Loan |
| PCR | Project Completion Report |
| PDPP | Preliminary Development Project Proposal |
| PEC | Project Evaluation Committee |
| PIM | Public Investment Management |
| PSC | Project Steering Committee |
| PSC | Project Scrutiny Committee |
| RADP | Revised Annual Development Programme |
| RDPP | Revised Development Project Proposal |
| RTPP/RTAPP | Revised Technical Project Proformal/ Proposal<br>Revised Technical Assistance Project Proforma/ Proposal |
| SAF | Sector Appraisal Format |
| SAP | Sector Action Plan |
| SD | Sector Division |
| SDR | Social discount rate |
| SMART | Specific, Measurable, Achievable, Relevant and Time-bound |
| SPIMS | Strengthening Public Investment Management System |
| SSP | Sector Strategy Paper |
| TA | Technical Assistance |
| TPP/TAPP | Technical Project Proforma/ Proposal<br>Technical Assistance Project Proforma/ Proposal |
| TOR | Terms of Reference |
| USAID | United States Agency for International Development |
| WB | World Bank |
| WP | Working Paper |

# অংশ-১

## মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই কার্যক্রমের ধারণাগত পটভূমি

# ১. মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই কার্যক্রমের ধারণাগত পটভূমি

## ১.১. সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার (Public Investment Management: PIM) কাঠামো

**এই অধ্যায় পাঠ শেষে প্রকল্প যাচাইকারী (Project Appraiser) বাংলাদেশের সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার প্রতিটি বৈশিষ্ট্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ কি ভূমিকা পালন করে তা বুঝতে সক্ষম হবেন।**

এই অধ্যায়ে প্রকল্প যাচাইকারীকে সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনা (Public Investment Management- PIM) এর ধারণাগত কাঠামো বোঝানোর জন্য প্রয়োজনীয় তথ্যসহ নির্দেশনা প্রদান করা হয়েছে।

সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনা নির্দেশিকা (PIM Guideline)- এ উল্লেখ করা হয়েছে যে, সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনা হল উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচির জন্য সরকারি বিনিয়োগ চক্রের তিনটি পর্যায়ের ব্যবস্থাপনা: পরিকল্পনা, বরাদ্দ এবং বাস্তবায়ন।

এই অধ্যায়ের ৩ টি উপ-অধ্যায় রয়েছে: উপ-অধ্যায় ১-১-১ এ উন্নয়ন পরিকল্পনার আঙ্গিকে সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার (PIM) রূপরেখা ব্যাখ্যা করা হয়েছে; উপ-অধ্যায় ১-১-২ এ একটি সুষ্ঠু সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনা পদ্ধতির জন্য বিশ্ব ব্যাংক প্রবর্তিত "আট (৮) টি আবশ্যিক বৈশিষ্ট্য (Eight Must Have Features- EMHF)" সম্বলিত ধারণা ব্যাখ্যা করা হয়েছে; এবং উপ-অধ্যায় ১-১-৩ এ আটটি আবশ্যিক বৈশিষ্ট্য ব্যবহারের মাধ্যমে বাংলাদেশের বর্তমান সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার কাঠামো ও পদ্ধতি বিশ্লেষণ করা হয়েছে।

### ১.১.১ উন্নয়ন পরিকল্পনা (নীতি/পরিকল্পনা, কর্মসূচি এবং প্রকল্প)

সরকারি বিনিয়োগ ৩ টি স্তরের মাধ্যমে পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়: ১) নীতি/পরিকল্পনা; ২) কর্মসূচি, এবং ৩) প্রকল্প। এই ৩ টি স্তর পরস্পরের সাথে সম্পর্কযুক্ত।

- **নীতি/পরিকল্পনা:** কোন বিশেষ অবস্থা ও উদ্দেশ্য অর্জনের জন্য করণীয় সম্বন্ধে প্রণীত এক গুচ্ছ ধারণা, যা পারস্পরিক সম্পর্কযুক্ত কতগুলো কর্মসূচি ও প্রকল্পের সমন্বয়ে গঠিত।
- **কর্মসূচি:** নীতি/পরিকল্পনার উদ্দেশ্য ও লক্ষ্যসমূহ অর্জনের গুরুত্বপূর্ণ পদ্ধতি/প্রক্রিয়া, যা সাধারণত: কয়েকটি কর্মসূচির সমন্বয়ে অর্জিত হয়ে থাকে।
- **প্রকল্প:** কর্মসূচির উদ্দেশ্য ও লক্ষ্যসমূহ অর্জনের গুরুত্বপূর্ণ পদ্ধতি, যা সাধারণত: কয়েকটি প্রকল্পের সমন্বয়ে অর্জিত হয়ে থাকে।

উল্লিখিত ৩ টি স্তরের মধ্যে এই ম্যানুয়ালে প্রদত্ত বিবরণ ও ব্যাখ্যার ক্রিয়াকেন্দ্র হচ্ছে 'প্রকল্প স্তর'। চিত্র ১ এ উন্নয়ন পরিকল্পনার সাথে এই ৩ টি স্তরের ধারণাগত সংযুক্তিসহ প্রতিটি স্তরে প্রণীত দলিলাদি এবং উহাদের সংশ্লিষ্টতা কিসের সাথে তা দেখানো হয়েছে।

বাংলাদেশে এর PIM-এর বিশদ ব্যাখ্যার জন্য, ২০২৩ সালে পরিকল্পনা কমিশন কর্তৃক জারিকৃত PIM Guideline পড়ুন। এই ওয়েবসাইটে নির্দেশিকাটি পাওয়া যাবে: http://www.plancomm.gov.bd

| স্তর (সময়কাল) | প্রণীত প্রধান দলিলাদি | সংশ্লিষ্ট প্রধান প্রতিষ্ঠানসমূহ |
|---|---|---|
| নীতি/পরিকল্পনা (৫-২০ বৎসর) | প্রেক্ষিত পরিকল্পনা (PP)<br>পঞ্চবার্ষিক পরিকল্পনা (FYP) | জাতীয় অর্থনৈতিক পরিষদ (NEC)<br>সাধারণ অর্থনীতি বিভাগ (GED) [১] |
| কর্মসূচি (১ বৎসর) | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) | জাতীয় অর্থনৈতিক পরিষদ<br>কার্যক্রম বিভাগ [১] |
| প্রকল্প (চলমান) | উন্নয়ন প্রকল্প প্রস্তাব (DPP) | জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (ECNEC) [২]<br>সেক্টর ডিভিশনসমূহ [১]<br>মন্ত্রণালয়/বিভাগ, বাস্তবায়নকারী সংস্থাসমূহ |

**এই ম্যানুয়েলে প্রদত্ত ব্যাখ্যা/ বিবরণের ক্রিয়াকেন্দ্র**

সূত্র: SPIMS প্রকল্প

নোট- (১) পরিকল্পনা কমিশন এর আওতাধীন ৬ টি বিভাগের মধ্যে সাধারণ অর্থনীতি বিভাগ, কার্যক্রম বিভাগ এবং ৪ টি সেক্টর ডিভিশন অন্তর্ভূক্ত।
নোট- (২) বর্তমানে ৫০ কোটি টাকার উর্দ্ধে ব্যয় সংবলিত প্রকল্পসমূহ একনেক (ECNEC) কর্তৃক অনুমোদিত হয়। পক্ষান্তরে, ৫০ কোটি টাকা পর্যন্ত ব্যয় সংবলিত প্রকল্পসমূহ পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

**চিত্র ১ উন্নয়ন পরিকল্পনার কাঠামো এবং সংশ্লিষ্ট প্রধান প্রতিষ্ঠানসমূহ**

নিম্নের বক্স ১- এ পরিকল্পনা কমিশনের ১৯৮৩ সালের হ্যান্ডবুকে উন্নয়ন পরিকল্পনার ধারণা যেভাবে ব্যাখ্যা করা হয়েছে তা উদ্ধৃত করা হলো।

**বক্স ১ পরিকল্পনা কমিশনের ১৯৮৩ সালের হ্যান্ডবুকে উন্নয়ন পরিকল্পনার ব্যাখ্যা**

উন্নয়ন পরিকল্পনার বিষয়বস্তু ও বাংলাদেশ সরকারের প্রশাসন কাঠামোর বিদ্যমান অবস্থা, বাংলাদেশ পরিকল্পনা কমিশনের কার্যাবলি নির্ণয় করে। উন্নয়ন পরিকল্পনার অন্যতম বাধ্যবাধকতা হচ্ছে দীর্ঘমেয়াদি উন্নয়ন প্রেক্ষিতের অগ্রাধিকার ও উদ্দেশ্য নির্ধারণ এবং দীর্ঘমেয়াদি কাঠামোর আওতায় মধ্যমেয়াদি ও স্বল্পমেয়াদি পরিকল্পনার লক্ষ্য ও কৌশল নির্ণয়সহ পরিকল্পিত উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নীতিগত পদক্ষেপ গ্রহণ করা। কর্মকান্ডের আলোকে উন্নয়ন পরিকল্পনার পরিধি নিম্নোক্ত বৈশিষ্ট্য সূচক উপাদানে দেখানো যেতে পারে:

(ক) নীতি পরিকল্পনা, যেমন: উন্নয়ন পরিকল্পনার জন্য লক্ষ্য ও উদ্দেশ্য, অগ্রাধিকার ও কৌশল এবং নীতিগত পদক্ষেপ গ্রহণ;
(খ) সেক্টর পরিকল্পনা, যেমন: (ক) উপাদানের আওতায় প্রণীত লক্ষ্য ও উদ্দেশ্যের আলোকে বিভিন্ন সেক্টরের ভূমিকা নির্ধারণ করা;
(গ) কর্মসূচি পরিকল্পনা, যেমন: (খ) উপাদানে চিহ্নিত সেক্টর পরিকল্পনা বাস্তবায়ন এর জন্য বিস্তারিত সেক্টর কর্মসূচি প্রণয়ন করা;
(ঘ) প্রকল্প পরিকল্পনা, যেমন: (গ) উপাদানে প্রণীত সেক্টর কর্মসূচিসমূহ বাস্তবায়নের জন্য সরকারি বিনিয়োগজনিত সিদ্ধান্ত অনুসরণে প্রকল্প প্রণয়ন করা;
(ঙ) প্রকল্প বাস্তবায়ন ও পরিবীক্ষণ, যেমন: (ঘ) উপাদান এর আওতায় গৃহীত প্রকল্প তত্ত্বাবধান ও কার্যকরভাবে বাস্তবায়নের জন্য যথাযথ প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনাসমূহ প্রবর্তন করা; এবং
(চ) মূল্যায়ন, যেমন: প্রকল্প, কর্মসূচি ও পরিকল্পনার প্রভাব ও ফলাফল পর্যালোচনা করা।

সূত্র: পরিকল্পনা কমিশনের হ্যান্ডবুক (Handbook) ১৯৮৩


### ১-১-২ সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যসমূহ

বিশ্বব্যাংক (রাজারাম, আনন্দ, এবং অন্যান্য, ২০১০) কর্তৃক প্রণীত সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার ধারণামূলক প্রমিত কাঠামোটি, সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনা (PIM) পদ্ধতির লক্ষণভিত্তিক উৎকর্ষতা যাচাইয়ের একটি দরকারি মাপকাঠি। এই কাঠামোর মাধ্যমে কার্যকর ও দক্ষতার সাথে সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনা পরিচালনার রীতি উপস্থাপন করা হয়েছে। অত্র ম্যানুয়াল উক্ত ধারণাগত প্রমিত কাঠামোর আলোকে প্রণয়ন করা হয়েছে। বিশ্বব্যাংকের প্রমিত PIM কাঠামোটি নিম্নে বর্ণিত আট (৮) টি আবশ্যিক বৈশিষ্ট্যের সমন্বয়ে গঠিত:

- **বৈশিষ্ট্য ১. কৌশলগত নির্দেশনাবলী:** জাতীয় এবং সেক্টর পর্যায়ে নীতিগত প্রাধিকার প্রদানের ক্ষেত্রে দেওয়া নিখুঁত/সুষ্ঠু দিক-নির্দেশনাবলী, যা থেকে প্রকল্প প্রণয়নের আনুষ্ঠানিক প্রক্রিয়া শুরু হবে এবং কৌশলগত নির্দেশনাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়ার বাধ্যবাধকতা পূরণের মাধ্যমে তা সকল প্রকল্পের জন্য প্রথম স্তরের বাছাই হিসেবে কাজ করবে।
- **বৈশিষ্ট্য ২. আনুষ্ঠানিক প্রকল্প মূল্যায়ন:** নতুন বিনিয়োগ ব্যয় এর ন্যায্যতা প্রমাণের জন্য উপস্থাপিত প্রকল্প প্রস্তাবের যৌক্তিকতা ও মান।
- **বৈশিষ্ট্য ৩. মূল্যায়নের নিরপেক্ষ পর্যালোচনা:** প্রকল্প প্রস্তাবের মানের পর্যালোচনা।
- **বৈশিষ্ট্য ৪. প্রকল্প নির্বাচন ও বাজেট বরাদ্দ**: বরাদ্দকৃত বাজেটের মধ্যে অগ্রাধিকার প্রাপ্ত প্রকল্পের জন্য অর্থায়ন নিশ্চিতকরণের সিদ্ধান্ত পদ্ধতি/প্রক্রিয়া।
- **বৈশিষ্ট্য ৫. প্রকল্প বাস্তবায়ন:** যথাযথভাবে প্রকল্পের ভৌত কার্যাবলীর বাস্তবায়ন করা।
- **বৈশিষ্ট্য ৬. প্রকল্প সমন্বয়/সংশোধন:** প্রকল্পের বাস্তবায়ন পরিবীক্ষণ এবং প্রয়োজনে সমন্বয়/সংশোধন করা।
- **বৈশিষ্ট্য ৭. স্থাপনা/সুবিধাদি পরিচালনা:** প্রকল্পের আওতায় সৃজিত অবকাঠামো/সুবিধাদি সেবা প্রদানের জন্য কার্যকরভাবে ব্যবহার করা।
- **বৈশিষ্ট্য ৮. সমাপ্তি উত্তর পর্যালোচনা ও মূল্যায়ন**: সমাপ্তি উত্তর প্রকল্পের মোট ব্যয় ও বাস্তবায়নকালের উপাত্ত সংগ্রহ করে তা পরিকল্পিত মোট ব্যয় ও বাস্তবায়নকালের সাথে তুলনা করা এবং প্রকল্পসমূহের ফলাফল এবং/অথবা প্রভাব মূল্যায়ন করা।

উৎস: WB-PIM (২০১৪)

এই ম্যানুয়ালটিতে আবশ্যিক বৈশিষ্ট্য ২, "আনুষ্ঠানিক প্রকল্প মূল্যায়ন" কেন্দ্রিক ব্যাখ্যা প্রদান করা হয়েছে। চিত্র ২ এ সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার প্রমিত ধারণাগত কাঠামো এবং তার মধ্যে এই ম্যানুয়ালভুক্ত আলোচ্য বিষয়ের ক্রিয়াকেন্দ্র দেখানো হলো।




**চিত্র ২ সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার প্রমিত ধারণাগত কাঠামো**

### ১-১-৩ বাংলাদেশের সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার সার্বিক কাঠামো

বাংলাদেশের সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত প্রধান প্রতিষ্ঠান হচ্ছে পরিকল্পনা কমিশন। সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনা সংক্রান্ত পরিকল্পনা কমিশনের প্রধান কাজগুলো হলো: ১) দীর্ঘমেয়াদি ও মধ্যমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করা, যেমন প্রেক্ষিত পরিকল্পনা এবং পঞ্চবার্ষিক পরিকল্পনা; ২) মন্ত্রণালয়/বিভাগ এর নিকট হতে বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রস্তাব আহ্বানের জন্য নির্দেশিকা প্রণয়ন করে সার্কুলার জারি করা; ৩) প্রাপ্ত প্রস্তাব পর্যালোচনাপূর্বক চূড়ান্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের মাধ্যমে মন্ত্রণালয়/বিভাগসমূহের মধ্যে উন্নয়ন বাজেট বরাদ্দ দেওয়া এবং ৪) উন্নয়ন বাজেট তথা বার্ষিক উন্নয়ন কর্মসূচির মাধ্যমে অর্থায়নকৃত বিনিয়োগ ও কারিগরি সহায়তা প্রকল্পসমূহ পর্যালোচনা ও মূল্যায়ন করা।

আট (৮) টি আবশ্যিক বৈশিষ্ট্য (EMHFs) সংবলিত কাঠামোর আলোকে বাংলাদেশের সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনা পদ্ধতির সার-সংক্ষেপ নিম্নে দেওয়া হলো।

- **বৈশিষ্ট্য ১. কৌশলগত নির্দেশনা:** বাংলাদেশ সরকারের জাতীয় ও সেক্টর পরিকল্পনা সংক্রান্ত এক গুচ্ছ দলিল রয়েছে, যেমন- প্রেক্ষিত ও পঞ্চবার্ষিক পরিকল্পনা। সাধারণ অর্থনীতি বিভাগ ও সেক্টর ডিভিশনগুলো মধ্যমেয়াদি অথবা দীর্ঘমেয়াদি পরিকল্পনা (যেমন- প্রেক্ষিত পরিকল্পনা, পঞ্চবার্ষিক পরিকল্পনা, সেক্টর কৌশল পত্র/ সেক্টর অ্যাকশন প্ল্যান) তৈরীর জন্য দায়িত্বপ্রাপ্ত। এই সকল পরিকল্পনার কর্মসূচিতে বিধৃত উন্নয়ন ক্ষেত্রের ভিত্তিতে মন্ত্রণালয়/বিভাগসমূহ প্রকল্পের সম্ভাব্য পরিধি চিহ্নিত করে থাকে।
- **বৈশিষ্ট্য ২. আনুষ্ঠানিক প্রকল্প মূল্যায়ন:** বাস্তবায়নকারী সংস্থা DPP এর মাধ্যমে প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের বিবেচনার জন্য উপস্থাপন করে। মন্ত্রণালয়/বিভাগ প্রকল্প প্রস্তাব যাচাই/বাছাই করে এবং যদি প্রকল্প প্রস্তাবের বিষয়বস্তু ও মান, যাচাই এর চাহিদা মোতাবেক হয় তাহলে মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন (Ministry Assessment Report: MAR) সহ প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন এর বিবেচনার জন্য প্রেরণ করা হয়।
- **বৈশিষ্ট্য ৩. মূল্যায়নের নিরপেক্ষ পর্যালোচনা:** সেক্টর ডিভিশন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রণীত যাচাই প্রতিবেদনের ফলাফল পর্যালোচনা করে এবং প্রকল্প মূল্যায়ন কমিটির (PEC) মাধ্যমে যাচাইকৃত প্রকল্প প্রস্তাব সংশ্লিষ্ট সেক্টরের সার্বিক অগ্রাধিকারের প্রেক্ষিতে মূল্যায়ন করে।
- **বৈশিষ্ট্য ৪. প্রকল্প নির্বাচন ও বাজেট বরাদ্দ:** প্রকল্প ব্যয়ের উপর ভিত্তি করে একনেক (ECNEC) অথবা পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী সারা বৎসরব্যাপী প্রকল্প অনুমোদন করেন। একনেক/পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রকল্পে চলতি বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (ADP) রক্ষিত থোক বরাদ্দ হতে অর্থায়ন হয়ে থাকে।
- **বৈশিষ্ট্য ৫. প্রকল্প বাস্তবায়ন:** বাস্তবায়নকারী সংস্থা উন্নয়ন প্রকল্প প্রস্তাব (DPP) এর সংযোজনী হিসাবে সার্বিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন এবং কার্যকরভাবে প্রকল্পটি বাস্তবায়নের জন্য বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুত করে। বাস্তবায়নকারী সংস্থা প্রকল্পের আর্থিক ও ভৌত অগ্রগতির মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্দিষ্ট ফরমেটে প্রস্তুত করে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (IMED), উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ, অর্থ বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং পরিকল্পনা কমিশন এর সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণ করে।
- **বৈশিষ্ট্য ৬. প্রকল্প সমন্বয়/সংশোধন:** বাস্তবায়নকারী সংস্থা সুনির্দিষ্ট ও যৌক্তিক কারণে (ব্যয়, মেয়াদ, উদ্দেশ্য, কাজের ধরণ/পরিমাণ, নতুন কাজের অন্তর্ভূক্তি, অর্থায়ন, জনবল, যানবাহন ইত্যাদির পরিবর্তন একান্ত অপরিহার্য হলে) অনুমোদিত বিনিয়োগ প্রকল্প ২ বার পর্যন্ত সংশোধন করতে পারে। তবে বিশেষ কারণে মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রীর অনুমতিক্রমে দুই বারের অধিক সংশোধনের জন্য পরিকল্পনা কমিশন কর্তৃক প্রক্রিয়াকরণের সংস্থান রয়েছে। বাস্তবায়নকারী সংস্থা সংশোধিত DPP (RDPP) প্রণয়ন করে, যা যথারীতি উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন এর মাধ্যমে পর্যালোচনার পর একনেক অথবা মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। এছাড়া কোন ধরনের পরিবর্তন ব্যতিরেকে কেবল বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে ক্ষেত্র বিশেষে তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী বা পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনের সদস্য বা মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।
- **বৈশিষ্ট্য ৭. স্থাপনা/সুবিধাদি পরিচালনা:** প্রকল্প সমাপ্তির পর উহার মাধ্যমে সৃজিত স্থাপনা/সুবিধাদির নিয়মিত পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় পরিচালনা জনবলসহ উন্নয়ন বাজেট থেকে প্রকল্পটিকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য অর্থ বিভাগে প্রস্তাব পেশ করে।
- **বৈশিষ্ট্য ৮. মৌলিক সমাপ্তি পর্যালোচনা ও মূল্যায়ন:** বাস্তবায়নকারী সংস্থা "প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR)" প্রস্তুত করে তা বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করে। সমাপ্তি প্রতিবেদন প্রাপ্তির ৬ মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ প্রকল্পের প্রান্তিক মূল্যায়ন (Terminal Evaluation) সম্পন্ন করে। এছাড়া Comptroller and Auditor General এর কার্যালয় বৈদেশিক অর্থায়ন প্রাপ্ত প্রকল্প এবং সম্পূর্ণ স্থানীয় অর্থায়নে বাস্তবায়িত সমাপ্ত প্রকল্পের "বাহ্যিক অডিট" পরিচালনা করে। প্রতি অর্থ বছরে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কিছু সংখ্যক নির্বাচিত সমাপ্ত প্রকল্পের (২/৩ বৎসর পূর্বে সম্পন্ন হয়েছে এমন) ফলাফল এবং/অথবা প্রভাব (Impact) মূল্যায়ন করে থাকে।

বিশ্বব্যাংক প্রণীত আট (৮) টি আবশ্যিক বৈশিষ্ট্য সংবলিত ধারণাগত কাঠামোর আলোকে প্রতিটি বৈশিষ্ট্যের বিপরীতে গুরুত্বপূর্ণ দলিল এবং অংশীজনদের সারাংশ সারণি ১ এর দেখানো হলো। এদের মধ্যে ২য় বৈশিষ্ট্য হচ্ছে 'আনুষ্ঠানিক প্রকল্প মূল্যায়ন', যার আওতায় মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প প্রস্তাব যাচাই কার্যক্রম পরিচালিত হয়। মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) ব্যবহারের মাধ্যমে কার্যকরভাবে ও দক্ষতার সাথে প্রকল্প প্রস্তাব যাচাই কার্যক্রম পরিচালনা করা সম্ভব হবে। প্রসঙ্গত: উল্লেখ্য যে যথাযথভাবে পূরণকৃত মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF), মন্ত্রণালয় যাচাই প্রতিবেদনে (Ministry Assessment Report: MAR) রূপান্তরিত হবে।

**সারণি ১ বাংলাদেশের সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার বিভিন্ন বৈশিষ্ট্যের সাথে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ দলিলাদি এবং প্রতিষ্ঠানসমূহ**

| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|---|
| **আটটি আবশ্যিক বৈশিষ্ট্য (Eight Must Have Features) (EMHF)** | **কৌশলগত নির্দেশনা** | **আনুষ্ঠানিক প্রকল্প মূল্যায়ন** | **মূল্যায়ন এর নিরপেক্ষ পর্যালোচনা** | **প্রকল্প নির্বাচন ও বাজেট বরাদ্দ** | **প্রকল্প বাস্তবায়ন** | **প্রকল্প সমন্বয়/ সংশোধন** | **সৃষ্ট সুবিধাদি পরিচালনা** | **প্রকল্পের সমাপ্তি পর্যালোচনা ও মূল্যায়ন** |
| **প্রধান সহায়ক দলিলাদি** | প্রেক্ষিত পরিকল্পনা, পঞ্চবার্ষিক পরিকল্পনা, SSP(১) SAP(২) ADP DPP MYPIP (১) MTSBP(১) | DPP MAF | DPP SAF | ডিপিপি মধ্যমেয়াদি বাজেট কাঠামো (MTBF) | ডিপিপি সার্বিক/বাৎসরিক ক্রয় পরিকল্পনা (AWP), Annual PP, MADPR | আরডিপিপি (RDPP) | DPP পরিচালন বাজেট | প্রকল্প সমাপ্তি প্রতিবেদন, নিরীক্ষা প্রতিবেদন, চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন, প্রভাব মূল্যায়ন প্রতিবেদন |
| **প্রধান সংস্থা/ প্রতিষ্ঠান** | এনইসি/একনেক/ সাধারণ অর্থনীতি বিভাগ/ কার্যক্রম বিভাগ/ পরিকল্পনা বিভাগ/ সেক্টর ডিভিশন/ মন্ত্রণালয়/বিভাগ/ অর্থ বিভাগ/ সংস্থা | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থা | সেক্টর ডিভিশন | একনেক/ পরিকল্পনা মন্ত্রী, কার্যক্রম বিভাগ এনইসি, একনেক, অর্থ বিভাগ | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা আইএমইডি | একনেক/ পরিকল্পনা মন্ত্রী মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা আইএমইডি সেক্টর ডিভিশন | মন্ত্রণালয়/বিভাগ/ অর্থ বিভাগ/ সংস্থা | মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা/ আইএমইড/ সিএন্ডএজি |

[Legend] ADP: Annual Development Programme; AWP: Annual Work Plan; C&AG: Comptroller and Auditor General; DPP: Development Project Proposal; ECNEC: Executive Committee of NEC; EMHFs: Eight Must Have Features; GED: General Economics Division; IMED: Implementation, Monitoring, and Evaluation Division; MADPR: Monthly Annual Development Programme Review; MAF: Ministry Assessment Format; MDA: Ministry, Division, and Agency; MTBF: Mid-Term Budget Framework; MTSBP: Medium Term Strategic and Business Plan; NEC: National Economic Council; Prog. Div.: Programming Division; RDPP/RTPP: Revised DPP; SAF: Sector Appraisal Format; Sector Div.: Sector Division; SSP: Sector Strategy Paper; Total/ Annual PP: Total/ Annual Procurement Plan; TAPP: Technical Assistance Project Proposal.

নোট ১: MYPIP, SSP, এবং MTSBP পাইলট সেক্টরসমূহে ব্যবহার করা হচ্ছে। তবে ৯ টি সেক্টরের জন্য SAP প্রণয়ন করা হয়েছে।

নোট-২: কিছু সেক্টরের সেক্টর কর্ম পরিকল্পনা (SAP) রয়েছে, যার কিছু বৈশিষ্ট্যের সাথে সেক্টর কৌশলপত্র (SSP) এর বৈশিষ্ট্যের সামঞ্জস্যতা আছে। যেমন একটি পরিবর্তনের তত্ত্ব (Theory of Change) এবং একটি সেক্টর ফলাফল ফ্রেমওয়ার্ক (Sector result framework)। এসব ক্ষেত্রে, SAP একটি রেফারেন্স ডকুমেন্ট হিসেবে ব্যবহার করা যেতে পারে।

বক্স ২ও বক্স ৩- এ SSP ও MYPIP এর ব্যাখ্যা দেখুন।

**বক্স ২ সেক্টর কৌশলপত্র (Sector Strategy Paper) কি?**

পঞ্চবার্ষিক পরিকল্পনায় বিধৃত জাতীয় সামষ্টিক লক্ষ্য ও অগ্রাধিকারসমূহকে সেক্টরের লক্ষ্য ও কৌশলে পরির্তন করার সরকারি গুরুত্বপূর্ণ হাতিয়ার বা Tool হচ্ছে সেক্টর কৌশলপত্র (Sector Strategy Paper)। পঞ্চবার্ষিক পরিকল্পনা সকল সেক্টরের জন্য জাতীয় (সামষ্টিক) লক্ষ্যসমূহ নির্ধারণ করে থাকে এবং এর জন্য একটি উচ্চ পর্যায়ের উন্নয়ন ফলাফল কাঠামো (DRF) আছে।

সেক্টর পর্যায়ের লক্ষ্য ও কৌশলসমূহের জন্য বিস্তারিত ও কাঠামোগত উপাদান যোগ করে SSP এটাকে আরো উন্নত করবে যা প্রকল্পের নকশা প্রণয়ন, মূল্যায়ন ও অনুমোদন এবং বিস্তৃত পরিসরে পরিকল্পনা, বাজেট ও পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রক্রিয়া পদ্ধতিতে অবদান রাখবে।

**বক্স ৩ মধ্যমেয়াদি বাজেট কাঠামো (MTBF), বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি (MYPIP), FBE এবং Fiscal Space কি?**

**মধ্যমেয়াদি বাজেট কাঠামো (MTBF)** হচ্ছে বাজেট প্রণয়নের একটি পদ্ধতি/প্রক্রিয়া যা ৩-৫ বছরের জন্য মধ্যমেয়াদি প্রেক্ষিতে বাজেট প্রণয়নের জন্য ব্যবহার হয়ে থাকে। সরকারি নীতি অগ্রাধিকারের ভিত্তিতে সীমিত সম্পদের দক্ষ ও কার্যকর ব্যবহার এবং জাতীয় ফলাফল ও লক্ষ্য অর্জনে এই দু'টি বিষয়ের মধ্যে এটি সংযোগ স্থাপন করে। এটি (১) মন্ত্রনালয়/ বিভাগ কর্তৃক সম্পদ বণ্টন/ বরাদ্দ ও বাজেট বাস্তবায়নের উপর সমধিক দায়িত্ব অর্পন করে এবং (২) প্রতিটি মন্ত্রনালয়/ বিভাগ/Budget Entity- র জন্য একটি মধ্যমেয়াদি কাঠামোতে (৩ বছরের জন্য) resource envelop নির্ধারণ করে। MTBF একটি " Top down resource envelop" ও চলতি/ চলমান মধ্যমেয়াদি ব্যয়ের ( প্রকল্প ও কর্মসূচির ) bottom up প্রাক্কলনের সমন্বয় সাধন করে।

**বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি (MYPIP)** অন্যতম একটি Public Investment Management- PIM tool, যা সরকার ২০২২ এর গ্রিনবুক এ অন্তর্ভূক্ত করেছে। এটি চলমান/বর্তমান বার্ষিক ( এক বছরভিত্তিক) উন্নয়ন কর্মসূচিকে একটি বহুবার্ষিক কৌশলগত দলিল রূপান্তর প্রয়াস। MYPIP বার্ষিক উন্নয়ন কর্মসূচিকে ৩ বছর ভিত্তিক মধ্যমেয়াদি বাজেট কাঠামো (MTBF) এর সাথে সামঞ্জস্যপূর্ণ করে SSP এবং FYP এর আওতায় প্রতিটি সেক্টরের নির্দিষ্ট উন্নয়ন লক্ষ্য অর্জনের জন্য সম্পদ বরাদ্দের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করতে পারে। MYPIP বর্তমান বছর এবং পরবর্তি দুই বছরের প্রক্ষেপিত বাজেট প্রাক্কলন মন্ত্রণালয়/ বিভাগের MYPIP সীমা বিবেচনা করে প্রস্তুত করা হয়। MYPIP প্রকল্পওয়ারি বরাদ্দের দাবী উপস্থাপন করে, যা মন্ত্রণালয়/ বিভাগকে তাদের প্রয়োজনীয় MTBF Ceiling প্রাপ্তিতে সাহায্য করে। এভাবে MYPIP বার্ষিক উন্নয়ন কর্মসুচিতে MTBF Ceiling নির্ধারণের একটি Tool হিসাবে কাজ করে থাকে।

**Forword Based Estimates (FBE)** হচ্ছে প্রকল্পসমূহের পরবর্তি দুই বছরের প্রাক্কলন বা প্রক্ষেপন যা ৩ বছরভিত্তিক MTBF এর বর্তমান বছরের বাজেট বরাদ্দের ভিত্তিতে প্রণীত হয়। এটি MYPIP প্রক্রিয়ার ADP ভুক্ত প্রকল্পসমূহের ভবিষ্যৎ বরাদ্দ প্রস্তাবের জন্য MTBF Ceilling নির্ধারণের ভিত্তি হিসাবে ব্যবহৃত হয়।

**Fiscal Space** হচ্ছে অনুমোদিত MTBF Ceilling এ কোন মন্ত্রণালয়/ বিভাগের দাবিকৃত ও প্রাক্কলিত সম্পদের চাহিদার ব্যবধান, যা ধনাত্মক বা ঋনাত্মক হতে পারে। নতুন প্রকল্প গ্রহন/ বিবেচনা করা fiscal Space এর উপর নির্ভর করে। Fiscal Space যদি ঋনাত্মক বা শূন্য হয় তাহলে তাত্বিকভাবে এটি এই ইঙ্গিত প্রদান করে যে সম্পদের স্বল্পতা পরিহার করার জন্য নতুন প্রকল্প গ্রহণ করা/ নেওয়া বাঞ্চনীয় হবে না।

সূত্র: GoB 2023 Public Investment Management (PIM) Guideline

## ১-২ প্রকল্প কাঠামো

**এই অধ্যায় পাঠ শেষে প্রকল্প যাচাইকারী প্রকল্প ও এর ধরণ, লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর মাধ্যমে কিভাবে প্রকল্পের কার্যাবলী ব্যাখ্যা করা যায় এবং প্রকল্প ব্যবস্থাপনার ধারাবাহিকতা সম্পর্কে সম্যক ধারণা লাভ করবেন।**

এই অধ্যায়ে প্রকল্প যাচাইকারীকে প্রকল্প মূল্যায়নের ধারণাগত কাঠামো বুঝতে সাহায্য করবে। এখানে প্রকল্প প্রস্তাব যাচাইকে, যা এই ম্যানুয়ালের প্রধান প্রতিপাদ্য বিষয়, অন্যতম গুরুত্বপূর্ণ মূল্যায়ন হিসেবে ব্যাখ্যা করা হয়েছে।

এই অধ্যায়ে ৩ টি উপ-অধ্যায় রয়েছে: উপ-অধ্যায় ১-২-১ এ প্রকল্পের সংজ্ঞাসহ এর গুরুত্বপূর্ণ উপাদানগুলো যৌক্তিক সম্পর্কের (Causal relationship) মাধ্যমে ব্যাখ্যা করা হয়েছে; উপ-অধ্যায় ১-২-২ এ লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর মাধ্যমে প্রকল্পের কাঠামো ব্যাখ্যা করা হয়েছে; এবং উপ-অধ্যায় ১-২-৩ এ প্রকল্পের জীবন চক্র ও বার্ষিক বাজেট চক্রের আঙ্গিকে প্রকল্প ব্যবস্থাপনার ধারাবাহিকতা দেখানো হয়েছে।


### ১-২-১ প্রকল্পের ধারণা

**(১) প্রকল্পের সংজ্ঞা**
ক্যামব্রিজ অভিধানে দেওয়া প্রকল্পের সংজ্ঞা নিম্নে উদ্ধৃত করা হলো:

"প্রকল্প হলো একটি পরিকল্পিত কাজ বা কর্মকান্ড যার শুরু ও শেষ আছে এবং একটি নির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য যা বাস্তবায়ন করা হয়ে থাকে"।

এই সংজ্ঞার উপর ভিত্তি করে প্রকল্পের গুরুত্বপূর্ণ উপাদানগুলো নিম্নে চিহ্নিত করা হলো। চিত্র ৩ এ এসকল উপাদানগুলো ব্যাখ্যা করা হয়েছে।

- কর্মকান্ড/ইনপুট: একটি পরিকল্পিত কাজ বা কর্মকান্ড এবং সুনির্দিষ্ট বাজেট।
- উদ্দেশ্য: কোন নির্দিষ্ট লক্ষ্য অর্জনের অভিপ্রায়।
- সময়-কাল: বাস্তবায়ন সময়কাল, যার শুরু এবং শেষ আছে।




**চিত্র ৩ প্রকল্প বিষয়ক সাধারণ ধারণা**

কাজেই অনুধাবন করা যায় যে, 'ইনপুট' থেকে 'লক্ষ্য' পর্যন্ত প্রতিটি প্রকল্পের ক্ষেত্রেই "পরিকল্পিত" যৌক্তিক সম্পর্কের (Causal relationship) রয়েছে। প্রকল্পের প্রাথমিক ফলাফলের উপর ভিত্তি করে পরবর্তী ফলাফলসমূহ প্রকল্প চলাকালে বা সমাপ্তির পর দীর্ঘমেয়াদে অর্জিত হতে পারে। যৌক্তিক সম্পর্কের (Causal relationship) এর প্রতিটি ধাপ যেমন: ১) ইনপুট, ২) কার্যাবলী, ৩) আউটপুট, ৪) প্রকল্পের উদ্দেশ্য, এবং ৫) প্রকল্পের লক্ষ্য পরবর্তী পর্যায়ে বিশদভাবে ব্যাখ্যা করা হয়েছে। চিত্র ৪ এ প্রকল্পের যৌক্তিক সম্পর্কের (Causal relationship) প্রতিটি ধাপের সংক্ষিপ্ত ব্যাখ্যা প্রদান করা হয়েছে।

| প্রকল্পের সময়-কাল | শুরু | | | শেষ | সমাপ্তির পর |
|---|---|---|---|---|---|
| ধাপ/পর্যায় | ইনপুট (Inputs) ➔ | কার্যক্রম (Activities) ➔ | আউটপুট (Outputs) ➔ | প্রকল্পের উদ্দেশ্য ➔ | প্রকল্পের লক্ষ্য |
| সংজ্ঞা | প্রকল্পের **কার্যাবলি** সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সম্পদ/ অর্থ, জনবল | প্রকল্পের **আউটপুট** সৃষ্টির জন্য প্রয়োজনীয় প্রক্রিয়া ও কার্যক্রম | প্রকল্পের **উদ্দেশ্য** অর্জনের জন্য প্রয়োজনীয় উপাদান বা অংশ | প্রকল্প সমাপ্তির সময় প্রাপ্ত সরাসরি/প্রাথমিক ফলাফল* | প্রকল্পের **উদ্দেশ্য** অর্জনের ২-৩ বছরের মধ্যে প্রত্যাশিত পরোক্ষ/ পরবর্তি ফলাফল** |

**চিত্র ৪ প্রকল্পের ফলাফল চেইন**


**সূত্র:** GOB SPIMS 2023 Logical Framework for Investment Project

*প্রকল্পের ফলাফল: আউটপুট ব্যবহার করে সুফলভোগীরা যে স্বল্পমেয়াদি প্রভাবগুলি পান তা প্রকল্পের উদ্দেশ্য হিসেবে বিবেচনা করা উচিত।
**প্রকল্পের প্রভাব: স্বল্পমেয়াদি এবং মধ্যমেয়াদি প্রভাবগুলির সাথে সামাঞ্জস্যপূর্ণ দীর্ঘ/বিস্তৃত প্রভাবগুলি লক্ষ্য হিসাবে বিবেচনা করা উচিত।

## (২) প্রকল্পের প্রাসঙ্গিক বর্ণনা

ইতঃপূর্বে উপ-অধ্যায় ১-১-১ এ ব্যাখ্যা করা হয়েছে যে, সরকারি বিনিয়োগ ৩ টি স্তরে পরিচালনা ও নিয়ন্ত্রণ করা হয়ে থাকে: ১) নীতি/পরিকল্পনা; ২) কর্মসূচি; এবং ৩) প্রকল্প। এই ৩ টি স্তর যৌক্তিকভাবে পরস্পর সংযুক্ত থাকা প্রয়োজন।

সাধারণত, একটি কর্মসূচির (Programme) উদ্দেশ্যের সাথে সেই কর্মসূচির আওতায় গৃহীত প্রতিটি প্রকল্পের লক্ষ্য সংগতিপূর্ণ হতে পারে। এই যৌক্তিক বিষয়টি কর্মসূচির সাথে প্রকল্পের সম্পর্ক এবং কর্মসূচিতে প্রকল্পটির অবস্থান বোঝার জন্য গুরুত্বপূর্ণ। চিত্র ৫ এ একই কর্মসূচির আওতাভূক্ত বিভিন্ন প্রকল্পের লক্ষ্য কিভাবে উক্ত কর্মসূচির উদ্দেশ্যের সাথে সম্পর্কিত তা দেখানো হয়েছে।




**চিত্র ৫ যৌক্তিক সম্পর্কের (Causal relationship)এর মধ্যে কর্মসূচি ও প্রকল্পের সম্পৃক্ততা**

### ১-২-২ লজিক্যাল ফ্রেমওয়ার্কভিত্তিক প্রকল্প কাঠামো

প্রকল্পের যৌক্তিক সম্পর্কের (Causal relationship) (চিত্র ৪) "লজিক্যাল ফ্রেমওয়ার্ক" (Logical Framework) আকারে দেখানো যায়। উল্লম্ব ভাবে চারটি এবং অনুভূমিক চারটি Cell সমন্বয়ে গঠিত ম্যাট্রিক্স দ্বারা লজিক্যাল ফ্রেমওয়ার্ক প্রণীত হয়। লজিক্যাল ফ্রেমওয়ার্কের উল্লম্ব (Vertical logic) যৌক্তিক সম্পর্ক (Causal relationship) এর বিভিন্ন স্তরকে দেখানো হয়: ১) প্রকল্পের লক্ষ্য (PG); ২) প্রকল্পের উদ্দেশ্য (PP); ৩) আউটপুট (OP); এবং ৪) ইনপুট (IP)। পক্ষান্তরে, অনুভূমিক যুক্তির (Horizontal logic) প্রতিটি স্তরের ব্যাখ্যা দেয়া হয়: ১) সংক্ষিপ্ত বর্ণনা (NS); ২) বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক (OVI); ৩) যাচাই এর মাধ্যম (MoV); এবং ৪) গুরুত্বপূর্ণ অনুমানসমূহ (IA)। এভাবে উল্লম্ব যুক্তিতে প্রকল্পের ইনপুট থেকে শুরু করে প্রকল্পের লক্ষ্য পর্যন্ত প্রাসঙ্গিকতা ও যৌক্তিক ধারাবাহিকতা বজায় রাখতে হয়। প্রদত্ত তথ্যগুলোতে উক্ত প্রাসঙ্গিকতা ও যৌক্তিক ধারাবাহিকতা বোঝার জন্য সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় বিবরণ, সুস্পষ্ট নির্দেশক, নির্দেশক যাচাই এর সঠিক সূত্র ও পদ্ধতি এবং যে সকল গুরুত্বপূর্ণ উপাদান প্রকল্পের যৌক্তিক বাস্তবায়নকে নেতিবাচকভাবে প্রভাবিত করতে পারে তা বুঝতে সহায়ক ভূমিকা পালন করে।

চিত্র ৬ এ উল্লম্ব ও অনুভূমিক যৌক্তিক সংযোগ সহযোগে লজিক্যাল ফ্রেমওয়ার্ক ব্যাখ্যা করা হয়েছে।

**[অনুভূমিক সম্পর্কে (Horizontal logic)]**
**প্রতিটি** যৌক্তিক সম্পর্ককে **ব্যাখ্যা করা হয়েছে**

| **উল্লম্ব যুক্তি [(Vertical Relation)]** যৌক্তিক সম্পর্ক (চিত্র ৪ এর অনুরূপ) | **সংক্ষিপ্ত বর্ণনা** [Narrative Summary (NS)] | **বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক** [Objectively Verifiable Indicators (OVI)] | **যাচাই এর মাধ্যম** [Means of Verification (MoV)] | **গুরুত্বপূর্ণ অনুমানসমূহ** [Important Assumptions (IA)] |
|---|---|---|---|---|
| **প্রকল্পের লক্ষ্য** [Project Goal (PG) (১)] | NS-PG | OVI-PG | MoV-PG | IA-PG |
| **প্রকল্পের উদ্দেশ্য** [Project Purpose (PP)] | NS-PP | OVI-PP | MoV-PP | IA-PP |
| **আউটপুট** [Output (OP)] | NS-OP | OVI-OP | MoV-OP | IA-OP |
| **ইনপুট** [Input (IP)] | NS-IP | OVI-IP | MoV-IP | IA-IP |

নোট (১): গ্রিনবুক এর সংযোজনী গ ও ঘ এর অন্তর্ভুক্ত ছকদ্বয়ের ক্রমিক ১০ এ 'প্রকল্পের লক্ষ্য' এর স্থলে কেবলমাত্র 'লক্ষ্য' উল্লেখ করা হয়েছে, তবে প্রকল্পের লক্ষ্য, কর্মসূচির লক্ষ্য এবং সেক্টরের লক্ষ্যের মধ্যে বিভ্রান্তি দূর করার জন্য এই ম্যানুয়ালে 'প্রকল্পের লক্ষ্য' ব্যবহার করা হয়েছে।
সূত্র: SPIMS Team

**চিত্র ৬ লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর গঠন**

অনুভূমিক যুক্তির (Horizontal logic) প্রতিটি উপাদানের সংক্ষিপ্ত বিবরণ সারণি ২- তে দেওয়া হলো। উল্লম্ব যুক্তির (Vertical logic) প্রত্যেক স্তরের ব্যাখ্যা ইতোপূর্বে চিত্র ৪ এ দেওয়া হয়েছে।

**সারণি ২ লজিক্যাল ফ্রেমওয়ার্কভুক্ত উপাদানসমূহের বিবরণ**

| | **উপাদানসমূহ** | **সংক্ষিপ্ত বিবরণ** |
|---|---|---|
| ১ | সংক্ষিপ্ত বর্ণনা Narrative summary (NS) | লজিক্যাল ফ্রেমওয়ার্কের উল্লম্ব যুক্তির প্রতিটি উপাদানে কৃতিত্বের একটি সংক্ষিপ্ত বিবৃতি |
| ২ | বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক Objectively Verifiable Indicator (OVIs) | অর্জিত ফলফল পরিমাপের সূচক |
| ৩ | যাচাই এর মাধ্যম Means of Verification (MoV) | একটি তথ্যসূত্র যা নির্দেশককে ব্যবহৃত তথ্যের উৎস প্রদান করে |
| ৪ | গুরুত্বপূর্ণ অনুমানসমূহ Important Assumptions (IA) | প্রকল্পের দ্বারা অনিয়ন্ত্রিত গুরুত্বপূর্ণ কারণসমূহ যা প্রকল্পের পরিকল্পিত ফলাফলের অর্জনকে প্রভাবিত করতে পারে |

সূত্র: USAID এর ২০১২ সালের লজিক্যাল ফ্রেমওয়ার্ক সংক্রান্ত কারিগরি নোট (Technical Note)- The Logical Framework এবং GOB SPIMS 2023 Logical Framework for Investment Project


### ১-২-৩ প্রকল্প ব্যবস্থাপনার ধারাবাহিকতা

সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার আঙ্গিকে প্রকল্প প্রস্তাব মূল্যায়নকালে দু'টি বিষয় বিবেচনা করতে হবে: ১) প্রকল্পের জীবন চক্র; এবং ২) বার্ষিক বাজেট চক্র। নিম্নের অনুচ্ছেদে এই দু'টি চক্র ব্যাখ্যা করা হয়েছে। উপ অধ্যায় ১-৩-২- এ প্রকল্প ব্যবস্থাপনা চক্রের সাথে প্রকল্প মূল্যায়ন চক্রের সংগতি সংক্রান্ত ব্যাখ্যা প্রদান করে।

**(১) প্রকল্পের জীবন চক্র:**

প্রকল্পের জীবন চক্রের আঙ্গিকে প্রকল্প ব্যবস্থাপনার ধারাবাহিকতা শুরু থেকে সমাপ্তি পর্যন্ত বিস্তৃত থাকে। প্রকল্পের জীবনকালকে চারটি পর্যায়ে ভাগ করা যেতে পারে, যা চিত্র ৭- এ দেখানো হয়েছে। সমাপ্তি পর্যায়ের পর প্রকল্পের সৃষ্ট স্থাপনা/সুবিধাদি (ভৌত, আর্থ-সামাজিক অবকাঠামো ইত্যাদি) পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনার কাজ শুরু হয়। প্রতিটি স্তরের ব্যাখ্যা নিম্নে দেয়া হলো।

- **পর্যায় ১. চিহ্নিতকরণ (Identification)**: প্রাথমিকভাবে প্রকল্পের/কর্মসূচির ধারণা ও পরিকল্পনা/নকশা/কাঠামো প্রস্তুত করা।
- **পর্যায় ২. প্রণয়ন (Formulation)**: প্রাথমিক ধারনাকে বিস্তারিত প্রকল্প প্রস্তাবে রূপান্তর করা এবং একটি বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা।
- **পর্যায় ৩. বাস্তবায়ন (Implementation):** প্রয়োজনীয় ইনপুট যেমন অর্থ ও জনবল, মালামাল ইত্যাদি একীভূত করে প্রকল্পের বাস্তবায়ন কাজ এগিয়ে নিয়ে যাওয়া।
- **পর্যায় ৪. সমাপ্তি (Completion)**: প্রকল্পটি সমাপ্ত ঘোষণা করা এবং প্রকল্পের সুবিধাদি (ভৌত অবকাঠামো) কার্যকরভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা।
- **সামাপ্তি-উত্তর পরিচালনা ও রক্ষণাবেক্ষণ (After Completion Operation and Maintenance):** প্রকল্পের আওতায় সৃষ্ট স্থাপনা/সুবিধাদির কার্যকর পরিচালনা ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা।





**চিত্র ৭ প্রকল্পের জীবন চক্রের আঙ্গিকে প্রকল্প ব্যবস্থাপনার ধারাবাহিকতা**

### (২) বার্ষিক বাজেট চক্র

বার্ষিক বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন প্রক্রিয়ার মাধ্যমেও প্রকল্প ব্যবস্থাপনা সম্পন্ন করা হয়। নিম্নের চিত্র ৮- এ বাজেট প্রণয়নের মৌলিক পর্যায়গুলো সংক্ষিপ্ত ভাবে উল্লেখ করা হলো।

- **পর্যায় ১: সামষ্টিক অর্থনৈতিক কাঠামো নিরূপণ:** সামষ্টিক অর্থনৈতিক প্রাক্কলনসমূহ (Projections) অর্থ মন্ত্রণালয়ের সাথে আলোচনাক্রমে ঠিক করা হয়। উহার উপর ভিত্তি করে কোন বিরূপ সামষ্টিক অর্থনৈতিক প্রভাব ব্যতিরেকে রাজস্ব সংগ্রহের প্রত্যাশিত পরিমাণ এবং কি পরিমাণ ঘাটতি নিরাপদে অর্থায়ন করা যাবে তা বিবেচনায় নিয়ে বাজেটে সামগ্রিক ব্যয় সীমা নির্ধারণ করা হয়।
- **পর্যায় ২: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মধ্যে বরাদ্দ নির্ধারণ:** অর্থ বিভাগ সকল মন্ত্রণালয়/বিভাগের জন্য সম্ভাব্য (Indicative) মোট ব্যয় সীমা উল্লেখ করে প্রয়োজনীয় নির্দেশনাসহ একটি “বাজেট সার্কুলার” জারী করে, যাতে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ সামষ্টিক লক্ষ্য/উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে স্ব স্ব মোট ব্যয় সীমার মধ্যে তাদের প্রাক্কলন নির্ধারণ করতে পারে।
- **পর্যায় ৩: মন্ত্রণালয়/বিভাগসমূহ থেকে প্রস্তাব সংগ্রহ:** চলতি ও সম্ভাব্য নতুন প্রকল্পসমূহের জন্য প্রয়োজনীয় বরাদ্দ প্রস্তাবসহ মন্ত্রণালয়/বিভাগসমূহ থেকে সার্বিক বাজেট প্রস্তাব সংগ্রহ করা হয়।
- **পর্যায় ৪: মন্ত্রণালয়/বিভাগসমূহের সাথে বরাদ্দ প্রস্তাব/চাহিদা আলোচনা:** মন্ত্রণালয়/বিভাগসমূহ থেকে বাজেট বরাদ্দ প্রস্তাব পাওয়ার পর অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগে এগুলো পরীক্ষা/নিরীক্ষা করা হয়। সাধারণত, আনুষ্ঠানিকভাবে মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে বাজেট অনুবিভাগের কর্মকর্তাদের আলোচনা হয়ে থাকে। প্রাথমিকভাবে কর্মকর্তা পর্যায়ে এবং অতঃপর দ্বিপাক্ষিক অথবা কয়েকটি মন্ত্রণালয়/বিভাগের সাথে যৌথভাবে আলোচনার মাধ্যমে চূড়ান্ত সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
- **পর্যায় ৫: বাজেট পৃষ্ঠাঙ্কন ও অনুমোদন:** মন্ত্রিপরিষদ বাজেট প্রস্তাব পৃষ্ঠাঙ্কন করার পর তা চূড়ান্ত অনুমোদনের জন্য সংসদে উপস্থাপন করা হয়।

**সূত্র:** সরকারি ব্যয় ব্যবস্থাপনা (Public Expenditure Management) এর জন্য Potter and Diamond 1999 Guidelines এর ভিত্তিতে।




**চিত্র ৮ বার্ষিক বাজেট চক্রের আঙ্গিকে প্রকল্প ব্যবস্থাপনার ধারাবাহিকতা**

## ১-৩ প্রকল্প মূল্যায়নের কাঠামো

**এই অধ্যায় পাঠ শেষে প্রকল্প যাচাইকারী "প্রকল্প মূল্যায়ন*", "প্রকল্প ব্যবস্থাপনা চক্রে প্রকল্প মূল্যায়নের অবস্থান", এবং লজিক্যাল ফ্রেমওয়ার্কের আঙ্গিকে প্রকল্প মূল্যায়নের নির্দেশকগুলো সম্পর্কে সম্যক ধারণা লাভ করবেন।**

*এই ম্যানুয়ালে উন্নয়ন প্রকল্প প্রণয়ন এবং উহার বাস্তবায়ন পর্যায়ের উপর ভিত্তি করে প্রাক-বাছাই, প্রকল্প প্রস্তাব যাচাই/মূল্যায়ন, মধ্য-মেয়াদি প্রকল্প পর্যালোচনা, প্রকল্পের প্রান্তিক মূল্যায়ন কিংবা প্রকল্পের বাস্তবায়ন উত্তর প্রভাব মূল্যায়নকে সাধারণভাবে 'প্রকল্প মূল্যায়ন' হিসেবে উল্লেখ করা হয়েছে। প্রকল্প যাচাই যেহেতু এক ধরনের প্রকল্প মূল্যায়ন, তাই প্রকল্প মূল্যায়নের সাধারণ রীতি-নীতি ও নির্দেশকসমূহ প্রকল্প যাচাই এর ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

**প্রকল্প ব্যবস্থাপনার ধারাবাহিকতার আঙ্গিকে প্রকল্প মূল্যায়ন বুঝানোর লক্ষ্যে এই অধ্যায়ে প্রকল্প মূল্যায়নকে সামগ্রিক প্রেক্ষাপটে ব্যাখ্যা করা হয়েছে।**


### ১-৩-১ প্রকল্প মূল্যায়নের সংজ্ঞা

ক্যামব্রিজ অভিধানে, "মূল্যায়ন" এর সংজ্ঞা নিরূপণ করা হয়েছে- "কারো বা কোন কিছুর মান, গুরুত্ব, পরিমাণ বা মূল্য যাচাই করা"।

আন্তর্জাতিকভাবে স্বীকৃত Organization for Economic Co-operation and Development (OECD)/Development Assistance Committee (DAC) প্রতিবেদন, ২০০০ অনুযায়ী প্রকল্প মূল্যায়নের সংজ্ঞা হচ্ছে "একটি চলমান বা সমাপ্ত প্রকল্প, কর্মসূচি বা নীতির পরিকল্পনা/নকশা/কাঠামো, বাস্তবায়ন ও ফলাফলের সুশৃঙ্খল ও বস্তুনিষ্ঠ মূল্যায়ন। মূল্যায়নের উদ্দেশ্য হচ্ছে প্রকল্পটির প্রাসঙ্গিকতা ও লক্ষ্য পূরণ, উন্নয়ন দক্ষতা, কার্যকারিতা, প্রভাব ও স্থায়িত্বশীলতা নির্ধারণ করা। মূল্যায়ন থেকে প্রাপ্ত তথ্য হতে হবে বিশ্বাসযোগ্য, ব্যবহার উপযোগী এবং অর্জিত অভিজ্ঞতা/জ্ঞান, যা সহায়তা গ্রহণকারী ও উন্নয়ন সহযোগী দেশ/প্রতিষ্ঠান উভয় পক্ষের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় কাজে লাগানো সম্ভব হবে। এছাড়া কোন কার্য, নীতি বা কর্মসূচির মূল্য বা গুরুত্ব নির্ণয়ের প্রক্রিয়াকেও "মূল্যায়ন" হিসেবে বিবেচনা করা হয়। কাজেই মূল্যায়ন হচ্ছে কোন পরিকল্পিত, চলমান অথবা সমাপ্ত উন্নয়ন কার্যক্রমের যথাসম্ভব সুশৃঙ্খল ও বস্তুনিষ্ঠ যাচাই।

সংক্ষেপে প্রকল্প মূল্যায়নের অত্যাবশ্যক ধারণা (Concept) হচ্ছে "সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে কোন প্রকল্পের মূল্য যাচাই করা"।

চিত্র ৯- এ এই ধারণা ব্যাখ্যা করা হয়েছে।




**চিত্র ৯ মূল্যায়নের ধারণামূলক ব্যাখ্যা**

এ প্রসঙ্গে উন্নয়ন সহযোগীদের দ্বারা ব্যবহৃত সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ শব্দ বা শব্দাবলীর সংজ্ঞা OECD/DAC প্রতিবেদন থেকে নিম্নের বক্স ৪-এ উদ্ধৃত করা হলো।

**বক্স ৪ মূল্যায়ন এবং ফলাফল ভিত্তিক ব্যবস্থাপনা সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ শব্দ বা শব্দাবলীর সংজ্ঞা**

- **মূল্যায়ন (Appraisal):** অর্থায়নের সিদ্ধান্ত গ্রহণের পূর্বে কোন উন্নয়ন কার্যক্রমের সঠিক যৌক্তিকতা, সম্ভাব্যতা এবং স্থায়িত্বশীলতা যাচাই। **নোট:** উন্নয়ন সংস্থা বা ব্যাংকের ক্ষেত্রে মূল্যায়নের উদ্দেশ্য হল সিদ্ধান্ত গ্রহণকারীকে সহায়তা করা যাতে প্রতিষ্ঠানের **অর্থায়ন সঠিক খাতে ব্যবহৃত** হয়। **[ex-ante evaluation]**
- **মূল্যায়ন (Evaluation):** ক্যামব্রিজ অভিধানের সংজ্ঞা অনুযায়ী মূল্যায়ন হল; 'কোন কিছুর মান, গুরুত্ব, পরিমাণ বা মূল্য যাচাই করা। OECD/DAC প্রতিবেদন-২০০০ অনুযায়ী প্রকল্প মূল্যায়নের সংজ্ঞা হচ্ছে 'একটি চলমান বা সমাপ্ত প্রকল্প, কর্মসূচি বা নীতির নকশা, বাস্তবায়ন ও ফলাফলের নিয়মানুগ ও নৈর্ব্যক্তিক মূল্যায়ন। মূল্যায়নের উদ্দেশ্য হচ্ছে প্রকল্পটির প্রাসঙ্গিকতা ও লক্ষ্য অর্জন, উন্নয়ন দক্ষতা, কার্যকারিতা, প্রভাব ও স্থায়িত্বশীলতা নিরূপণ করা। মূল্যায়নে এমন তথ্য পাওয়া যাবে যা হবে বিশ্বাসযোগ্য, ব্যবহার উপযোগী এবং এ থেকে অর্জিত অভিজ্ঞতা সহায়তা গ্রহণকারী ও উন্নয়ন সহযোগী দেশ/সংস্থা উভয় পক্ষের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সহায়ক হবে। কোন কার্যক্রম, নীতি বা কর্মসূচির মূল্য বা গুরুত্ব নির্ণয়ের প্রক্রিয়াকেও "মূল্যায়ন" হিসেবে অভিহিত করা যায়। কোন পরিকল্পিত, চলমান অথবা সমাপ্ত উন্নয়ন কার্যক্রমের যথাসম্ভব সুশৃঙ্খল ও বস্তুনিষ্ঠ যাচাই কে মূল্যায়ন হিসেবে সংজ্ঞায়িত করা যায়। **নোট:** কোন কোন ক্ষেত্রে মূল্যায়ন হল নির্ধারিত মান নিরূপণ করে ঐ মানের বিপরীতে পারফরম্যান্স যাচাই, প্রকৃত ও প্রত্যাশিত ফলাফল যাচাই এবং শিক্ষণীয় বিষয়গুলো চিহ্নিতকরণ।
- **প্রাক-মূল্যায়ন (Ex-ante evaluation):** উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের পূর্বে সম্পাদিত মূল্যায়ন।
- **পরবর্তী-মূল্যায়ন (Ex-post evaluation):** উন্নয়ন কার্যক্রম সমাপ্ত হওয়ার পর সম্পাদিত মূল্যায়ন। এ ধরনের মূল্যায়ন উন্নয়ন কার্যক্রম সমাপ্ত হওয়ার সাথে সাথে অথবা অনেক দিন পরে করা যেতে পারে। এ মূল্যায়নের উদ্দেশ্য হল উন্নয়ন কার্যক্রমের সফলতা অথবা ব্যর্থতা চিহ্নিত করা, ফলাফলের স্থায়িত্বতা যাচাই, প্রভাব নিরূপণ এবং অন্যান্য উন্নয়ন কার্যক্রমের জন্য শিক্ষণীয় বিষয় সম্পর্কে ধারণা লাভ করা।
- **পরিবীক্ষণ (Monitoring):** চলমান উন্নয়ন প্রকল্পের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং মূল অংশীদারদের প্রকল্পের বরাদ্দকৃত অর্থের বিপরীতে আর্থিক ও ভৌত অগ্রগতি এবং অর্জিত উদ্দেশ্য সম্পর্কে নির্ধারিত ফরমেটে নিয়মিত তথ্য/উপাত্ত প্রদান করা।
- **পর্যালোচনা (Review):** একটি নির্দিষ্ট সময়ান্তে উন্নয়ন কার্যক্রমের পারফরম্যান্স যাচাই। সাধারণত মূল্যায়ন পর্যালোচনার চেয়ে অনেক বেশি পূর্ণাঙ্গ অথবা নিবিড় হয়ে থাকে। অনেক সময় পর্যালোচনা এবং মূল্যায়ন সমার্থক হিসেবে ব্যবহৃত হয়।

সূত্র: OECD/DAC (2000) Glossary of Key Terms in Evaluation and Results Based Management


### ১-৩-২ প্রকল্প মূল্যায়ন প্রবাহ

উপ-অধ্যায় ১-২-৩ এ প্রকল্প ব্যবস্থাপনার দু'টি ধারাবাহিকতার বিবরণ দেয়া হয়েছে। এ উপ-অধ্যায়ে উল্লিখিত দু'টি ধারাবাহিকতার উপর ভিত্তি করে 'মূল্যায়ন' কে ব্যাখ্যা করা হয়েছে।

**(১) প্রকল্পের জীবনচক্রের ভিত্তিতে প্রকল্প মূল্যায়নের ধারাবাহিকতা**

জীবনচক্রের যে কোন স্তরে প্রকল্পের মূল্য যাচাই করা যায়। ইতঃপূর্বে চিত্র ৭ (পৃষ্ঠা ১২) এ প্রকল্প ব্যবস্থাপনার ধারাবাহিকতা ব্যাখ্যা করা হয়েছে। নিম্নের চিত্র ১০ এ প্রকল্পের জীবনচক্রের উপর ভিত্তি করে প্রকল্প ব্যবস্থাপনার ধারাবাহিকতার সাথে প্রকল্প মূল্যায়নের ধারাবাহিকতার সম্পর্ক দেখানো হয়েছে।

- **প্রাক-বাছাই (Pre-Screening):** উন্নয়ন প্রকল্প প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণের পূর্বে প্রকল্পের প্রাথমিক ধারণা যাচাই করা।
- **প্রাক-যাচাই/মূল্যায়ন (Appraisal):** উন্নয়ন প্রকল্পে অর্থায়নের সিদ্ধান্ত গ্রহণের পূর্বে প্রকল্প প্রস্তাবের সমন্বিত প্রাসঙ্গিকতা, সম্ভাব্যতা ও সম্ভাব্য স্থায়িত্বশীলতা যাচাই/মূল্যায়ন করা।
- **মধ্যবর্তী পর্যালোচনা (Mid-Term Review):** প্রকল্প বাস্তবায়নকালে নির্দিষ্ট সময় অন্তর কিংবা যখন প্রয়োজন তখন পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সংশোধন/সমন্বয় সাধন।
- **প্রান্তিক মূল্যায়ন (Terminal Evaluation):** প্রকল্প সমাপ্তির অব্যবহিত পরেই পরিকল্পনা অনুযায়ী উদ্দেশ্য সাধন হয়েছে কিনা তার মূল্যায়ন।
- **প্রভাব মূল্যায়ন (Impact Evaluation):** প্রকল্প সমাপ্তির বেশ কিছু সময় পরে কাঙ্ক্ষিত মধ্য/দীর্ঘমেয়াদি প্রভাব মূল্যায়ন করা।




নোট (১) প্রবাহের প্রতিটি পর্যায় **চিত্র ৭**- এ ব্যাখ্যা করা হয়েছে। (পৃষ্ঠা ১২)

**চিত্র ১০ প্রকল্পের জীবনচক্রের আঙ্গিকে প্রকল্প মূল্যায়নের ধারাবাহিকতা**


**<u>প্রকল্প মূল্যায়নের ধারাবাহিকতায় মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই এর অবস্থান</u>**

**বাংলাদেশে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে সম্পাদিত প্রকল্প প্রস্তাব যাচাই কার্যক্রম সামগ্রিক প্রকল্প মূল্যায়নের ধারাবাহিকতার অন্তর্ভুক্ত প্রাক-যাচাই/মূল্যায়ন স্তরের অংশ বিশেষ।** প্রকল্প প্রণয়ন পর্যায়ে পরিচালিত মূল্যায়নকে সাধারণত প্রকল্প মূল্যায়ন বলা হয়। ইতঃপূর্বে উপ-অধ্যায় ১-১-৩ এ উল্লেখ করা হয়েছে যে, বাস্তবায়নকারী সংস্থা প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে, মন্ত্রণালয়/বিভাগ প্রকল্প প্রস্তাব যাচাই/বাছাই করে এবং পরিকল্পনা কমিশন এর সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন যাচাই-বাছাই এর ফলাফল পর্যালোচনাসহ যাচাইকৃত প্রকল্প প্রস্তাব উক্ত সেক্টরের সার্বিক অগ্রাধিকারের প্রেক্ষিতে মূল্যায়ন করে। মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প প্রস্তাব যাচাই এবং সেক্টর পর্যায়ে যাচাইকৃত প্রকল্প প্রস্তাব মূল্যায়ন- এ দুটোই প্রকল্প প্রস্তাবের 'প্রাক-যাচাই/মূল্যায়ন'। কাজেই বাংলাদেশের প্রেক্ষাপটে প্রকল্প প্রস্তাবের 'প্রাক-যাচাই/মূল্যায়ন' সংক্রান্ত কার্যাবলী মন্ত্রণালয় পর্যায়ে প্রকল্প প্রস্তাব যাচাই কার্যাবলী এবং পরিকল্পনা কমিশন এর সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন পর্যায়ে যাচাইকৃত প্রকল্প প্রস্তাব মূল্যায়ন কার্যাবলীর সাথে সম্পৃক্ত।

### (২) বার্ষিক বাজেট চক্রভিত্তিক প্রকল্প ব্যবস্থাপনার ধারাবাহিকতার সাথে প্রকল্প মূল্যায়নের ধারাবাহিকতার সম্পর্ক

বাজেট চক্রের ধারাবাহিকতার মধ্যে প্রকল্প মূল্যায়ন ও প্রকল্প ব্যবস্থাপনার সম্পর্ক নিচের চিত্র **১১**- তে দেখানো হলো। এক্ষেত্রে প্রকল্প মূল্যায়ন মূলত: প্রস্তাব (বাজেট দাবী), আলোচনা, অনুমোদন এবং বাস্তবায়ন স্তরের সাথে সম্পর্কিত।

- **বাজেট প্রস্তাব (Proposal):** বাজেট প্রস্তাব প্রণয়ন প্রক্রিয়া শুরু করার পূর্বেই প্রকল্পের প্রাক-যাচাই ও মূল্যায়ন সম্পন্ন করা যেতে পারে। মধ্যবর্তী মূল্যায়ন, প্রান্তিক মূল্যায়ন ও প্রভাব মূল্যায়নের ফলাফলকে বাজেট প্রস্তাব প্রণয়ন ও আলোচনায় ব্যবহার করা যায়।




নোট (১) প্রবাহের প্রতিটি পর্যায় **চিত্র ৮**- এ ব্যাখ্যা করা হয়েছে। (পৃষ্ঠা ১৩)

**চিত্র ১১ বার্ষিক বাজেট চক্রের আঙ্গিকে প্রকল্প মূল্যায়নের ধারাবাহিকতা**

### ১-৩-৩ লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর মাধ্যমে প্রকল্পের মান ব্যাখ্যা

উপ-অধ্যায় ১-২-২ এ উল্লিখিত "লজিক্যাল ফ্রেমওয়ার্কভিত্তিক প্রকল্প কাঠামোতে" প্রকল্পের মান/মূল্য/গ্রহণযোগ্যতার সংক্ষিপ্ত ব্যাখ্যা প্রদান করা হয়েছে। প্রকল্পের মান/মূল্য/গ্রহণযোগ্যতা নির্ভুলভাবে প্রদর্শনের জন্য যথাযথভাবে 'লজিক্যাল ফ্রেমওয়ার্ক' প্রণয়ন করা আবশ্যক। 'লজিক্যাল ফ্রেমওয়ার্কের' নির্ভুলতা/যথার্থতা নিরূপণ করার জন্য যাচাইকারীকে লজিক্যাল ফ্রেমওয়ার্কভূক্ত প্রতিটি উপাদানের অনুভূমিক ও উল্লম্ব এর যুক্তি পরীক্ষা করতে হবে। নিম্নে বর্ণিত ৩ টি যাচাই নির্দেশক এর মাধ্যমে এ পরীক্ষা সম্পন্ন করতে হবে।

- যাচাই নির্দেশক ১: অনুভূমিক যুক্তি (Horizontal logic)
- যাচাই নির্দেশক ২: উল্লম্ব যুক্তি (Vertical logic)
- যাচাই নির্দেশক ৩: গুরুত্বপূর্ণ অনুমানসমূহ ও পূর্বশর্তসমূহ (Important Assumptions and Preconditions)

উপ-অধ্যায় ১-২-২ হতে জানা যায় যে, 'লজিক্যাল ফ্রেমওয়ার্ক' ভিত্তিক প্রকল্প কাঠামো উল্লম্ব এবং অনুভূমিক 8X8 cell এর সমন্বয়ে গঠিত ম্যাট্রিক্স আকারে দেখানো হয়। উল্লম্ব যৌক্তিক সম্পর্কের (Causal relationship) বিভিন্ন স্তরকে দেখানো হয়: ১) প্রকল্পের লক্ষ্য (PG); ২) প্রকল্পের উদ্দেশ্য (PP); ৩) আউটপুট (OP); এবং ৪) ইনপুট/কার্যাবলী (IP)। পক্ষান্তরে, অনুভূমিক সম্পর্কে ফলাফল চেইনভূক্ত প্রতিটি স্তরের বিবরণ/ব্যাখ্যা দেওয়া হয়: ১) সংক্ষিপ্ত বিবরণ (NS); ২) বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক (OVI); ৩) যাচাই এর মাধ্যম (MoV) এবং ৪) গুরুত্বপূর্ণ অনুমানসমূহ (IA)। চিত্র ১২- এ লজিক্যাল ফ্রেমওয়ার্ক এবং এর যৌক্তিক সম্পর্কের (Causal relationship) গঠন দেখানো হয়েছে।

**লজিক্যাল ফ্রেমওয়ার্কের প্রথম যাচাই নির্দেশক হচ্ছে উল্লম্ব যুক্তি,** যার মাধ্যমে যৌক্তিক সম্পর্কের (Causal relationship) স্তরসমূহের মধ্যে পারস্পরিক সম্পর্ক/সংযুক্তির যৌক্তিকতা নিরূপণ করা হয়, যা উপ-অধ্যায় ১-২-২ এ ব্যাখ্যা করা হয়েছে। সারণি ৩ যাচাই নির্দেশক ১: লজিক্যাল ফ্রেমওয়ার্কের উল্লম্ব যুক্তি- এ প্রথম যাচাই নির্দেশকসমূহ উল্লেখ করা হয়েছে।

**লজিক্যাল ফ্রেমওয়ার্কের দ্বিতীয় যাচাই নির্দেশক হচ্ছে অনুভূমিক যুক্তি,** যার মাধ্যমে লজিক্যাল ফ্রেমওয়ার্কের যৌক্তিক সম্পর্কের (Causal relationship) প্রতিটি স্তরের জন্য দেওয়া তথ্য বিশ্লেষণ করে উহাদের নির্ভূলতা ও স্পষ্টতা পরীক্ষা করা হয়। সারণি ৪- এ দ্বিতীয় যাচাই নির্দেশকসমূহ উল্লেখ করা হয়েছে।

**লজিক্যাল ফ্রেমওয়ার্কের তৃতীয় যাচাই নির্দেশক হচ্ছে গুরুত্বপূর্ণ অনুমান ও পূর্বশর্তসমূহ,** যেখানে সমস্ত বাহ্যিক উপাদান প্রকল্প বাস্তবায়নে প্রতিবন্ধকতা তৈরি করতে পারে সেগুলো যাচাই করা হয়। সারণি ৫- এ তৃতীয় যাচাই নির্দেশকসমূহ উল্লেখ করা হয়েছে।

সর্বোপরি 'লজিক্যাল ফ্রেমওয়ার্কের' যৌক্তিক পারস্পরিক সম্পর্কগুলো হতে হবে স্পষ্ট, সংগতিপূর্ণ এবং সহজবোধ্য, যাতে প্রস্তাবিত প্রকল্পের সঠিক মান প্রকাশ পায়। এই পারস্পরিক যৌক্তিক সম্পর্ক পূর্বশর্ত হতে শুরু হয়ে প্রকল্পের লক্ষ্য 'যাচাই' এর মাধ্যমে শেষ হয়। প্রকল্পের লক্ষ্যের 'গুরুত্বপূর্ণ অনুমানসমূহের' জন্য নির্দিষ্ট সেলটি খালি রাখা যেতে পারে। চিত্র ১২- এ লজিক্যাল ফ্রেমওয়ার্কের প্রতিটি স্তর/পর্যায় ও বৈশিষ্ট্য এর যৌক্তিক পারস্পরিক সম্পর্ক দেখানো হয়েছে।

**সারণি ৩ যাচাই নির্দেশক ১: লজিক্যাল ফ্রেমওয়ার্কের উল্লম্ব যুক্তি**

| | স্তর/পর্যায় | সংজ্ঞা/ব্যাখ্যা | যাচাই নির্দেশকসমূহ |
|---|---|---|---|
| ১ | প্রকল্পের লক্ষ্য | প্রকল্পের পরোক্ষ ফলাফল, যা প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হওয়ার ২ থেকে ৩ বৎসরের মধ্যে পাওয়া যেতে পারে। | • প্রকল্প ***সমাপ্তির পর*** এসকল ফলাফল কি অর্জনযোগ্য?<br>• এগুলো কি অতি মাত্রায় উচ্চাভিলাষী?<br>• এগুলো প্রকল্পেরই অবদান তা কি নিশ্চিত করে বলা যায়? |
| ২ | প্রকল্পের উদ্দেশ্য | প্রকল্পের প্রত্যক্ষ ফলাফল, যা প্রকল্প সমাপ্তির সময়ে অর্জিত হবে বলে আশা করা হয়। | • প্রকল্প সমাপ্তিকালে এসকল ফলাফল কি অর্জনযোগ্য? |
| ৩ | আউটপুট | প্রকল্পের ইনপুট ব্যবহার করে কার্যাবলীর মাধ্যমে অর্জিত/উৎপাদিত পণ্য এবং পরিষেবা যা সুফলভোগীগণ গ্রহণ/ব্যবহার করছে। | • এগুলো কি গুরুত্বপূর্ণ অঙ্গ হিসেবে বিভাজন করা হয়েছে?<br>• এগুলোর মধ্যে কি পারস্পরিক দ্বৈততা রয়েছে? |
| ৪ | কার্যাবলী | কার্যকরভাবে ইনপুটকে আউটপুটে রূপান্তরিতকরণের জন্য গৃহীত কার্যাবলী। | • কাজ ও কার্যাবলীর বিন্যাসের যথার্থতা পরীক্ষা করা।<br>• কার্যাবলী পরিচালনার জন্য প্রয়োজনীয় কারিগরি বিষয়াদি পরীক্ষা করা।<br>• কখন, কী ধরনের ইনপুট প্রয়োজন হবে তা পরীক্ষা করা। |
| ৫ | ইনপুট | যথাসময়ে দক্ষতার সাথে প্রকল্পের কার্যাবলী পরিচালনা ও বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় জনবল, অর্থ, মালামাল ইত্যাদি। | • প্রয়োজনীয় জনবলের সংস্থান রাখা হয়েছে কি না?<br>• যথাযথভাবে কার্যাবলী পরিচালনার জন্য পর্যাপ্ত মালামাল ও যন্ত্রপাতি সংগ্রহের ব্যবস্থা রাখা হয়েছে কি না?<br>• প্রয়োজনীয় কারিগরি বিশেষজ্ঞের সংস্থান রাখা হয়েছে কিনা?<br>• প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা রয়েছে কি না? |

সূত্র: GOB SPIMS 2023 Logical Framework for Investment Project

**সারণি ৪ যাচাই নির্দেশক ২: লজিক্যাল ফ্রেমওয়ার্কের অনুভূমিক যুক্তি**


| | উপাদানসমূহ | সংজ্ঞা/ব্যাখ্যা | যাচাই নির্দেশকসমূহ |
|---|---|---|---|
| ১ | সংক্ষিপ্ত বিবরণ (NS) | লজিক্যাল ফ্রেমওয়ার্কের উল্লম্ব যুক্তির প্রতিটি উপাদানে অর্জনের একটি সংক্ষিপ্ত বিবৃতি | • সংক্ষিপ্ত বিবরণে প্রকল্পের ফলাফল চেইন এর যে বর্ণনা দেওয়া হয়েছে তাতে নিম্নতম থেকে উচ্চতম ফলাফলের পারস্পরিক সম্পর্কের যৌক্তিকতা দেখানো হয়েছে কি? |
| ২ | বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক (OVI) | অর্জিত ফলফল পরিমাপের সূচক | • বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকগুলো কি পরিমাপযোগ্য?<br>• এগুলো কি পরিমেয়?<br>• সংক্ষিপ্ত বিবরণে যে লক্ষ্য নির্ধারণ করা হয়েছে তা কি এগুলোর মাধ্যমে যথাযথভাবে পরিমাপ করা যাবে?<br>• এগুলোর মাধ্যমে সংক্ষিপ্ত বিবরণে অন্তর্ভূক্ত সকল বৈশিষ্ট্যকে বিবেচনা করা হয়েছে কি? |
| ৩ | যাচাই এর মাধ্যম (MoV) | একটি তথ্যসূত্র যা নির্দেশকে ব্যবহৃত তথ্যের উৎস প্রদান করে | • যাচাই এর মাধ্যম হিসেবে প্রাপ্ত তথ্যাবলী দ্বারা প্রকল্পের ব্যাপ্তি (প্রকল্পের উদ্দেশ্য এবং আউটপুট এর ক্ষেত্রে) কি যাচাইযোগ্য? |

সূত্র: GOB SPIMS 2023 Logical Framework for Investment Project

**সারণি ৫ যাচাই নির্দেশক ৩: লজিক্যাল ফ্রেমওয়ার্কের গুরুত্বপূর্ণ অনুমান ও পূর্বশর্তসমূহ**

| | বিষয় | সংজ্ঞা/ব্যাখ্যা | যাচাই নির্দেশকসমূহ |
|---|---|---|---|
| ১ | গুরুত্বপূর্ণ অনুমানসমূহ | প্রকল্পের দ্বারা অনিয়ন্ত্রিত গুরুত্বপূর্ণ কারণসমূহ যা প্রকল্পের পরিকল্পিত ফলাফলের অর্জনকে প্রভাবিত করতে পারে | • এ ধরনের অবস্থা সৃষ্টি হওয়ার সম্ভাবনা কতটুকু?<br>• এ বিষয়ে যতটা সম্ভব সুনির্দিষ্ট হওয়া গেছে কিনা?<br>• এ ধরণের অবস্থা আদৌ যদি সৃষ্টি হয়, তবে তা প্রকল্পকে কিভাবে, কতটুকু প্রভাবিত করবে? |
| ২ | পূর্বশর্তাবলী | এক বা একাধিক গুরুত্বপূর্ণ অনুমান, যা প্রকল্পের বাস্তবায়ন শুরুর পূর্বেই বিবেচনা করতে হবে। | • এ বিষয়ে যতটা সম্ভব সুনির্দিষ্ট হওয়া গেছে কিনা?<br>• এটি বা এগুলো কি অনিয়ন্ত্রণযোগ্য উপাদান বা উপাদানসমূহ? |

সূত্র: GOB SPIMS 2023 Logical Framework for Investment Project




**চিত্র ১২ লজিক্যাল ফ্রেমওয়ার্কের কাঠামো এবং যৌক্তিক পারস্পরিক সম্পর্ক**

**প্রকল্পের লজিক্যাল ফ্রেমওয়ার্ক কিভাবে তৈরী করতে হয় তা বিস্তারিত জানার জন্য যাচাইকারী SPIMS প্রকল্প কর্তৃক প্রস্তুতকৃত ‘Logical Framework for Investment Project’ পড়তে পারেন।**

### ১-৩-৪ প্রকল্প মূল্যায়নের মানদন্ড (Project Evaluation Criteria)

কোন প্রকল্প প্রস্তাবের মূল্য যাচাই করার জন্য পরিচালিত মূল্যায়নের মৌলিক ধারণাগত কাঠামো পাঁচটি মানদন্ড এর উপর প্রতিষ্ঠিত: ১) প্রাসঙ্গিকতা; ২) কার্যকারিতা; ৩) দক্ষতা; ৪) প্রভাব; এবং ৫) স্থায়িত্বশীলতা। এই ৫টি মানদন্ড OECD/DAC দ্বারা প্রবর্তিত, যা অনেক উন্নয়ন সহযোগী সাধারণভাবে ব্যবহার করে থাকেন। বাংলাদেশের প্রকল্পের ক্ষেত্রে এই পাঁচটির সাথে আরো একটি মানদন্ড যথা- "ঝুঁকি ও তা নিরসনের উপায়" অন্তর্ভূক্ত করা হয়েছে।

সারণি ১- এ প্রকল্প প্রস্তাব মূল্যায়নের প্রতিটি নির্দেশক/মানদন্ডের সার-সংক্ষেপ দেয়া হয়েছে।

**সারণি ৬ প্রকল্প প্রস্তাব মূল্যায়নের মানদন্ডসমূহের বিবরণ**


| | মানদন্ড | বিবরণ |
|---|---|---|
| ১ | প্রাসঙ্গিকতা (Relevance) | প্রকল্প প্রস্তাবে প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য এবং পরিধি দেশের অগ্রাধিকারভূক্ত চাহিদা ও ঘাটতি এর সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পরীক্ষা করা হয়। |
| ২ | কার্যকরিতা (Effectiveness) | প্রকল্পের কাঙ্ক্ষিত আউপুটগুলো পরীক্ষা করে প্রকল্প প্রস্তাবের উদ্দেশ্যসমূহ অর্জনে সেগুলো কি পরিমাণ বা কতটুকু অবদান রাখবে তা যাচাই করা হয়। |
| ৩ | দক্ষতা (Efficiency) | প্রকল্পের আওতায় প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন ইনপুটগুলো (তহবিল, সক্ষমতা, বাস্তবায়নকাল ইত্যাদি) কত দক্ষতার সাথে আউটপুটে রূপান্তর করা হয়েছে বা হবে তা পরীক্ষা করা হয়। |
| ৪ | প্রভাব (Impact) | প্রকল্পের লক্ষ্য কি পরিমাণে অর্জিত হয়েছে বা হবে এবং প্রকল্প বাস্তবায়নের ফলে কারিগরি, আর্থ-সামাজিক, প্রাতিষ্ঠানিক ও পরিবেশগত বিষয়াদির ক্ষেত্রে কাঙ্ক্ষিত বা অনাকাঙ্ক্ষিত, প্রত্যক্ষ বা পরোক্ষ, ইতিবাচক বা নেতিবাচক কোন ধরনের পরিবর্তন হয়েছে কিনা তা পরীক্ষা করা। |
| ৫ | স্থায়িত্বশীলতা (Sustainbility) | প্রকল্প সমাপ্তির পর এর সুফলগুলো চলমান থাকবে কিনা তা পরীক্ষা করা। |

সূত্র: OECD/DAC (2004) Glossary of Key Terms in Evaluation and Results Based Management, JICA (2010) Guidelines for Project Evaluation (First Edition)

### ১-৩-৫ প্রকল্প ও প্রকল্প মূল্যায়ন এর মধ্যে সম্পর্ক (লজিক্যাল ফ্রেমওয়ার্ক এবং মূল্যায়নের মানদন্ড)

মূল্যায়ন হচ্ছে প্রকল্পের মূল্য বিচার করা, যা উপ-অধ্যায় ১-৩-১ তে ব্যাখ্যা করা হয়েছে। পূর্ববর্তী উপ-অধ্যায় ১-২-১ ও ১-৩-৩ এ যথাক্রমে "প্রকল্প" এবং "মূল্যায়নের গুরুত্বপূর্ণ মানদন্ডসমূহকে" ব্যাখ্যা করা হয়েছে। প্রকল্পের ইনপুট, কার্যাবলী, আউটপুট, উদ্দেশ্য ও লক্ষ্যের আলোকে প্রকল্পের মূল্য নির্ণীত হয়। প্রকল্পের মূল্য যাচাই এর গুরুত্বপূর্ণ মানদন্ডসমূহ হচ্ছে প্রাসঙ্গিকতা, কার্যকারিতা, দক্ষতা, প্রভাব, স্থায়িত্বশীলতা এবং ঝুঁকি ও তা নিরসনের উপায়।

চিত্র ১৩- এ 'প্রকল্প মূল্যায়ন' ও 'প্রকল্পের' মধ্যস্থিত ধারণাগত সর্ম্পকের রূপ-রেখা তুলে ধরা হয়েছে।





**চিত্র ১৩ 'প্রকল্প মূল্যায়নের' সচিত্র ব্যাখ্যা**

পাঁচটি মূল্যায়ন মানদন্ড ব্যবহারের মাধ্যমে প্রকল্পের মূল্য বা লজিক্যাল ফ্রেমওয়ার্কে প্রদত্ত প্রকল্পের উপাদানসমূহের মূল্য যাচাই করা যায়। পরবর্তী অনুচ্ছেদে এবং চিত্র ১৪- এ ‘লজিক্যাল ফ্রেমওয়ার্কে’ প্রদত্ত তথ্যাদি কিভাবে মূল্যায়ন কাজে ব্যবহৃত হতে পারে তা ব্যাখ্যা করা হয়েছে।

লজিক্যাল ফ্রেমওয়ার্কের ধারাবাহিকতার ভিত্তিতে পাঁচটি মূল্যায়ন মানদন্ডের সংক্ষিপ্ত ব্যাখ্যা নিম্নরূপ:

- **প্রাসঙ্গিকতা (Relevance):** প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যের মধ্যস্থ যৌক্তিক সম্পর্ক পরীক্ষা করা হয়।
- **কার্যকারিতা (Effectiveness):** আউটপুট ও প্রকল্পের উদ্দেশ্যের মধ্যস্থ যৌক্তিক সম্পর্ক পরীক্ষা করা হয়।
- **দক্ষতা (Efficiency):** ইনপুট ও আউটপুটের যৌক্তিক সম্পর্কসহ প্রয়োজনী কার্যাবলী পরিচালনার মাধ্যমে ইনপুটকে আউটপুটে রূপান্তরের প্রক্রিয়া পরীক্ষা করা হয়।
- **প্রভাব (Impact):** প্রাসঙ্গিকতায় কার্যকারণ সম্বন্ধীয় যে সম্পর্ক পরীক্ষা করা হয় তা ব্যতিরেকে প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যের মধ্যস্থ যৌক্তিক সম্পর্ক পরীক্ষা করা হয়।
- **স্থায়িত্বশীলতা (Sustainability):** প্রকল্পের জীবনচক্রের ৪ টি স্তরের মধ্যে যৌক্তিক সম্পর্কসহ প্রকল্প সমাপ্তির পর এর মাধ্যমে সৃজিত ফলাফল/সুবিধাদি বলবৎ/চলমান থাকার সম্ভাবনা পরীক্ষা করা হয়।




**সূত্র:** JICA Note for Project Evaluation

**চিত্র ১৪ লজিক্যাল ফ্রেমওয়ার্কভুক্ত পাঁচটি মূল্যায়ন মানদন্ড এর সংক্ষিপ্ত বিবরণ**

## ১-৪. বাংলাদেশে পরিচালিত প্রকল্প যাচাই/মূল্যায়ন এর সংক্ষিপ্ত বিবরণ

**এই অধ্যায় পাঠ শেষে প্রকল্প যাচাইকারী মন্ত্রণালয় পর্যায়ে পরিচালিত যাচাই পদ্ধতি এবং 'গ্রিনবুক' এ যাচাই এর সময় যে বিষয়গুলোর প্রতি লক্ষ্য রাখতে বলা হয়েছে সে সম্পর্কে সম্যক ধারণা লাভ করবেন।**

### ১-৪-১ প্রকল্প যাচাই/মূল্যায়ন পদ্ধতি

বাংলাদেশে প্রকল্প নির্বাচন ও অর্থায়নের সিদ্ধান্ত গ্রহণের পূর্বে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশন, প্রকল্প মূল্যায়ন/যাচাই সংক্রান্ত যাবতীয় কার্যাবলীর ব্যবস্থাপনার দায়িত্ব পালন করে থাকে। প্রকল্প অনুমোদনের পর পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (IMED) প্রকল্পের পরিবীক্ষণ ও মূল্যায়নের মূল দায়িত্ব পালন করে। এছাড়া বাস্তবায়নকারী সংস্থা এবং উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ প্রকল্প মূল্যায়ন/যাচাই এর সকল পর্যায়ে সংশ্লিষ্ট থাকে।

চিত্র ১৫- এ প্রকল্প ব্যবস্থাপনা ও মূল্যায়নের ধারাবাহিকতা এবং উহার প্রতিটি স্তরের গুরুত্বপূর্ণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে দেখানো হয়েছে।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| জীবনচক্রের ভিত্তিতে প্রকল্প ব্যবস্থাপনার ধারাবাহিকতা [১] | চিহ্নিতকরণ ➔ | প্রণয়ন ➔ | বাস্তবায়ন (সংশোধন/ সমন্বয় সাধন) ➔ | সমাপ্তি ➔ | ➔ পরিচালন ও রক্ষণাবেক্ষণ |
| প্রকল্প মূল্যায়নের ধারাবাহিকতা | প্রাক-বাছাই | যাচাই/মূল্যায়ন | মধ্যবর্তী পর্যালোচনা [২] | প্রান্তিক মূল্যায়ন | প্রভাব/ফলাফল মূল্যায়ন |
| প্রকল্প মূল্যায়নে জড়িত প্রতিষ্ঠানসমূহ | মন্ত্রণালয়/বিভাগ পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশন | মন্ত্রণালয়/বিভাগ পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশন | মন্ত্রণালয়/বিভাগ | মন্ত্রণালয়/বিভাগ | মন্ত্রণালয়/বিভাগ |

নোট (১)- প্রকল্প ব্যবস্থাপনার ধারাবাহিকতার প্রতিটি স্তর উপ-অধ্যায় ১-২-৩ এ ব্যাখ্যা করা হয়েছে।
নোট (২)- শুধু উন্নয়ন সহযোগী সংস্থা জড়িত প্রকল্পে মধ্যবর্তী পর্যালোচনা (Mid-term review) করা হয়ে থাকে।

**চিত্র ১৫ জীবনচক্রের ভিত্তিতে প্রকল্প মূল্যায়নের ধারাবাহিকতার স্তরসমূহের সম্পর্ক এবং স্ব স্ব স্তরের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ**

প্রতিটি স্তরে কী কী কার্য সম্পাদন করা হয় তা সংক্ষেপে নিম্নে ব্যাখ্যা করা হলো:

১) প্রাক-বাছাই (Pre-Screening): সংস্থা অভ্যন্তরীণভাবে প্রস্তাবিত প্রকল্পের ধারণা নিয়ে আলোচনা করে এবং সেক্টর কৌশলের সাথে আলোচ্য প্রকল্পের সামাঞ্জস্যতা বিবেচনা করে।

২) যাচাই/মূল্যায়ন (Appraisal): সংশ্লিষ্ট সংস্থা উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়ন করে তা উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করে। প্রকল্প প্রণয়নের প্রাক্কালে প্রয়োজন অনুযায়ী সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করা হয়। **মন্ত্রণালয়/বিভাগ প্রকল্প যাচাই সম্পন্ন করে তা যাচাই প্রতিবেদনসহ পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণ করে। পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন যাচাই প্রতিবেদনের ফলাফল পর্যালোচনাপূর্বক সেক্টরভিত্তিক মূল্যায়ন সম্পন্ন করে।** অতঃপর প্রকল্প ব্যয়ের উপর ভিত্তি করে চূড়ান্ত অনুমোদনের জন্য তা একনেক বা মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রীর নিকট উপস্থাপন করা হয়।

৩) মধ্যবর্তী পর্যালোচনা (Mid-Term Review): আইএমইডি প্রণীত ফরমেট ও নির্দেশনা অনুযায়ী বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নিয়মিতভাবে প্রকল্পের অগ্রগতি পরিবীক্ষণ করা হয়। বাস্তবায়নকারী সংস্থা প্রণীত প্রকল্প ওয়ারী মাসিক প্রতিবেদনের ভিত্তিতে বার্ষিক উন্নয়ন কর্মসূচিভূক্ত সকল প্রকল্প পর্যালোচনার জন্য মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে মাসিক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বাস্তবায়নকারী সংস্থা, মন্ত্রণালয়/বিভাগ এর মাধ্যমে প্রকল্প-ওয়ারী ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন আইএমইডি'তে প্রেরণ করে। এসকল বিষয়াদি পর্যালোচনাকালে কিছু সংখ্যক প্রকল্প সংশোধনের জন্য সুপারিশ করা হয়। বাস্তবায়নকারী সংস্থা এ সকল প্রকল্পের জন্য সংশোধিত প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে। উপরিউক্ত মূল্যায়ন/যাচাই স্তরে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে তা ক্ষেত্র বিশেষে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ এর দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী বা পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয়

মন্ত্রী/প্রতিমন্ত্রী বা একনেক এর অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। বর্তমানে শুধুমাত্র উন্নয়ন সহযোগীদের দ্বারা অর্থায়নকৃত প্রকল্পসমূহের ক্ষেত্রে ডিপিপি'তে সংস্থান সাপেক্ষে মধ্যবর্তী মূল্যায়ন সম্পাদন করা হয়।

৪) প্রান্তিক মূল্যায়ন (Terminal Evaluation): প্রকল্প সমাপ্তির এক মাসের মধ্যে সংস্থা আইএমইডি এর নিকট প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) পেশ করে। প্রকল্পটি পরিকল্পনা অনুযায়ী সমাপ্ত হয়েছে কিনা তা যাচাইপূর্বক আইএমইডি একটি প্রান্তিক মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করে। এক্ষেত্রে, প্রকল্প সমাপ্তিকালে উহার কার্যকারিতা ও দক্ষতার উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়।

৫) প্রকল্প সমাপ্ত পরবর্তী (Ex-Post) মূল্যায়ন/প্রভাব মূল্যায়ন (Impact Evaluation): প্রধানত: প্রকল্পের প্রভাব মূল্যায়নের জন্য আইএমইডি প্রকল্প সমাপ্তির দুই/তিন বছর পর কিছু সংখ্যক বাছাইকৃত প্রকল্পের প্রভাব মূল্যায়ন করে থাকে।


**এই ম্যানুয়ালটিতে ব্যবহৃত শর্তাবলীর সংজ্ঞা (বিশ্বব্যাংক এর পিআইএম প্রকল্প থেকে উদ্ধৃত)**

নিচের সংজ্ঞাসমূহ এই ম্যানুয়ালটিতে ব্যবহার করা হয়েছে,

- **প্রকল্প চিহ্নিতকরণ (Project Identification):** নতুন প্রকল্প প্রণয়নের জন্য জাতীয় এবং সেক্টর এর সামগ্রিক লক্ষ্য ও চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ হয় এমন কোন কার্যক্রম চিহ্নিত করা।
- **প্রকল্প পরিকল্পনা/নকশা (Project Plan/Design):** প্রকল্প তথা উহার মূল কার্যক্রম চিহ্নিত করার পর উহা বাস্তবায়নের একটি প্রাথমিক পরিকল্পনা/নকশা প্রণয়ন করা, যথা প্রকল্পের ধারণাপত্র।
- **প্রকল্প প্রণয়ন (Project Formulation):** প্রকল্প পরিকল্পনাকে বিস্তৃত করে সার্বিক ব্যবস্থাপনা ও সমন্বয় উপযোগীকরণ, বিস্তারিত ব্যয় প্রাক্কলন, ভৌত ও অর্থায়ন পরিকল্পনা, সামগ্রিক ক্রয় পরিকল্পনা, ব্যয়-আয় বিশ্লেষণ, ঝুঁকি ব্যবস্থাপনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং হিসাব নিরীক্ষার ব্যবস্থা ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে একটি বিস্তারিত প্রকল্প প্রস্তাব প্রণয়ন করা। বাংলাদেশের প্রেক্ষিতে ডিপিপি প্রণয়ন পদ্ধতি ও কার্যক্রম এই সংজ্ঞার সাথে সামঞ্জস্যপূর্ণ।
- **প্রকল্প যাচাই/মূল্যায়ন (Project Appraisal):** উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের **পূর্বে** প্রকল্প প্রস্তাব এর মূল্য বিচার এর জন্য গৃহীত কার্যক্রম। কোন কোন সময় একে প্রাক-মূল্যায়নও বলা হয়। এই ম্যানুয়ালে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প প্রস্তাব যাচাই এবং পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন পর্যায়ে সেক্টরভিত্তিক মূল্যায়নকে সমন্বিতভাবে প্রকল্প প্রস্তাব যাচাই/মূল্যায়ন হিসেবে অভিহিত করা হয়েছে।
- **প্রকল্প প্রস্তাব যাচাই (Project Assessment):** মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে পরিচালিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব এর সার্বিক প্রাসঙ্গিকতা, সম্ভাব্যতা, সম্ভাব্য প্রভাব এবং স্থায়িত্বশীলতা যাচাই কার্যক্রম।
- **প্রকল্প প্রস্তাব এর সেক্টর ভিত্তিক মূল্যায়ন (Sector Appraisal):** মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রণীত প্রকল্প যাচাই প্রতিবেদন পর্যালোচনাসহ সেক্টরের সামগ্রিক অগ্রাধিকার এর আলোকে উন্নয়ন প্রকল্প প্রস্তাবের যৌক্তিকতা নিরূপণ।
- **প্রকল্প অনুমোদন (Project Approval):** পরিকল্পনা কমিশন এর সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনের প্রকল্প মূল্যায়ন কমিটির সুপারিশ বিবেচনাপূর্বক অনুর্দ্ধ ৫০ কোটি টাকা পর্যন্ত ব্যয় সম্বলিত প্রকল্প প্রস্তাব মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করেন এবং ৫০ কোটি টাকার উর্দ্ধে ব্যয় সম্বলিত প্রকল্প প্রস্তাব একনেক অনুমোদন করে।
- **প্রকল্প মূল্যায়ন (Project Evaluation):** উন্নয়ন প্রকল্প প্রণয়ন এবং উহার বাস্তবায়ন পর্যায়ের উপর ভিত্তি করে প্রাক-বাছাই, প্রকল্প প্রস্তাব যাচাই/মূল্যায়ন, মধ্যমেয়াদি প্রকল্প পর্যালোচনা, প্রকল্পের প্রান্তিক মূল্যায়ন কিংবা প্রকল্পের বাস্তবায়ন উত্তর প্রভাব মূল্যায়নকে সাধারণভাবে 'প্রকল্প মূল্যায়ন' হিসেবে উল্লেখ করা হয়েছে।
- **পরিবীক্ষণ ও মূল্যায়ন (Monitoring and Evaluation):** প্রকল্পের বাস্তবায়ন পরিবীক্ষণ এবং প্রকল্প বাস্তবায়নকালীন, প্রকল্পের সমাপ্তির অব্যবহিত পরে অথবা সমাপ্তির বেশ কিছু সময় পরে প্রকল্পের মূল্য যাচাই করার লক্ষ্যে মূল্যায়ন করা হয়।

### ১-৪-২ প্রকল্প যাচাই/মূল্যায়নের ধারাবাহিকতা

“সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা” সংক্রান্ত পরিপত্রে সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন সংক্রান্ত পরিকল্পনা, যাচাই/মূল্যায়ন, অনুমোদন ও সংশোধনের সার্বিক পদ্ধতি বর্ণনা করা হয়েছে। প্রকল্প ব্যবস্থাপনা ও মূল্যায়নের সার্বিক ধারাবাহিকতার অন্তর্ভূক্ত প্রতিটি স্তরের প্রধান কাজ চিত্র ১৬- এ দেখানো হয়েছে।




নোট (১)- প্রকল্প ব্যবস্থাপনার ধারাবাহিকতার প্রতিটি স্তর উপ-অধ্যায় ১-২-৩ এ ব্যাখ্যা করা হয়েছে।
নোট (২)- বর্তমানে ৫০ কোটি টাকার উর্ধ্বে ব্যয় সংবলিত প্রকল্পসমূহ একনেক (ECNEC) কর্তৃক অনুমোদিত হয়। পক্ষান্তরে, ৫০ কোটি টাকা পর্যন্ত ব্যয় সংবলিত প্রকল্পসমূহ পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

**চিত্র ১৬ বাংলাদেশের উন্নয়ন প্রকল্প প্রস্তাব প্রক্রিয়াকরণ সংক্রান্ত যাবতীয় পদ্ধতি**

প্রতিটি ধাপে সম্পাদিত কার্যাবলীর সংক্ষিপ্ত বর্ণনা নিম্নে দেয়া হলো:

- **ধাপ ১. প্রকল্প নকশা/কাঠামো (Project Design):** বাস্তবায়নকারী সংস্থা উন্নয়ন প্রকল্প চিহ্নিত ও উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়ন করে। সংস্থা প্রকল্প প্রণয়নের জন্য প্রয়োজনীয় সব প্রস্তুতিমূলক কাজ যেমন ব্যয়-আয় বিশ্লেষণ, সামাজিক বিশ্লেষণ, ঝুঁকি বিশ্লেষণ ও পরিবেশগত প্রভাব যাচাইসহ ডিপিপি প্রণয়নের চাহিদা মাফিক অন্যান্য সকল কার্য/বিশ্লেষণ সম্পন্ন করে থাকে। অভ্যন্তরীণ পরীক্ষা সম্পন্ন করার পর সংস্থা উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের বিবেচনার জন্য ডিপিপি পেশ করে।
- **ধাপ ২. প্রকল্প যাচাই (Project Assessment):** মন্ত্রণালয়/বিভাগের প্রকল্প যাচাই কমিটি ডিপিপি’র মূল্য/গ্রহণযোগ্যতা ও মান যাচাই করে। **মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখা ‘গ্রিনবুকে’ যাচাই পয়েন্টসমূহের আলোকে ডিপিপি পরীক্ষা করে।** পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখা এমনভাবে আলোচনার বিষয়বস্তু ও মতামত সুনির্দিষ্ট করে প্রকল্প যাচাই কমিটির সভায় উপস্থাপন করে যাতে নিশ্চিত হওয়া যায় যে মূল্য ও মানের দিক থেকে প্রকল্পটি বাস্তবায়নের যোগ্য। প্রকল্প যাচাই কমিটি প্রয়োজনে ডিপিপি’র অধিকতর উৎকর্ষ সাধনের জন্য সংস্থাকে পরামর্শ প্রদান করে। যাচাই কমিটির পরামর্শ অনুযায়ী ডিপিপি পূণর্গঠনের পর মন্ত্রণালয়/বিভাগ প্রকল্প যাচাই প্রতিবেদনসহ তা পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন এর বিবেচনার জন্য পেশ করে।
- **ধাপ ৩. প্রকল্প যাচাই প্রতিবেদনের ফলাফল পর্যালোচনা ও সেক্টর ভিত্তিক মূল্যায়ন (Review of Project Assessment Report and Sector Appraisal):** পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন এর প্রকল্প মূল্যায়ন কমিটি (PEC) মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রণীত প্রকল্প যাচাই প্রতিবেদন পর্যালোচনাসহ সেক্টরের সার্বিক অগ্রাধিকার এর আলোকে ডিপিপি মূল্যায়ন করে থাকে। পিইসি প্রয়োজনে মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থাকে ডিপিপি’র উৎকর্ষ সাধনের জন্য পরামর্শ দিয়ে থাকে। পিইসি সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি’র পুনর্গঠনের পর সেক্টর ডিভিশন পিইসি’র সুপারিশসহ তা প্রকল্পের প্রাক্কলিত ব্যয় অনুযায়ী মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী বা একনেক এর বিবেচনা ও অনুমোদনের জন্য উপস্থাপন করে।
- **ধাপ ৪. প্রকল্প অনুমোদন (Project Approval):** পিইসি সভার সুপারিশ বিবেচনাপূর্বক মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুর্ধ্ব ৫০ কোটি টাকা পর্যন্ত এবং একনেক ৫০ কোটি টাকার উর্ধ্বে ব্যয় সম্বলিত প্রকল্প অনুমোদন করে থাকে।

উপরে বর্ণিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়ন, প্রক্রিয়াকরণ ও অনুমোদনের সময়কাঠামো সারণি ৭- এ দেখানো হয়েছে।

**সারণি ৭ উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রক্রিয়করণের সময় কাঠামো**

| পর্যায় | প্রাতিষ্ঠানিক কাঠামো | গ্রিনবুকে প্রদত্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাব প্রক্রিয়াকরণের সময় কাঠামো (৫০ কোটি টাকার উর্দ্ধে ব্যয় সম্বলিত প্রকল্পের জন্য) |
|---|---|---|
| ১ | সংস্থা | ধাপ ০.০: ডিপিপি খসড়া প্রস্তুতের কোন নির্দিষ্ট সময়সীমা নেই। |
| ২ | মন্ত্রণালয়/বিভাগ (প্রকল্প যাচাই কমিটি: PSC) | প্রকল্প যাচাই কমিটি সভার পূর্বে<br>ধাপ ১.১ ক: ডিপিপি যাচাইয়ের কোন নির্দিষ্ট সময়সীমা নেই।<br>ধাপ ১.১ খ: প্রকল্প যাচাই কমিটির সভা আহ্বানের জন্য কোন নির্দিষ্ট সময়সীমা নেই।<br>প্রকল্প যাচাই কমিটি সভার পরে<br>ধাপ ১.২.: ০৭ কর্মদিবসের মধ্যে প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণী জারি<br>ধাপ ১.৩: ডিপিপি পুনর্গঠনের কোন নির্দিষ্ট সময়সীমা নেই।<br>ধাপ ২.১: ১৫ কর্মদিবসের মধ্যে জনবল যাচাই [১]<br>ধাপ ২.২: ১০ কর্মদিবসের মধ্যে ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ (অনুচ্ছেদ ২.৪) |
| ৩ | পরিকল্পনা কমিশন (প্রকল্প মূল্যায়ন কমিটি: PEC) | পিইসি সভার পূর্বে<br>ধাপ ৩.১: ২০ কর্মদিবসের মধ্যে মূল্যায়ন (অনুচ্ছেদ ৩.১.৬)<br>ধাপ ৩.২ ক: [যদি ডিপিপি সংস্থায় ফেরত যায়] ১৫ কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ডিপিপি পুনর্গঠন (অনুচ্ছেদ ৩.১.৭)<br>ধাপ ৩.২ খ: [যদি ডিপিপি সংস্থায় ফেরত না যায়] ১০ কর্মদিবসের মধ্যে সংশোধন/পরিমার্জনের বিষয়ে সুনির্দিষ্ট মতামত PEC সভায় উপস্থাপন (অনুচ্ছেদ ৩.১.৮)<br>ধাপ ৩.৩: পিইসি প্রস্তুতির কোন নির্দিষ্ট সময়সীমা নেই<br>ধাপ ৩.৪: ৫ কর্মদিবস আগে পিইসি সভা আহ্বানের জন্য নোটিশ জারি (অনুচ্ছেদ ৩.১.৯)<br><br>পিইসি সভার পরে<br>ধাপ ৪.০: সভা অনুষ্ঠানের ০৭ কর্মদিবসের মধ্যে পিইসি সভার কার্যবিবরণী জারি (অনুচ্ছেদ ৩.১.৯)<br>ধাপ ৫.০: ১৫ কর্মদিবসের মধ্যে ব্যয় যুক্তিযুক্তকরণ কমিটির (CRC) মাধ্যমে ব্যয় যুক্তিযুক্তকরণ (বিশেষ ক্ষেত্রে) (অনুচ্ছেদ ৩.১.১০)<br>ধাপ ৬.০: ২০ কর্মদিবসের মধ্যে ডিপিপি পুনর্গঠন (অনুচ্ছেদ ৩.১.১০)<br>ধাপ ৭.০: পিইসি সভার কার্যবিবরণী জারির পরে যদি ডিপিপি পুনর্গঠনের প্রয়োজন না থাকে তবে একনেকে উপস্থাপনের প্রস্তুতির জন্য কোন নির্দিষ্ট সময়সীমা নাই। |
| ৪ | জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (ECNEC) | একনেক সভার পূর্বে<br>ধাপ ৮.১: ০৭ কর্মদিবসের মধ্যে একনেক সভার জন্য কার্যপত্র প্রস্তুত।<br><br>একনেক সভার পূর্বে<br>ধাপ ৮.২ ক: একনেক সভার পরে সভার কার্যবিবরণি জারির কোন নির্দিষ্ট সময়সীমা নাই।<br>ধাপ ৮.৩ ক: একনেক সভার অনুমোদিত কার্যবিবরণী পাওয়ার ০৩ কর্মদিবসের মধ্যে পরিকল্পনা বিভাগের ও এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ থেকে মন্ত্রণালয় বরাবর অনুমোদন পত্র জারি। (অনুচ্ছেদ ১৬.১.১)<br>ধাপ ৯.০: ০৫ কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয় থেকে সংস্থা বরাবর প্রশাসনিক আদেশ জারি। (অনুচ্ছেদ ১৬.১.২)<br>ধাপ ১০: (শর্তাধীন অনুমোদনের ক্ষেত্রে) ১৪ কর্মদিবসের মধ্যে ডিপিপি পুনর্গঠন (অনুচ্ছেদ ১৬.২.১), পরিকল্পনা কমিশনের সেক্টর/বিভাগের মাধ্যমে ০৭ কর্মদিবসের মধ্যে পুনর্গঠিত ডিপিপি যাচাই, মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী (প্রযোজ্য ক্ষেত্রে) থেকে অনুমোদন প্রাপ্তির পরে এবং এনইসি/একনেক ও সমন্বয় শাখার নিকট উপস্থাপন, এনইসি/একনেক এবং সমন্বয় অনুবিভাগ থেকে ০৩ কর্মদিবসের মধ্যে অনুমোদন পত্র জারি। (অনুচ্ছেদ ১৬.২.২) |

সূত্র: গ্রিনবুক, ২০২২

নোট ১ – গ্রিনবুক, ২০২২ এবং মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র।

প্রাসঙ্গিক তথ্যসূত্র হিসেবে বাংলাদেশের সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার পরিবীক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির বিবরণ/ব্যাখ্যা বক্স ৫- এ প্রদান করা হলো।

### বক্স ৫ বাংলাদেশের সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার (PIM) পরিবীক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি

বাংলাদেশের সারকারি বিনিয়োগ ব্যবস্থাপনায় পরিবীক্ষণ ও মূল্যায়নের দায়িত্ব বেশ কয়েকটি প্রতিষ্ঠানের উপর অর্পিত রয়েছে। পরিকল্পনা কমিশন, পকিল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন বিভাগসমূহ, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং বাস্তবায়নকারী সংস্থাসমূহ মূলত এ দায়িত্ব পালন করে থাকে।

বাংলাদেশের পরিবীক্ষণ ও মূল্যায়ন কাঠামোকে নিম্নের চিত্রে দেখানো হলো।

| **স্তর (জীবনচক্র)** | **প্রণীত প্রধান দলিলাদি** | **পরিবীক্ষণ ও মূল্যায়নের সাথে সংশ্লিষ্ট প্রধান প্রতিষ্ঠানসমূহ** |
|---|---|---|
| নীতি/ পরিকল্পনা (৫-২০ বৎসর) | প্রেক্ষিত পরিকল্পনা (PP)<br>পঞ্চবার্ষিক পরিকল্পনা (FYP) | - সাধারণ অর্থনীতি বিভাগ<br>- পরিসংখ্যান ও তথ্য ব্যাবস্থাপনা বিভাগ |
| কর্মসূচি (১ বৎসর) | বার্ষিক/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP/RADP) | - কার্যক্রম বিভাগ<br>- অর্থ বিভাগ (FD)<br>- অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ERD)<br>- বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (IMED) |
| প্রকল্প (চলমান) | - উন্নয়ন প্রকল্প প্রস্তাব (DPP) | - বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (IMED)<br>- মন্ত্রণালয়/বিভাগ এবং বাস্তবায়নকারী সংস্থায় অবস্থিত পরিবীক্ষণ উইং/শাখা/ইউনিট |

**উন্নয়ন খাতভুক্ত পরিবীক্ষণ ও মূল্যায়ন কাঠামো এবং সংশ্লিষ্ট প্রধান প্রতিষ্ঠানসমূহের মূল কার্যাবলী:**

| প্রতিষ্ঠানসমূহের নাম | কার্যাবলী |
|---|---|
| **সাধারণ অর্থনীতি বিভাগ (GED)** | দীর্ঘ ও মধ্যমেয়াদি পরিকল্পনা এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা পরিবীক্ষণ করা। |
| **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (SID)** | সামষ্টিক পরিবীক্ষণ ও মূল্যায়ন তথ্যাদির পরিবীক্ষণ এবং জনশুমারিসহ অন্যান্য শুমারি পরিচালনা করা। |
| **কার্যক্রম বিভাগ (Programming Division)** | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) বাস্তবায়ন এবং সার্বিক ব্যবস্থাপনা তত্ত্বাবধান করা। |
| **অর্থ বিভাগ (Finance Division)** | মন্ত্রণালয়/বিভাগ এর বাজেট ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ করা। |
| **অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ERD)** | উন্নয়ন সহযোগীদের সংস্থাসমূহ দ্বারা অর্থায়িত প্রকল্পসমূহের বৈদেশিক অর্থের যথাযথ ব্যবহার পরিবীক্ষণ করা। |
| **বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (IMED)** | বার্ষিক/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভূক্ত প্রকল্পগুলোর মাসিক ভিত্তিতে অগ্রগতি পরিবীক্ষণ, সমাপ্তিকালীন প্রান্তিক মূল্যায়ন, এবং সীমিত আকারে মধ্যবর্তী ও প্রভাব মূল্যায়ন করা। |
| **মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থার পরিকল্পনা/পরিবীক্ষণ উইং/শাখা/ইউনিট** | মাসিক, ত্রৈমাসিক ও বাৎসরিক ভিত্তিতে প্রকল্পের বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করে মন্ত্রণালয়/বিভাগ ও আইএমইডি'তে প্রতিবেদন পেশ করা এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশন ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে অবহিত রাখা। |

### ১-৪-৩ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই এর বিষয়সমূহ

গ্রিনবুক, ২০২২ এ উল্লিখিত বিভিন্ন বিষয়ের উপর ভিত্তি করে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই করার নির্দেশনা দেওয়া হয়েছে। গ্রিনবুক এর সংশ্লিষ্ট কয়েকটি অনুচ্ছেদ নিচের বক্সে প্রদান করা হলো।

১.১ বাস্তবায়নকারী সংস্থা কিংবা উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্প চিহ্নিতকরণ ও প্রণয়নের সময় নিম্নবর্ণিত **বিষয়সমূহ বিশেষভাবে বিবেচনায়** নিতে হবে:

[এখানে গ্রিনবুক, ২০২২ এর ১.১.১ হতে ১.১.১৬ পর্যন্ত উপ-অনুচ্ছেদে উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) যাচাইকালে বিশেষভাবে বিবেচ্য বিষয়ে নির্দেশনা দেয়া হয়েছে, যার পূর্ণ বিবরণ সারণি ৮ এ দেয়া হয়েছে।]

২.২ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রাপ্তির পর উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ প্রকল্পের বিস্তারিত যাচাই/পরীক্ষা/এপ্রেইজাল সম্পন্ন করবে। প্রকল্প দলিলে সন্নিবেশিত তথ্য উপাত্তের বস্তুনিষ্ঠতা, প্রকল্প এলাকা, দ্বৈততা, যথার্থতা, টেকসইকরণ ইত্যাদি বিষয় যাচাই/এপ্রেইজালের জন্য প্রয়োজনে সরেজমিনে প্রকল্প এলাকা পরিদর্শন করে বাস্তব অবস্থা সম্পর্কে ধারণা লাভ করার ব্যবস্থা করতে হবে। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক যাচাই/পরীক্ষা/এপ্রেইজালের সময় **অনুচ্ছেদ ১ ও ২১-এ উল্লিখিত বিষয়সমূহ** ছাড়াও **৩.১ নং অনুচ্ছেদে বিষয়সমূহ (প্রযোজ্য বিষয়)** বিবেচনায় নিতে হবে।

(সূত্র: গ্রিনবুক, ২০২২)

গ্রিনবুকে অনুচ্ছেদ ১.১ এর উপ-অনুচ্ছেদে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই সংক্রান্ত বিষয়সমূহের তালিকা সারণি ৮- এ প্রতিফলিত করা হলো।

**সারণি ৮ গ্রিনবুকে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই সংক্রান্ত বিষয়সমূহের তালিকা**

| ক্রমিক | অনুচ্ছেদ | বর্ণনা |
|---|---|---|
| | ১.১ | বাস্তবায়নকারী সংস্থা কিংবা উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্প চিহ্নিতকরণ ও প্রণয়নের সময় নিম্নবর্ণিত বিষয়সমূহ বিশেষভাবে বিবেচনায় নিতে হবে: |
| ১ | ১.১.১ | অ্যালোকেশন অব বিজনেস-এর সাথে সঙ্গতি: প্রকল্প প্রস্তাব প্রণয়নের সময় সরকারের অ্যালোকেশন অব বিজনেস অবশ্যই বিবেচনায় নিতে হবে। অ্যালোকেশন অব বিজনেস অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ নিজস্ব অধিক্ষেত্রের মধ্যে থেকে প্রকল্প গ্রহণ করবে। একাধিক মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে প্রকল্প প্রস্তাব করা হলে উপযুক্ত মন্ত্রণালয়/বিভাগকে মুখ্য (Lead) মন্ত্রণালয়/বিভাগ হিসেবে নির্ধারণ করতে হবে। তবে সাধারণভাবে একাধিক মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে গুচ্ছ/আমব্রেলা প্রকল্প গ্রহণ পরিহার করতে হবে এবং সেক্ষেত্রে প্রকল্পের কার্যক্রমের সাথে অন্য কোন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সংশ্লিষ্টতা থাকলে তাদের মতামত গ্রহণ করতে হবে। |
| ২ | ১.১.২ | সম্ভাব্যতা সমীক্ষা: ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয়ের সকল বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ, নিরপেক্ষ ও পেশাদারি প্রতিষ্ঠান/ব্যক্তি পরামর্শক কর্তৃক আবশ্যিকভাবে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করতে হবে এবং নির্ধারিত ছকে (সংযোজনী-ক/খ) সম্ভাব্যতা সমীক্ষার প্রতিবেদন প্রণয়ন করতে হবে। প্রতিবেদনের সুপারিশ ও গুরুত্বপূর্ণ অংশ (নির্বাহী সার-সংক্ষেপ, ব্যয় প্রাক্কলন, ডিজাইন/কনসেপচুয়াল ডিজাইন ইত্যাদি) প্রকল্প প্রস্তাবের (ডিপিপি) সাথে সংযুক্ত করতে হবে। এছাড়া, প্রকল্পের গুরুত্ব/প্রকৃতি বিবেচনায় ৫০(পঞ্চাশ) কোটি টাকা পর্যন্ত প্রাক্কলিত ব্যয়ের বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বেও সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করতে হবে। |
| ৩ | ১.১.৩ | অংশীজনের মতামত গ্রহণ: উন্নয়ন প্রকল্প প্রণয়নের সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রয়োজনে মাঠ প্রশাসন/মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাসহ অংশীজনের মতামত গ্রহণ করতে হবে। |
| ৪ | ১.১.৪ | প্রকল্পের উদ্দেশ্য: প্রকল্পের উদ্দেশ্য সুনির্দিষ্ট (Specific), পরিমাপযোগ্য (Measurable), অর্জনযোগ্য (Achievable), প্রাসঙ্গিক (Relevant) ও সময়াবদ্ধ (Time-bound) হতে হবে। প্রকল্পের শিরোনাম ও উদ্দেশ্যের সাথে সঙ্গতিপূর্ণ নয় এরূপ কোন কার্যক্রম অন্তর্ভুক্ত করা যাবে না। |
| | ১.১.৫ | দীর্ঘমেয়াদি, মধ্যমেয়াদি ও স্বল্পমেয়াদি উন্নয়ন পরিকল্পনা, নীতি ও কৌশলের সাথে সঙ্গতি: |
| ৫ | | (ক) বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১ এবং পঞ্চবার্ষিক পরিকল্পনার উদ্দেশ্য, কৌশল ও লক্ষ্যমাত্রা বিবেচনা |
| ৬ | | (খ) জাতীয় টেকসই উন্নয়ন অভীষ্ট কৌশল, জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসহ (এসডিজি) বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা কর্তৃক গৃহীত উন্নয়ন লক্ষ্যমাত্রা ইত্যাদি বিবেচনা |
| ৭ | | (গ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নীতি ও কৌশল বাস্তবায়নে অগ্রাধিকার এবং |
| ৮ | | (ঘ) সরকারের অগ্রাধিকার ও দেশের সার্বিক অর্থনৈতিক অবস্থা বিবেচনায় প্রকল্প গ্রহণের যৌক্তিকতা থাকতে হবে। |
| | ১.১.৬ | সম্পদ প্রাপ্তি বিবেচনা: |
| ৯ | | (ক) মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (এমটিবিএফ) আওতায় প্রাপ্য সম্পদসীমার মধ্যে সীমিত থেকে যৌক্তিক ব্যয়ভিত্তিক প্রকল্প প্রণয়ন এবং নির্ধারিত ছকে এমটিবিএফ সংক্রান্ত তথ্য ও প্রত্যয়নসহ যথার্থতা যাচাই করা |
| ১০ | | (খ) অর্থায়নের নিশ্চয়তা ব্যতীত প্রকল্প গ্রহণ না করা এবং |
| ১১ | | (গ) একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প পৃথকভাবে গ্রহণ না করে সমন্বিত আকারে একটি প্রকল্প গ্রহণ করতে হবে। |
| | ১.১.৭ | সমজাতীয় প্রকল্পের ফলাফল বিবেচনা ও দ্বৈততা পরিহার: |
| ১২ | | (ক) প্রস্তাবিত প্রকল্পের সমজাতীয় কোন প্রকল্প ইতঃপূর্বে বাস্তবায়িত হয়ে থাকলে তার ফলাফল ও অভিজ্ঞতা এবং বর্তমানে বাস্তবায়নাধীন প্রকল্পের অভিজ্ঞতা পর্যালোচনা করে প্রস্তাবিত প্রকল্পের সম্ভাব্য ঝুঁকি উত্তরণের পরিকল্পনা/কৌশল নির্ধারণ |
| ১৩ | | (খ) পর্যায়ভিত্তিক প্রকল্প গ্রহণের ক্ষেত্রে বাস্তবায়িত প্রকল্পের ফলাফল ও সুপারিশ, আইএমইডি'র সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদনে বর্ণিত সুপারিশ এবং পরবর্তী পর্যায়ে প্রস্তাবিত প্রকল্পের সম্ভাব্য ফলাফলের তুলনামূলক চিত্র প্রদান এবং |
| ১৪ | | (গ) এডিপি বহির্ভূত উন্নয়ন কর্মসূচি, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (সিসিটিএফ) কিংবা অন্য কোন তহবিলের অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচি এবং পরিচালন বাজেটের আওতায় বাস্তবায়নাধীন কার্যক্রমের সাথে প্রস্তাবিত প্রকল্পের কার্যক্রমের দ্বৈততা পরিহার নিশ্চিতকরণ। |
| | ১.১.৮ | প্রকল্পের ব্যয় প্রাক্কলন এবং ব্যয় প্রাক্কলনের ভিত্তি ও যথার্থতা: |
| ১৫ | ১.১.৮.১ | জনসংখ্যা, জেলা/উপজেলার ভৌগলিক অবস্থান, দুর্গম অঞ্চল ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ অর্থ বিভাগের সম্মতিক্রমে জোনভিত্তিক ভৌত নির্মাণের ইউনিট ব্যয় (রেট সিডিউল) নির্ধারণ |

| ক্রমিক | অনুচ্ছেদ | বর্ণনা |
|---|---|---|
| | | করবে। উক্ত রেট সিডিউল অনুসরণ করে সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্পের ব্যয় প্রাক্কলন করতে হবে। এছাড়া নন-সিডিউলড আইটেমের (মেডিকেল, আইসিটি ও অন্যান্য বিশেষ ধরণের যন্ত্রপাতি/সামগ্রী/সরঞ্জামাদি ইত্যাদি) ক্ষেত্রে বাজার দর বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ আইটেমভিত্তিক একক দর সংবলিত তালিকা প্রস্তুত করবে এবং সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উক্ত তালিকার ভিত্তিতে প্রকল্পের ব্যয় প্রাক্কলন করতে হবে। |
| ১৬ | ১.১.৮.২ | ক) প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় প্রাক্কলনের ভিত্তি/যথার্থতা উল্লেখসহ পরামর্শক, জনবল, সেমিনার, প্রশিক্ষণ ইত্যাদি খাতে ব্যয় বাস্তবভিত্তিককরণ |
| ১৭ | | (খ) প্রকল্পের আওতায় পরামর্শ সেবা ও যানবাহন ক্রয়ের যৌক্তিকতা |
| ১৮ | | (গ) একই সংস্থা কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন/যন্ত্রপাতির হালনাগাদ অবস্থা/অবস্থান |
| ১৯ | | (ঘ) প্রকল্প বাস্তবায়নকালে উদ্ভূত সম্ভাব্য ঝুঁকি (অর্থনৈতিক, কারিগরি, পরিবেশগত, জলবায়ু পরিবর্তনের প্রভাব, দুর্যোগ ইত্যাদি) চিহ্নিত করে তা থেকে উত্তরণের উপায় |
| ২০ | | (ঙ) যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে জমির বর্তমান বাজার দর সংক্রান্ত তথ্য, জমির উপর বিদ্যমান সম্পদ (অবকাঠামো, গাছপালা ইত্যাদি) এবং প্রকল্প অনুমোদনের পর জমি অধিগ্রহণ প্রক্রিয়া শুরুর সম্ভাব্য সময় ইত্যাদি বিবেচনায় নিয়ে জমি অধিগ্রহণ খাতে ব্যয় প্রাক্কলন |
| ২১ | | (চ) সম্ভাব্য ক্ষেত্রে Service Outsourcing এর মাধ্যমে ভৌত সেবা ক্রয়ের বিষয় বিবেচনা এবং |
| ২২ | | (ছ) বস্তুনিষ্ঠ আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ। |
| ২৩ | | মূল্যস্ফীতির জন্য প্রাইস কনটিনজেন্সি (Price Contingency) খাতে এবং বিশেষ প্রয়োজনে কোন অঙ্গে (অর্থনৈতিক কোড/সাবকোড অনুযায়ী) অতি সীমিত পরিমাণ অতিরিক্ত ভৌত কাজ সম্পাদনের জন্য ফিজিক্যাল কনটিনজেন্সি (Physical Contingency) খাতে অর্থের সংস্থান রাখা যেতে পারে। প্রাইস কনটিনজেন্সি খাতে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের সর্বোচ্চ ৮% এবং ফিজিক্যাল কনটিনজেন্সি খাতে কেবল ভৌত কাজের (Physical Items) জন্য প্রাক্কলিত ব্যয়ের সর্বোচ্চ ২% হারে সংস্থান রাখা যেতে পারে। |
| | ১.১.৯ | দারিদ্র্য নিরসন ও আঞ্চলিক বৈষম্য দূরীকরণ: |
| ২৪ | | (ক) দেশের আর্থ-সামাজিক অবস্থার পরিপ্রেক্ষিতে আঞ্চলিক বৈষম্য দূরীকরণে তুলনামূলক অনগ্রসর/অনুন্নত এলাকার জন্য প্রকল্প গ্রহণে অগ্রাধিকার প্রদান এবং প্রকল্প হতে উপকারভোগী জনগোষ্ঠীর সুনির্দিষ্ট তথ্য |
| ২৫ | | (খ) দারিদ্র্য বিমোচন সংক্রান্ত প্রকল্পের সিংহভাগ বরাদ্দ সরাসরি উপকারভোগীদের নিকট পৌঁছানোর ব্যবস্থা |
| ২৬ | | (গ) দেশের সকল অংশের সুষম উন্নয়ন নিশ্চিতকরণের উদ্দেশ্যে সকল বিভাগ ও জেলায় সুবিধা পৌঁছে দেয়ার নীতির ভিত্তিতে প্রকল্প এলাকা নির্বাচন এবং |
| ২৭ | | (ঘ) উপকারভোগীদের ডিজিটাল ডাটাবেজ তৈরি ও সংরক্ষণ। |
| | ১.১.১০ | প্রকল্পের ফলাফল টেকসইকরণ: |
| ২৮ | | (ক) উন্নয়ন কর্মসূচি/প্রকল্পের আওতায় সৃষ্ট প্রতিষ্ঠান/অবকাঠামো কর্মসূচি/প্রকল্প সমাপ্তির পর পরিচালনা ও রক্ষণাবেক্ষণের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা সন্নিবেশসহ এর প্রাতিষ্ঠানিকীকরণ ও টেকসই করার বিষয় (Exit Plan) |
| ২৯ | | (খ) উন্নয়ন কর্মসূচি/প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি/আসবাবপত্র/যানবাহন কর্মসূচি/প্রকল্প সমাপ্তির পর কিভাবে ব্যবহার করা হবে এ সম্পর্কিত বিস্তারিত রূপরেখা সুস্পষ্টভাবে প্রকল্প প্রস্তাবে উল্লেখকরণ। |
| ৩০ | ১.১.১১ | পরিবেশ ও জলবায়ু পরিবর্তনসহ অন্যান্য ক্ষেত্রের (Cross Cutting Issues) প্রভাব বিশ্লেষণ: পরিবেশ, জলবায়ু পরিবর্তনের প্রভাব, প্রতিবেশ (Ecology), প্রাকৃতিক দুর্যোগ, কর্মসংস্থান, পুষ্টি, মহিলা, শিশু, জেন্ডার ইস্যু, প্রতিবন্ধী, খাদ্য নিরাপত্তা, নিরাপদ খাদ্য, দারিদ্র্য হ্রাসের সংখ্যাতাত্ত্বিক পরিমাণ, প্রাতিষ্ঠানিকীকরণ, উৎপাদনশীলতা, ইতঃপূর্বে বাস্তবায়িত কিংবা বর্তমানে বাস্তবায়নাধীন প্রকল্প এবং বিদ্যমান অবকাঠামোর ওপর প্রস্তাবিত প্রকল্পের প্রভাব উল্লেখসহ কোন বিরূপ প্রভাব থাকলে তা প্রতিকারের উপায় সুনির্দিষ্টভাবে প্রকল্প দলিলে সন্নিবেশ করা। প্রকল্প প্রণয়নের সময় ডিজাস্টার এন্ড ক্লাইমেট রিস্ক ইনফরমেশন প্লাটফরম (ডিআরআইপি) ব্যবহার করে ডিজাস্টার ইমপ্যাক্ট এসেসমেন্ট (ডিআইএ) করতে হবে, যাতে প্রকল্প এলাকার দুর্যোগ ও জলবায়ু ঝুঁকি চিহ্নিতপূর্বক তা নিরসনের উপায় নির্ধারণ করা যায়। |
| ৩১ | ১.১.১২ | প্রকল্পের মেয়াদ: বিশেষ ক্ষেত্র ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ সাধারণভাবে অনূর্ধ্ব ৩(তিন) বছর হবে। |
| ৩২ | ১.১.১৩ | তথ্য/উপাত্তের উৎস: ডিপিপি'তে প্রদত্ত তথ্য/উপাত্তের উৎস উল্লেখ করতে হবে। |
| ৩৩ | ১.১.১৪ | প্রকল্পের জনবল: প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে এবং বাস্তবায়ন-উত্তর পর্যায়ে (Operational Phase) বাস্তবায়নকারী কর্তৃপক্ষের প্রাতিষ্ঠানিক সক্ষমতা (কারিগরি ও আর্থিক) সম্পর্কে তথ্য প্রদান করতে হবে। বিশেষ করে প্রকল্পের আউটপুট হিসেবে নির্মিত/স্থাপিত অবকাঠামো ও স্থাপনা পরিচালনার জন্য প্রয়োজনীয় অভিজ্ঞ ও দক্ষ জনবলের রূপরেখা সম্পর্কে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। উক্ত পদ/জনবলের ধরণ ও সংখ্যা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত জনবল নির্ধারণ কমিটির (অর্থ বিভাগের অতিরিক্ত সচিবের সভাপতিত্বে গঠিত কমিটি) সুপারিশ গ্রহণপূর্বক প্রকল্প প্রস্তাবে (ডিপিপি) যথাযথভাবে প্রতিফলন করতে হবে। তবে কোন প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে |

| ক্রমিক | অনুচ্ছেদ | বর্ণনা |
|---|---|---|
| | | সরাসরি/আউটসোর্সিং/প্রেষণে জনবল নিয়োগের সংশ্লেষ না থাকলে অর্থাৎ জনবলের বেতন-ভাতাদি খাতে প্রকল্প হতে কোন ব্যয় নির্বাহের সংশ্লেষ না থাকলে অর্থ বিভাগে গঠিত জনবল নির্ধারণ কমিটির সুপারিশ প্রয়োজন হবে না। |
| ৩৪ | ১.১.১৫ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় প্রস্তাবিত জাতীয় মহাসড়কের উভয় পার্শ্বে ধীরগতির যানবাহন চলাচলের জন্য সার্ভিস সড়ক নির্মাণসহ পথচারী চলাচলের ব্যবস্থা করতে হবে। বিগত একশত বছরের বন্যার সর্বোচ্চ উচ্চতা বিবেচনায় নিয়ে জাতীয় মহাসড়কসমূহ উঁচু করে নির্মাণ করতে হবে। এছাড়া, পর্যায়ক্রমে চার লেন বিশিষ্ট সকল মহাসড়কে এবং মহাসড়ক প্রশস্তকরণের সময় ব্যস্ততম এলাকা ও ইন্টারসেকশনে আন্ডারপাস/ওভারপাস কিংবা ইউলুপ নির্মাণ করতে হবে। |
| ৩৫ | ১.১.১৬ | মহাসড়ক, মহাসড়কে বিদ্যমান/নির্মিতব্য সেতু, এক্সপ্রেসওয়ে ও টানেল টেকসই করার লক্ষ্যে যানবাহনের এক্সেল লোড নিয়ন্ত্রণের জন্য ওজন পরিমাপক যন্ত্র (Weighing Machine) স্থাপনের সংস্থান রাখতে হবে। এছাড়া, গ্রামীণ সড়ক/সেতু দিয়ে যাতে ভারী যানবাহন চলাচল করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় নিয়ন্ত্রণ ব্যবস্থা রাখতে হবে। |

সূত্র: গ্রিনবুক, ২০২২।

উপরে উল্লিখিত পয়েন্টগুলোকে OECD-DAC-এ নির্ধারিত পাঁচটি সাধারণ মূল্যায়নের মানদণ্ডে পুনর্গঠিত করা যেতে পারে যা উপ-অধ্যায় ১-৩-৩ এ ব্যাখ্যা করা হয়েছে, যথা: প্রাসঙ্গিকতা, কার্যকারিতা, দক্ষতা, প্রভাব এবং স্থায়িত্বশীলতা, যেমনটি সারণি ৯-এ বর্ণিত হয়েছে। এই যাচাই পয়েন্টসমূহ MAF-এ ব্যবহার করা হয়েছে।

**সারণি ৯ পাঁচটি মূল্যায়ন মানদন্ডে শ্রেণিবিন্যাসকৃত প্রকল্প প্রস্তাব যাচাই এর বিষয়সমূহ**

| অনুচ্ছেদ | বর্ণনা |
|---|---|
| | **প্রাসঙ্গিকতা** |
| ১.১.১ | অ্যালোকেশন অব বিজনেস-এর সাথে সঙ্গতি: প্রকল্প প্রস্তাব প্রণয়নের সময় সরকারের অ্যালোকেশন অব বিজনেস অবশ্যই বিবেচনায় নিতে হবে। অ্যালোকেশন অব বিজনেস অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ নিজস্ব অধিক্ষেত্রের মধ্যে থেকে প্রকল্প গ্রহণ করবে। একাধিক মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে প্রকল্প প্রস্তাব করা হলে উপযুক্ত মন্ত্রণালয়/বিভাগকে মুখ্য (Lead) মন্ত্রণালয়/বিভাগ হিসেবে নির্ধারণ করতে হবে। তবে সাধারণভাবে একাধিক মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে গুচ্ছ/আমব্রেলা প্রকল্প গ্রহণ পরিহার করতে হবে এবং সেক্ষেত্রে প্রকল্পের কার্যক্রমের সাথে অন্য কোন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সংশ্লিষ্টতা থাকলে তাদের মতামত গ্রহণ করতে হবে। |
| ১.১.৫ | দীর্ঘমেয়াদি, মধ্যমেয়াদি ও স্বল্পমেয়াদি উন্নয়ন পরিকল্পনা, নীতি ও কৌশলের সাথে সঙ্গতি: |
| ১.১.৫ | (ক) বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১ এবং পঞ্চবার্ষিক পরিকল্পনার উদ্দেশ্য, কৌশল ও লক্ষ্যমাত্রা বিবেচনা |
| ১.১.৫ | (খ) জাতীয় টেকসই উন্নয়ন অভীষ্ট কৌশল, জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসহ (এসডিজি) বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা কর্তৃক গৃহীত উন্নয়ন লক্ষ্যমাত্রা ইত্যাদি বিবেচনা |
| ১.১.৫ | (গ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নীতি ও কৌশল বাস্তবায়নে অগ্রাধিকার এবং |
| ১.১.৫ | (ঘ) সরকারের অগ্রাধিকার ও দেশের সার্বিক অর্থনৈতিক অবস্থা বিবেচনায় প্রকল্প গ্রহণের যৌক্তিকতা থাকতে হবে। |
| ১.১.৬ | সম্পদ প্রাপ্তি বিবেচনা: |
| ১.১.৬ | (ক) মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (এমটিবিএফ) আওতায় প্রাপ্য সম্পদসীমার মধ্যে সীমিত থেকে যৌক্তিক ব্যয়ভিত্তিক প্রকল্প প্রণয়ন এবং নির্ধারিত ছকে এমটিবিএফ সংক্রান্ত তথ্য ও প্রত্যয়নসহ যথার্থতা যাচাই করা |
| ১.১.৬ | (খ) অর্থায়নের নিশ্চয়তা ব্যতীত প্রকল্প গ্রহণ না করা এবং |
| ১.১.৬ | (গ) একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প পৃথকভাবে গ্রহণ না করে সমন্বিত আকারে একটি প্রকল্প গ্রহণ করতে হবে। |
| ১.১.৭ | (গ) এডিপি বহির্ভূত উন্নয়ন কর্মসূচি, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (সিসিটিএফ) কিংবা অন্য কোন তহবিলের অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচি এবং পরিচালন বাজেটের আওতায় বাস্তবায়নাধীন কার্যক্রমের সাথে প্রস্তাবিত প্রকল্পের কার্যক্রমের দ্বৈততা পরিহার নিশ্চিতকরণ। |
| ১.১.৯ | দারিদ্র্য নিরসন ও আঞ্চলিক বৈষম্য দূরীকরণ: |
| ১.১.৯ | (ক) দেশের আর্থ-সামাজিক অবস্থার পরিপ্রেক্ষিতে আঞ্চলিক বৈষম্য দূরীকরণে তুলনামূলক অনগ্রসর/অনুন্নত এলাকার জন্য প্রকল্প গ্রহণে অগ্রাধিকার প্রদান এবং প্রকল্প হতে উপকারভোগী জনগোষ্ঠীর সুনির্দিষ্ট তথ্য |
| ১.১.৯ | (খ) দারিদ্র্য বিমোচন সংক্রান্ত প্রকল্পের সিংহভাগ বরাদ্দ সরাসরি উপকারভোগীদের নিকট পৌঁছানোর ব্যবস্থা |
| ১.১.৯ | (গ) দেশের সকল অংশের সুষম উন্নয়ন নিশ্চিতকরণের উদ্দেশ্যে সকল বিভাগ ও জেলায় সুবিধা পৌঁছে দেয়ার নীতির ভিত্তিতে প্রকল্প এলাকা নির্বাচন এবং |
| ১.১.৯ | (ঘ) উপকারভোগীদের ডিজিটাল ডাটাবেজ তৈরি ও সংরক্ষণ। |
| | **কার্যকারিতা** |
| ১.১.৪ | প্রকল্পের উদ্দেশ্য: প্রকল্পের উদ্দেশ্য সুনির্দিষ্ট (Specific), পরিমাপযোগ্য (Measurable), অর্জনযোগ্য (Achievable), প্রাসঙ্গিক (Relevant) ও সময়াবদ্ধ (Time-bound) হতে হবে। প্রকল্পের শিরোনাম ও উদ্দেশ্যের সাথে সঙ্গতিপূর্ণ নয় এরূপ কোন কার্যক্রম অন্তর্ভুক্ত করা যাবে না। |
| | **দক্ষতা** |
| ১.১.৭ | সমজাতীয় প্রকল্পের ফলাফল বিবেচনা ও দ্বৈততা পরিহার: |
| ১.১.৭ | (ক) প্রস্তাবিত প্রকল্পের সমজাতীয় কোন প্রকল্প ইতঃপূর্বে বাস্তবায়িত হয়ে থাকলে তার ফলাফল ও অভিজ্ঞতা এবং বর্তমানে বাস্তবায়নাধীন প্রকল্পের অভিজ্ঞতা পর্যালোচনা করে প্রস্তাবিত প্রকল্পের সম্ভাব্য ঝুঁকি উত্তরণের পরিকল্পনা/কৌশল নির্ধারণ |
| ১.১.৭ | (খ) পর্যায়ভিত্তিক প্রকল্প গ্রহণের ক্ষেত্রে বাস্তবায়িত প্রকল্পের ফলাফল ও সুপারিশ, আইএমইডি'র সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদনে বর্ণিত সুপারিশ এবং পরবর্তী পর্যায়ে প্রস্তাবিত প্রকল্পের সম্ভাব্য ফলাফলের তুলনামূলক চিত্র প্রদান |

| অনুচ্ছেদ | বর্ণনা |
|---|---|
| ১.১.৮ | প্রকল্পের ব্যয় প্রাক্কলন এবং ব্যয় প্রাক্কলনের ভিত্তি ও যথার্থতা |
| ১.১.৮.১ | জনসংখ্যা, জেলা/উপজেলার ভৌগলিক অবস্থান, দুর্গম অঞ্চল ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ অর্থ বিভাগের সম্মতিক্রমে জোনভিত্তিক ভৌত নির্মাণের ইউনিট ব্যয় (রেট সিডিউল) নির্ধারণ করবে। উক্ত রেট সিডিউল অনুসরণ করে সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্পের ব্যয় প্রাক্কলন করতে হবে। এছাড়া নন-সিডিউলড আইটেমের (মেডিকেল, আইসিটি ও অন্যান্য বিশেষ ধরণের যন্ত্রপাতি/সামগ্রী/সরঞ্জামাদি ইত্যাদি) ক্ষেত্রে বাজার দর বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ আইটেমভিত্তিক একক দর সংবলিত তালিকা প্রস্তুত করবে এবং সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উক্ত তালিকার ভিত্তিতে প্রকল্পের ব্যয় প্রাক্কলন করতে হবে। |
| ১.১.৮.২ | (ক) প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় প্রাক্কলনের ভিত্তি/যথার্থতা উল্লেখসহ পরামর্শক, জনবল, সেমিনার, প্রশিক্ষণ ইত্যাদি খাতে ব্যয় বাস্তবভিত্তিককরণ |
| ১.১.৮.২ | (খ) প্রকল্পের আওতায় পরামর্শ সেবা ও যানবাহন ক্রয়ের যৌক্তিকতা |
| ১.১.৮.২ | (গ) একই সংস্থা কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন/যন্ত্রপাতির হালনাগাদ অবস্থা/অবস্থান |
| ১.১.৮.২ | (ঘ) প্রকল্প বাস্তবায়নকালে উদ্ভূত সম্ভাব্য ঝুঁকি (অর্থনৈতিক, কারিগরি, পরিবেশগত, জলবায়ু পরিবর্তনের প্রভাব, দুর্যোগ ইত্যাদি) চিহ্নিত করে তা থেকে উত্তরণের উপায় |
| ১.১.৮.২ | (ঙ) যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে জমির বর্তমান বাজার দর সংক্রান্ত তথ্য, জমির উপর বিদ্যমান সম্পদ (অবকাঠামো, গাছপালা ইত্যাদি) এবং প্রকল্প অনুমোদনের পর জমি অধিগ্রহণ প্রক্রিয়া শুরুর সম্ভাব্য সময় ইত্যাদি বিবেচনায় নিয়ে জমি অধিগ্রহণ খাতে ব্যয় প্রাক্কলন |
| ১.১.৮.২ | (চ) সম্ভাব্য ক্ষেত্রে Service Outsourcing এর মাধ্যমে ভৌত সেবা ক্রয়ের বিষয় বিবেচনা |
| ১.১.৮.২ | (ছ) বস্তুনিষ্ঠ আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ |
| ১.১.৮.৩ | মূল্যস্ফীতির জন্য প্রাইস কনটিনজেন্সি (Price Contingency) খাতে এবং বিশেষ প্রয়োজনে কোন অঙ্গে (অর্থনৈতিক কোড/সাবকোড অনুযায়ী) অতি সীমিত পরিমাণ অতিরিক্ত ভৌত কাজ সম্পাদনের জন্য ফিজিক্যাল কনটিনজেন্সি (Physical Contingency) খাতে অর্থের সংস্থান রাখা যেতে পারে। প্রাইস কনটিনজেন্সি খাতে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের সর্বোচ্চ ৮% এবং ফিজিক্যাল কনটিনজেন্সি খাতে কেবল ভৌত কাজের (Physical Items) জন্য প্রাক্কলিত ব্যয়ের সর্বোচ্চ ২% হারে সংস্থান রাখা যেতে পারে। |
| ১.১.১২ | প্রকল্পের মেয়াদ: বিশেষ ক্ষেত্র ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ সাধারণভাবে অনূর্ধ্ব ৩(তিন) বছর হবে। |
| ১.১.১৪ | প্রকল্পের জনবল: প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে এবং বাস্তবায়ন-উত্তর পর্যায়ে (Operational Phase) বাস্তবায়নকারী কর্তৃপক্ষের প্রাতিষ্ঠানিক সক্ষমতা (কারিগরি ও আর্থিক) সম্পর্কে তথ্য প্রদান করতে হবে। বিশেষ করে প্রকল্পের আউটপুট হিসেবে নির্মিত/স্থাপিত অবকাঠামো ও স্থাপনা পরিচালনার জন্য প্রয়োজনীয় অভিজ্ঞ ও দক্ষ জনবলের রূপরেখা সম্পর্কে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। উক্ত পদ/জনবলের ধরণ ও সংখ্যা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত জনবল নির্ধারণ কমিটির (অর্থ বিভাগের অতিরিক্ত সচিবের সভাপতিত্বে গঠিত কমিটি) সুপারিশ গ্রহণপূর্বক প্রকল্প প্রস্তাবে (ডিপিপি) যথাযথভাবে প্রতিফলন করতে হবে। তবে কোন প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে সরাসরি/আউটসোর্সিং/প্রেষণে জনবল নিয়োগের সংশ্লেষ না থাকলে অর্থাৎ জনবলের বেতন-ভাতাদি খাতে প্রকল্প হতে কোন ব্যয় নির্বাহের সংশ্লেষ না থাকলে অর্থ বিভাগে গঠিত জনবল নির্ধারণ কমিটির সুপারিশ প্রয়োজন হবে না। |
| ১.১.১৫ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় প্রস্তাবিত জাতীয় মহাসড়কের উভয় পার্শ্বে ধীরগতির যানবাহন চলাচলের জন্য সার্ভিস সড়ক নির্মাণসহ পথচারী চলাচলের ব্যবস্থা করতে হবে। বিগত একশত বছরের বন্যার সর্বোচ্চ উচ্চতা বিবেচনায় নিয়ে জাতীয় মহাসড়কসমূহ উঁচু করে নির্মাণ করতে হবে। এছাড়া, পর্যায়ক্রমে চার লেন বিশিষ্ট সকল মহাসড়কে এবং মহাসড়ক প্রশস্তকরণের সময় ব্যস্ততম এলাকা ও ইন্টারসেকশনে আন্ডারপাস/ওভারপাস কিংবা ইউলুপ নির্মাণ করতে হবে। |
| ১.১.১৬ | মহাসড়ক, মহাসড়কে বিদ্যমান/নির্মিতব্য সেতু, এক্সপ্রেসওয়ে ও টানেল টেকসই করার লক্ষ্যে যানবাহনের এক্সেল লোড নিয়ন্ত্রণের জন্য ওজন পরিমাপক যন্ত্র (Weighing Machine) স্থাপনের সংস্থান রাখতে হবে। এছাড়া, গ্রামীণ সড়ক/সেতু দিয়ে যাতে ভারী যানবাহন চলাচল করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় নিয়ন্ত্রণ ব্যবস্থা রাখতে হবে। |

| | প্রভাব |
|---|---|
| ১.১.১১ | পরিবেশ ও জলবায়ু পরিবর্তনসহ অন্যান্য ক্ষেত্রের (Cross Cutting Issues) প্রভাব বিশ্লেষণ: পরিবেশ, জলবায়ু পরিবর্তনের প্রভাব, প্রতিবেশ (Ecology), প্রাকৃতিক দুর্যোগ, কর্মসংস্থান, পুষ্টি, মহিলা, শিশু, জেন্ডার ইস্যু, প্রতিবন্ধী, খাদ্য নিরাপত্তা, নিরাপদ খাদ্য, দারিদ্র্য হ্রাসের সংখ্যাতাত্ত্বিক পরিমাণ, প্রাতিষ্ঠানিকীকরণ, উৎপাদনশীলতা, ইতঃপূর্বে বাস্তবায়িত কিংবা বর্তমানে বাস্তবায়নাধীন প্রকল্প এবং বিদ্যমান অবকাঠামোর ওপর প্রস্তাবিত প্রকল্পের প্রভাব উল্লেখসহ কোন বিরূপ প্রভাব থাকলে তা প্রতিকারের উপায় সুনির্দিষ্টভাবে প্রকল্প দলিলে সন্নিবেশ করা। প্রকল্প প্রণয়নের সময় ডিজাস্টার এন্ড ক্লাইমেট রিস্ক ইনফরমেশন প্লাটফরম (ডিআরআইপি) ব্যবহার করে ডিজাস্টার ইমপ্যাক্ট এসেসমেন্ট (ডিআইএ) করতে হবে, যাতে প্রকল্প এলাকার দুর্যোগ ও জলবায়ু ঝুঁকি চিহ্নিতপূর্বক তা নিরসনের উপায় নির্ধারণ করা যায়। |

| অনুচ্ছেদ | বর্ণনা |
| --- | --- |
| | **স্থিতিশীলতা** |
| ১.১.১০ | প্রকল্পের ফলাফল টেকসইকরণ: |
| ১.১.১০ | (ক) উন্নয়ন কর্মসূচি/প্রকল্পের আওতায় সৃষ্ট প্রতিষ্ঠান/অবকাঠামো কর্মসূচি/প্রকল্প সমাপ্তির পর পরিচালনা ও রক্ষণাবেক্ষণের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা সন্নিবেশসহ এর প্রাতিষ্ঠানিকীকরণ ও টেকসই করার বিষয় (Exit Plan) |
| ১.১.১০ | (খ) উন্নয়ন কর্মসূচি/প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি/আসবাবপত্র/যানবাহন কর্মসূচি/প্রকল্প সমাপ্তির পর কিভাবে ব্যবহার করা হবে এ সম্পর্কিত বিস্তারিত রূপরেখা সুস্পষ্টভাবে প্রকল্প প্রস্তাবে উল্লেখকরণ। |
| | **সাধারণ** |
| ১.১.২ | সম্ভাব্যতা সমীক্ষা: ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয়ের সকল বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ, নিরপেক্ষ ও পেশাদারি প্রতিষ্ঠান/ব্যক্তি পরামর্শক কর্তৃক আবশ্যিকভাবে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করতে হবে এবং নির্ধারিত ছকে (সংযোজনী-ক/খ) সম্ভাব্যতা সমীক্ষার প্রতিবেদন প্রণয়ন করতে হবে। প্রতিবেদনের সুপারিশ ও গুরুত্বপূর্ণ অংশ (নির্বাহী সার-সংক্ষেপ, ব্যয় প্রাক্কলন, ডিজাইন/কনসেপচুয়াল ডিজাইন ইত্যাদি) প্রকল্প প্রস্তাবের (ডিপিপি) সাথে সংযুক্ত করতে হবে। এছাড়া, প্রকল্পের গুরুত্ব/প্রকৃতি বিবেচনায় ৫০(পঞ্চাশ) কোটি টাকা পর্যন্ত প্রাক্কলিত ব্যয়ের বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বেও সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করতে হবে। |
| ১.১.৩ | অংশীজনের মতামত গ্রহণ: উন্নয়ন প্রকল্প প্রণয়নের সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রয়োজনে মাঠ প্রশাসন/মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাসহ অংশীজনের মতামত গ্রহণ করতে হবে। |
| ১.১.১৩ | তথ্য/উপাত্তের উৎস: ডিপিপি’তে প্রদত্ত তথ্য/উপাত্তের উৎস উল্লেখ করতে হবে। |

সূত্র: গ্রিনবুক, ২০২২

সারণি ৮- এ দেওয়া উপরে উল্লিখিত মূল্যায়ন পয়েন্টসমূহ ছাড়াও, গ্রিনবুকে কিছু নির্দিষ্ট ধরণেরপ্রুপ্লের জন্য অতিরিক্ত যাচাই পয়েন্টসমূহের উল্লেখ করা হয়েছে যা বক্স ১২- এ প্রদান করা হয়েছে (সেক্টর নির্দিষ্ট বিশ্লেষণ)।

# অংশ- ২


# মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প প্রস্তাব যাচাই পদ্ধতি

## ২ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প প্রস্তাব যাচাই পদ্ধতি

### ২-১ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই এর সামগ্রিক কাঠামো

#### ২-১-১ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প ব্যবস্থাপনায় উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই এর অবস্থান

গ্রিনবুক, ২০২২-এ উন্নয়ন প্রকল্প প্রণয়ন, যাচাই/মূল্যায়ন, অনুমোদন এবং সংশোধনসহ সামগ্রিক প্রক্রিয়ার বর্ণনা দেয়া আছে। চিত্র ১৭- এ গ্রিনবুকে উল্লিখিত সামগ্রিক পদ্ধতিকে চারটি পর্যায়ে ব্যাখ্যা করা হয়েছে।




নোট (১)- শুধুমাত্র বিনিয়োগ প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য যার প্রাক্কলিত ব্যয় খরচ ৫০ কোটি বা তার অধিক। প্রকল্প মূল্যায়ন কমিটির সুপারিশের উপর ভিত্তি করে, পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে থাকা মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী ৫০ কোটি টাকা পর্যন্ত প্রাক্কলিত ব্যয়ের বিনিয়োগ প্রকল্প এবং ১০ কোটি টাকার অধিক প্রাক্কলিত ব্যয় সম্বলিত কারিগরি সহায়তা প্রকল্প বা জিওবি অর্থায়নের একটি অংশের যার মোট প্রাক্কলিত ব্যয় ২০%এর বেশি হলে তা অনুমোদন করেন।

**চিত্র ১৭ উন্নয়ন প্রকল্প প্রণয়ন, যাচাই/মূল্যায়ন এবং অনুমোদনের চারটি পর্যায়**

৫০ কোটি টাকা এবং তার অধিক প্রাক্কলিত ব্যয় সম্বলিত বিনিয়োগ প্রকল্পের জন্য প্রতিটি পর্যায়ের ব্যাখ্যা নিম্নে সংক্ষিপ্ত আকারে প্রদান করা হয়েছে।

- **১ম পর্যায়- বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রকল্প প্রস্তাব প্রণয়ন:** বাস্তবায়নকারী সংস্থা প্রকল্প চিহ্নিত ও প্রণয়নের উদ্যোগ গ্রহণ এবং নির্ধারিত ছক ব্যবহার করে উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রস্তুত করে। ডিপিপি প্রণয়ন করার নিমিত্ত বাস্তবায়নকারী সংস্থা সম্ভাব্যতা সমীক্ষাসহ, ব্যয়-আয় বিশ্লেষণ, সামাজিক বিশ্লেষণ, ঝুঁকি বিশ্লেষণ, পরিবেশগত প্রভাব যাচাই/মূল্যায়ন, দূর্যোগের প্রভাব যাচাই/মূল্যায়ন এবং প্রয়োজন অনুযায়ী অন্যান্য বিশ্লেষণসহ সকল প্রস্তুতিমূলক কাজ পরিচালনা করে। অতঃপর অভ্যন্তরীণ যাচাই সম্পন্ন করে সংস্থা উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ এর বিবেচনার জন্য ডিপিপি দাখিল করে।

- **২য় পর্যায়- মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প প্রস্তাব যাচাইকরণ:** মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প যাচাই কমিটি (Project Scrutiny Committee/ (PSC) ডিপিপি'র উপাদানসমূহের যৌক্তিকতা ও উহাদের মান যাচাই করে। মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখা সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থার সাথে আলোচনাক্রমে গ্রিনবুক এ দেয়া যাচাই মানদন্ডের ভিত্তিতে দাখিলকৃত ডিপিপি পরীক্ষা করে থাকে। পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখা যাচাই কমিটির সভায় কার্যপত্র উপস্থাপনের মাধ্যমে প্রকল্প যাচাই সংক্রান্ত আলোচনার বিষয়গুলো তুলে ধরে, যাতে প্রকল্প প্রস্তাবের উপাদানসমূহ ও উহাদের মান প্রকল্পের যথাযথ বাস্তবায়নের জন্য পর্যাপ্ত বলে প্রতিয়মান হয়। প্রয়োজনবোধে যাচাই কমিটি বাস্তবায়নকারী সংস্থাকে প্রকল্প প্রস্তাবের প্রয়োজনীয় উৎকর্ষ সাধনের পরামর্শ প্রদান করে। যাচাই কমিটির পরামর্শ অনুযায়ী বাস্তবায়নকারী সংস্থা হতে পূনর্বিন্যাসকৃত ডিপিপি প্রাপ্তির পর, মন্ত্রণালয়/বিভাগ যাচাই প্রতিবেদনসহ তা পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনের বিবেচনার জন্য দাখিল করে।
- **৩য় পর্যায়- পরিকল্পনা কমিশন কর্তৃক যাচাই প্রতিবেদনের ফলাফল পর্যালোচনা ও প্রকল্প প্রস্তাবের সেক্টরভিত্তিক মূল্যায়ন:** পরিকল্পনা কমিশনের প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রণীত এবং প্রকল্প যাচাই কমিটি (প্রকল্প যাচাই কমিটি) কর্তৃক প্রত্যয়নকৃত মন্ত্রণালয় যাচাই প্রতিবেদনের ফলাফল (এমএআর) পর্যালোচনাপূর্বক সংশ্লিষ্ট খাতের দৃষ্টিকোণ থেকে ডিপিপি'র মূল্যায়ন করে। অতঃপর মোট ব্যয়ের উপর ভিত্তি করে মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী বা একনেক এর অনুমোদনের জন্য প্রকল্পটিকে সুপারিশ করা হয়। পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত যাচাই প্রতিবেদন এবং ডিপিপি পর্যালোচনাপূর্বক আলোচ্য বিষয়সমূহ সুনির্দিষ্টভাবে নির্ধারণ করে কার্যপত্র প্রণয়ন এবং পিইসি সভা অনুষ্ঠানের ব্যবস্থা নেয়। প্রয়োজন হলে পিইসি সভার সিদ্ধান্তের আলোকে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ডিপিপি পুনর্বিন্যাসকরণের পর সেক্টর ডিভিশন তা ক্ষেত্রমতে মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী বা পরিকল্পনা কমিশনের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের মাধ্যমে একনেক এর বিবেচনা ও অনুমোদনের জন্য দাখিল করে।
- **৪র্থ পর্যায়- পরিকল্পনা মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী বা একনেক কর্তৃক প্রকল্প প্রস্তাব অনুমোদন:** পিইসি'র সুপারিশ পর্যালোচনা করে ৫০ কোটি টাকা পর্যন্ত ব্যয় সংবলিত বিনিয়োগ প্রকল্পসমূহ পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক এবং ৫০ কোটি টাকার উর্দ্ধে ব্যয় সংবলিত বিনিয়োগ প্রকল্পসমূহ একনেক** কর্তৃক অনুমোদিত হয়।

** প্রকল্প মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে, পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী ৫০ কোটি টাকা পর্যন্ত প্রাক্কলিত ব্যয়সহ বিনিয়োগ প্রকল্পের অনুমোদন দেন।

### ২-১-২ প্রকল্প যাচাই কমিটি'র গঠন/সদস্যবৃন্দ ও উহার কার্যপরিধি (ToR) সহ মন্ত্রণালয়/বিভাগ এর পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখার প্রকল্প যাচাই কমিটি সংক্রান্ত দায়িত্ব:

মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত প্রকল্প যাচাই কমিটি (PSC/PAC) এর গঠন/সদস্যবৃন্দ এবং উহার কার্যপরিধি (ToR) এর সংক্ষিপ্ত বিবরণ গ্রিনবুক, ২০২২ এর সংযোজনী-দ তে দেয়া আছে।

> গ্রিনবুক ২০২২ এর অনুচ্ছেদ ২.৩- উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখা উপরে বর্ণিত বিষয়সমূহ বিবেচনায় রেখে বিস্তারিত পরীক্ষান্তে মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিবের সভাপতিত্বে প্রকল্প যাচাই কমিটির (Project Scrutiny Committee) (সংযোজনী-দ) সভা আয়োজন করবে। উক্ত সভায় উপরে বর্ণিত বিষয়সমূহ পর্যালোচনা করে প্রকল্পটি গ্রহণযোগ্য বলে বিবেচিত হলে যাচাই কমিটির সুপারিশ অনুযায়ী বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনে প্রকল্প প্রস্তাব (ডিপিপি) পুনর্গঠন করবে। যাচাই কমিটির সভার কার্যবিবরণী (চেকলিস্টসহ) ডিপিপি'র সাথে সংযুক্ত করতে হবে।

প্রকল্প যাচাই কমিটি (Project Scrutiny Committee) এর সদস্যবৃন্দ:

- সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, সভাপতি;
- প্রধান, পরিকল্পনা অনুবিভাগ/শাখা, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সদস্য;
- প্রতিনিধি (বাজেট অনুবিভাগ), সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, সদস্য;
- প্রতিনিধি (উন্নয়ন অনুবিভাগ), সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, সদস্য;
- প্রধান, সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থা, সদস্য;
- প্রতিনিধি, সংশ্লিষ্ট আর্কিটেকচার/ইঞ্জিনিয়ারিং অধিদপ্তর, সদস্য;
- সহকারি সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, সদস্য সচিব।

প্রকল্প যাচাই কমিটির কার্যপরিধি (টিওআর):

- গ্রিনবুক যথাযথভাবে প্রতিপালন করে প্রকল্প প্রস্তাব প্রণয়ন করা হয়েছে কি না তা পরীক্ষা করা।

গ্রিনবুক, ২০২২ এর সংযোজনী-দ তে যদিও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখার প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও যাচাই সংক্রান্ত কার্যপরিধি (ToR) সম্পর্কে সুস্পষ্টরূপে বর্ণনা করা হয়নি, তবে তা নিম্নরূপে ব্যাখ্যা করা যেতে পারে।

- গ্রিনবুক, ২০২২ এ সন্নিবেশিত যাচাই নির্দেশক/মানদন্ডের ভিত্তিতে প্রকল্প প্রস্তাব যাচাই/বাছাই করা।
- প্রকল্প যাচাই কমিটির সভার কার্যপত্র প্রস্তুত করা। উল্লেখ্য যে, গ্রিনবুক ২০২২ এর সংযোজনী-ড় তে প্রকল্প যাচাই কমিটির সভার কার্যপত্রের নমুনা দেয়া আছে।
- প্রকল্প যাচাই কমিটির সভার আয়োজন করা।
- প্রকল্প যাচাই কমিটির সভার কার্যবিবরণী প্রস্তুত করা।
- প্রকল্প যাচাই কমিটির সুপারিশ অনুযায়ী ডিপিপি পূনর্বিন্যাস করা হয়েছে কিনা তা পরীক্ষা করা।
- প্রয়োজনানুসারে ডিপিপি/পূনর্বিন্যাসকৃত ডিপিপি অর্থ বিভাগের জনবল নির্ধারণ কমিটিতে প্রেরণ করা।
- ডিপিপি/পূনর্বিন্যাসকৃত ডিপিপি পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণ করা।

### ২-১-৩ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাইয়ের প্রস্তুতি

প্রকল্প যাচাই কমিটি এর মূখ্য উদ্দেশ্য হচ্ছে সুনির্দিষ্ট পদ্ধতি অনুসরণ করে ডিপিপি'তে অন্তর্ভূক্ত উপাদানসমূহ পরীক্ষাকরণ এবং যথাযথ উপাদান ও গুণগত মান সম্পন্ন একটি গ্রহণযোগ্য ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ। এই উদ্দেশ্য অর্জনের সামগ্রিক প্রক্রিয়া চিত্র ১৮- এ প্রদর্শিত ছয়টি ধাপের সমন্বয়ে গঠিত। নিচের সারণি ১০- এ উক্ত ছয়টি ধাপের প্রতিটি উপধাপে গৃহীতব্য পদক্ষেপের বিবরণ প্রদান করা হয়েছে। এই ছয়টি ধাপের মধ্যে প্রকল্প যাচাই কমিটি'র সভা পরবর্তী পদক্ষেপসমূহও অন্তর্ভুক্ত করা হয়েছে, যেমন: ধাপ- ৫ ও ৬ । প্রকল্প যাচাই কমিটি'র মূল উদ্দেশ্য কেবল প্রকল্প যাচাই কমিটি সভার সুপারিশ অনুযায়ী পুনর্বিন্যাস করে ডিপিপি'র উৎকর্ষ সাধনের মাধ্যমে অর্জিত হয় বিধায়, প্রকল্প যাচাই কমিটির সভা পরবর্তী পদক্ষেপ হিসেবে ধাপ ৫ ও ৬ অন্তর্ভুক্ত করা হয়েছে।

| ধাপ ১ | | ধাপ ২ | | ধাপ ৩ | | ধাপ ৪ | | ধাপ ৫ | | ধাপ ৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ডিপিপি যাচাই এর প্রস্তুতি | ➔ | মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) ব্যবহার করে ডিপিপি যাচাই | ➔ | প্রকল্প যাচাই কমিটি সভায় ডিপিপি যাচাই | ➔ | যাচাই প্রতিবেদনের ফলাফল সংকলন | ➔ | প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য মতামত/পরামর্শ গ্রহণ এবং ডিপিপি পুনর্গঠন | ➔ | পুনর্গঠিত ডিপিপি এবং চূড়ান্ত মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন পরিকল্পনা কমিশনে প্রেরণ |

তথ্যসূত্র: SPIMS

**চিত্র ১৮ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে বিনিয়োগ প্রকল্প প্রস্তাব যাচাই এর ৬ টি ধাপ**

**সারণি ১০ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই এর ধাপ এবং উহাদের উপধাপসমূহ**

| | ধাপ | উপধাপসমূহে গৃহীতব্য পদক্ষেপের বিবরণ |
|---|---|---|
| ১ | ডিপিপি যাচাই এর প্রস্তুতি | • সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থার পরিকল্পনা শাখা প্রকল্প প্রস্তাব প্রণয়নের জন্য নির্ধারিত উন্নয়ন প্রকল্প ছক ব্যবহার করে খসড়া ডিপিপি প্রস্তুত করবে।<br>• পরিকল্পনা শাখা (বাস্তবায়নকারী সংস্থা), সংস্থা প্রধানের [প্রধান (বাস্তবায়নকারী সংস্থা)] সম্মতি ও প্রত্যয়ন গ্রহণ করে প্রণীত ডিপিপি উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগে দাখিল করবে<br><br>**(প্রকল্প যাচাই কমিটি সভার পূর্বে)**<br>১.১ মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা অনুবিভাগ মন্ত্রণালয়/বিভাগের সচিব এর দপ্তর হতে ডিপিপি গ্রহণ করবে।<br>১.২ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) গৃহীত ডিপিপি'র জন্য একটি নথি খুলে তা যথাযথভাবে নিবন্ধন করবে।<br>১.৩ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) এর সাথে যোগাযোগ করে ডিপিপি প্রণয়ন সংক্রান্ত মৌলিক চাহিদাসমূহ নিশ্চিত করবেন এবং প্রয়োজনে মন্ত্রণালয়/বিভাগ এবং বাস্তবায়নকারী সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে একটি 'টাস্ক টিম' গঠন করবে। |
| ২ | মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) ব্যবহার করে ডিপিপি যাচাই | ২.১ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) ব্যবহার করে ডিপিপি যাচাই করবে।<br>২.২ ডিপিপি যাচাইকালে পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়াদি স্পষ্টিকরণের জন্য পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) এর সাথে আলোচনা/মত বিনিময় করবে।<br>২.৩ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রাথমিক যাচাই প্রতিবেদনে প্রাপ্ত তথ্যাদির উপর ভিত্তি করে আলোচ্য বিষয়সমূহ নির্ধারণসহ প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্র (গ্রিনবুক, ২০২২ এর সংযোজনী ড়) প্রস্তুত করবে।<br>২.৪ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রাথমিক যাচাই প্রতিবেদনে প্রাপ্ত তথ্যাদি, প্রকল্প যাচাই কমিটি সভার জন্য নির্ধারণকৃত আলোচ্য বিষয়সমূহ এবং সম্ভাব্য সুপারিশসমূহ পর্যালোচনার জন্য একটি অভ্যন্তরীণ সভার আয়োজন করবে। পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্র চূড়ান্ত করবে।<br>২.৫ সচিব (মঃ/বিঃ) এর সম্মতিক্রমে পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্র এবং পূরণকৃত MAF সংযুক্ত করে যুক্তিসংগত কার্যদিবস হাতে রেখে যাচাই কমিটি সভার নোটিশ জারি করবে।<br>২.৬ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) ও পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) প্রকল্প যাচাই কমিটি সভার পূর্ব পর্যন্ত বিভিন্ন বিষয় স্পষ্টিকরণের জন্য যখন প্রয়োজন তখন পরস্পরের সাথে যোগাযোগ করবে। |
| ৩ | প্রকল্প যাচাই কমিটি সভায় ডিপিপি | **(প্রকল্প যাচাই কমিটি সভা চলাকালীন)** |

| ধাপ | | উপধাপসমূহে গৃহীতব্য পদক্ষেপের বিবরণ |
|---|---|---|
| | যাচাই | ৩.১ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রাথমিক যাচাই প্রতিবেদনে প্রাপ্ত উল্লেখযোগ্য তথ্যাদি ব্যাখ্যা করে কার্যপত্র অনুসারে আলোচ্য বিষয় এবং প্রস্তাবিত সুপারিশসমূহ প্রকল্প যাচাই কমিটি সভায় উপস্থাপন করবে।<br>৩.২ পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) উপস্থাপিত তথ্যাদি, আলোচ্য বিষয় এবং প্রস্তাবিত সুপারিশসমূহের উপর বক্তব্য/ব্যাখ্যা প্রদান করবে।<br>৩.৩ প্রকল্প যাচাই কমিটি'র সদস্যবৃন্দ আলোচ্য বিষয় অনুসরণে ডিপিপি'র উপাদানসমূহ, উপস্থাপিত তথ্যাদি, প্রস্তাবিত সুপারিশসমূহ এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে মতামত/বক্তব্য প্রদান করবে।<br>৩.৪ বিস্তারিত আলোচনা শেষে প্রকল্প যাচাই কমিটির সদস্যগণ আলোচ্য ডিপিপি গ্রহণযোগ্যতার উপর মতামত প্রদান করেন। গ্রহণযোগ্য বিবেচিত হলে প্রকল্প প্রস্তাবটি পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণ করার উপযোগী মান সম্পন্ন কিনা এবং/অথবা সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থা ডিপিপি পুনর্গঠনের মাধ্যমে কিভাবে তার মানোন্নয়ন সাধন করতে পারে সে সম্পর্কে সম্মিলিতভাবে সিদ্ধান্ত প্রদান করবে। |
| ৪ | যাচাই প্রতিবেদনের ফলাফল সংকলন | **(প্রকল্প যাচাই কমিটি সভার পর)**<br>৪.১ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) এর ডেস্ক/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সভার আলোচনা ও সিদ্ধান্তের ভিত্তিতে কার্যবিবরণী প্রস্তুত করবে।<br>৪.২ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রধান, প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণী পর্যালোচনা করে মতামত/পরামর্শ প্রদান করবে।<br>৪.৩ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রয়োজনে প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে অমিমাংসিত বিষয়সমূহ নিরসনের/স্পষ্টিকরণের জন্য পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) এর সাথে যোগাযোগ করবে।<br>৪.৪ সচিব (মঃ/বিঃ) প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণী চূড়ান্ত করে প্রত্যয়ন করবে।<br>৪.৫ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) সচিব (মঃ/বিঃ) ও প্রকল্প যাচাই কমিটি সভার সভাপতির সম্মতিক্রমে যাচাই কমিটি সভার কার্যপত্র, মন্ত্রণালয় যাচাই প্রতিবেদনের সার-সংক্ষেপ এবং পূরণকৃত মন্ত্রণালয় যাচাই ফরমেটের সংযুক্তিসহ চূড়ান্ত কার্যবিবরণী প্রধান (বাস্তবায়নকারী সংস্থা) ও সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করবে। |
| ৫ | প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য মতামত/পরামর্শ গ্রহণ এবং ডিপিপি পুনর্গঠন | ৫.১ প্রধান (বাস্তবায়নকারী সংস্থা) এর মাধ্যমে পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণী গ্রহণ করবে।<br>৫.২ [প্রযোজ্য ক্ষেত্রে] জনবল নির্ধারণ কমিটি পদ/ধরণ এবং জনবলের পরিমাণ পরীক্ষা করবেন। জনবল নির্ধারণ সম্পন্ন হলে, সচিব (মঃ/বিঃ), এবং প্রধান (বাস্তবায়নকারী সংস্থা), ব্যয় নির্ধারণ কমিটি কর্তৃক প্রস্তুতকৃত প্রতিবেদন গ্রহণ করবে।<br>৫.৩ [প্রযোজ্য ক্ষেত্রে] প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণীর এবং জনবল নির্ধারণ কমিটির সিদ্ধান্ত অনুসারে পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) এর ডেস্ক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ডিপিপি পুনর্গঠন করবেন। একইসাথে প্রকল্প যাচাই কমিটি সভার প্রতিটি সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য গৃহীত পদক্ষেপ সম্পর্কিত একটি তুলনামূলক সারণি তৈরি করে তা পুনর্গঠিত ডিপিপি'তে অন্তর্ভূক্ত করবেন। এক্ষেত্রে তিনি প্রকল্প যাচাই কমিটি সভার প্রতিটি সিদ্ধান্তের প্রেক্ষিতে পুনর্গঠিত ডিপিপি'তে কোথায় কি ধরণের সংশোধন/সংযোজন/বিয়োজন করা হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ প্রদান করবে।<br>৫.৪ পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) পুনর্গঠিত ডিপিপি চূড়ান্ত করবেন।<br>৫.৫ প্রধান (বাস্তবায়নকারী সংস্থা) এর সম্মতি ও প্রত্যয়ন গ্রহণ করে পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) তুলনামূলক সারণিসহ পুনর্গঠিত ডিপিপি সচিব (মঃ/বিঃ)- এ প্রেরণ করবে। |
| ৬ | পুনর্গঠিত ডিপিপি এবং চূড়ান্ত মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন | ৬.১ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) পুনর্গঠিত ডিপিপি সচিব/সিঃ সচিব (মঃ/বিঃ) এর নিকট হতে গ্রহণ করবে। |

| ধাপ | উপধাপসমূহে গৃহীতব্য পদক্ষেপের বিবরণ |
|---|---|
| পরিকল্পনা কমিশনে প্রেরণ | ৬.২ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) এর ডেস্ক/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণী অনুসারে যথাযথভাবে ডিপিপি পুনর্গঠন হয়েছে কিনা, তা পর্যালোচনা করবে। একই সাথে পুনর্গঠিত ডিপিপি'র সাথে সংগতি রেখে মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন পুনর্গঠন করবেন (চেক সিট ব্যবহারের মাধ্যমে)।<br>৬.৩ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রয়োজনে অনিষ্পন্ন বিষয়াবলী স্পষ্টিকরণের জন্য পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) এর সাথে যোগাযোগ করবে।<br>৬.৪ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) পুনর্গঠিত ডিপিপি পরীক্ষার ফলে প্রাপ্ত তথ্যাদি এবং চেকসিট পর্যালোচনার জন্য একটি অভ্যন্তরীণ সভার আয়োজন করবেন এবং সচিব (মঃ/বিঃ) এর সাথে আলোচনা করে পুনর্গঠিত ডিপিপি এবং মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন চূড়ান্তকরণের বিষয়ে তাঁর সম্মতি ও প্রত্যয়ন গ্রহণের মাধ্যমে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প যাচাই প্রক্রিয়া সম্পন্ন করবে।<br>তবে সচিব (মঃ/বিঃ) যদি মনে করেন যে কিছু অনিষ্পন্ন বিষয় নিষ্পন্ন করার কিংবা পুনর্গঠিত ডিপিপি'র আরো উৎকর্ষ সাধনের প্রয়োজন রয়েছে তবে তিনি পুনরায় প্রকল্প যাচাই কমিটির সভা আয়োজনের ব্যবস্থা করতে পারেন। সেক্ষেত্রে ধাপ-২ থেকে ৫ পর্যন্ত পুনরায় পরিচালনা করতে হবে এবং ডেস্ক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পুনর্গঠিত ডিপিপি যাচাই এর জন্য মন্ত্রণালয় যাচাই ফরমেট পুনর্গঠন করবে।<br>৬.৫ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ), সিনিয়র সচিব/ সচিব (মঃবিঃ) এর সম্মতিক্রমে পুনর্গঠিত ডিপিপি এবং চেক সিট চূড়ান্ত মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন (MAR) পরিকল্পনা কমিশনের সদস্য (সেক্টর ডিভিশন) এর নিকট প্রেরণ করবে। |

তথ্যসূত্র: SPIMS

নোট ১: এই সারণিতে ধাপ এবং উপধাপসমূহের জন্য ব্যবহৃত ক্রমিক নম্বর এবং প্রতিটি ধাপ ও উপধাপসমূহে গৃহীতব্য পদক্ষেপসমূহের বিবরণ পরবর্তী উপ-অধ্যায়সমূহে প্রদত্ত ক্রমিক নম্বর ও বিবরণের সাথে সামঞ্জস্যপূর্ণ।

তবে সচিব (মঃ/বিঃ) যদি মনে করেন যে কিছু অনিষ্পন্ন বিষয় নিষ্পন্ন করার কিংবা পুনর্গঠিত ডিপিপি'র আরো উৎকর্ষ সাধনের প্রয়োজন রয়েছে তবে তিনি পুনরায় প্রকল্প যাচাই কমিটি সভা আয়োজনের ব্যবস্থা করতে পারেন। সেক্ষেত্রে ধাপ-২ থেকে ৫ পর্যন্ত পুনরায় পরিচালনা করতে হবে।

## ২-১-৪ প্রকল্প প্রস্তাব প্রক্রিয়াকরণের প্রতিটি ধাপে প্রণীত দলিল/প্রতিবেদনসমূহ

প্রতিটি ধাপে প্রণীত দলিল/প্রতিবেদনসমূহ অবশ্যই পরবর্তী ধাপসমূহে উপস্থাপন/পেশ করতে হবে। প্রতিটি ধাপের কাজ যথাযথভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের আবশ্যিকভাবে চিত্র ১৯- এ উল্লেখিত দলিল/প্রতিবেদনসমূহ প্রণয়ন করতে হবে। চিত্রে অপেক্ষাকৃত স্পষ্টাক্ষরে চিহ্নিত দলিল/প্রতিবেদনসমূহ উক্ত ধাপে প্রণিতব্য দলিল/প্রতিবেদনসমূহকে নির্দেশ করে। পরবর্তী অধ্যায়সমূহে এসকল দলিল/প্রতিবেদন এর বিষয়াদি ও উহাদের ব্যবহার সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে। নিম্নে এসকল দলিল/প্রতিবেদনসমূহের সংক্ষিপ্ত বর্ণনাসহ উহাদের পারস্পরিক সম্পর্ক দেখানো হয়েছে:

- ধাপ ১: বাস্তবায়নকারী সংস্থা হতে ডিপিপি প্রাপ্তির পর এ সংক্রান্ত একটি নথি নিবন্ধিত করতে হবে।
- ধাপ ২: ডিপিপি'তে প্রদত্ত তথ্য ব্যবহার করে মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) যথাযথভাবে পূরণ করতে হবে।
- ধাপ ৩: প্রাথমিক যাচাই প্রতিবেদন এর উপর ভিত্তি করে প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্র প্রস্তুত করতে হবে।
- ধাপ ৪: প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্র এবং সুপারিশ/সিদ্ধান্তের উপর ভিত্তি করে সভার কার্যবিবরণী প্রস্তুত করতে হবে।
- ধাপ ৫: প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণীর ভিত্তিতে ডিপিপি পুনর্গঠন এবং প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্তসমূহের উপর গৃহীত ব্যবস্থা সংবলিত একটি তুলনামূলক সারণি উহাতে অন্তর্ভূক্ত করতে হবে।
- ধাপ ৬: পুনর্গঠিত ডিপিপি এর ভিত্তিতে মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন পুনর্গঠন বা চেক সিট প্রস্তুত করতে হবে।

উল্লিখিত ধাপসমূহের কার্যাবলী শেষে পূরণকৃত মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন, চেকসিট ও যাচাই কমিটি সভার কার্যপত্র সহ পুনর্গঠিত ডিপিপি প্রকল্প প্রস্তাব প্রক্রিয়াকরণ সংক্রান্ত পরবর্তী কার্যক্রম যথা সেক্টর ভিত্তিক মূল্যায়ন এর জন্য পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণ করতে হবে।

| **ধাপ ১** | **ধাপ ২** | **ধাপ ৩** | **ধাপ ৪** | **ধাপ ৫** | **ধাপ ৬** |
|---|---|---|---|---|---|
| ডিপিপি যাচাই এর প্রস্তুতি ➔ | মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) ব্যবহার করে ডিপিপি যাচাই ➔ | প্রকল্প যাচাই কমিটি সভায় ডিপিপি যাচাই ➔ | যাচাই প্রতিবেদনের ফলাফল সংকলন ➔ | প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য মতামত/পরামর্শ গ্রহণ এবং ডিপিপি পুনর্গঠন ➔ | পুনর্গঠিত ডিপিপি এবং চূড়ান্ত মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন পরিকল্পনা কমিশনে প্রেরণ |
| ডিপিপি | ডিপিপি | ডিপিপি | ডিপিপি | ডিপিপি | ডিপিপি |
| ডিপিপি | মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) | মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) | মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) | মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) | মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF)[১] |
| | | যাচাই কমিটির কার্যপত্র | যাচাই কমিটির কার্যপত্র | যাচাই কমিটির কার্যপত্র | যাচাই কমিটির কার্যপত্র[১] |
| | | | যাচাই কমিটির কার্যবিবরণী | যাচাই কমিটির কার্যবিবরণী | যাচাই কমিটির কার্যবিবরণী[২] |
| | | | | চেকলিস্ট | চেকলিস্ট[২,৩] |
| | | | | পুনর্গঠিত ডিপিপি | পুনর্গঠিত ডিপিপি[২] |
| | | | | | **চেকসিট**[১] |


**চিত্র ১৯ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প প্রস্তাব যাচাই এর প্রতিটি ধাপে প্রণীত দলিল/প্রতিবেদনসমূহ**

নোট ১- যাচাই কমিটি সভার কার্যপত্র, মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন, চেকসিটসহ পুনর্গঠিত ডিপিপি সেক্টর ভিত্তিক মূল্যায়ন এর জন্য পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণ করতে হবে।
নোট ২- যাচাই কমিটি সভার কার্যবিবরণী ও চেকসিট ডিপিপি'র সাথে সংযুক্ত করতে হবে।
নোট ৩- যাচাই কমিটি সভার সভার প্রতিটি নির্দেশনা/সুপারিশের সিদ্ধান্তের বিপরীতে গৃহীত পদক্ষেপসমূহ প্রকাশের নিমিত্তে প্রণীত টেবিল

## ২-২ ধাপ ১: ডিপিপি যাচাই এর প্রস্তুতি

এই অধ্যায়ে "ডিপিপি যাচাই এর প্রস্তুতি" গ্রহণের বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়েছে। “ডিপিপি যাচাই এর প্রস্তুতি” হচ্ছে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প প্রস্তাব যাচাই এর সামগ্রিক প্রক্রিয়ার প্রথম ধাপ, যা চিত্র ১৯ এবং চিত্র ২০- এ দেখানো হয়েছে।
ধাপ ১ এর মাধ্যমে, নিম্নবর্ণিত অনুক্রমে উপধাপসমূহের কার্যক্রম সম্পন্ন হবে (চিত্র ২০) । এগুলোর মধ্যে নিচে দাগ দেয়া উপধাপসমূহের কার্যাবলী পরবর্তী উপ-অধ্যায়ে ব্যাখ্যা করা হয়েছে।

- (ধাপ ১ এর পূর্বে) সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থার পরিকল্পনা শাখা প্রকল্প প্রস্তাব প্রণয়নের জন্য নির্ধারিত উন্নয়ন প্রকল্প ছক ব্যবহার করে খসড়া ডিপিপি প্রস্তুত করবে।
- (ধাপ ১ এর পূর্বে) পরিকল্পনা শাখা (বাস্তবায়নকারী সংস্থা), সংস্থা প্রধানের [প্রধান (বাস্তবায়নকারী সংস্থা)] সম্মতি ও প্রত্যয়ন গ্রহণ করে প্রণীত ডিপিপি উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগে দাখিল করবে।
- উপধাপ ১.১ মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা অনুবিভাগ মন্ত্রণালয়/বিভাগের সচিব এর দপ্তর হতে ডিপিপি গ্রহণ করবে।
- উপধাপ ১.২ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) গৃহীত ডিপিপি’র জন্য একটি নথি খুলে তা যথাযথভাবে নিবন্ধন করবে।
- উপধাপ ১.৩ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) এর সাথে যোগাযোগ করে ডিপিপি প্রণয়ন সংক্রান্ত মৌলিক চাহিদাসমূহ নিশ্চিত করবেন এবং প্রয়োজনে মন্ত্রণালয়/বিভাগ এবং বাস্তবায়নকারী সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে একটি ‘টাস্ক টিম’ গঠন করবে।




**চিত্র ২০ ধাপ ১ “ডিপিপি যাচাই এর প্রস্তুতি”**

ধাপ ১ এর পূর্বে “পরিকল্পনা (বাস্তবায়নকারী সংস্থা) খসড়া ডিপিপি প্রণয়ন করবে;” ও “প্রধান (বাস্তবায়নকারী সংস্থা) ডিপিপি উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের সচিব বরাবর দাখিল করবে” এর জন্য “**ডিপিপি প্রণয়নের হ্যান্ডবুক**” দেখুন।

### ২-২-১ ডিপিপি নথিভুক্ত ও নিবন্ধনকরণ

বাস্তবায়নকারী সংস্থার পরিকল্পনা শাখার ডিপিপি প্রণয়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ডিপিপি নথিভুক্ত করবেন। এক্ষেত্রে ‘সচিবালয় নির্দেশমালা ২০১৪’ -এ বর্ণিত প্রক্রিয়ায় ডিপিপি নথিভুক্ত করতে হবে। এ সময় যথাযথ নিয়ম মেনে নথির কোড প্রদানপূর্বক উক্ত কোডের ভিত্তিতে নথি নিবন্ধিত হবে।

### ২-২-২ মন্ত্রণালয়/বিভাগের সহিত বাস্তবায়নকারী সংস্থার যোগাযোগ প্রক্রিয়া

MAF ব্যবহার করে প্রকল্প প্রস্তাব যাচাইয়ের পূর্বে প্রয়োজনানুসারে পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ), পরিকল্পনা শাখা (বাস্তবায়নকারী সংস্থা) এর সাথে ডিপিপি প্রণয়নের ন্যূনতম মৌলিক চাহিদা পূরণের বিষয়াদি নিশ্চিত করার জন্য আলোচনা করতে পারে। পরবর্তী পৃষ্ঠায় সারণি ১১- এ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) কে ডিপিপি প্রণয়নের মৌলিক চাহিদা ও আনুষ্ঠানিকতা পূরণের জন্য কোন কোন বিষয়সমূহ বিবেচনা করতে হবে তার তালিকা দেয়া আছে। প্রকল্প যাচাই এর প্রাথমিক পর্যায়ে ডেস্ক/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা এসকল বিষয়সমূহ পরীক্ষা করবেন।

প্রকল্প প্রস্তাব যাচাইকালীন সময়ে পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) যদি এমন কোন বিষয় খুঁজে পান যার সুরাহা না হলে ডিপিপিটি প্রকল্প যাচাই কমিটি সভায় উপস্থাপন করা যাবে না, তবে পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) বিষয়টি সুরাহার জন্য সরাসরি পরিকল্পনা শাখা

(বাস্তবায়নকারী সংস্থা) এর সাথে আলোচনা ও মত বিনিময় করবে। এ ধরনের বিষয়াদি যদি অতীব গুরুত্বপূর্ণ হয়, যা প্রকল্প প্রস্তাব পুনর্বিবেচনা বা পুনর্গঠনের আবশ্যকতা নির্দেশ করে, তবে পরিকল্পনা প্রধান (মঃ/বিঃ) প্রধান (মঃ/বিঃ) এর সম্মতিক্রমে বিবেচ্য ডিপিপি প্রধান (বাস্তবায়নকারী সংস্থা) নিকট পূণর্গঠনের জন্য ফেরত পাঠাবেন।

পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) এবং পরিকল্পনা শাখা (বাস্তবায়নকারী সংস্থা) এর মধ্যে কার্যকর যোগাযোগ ও সমন্বয় নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে "প্রকল্প যাচাই কমিটি সভার প্রস্তুতির জন্য টাস্ক টিম" গঠন করা যেতে পারে। এই টাস্ক টিম এর প্রস্তাবিত সদস্যবৃন্দ এবং দায়িত্ব নিচে দেয়া হলো:

টাস্ক টিমের সম্ভাব্য সদস্যবৃন্দ:

- প্রধান, পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখা, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ (সভাপতি)
- ডেস্ক কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখা, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ (সদস্য)
- প্রধান, পরিকল্পনা শাখা, সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থা (সদস্য)
- ডেস্ক কর্মকর্তা, পরিকল্পনা শাখা, সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থা (সদস্য)
- মনোনীত/সম্ভাব্য প্রকল্প পরিচালক (সদস্য)

**টাস্ক টিমের দায়িত্ব:**

- ডিপিপি যাচাইকালে প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনা এবং উহাদের সংশোধন/স্পষ্টিকরণ/ব্যাখ্যা প্রদান সম্পর্কিত মত বিনিময়। বিকল্পভাবে, পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রকল্প যাচাই কমিটি সভার পূর্বে একটি প্রস্তুতিমূলক সভা আয়োজন করতে পারে, যেখানে প্রকল্প যাচাই কমিটির সভার সম্ভাব্য আলোচ্য বিষয়সমূহ নিয়ে মত বিনিময় করা হবে। এ সভায় উপরোল্লিখিত টাস্ক টিমের অনুরূপ সদস্য থাকতে পারে।

**[পরামর্শ]**

ডিপিপি যাচাই শুরুর পূর্বে প্রকল্প গ্রহণের প্রেক্ষাপট ভালোভাবে অবহিত হওয়া জরুরি। প্রকল্পের প্রেক্ষাপট জানার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ যাচাইকারী ডিপিপি'র অনুচ্ছেদ ১৪: প্রকল্পের পটভূমি সক্রান্ত তথ্যাদি এবং অনুচ্ছদ ১৫: প্রকল্পের বিবরণ পর্যালোচনা করবেন।

**সারণি ১১ ডিপিপি প্রণয়নের মৌলিক চাহিদা পূরণের জন্য প্রয়োজনীয় বিষয়াদির তালিকা**

ডিপিপি তে দুইটি (২) অংশ, ৩৩/৩৪* টি আইটেম, এবং সাতটি (৭) নির্ধারিত সংযোজনী ও সাতটি (৭) সহায়ক সংযুক্তি রয়েছে যা নিম্নে ব্যাখ্যা করা হয়েছে।

* ডিপিপি'র বাংলা ও ইংরেজি ফরমেটে যথাক্রমে ৩৩ এবং ৩৪ টি আইটেম রয়েছে। ডিপিপি প্রণয়নের হ্যান্ডবুকে বাংলা ও ইংরেজি দুটো ফরমেটেরই ব্যাখ্যা প্রদান করা হয়েছে।

| | | |
|---|---|---|
| অংশ ক | প্রকল্পের সারাংশ (আইটেম ১ থেকে ১৩) | |
| অংশ খ | প্রকল্পের বিস্তারিত বর্ণনা (আইটেম ১৪ থেকে ৩৩) | |
| সংযোজনীসমূহ | **আবশ্যকীয়** ডিপিপি'র সংযুক্তি | ডিপিপি আইটেম |
| সংযোজনী ১ | প্রকল্প এলাকা ভিত্তিক ব্যয় বিভাজন | ৮. |
| সংযোজনী ২ | প্রকল্প ব্যবস্থাপনা কাঠামো (প্রস্তাবিত ব্যবস্থাপনা কাঠামোর Organogram সহ) | ১১.১ |
| সংযোজনী ৩ | উন্নয়ন প্রকল্পের / কর্মসূচির সার্বিক ক্রয় পরিকল্পনা | ১২.১ |
| সংযোজনী ৪ | প্রকল্পের বছরভিত্তিক আর্থিক ও বাস্তব পরিকল্পনা | ১২.২ |
| সংযোজনী ৫ | প্রাক্কলিত ব্যয়ের বছর ভিত্তিক বিস্তারিত বিবরণী | ২২. |
| সংযোজনী ৬ | ঋণ পরিশোধ সংক্রান্ত সিডিউল (সরকারের কাছ থেকে ঋণ গ্রহণকারী প্রকল্পের জন্য) | ২৪. |
| সংযোজনী ৭ | MTBF সিলিং এবং ADP-তে চলমান প্রকল্পগুলির জন্য প্রয়োজনীয় বরাদ্দ বিবেচনা করে প্রস্তাবিত প্রকল্পের আর্থিক পরিকল্পনা | ৬.৩ |
| সংযুক্তিসমূহ: | **প্রযোজ্য ক্ষেত্রে** ডিপিপি'র সংযুক্তি | |
| সংযুক্তি ১ | প্রকল্পের স্থান/এলাকার মানচিত্র | ৭.১ |
| সংযুক্তি ২ | প্রাক- মূল্যায়ন /প্রাক-বিনিয়োগ সমীক্ষার ফলাফল ও পরামর্শের সারাংশ (প্রযোজ্য ক্ষেত্রে) | ১৭. |
| সংযুক্তি ৩ | আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণের হিসাব বিবরণী | ১৮. |
| সংযুক্তি ৪ | প্রধান অংশ/আইটেমসমূহের নকশা ও বিশদ বর্ণনা | ২৩. |
| সংযুক্তি ৫ | প্রকল্পটি "লাল" তালিকাভুক্ত হলে পরিবেশগত প্রভাব যাচাই প্রতিবেদন | ২৫.২ |
| সংযুক্তি ৬ | পরিবেশগত ছাড়পত্র/সনদ | ২৬.২ |
| সংযুক্তি ৭ | বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, (ii) প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, (iii) পঞ্চ-বার্ষিক পরিকল্পনা, (iv) এসডিজি, (v) মন্ত্রণালয়/সেক্টর অগ্রাধিকার এবং (vi) সেক্টর কৌশলপত্র (SSP)/সেক্টর কর্ম পরিকল্পনা (SAP) এর সংশ্লিষ্ট পৃষ্ঠার অনুলিপি | ২৭.০ |

উপরে তালিকাভুক্ত সংযোজনী ও সংযুক্তি ছাড়াও, গ্রিনবুক ২০২২ এর আলোকে নিম্নোক্ত প্রতিবেদন/নথিসমূহ প্রয়োজনীয় মনে হলে DPP-এর সাথে সংযুক্ত করা যেতে পারে। নিচের টেবিলে, নির্দিষ্ট ক্ষেত্রে যে প্রাসঙ্গিক ও যেসকল প্রয়োজনীয় নথিসমূহ সংযুক্ত করতে হবে তা উল্লেখ করা হয়েছে।

| ডিপিপি আইটেম | ক্ষেত্রসমূহ | নথি/প্রতিবেদনসমূহ | গ্রিনবুক ২০২২ অনুচ্ছেদ |
|---|---|---|---|
| ২.১ | একাধিক সেক্টরের সাথে সম্পৃক্ত প্রকল্প | প্রস্তুতি যাচাই সারণি/সভার কার্যবিবরণী/আন্তঃমন্ত্রণালয় সভার কার্যপত্র | ৩.১.১ (১) |
| ৬. | প্রকল্প ঋণ/অনুদান | প্রাথমিক ডিপিপি (পিডিপিপি) এর অনুলিপি | ৭.১ |
| ৬. | প্রকল্প ঋণ/অনুদান | প্রকল্পের নীতিগত অনুমোদন | ৭.১ |
| ৬. | নিজস্ব অর্থায়ন (স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের প্রকল্প) | অর্থ বিভাগের পূর্ব-সম্মতি (জিওবি অর্থায়ন জড়িত থাকলে) | ১.৭.১ |
| ৬. | নিজস্ব অর্থায়ন (স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের প্রকল্প) | অর্থ বিভাগের ছাড়পত্র (সংস্থার উদ্বৃত্ত অর্থ জড়িত থাকলে) | ১১.১.১ |
| ৭. | জলবায়ু পরিবর্তন ঝুঁকি | হ্যাজার্ড ম্যাপ (সাইট নির্বাচনের যৌক্তিকতা) | ১.১৬ |

| | | | |
|---|---|---|---|
| ১৭. | সম্ভাব্যতা সমীক্ষা | কারিগরি কমিটির সুপারিশ | ৩.১.৩ |
| ২৩. | কারিগরি চাহিদাসমূহ | যেমন, WARPO কর্তৃক অনাপত্তি/ ক্লিয়ারেন্স সার্টিফিকেট (পানি সম্পদ সম্পর্কিত প্রকল্পের জন্য) | ৩.১.৩ |
| ২৩.<br>২৫. | কারিগরি পরীক্ষা | কারিগরি পরীক্ষার প্রতিবেদন (মাটি পরীক্ষা, ডিআইএ এবং অন্যান্য), ঘূর্ণিঝড়ের গতি, বন্যার সর্বোচ্চ উচ্চতা ইত্যাদি | ১.১৬ |
| ২৫.৩ | দূর্যোগ ব্যবস্থাপনা | দূর্যোগের প্রভাব মূল্যায়ন প্রতিবেদন (Disaster Impact Assessment- DIA Report) | ১.১৬/ ২১.৩ |
| ২৪. | সরকারের নিকট গৃহিত ঋণ | ঋণ/অনুদান চুক্তি/MoU/মূল্যায়ন প্রতিবেদনের অনুলিপি | ১.৭.২ |
| ৩০. (ডিপিপি'র ইংরেজি ফরমেটের ক্ষেত্রে) | প্রকল্প ঋণ/অনুদান | ঋণ/অনুদান চুক্তি/MoU/মূল্যায়ন প্রতিবেদনের অনুলিপি | ৭.১ |
| ৩০./৩১. (ডিপিপি'র ইংরেজি ফরমেটের ক্ষেত্রে) | ভূমি অধিগ্রহণ | জেলা প্রশাসকের প্রত্যয়ন | ১.৪ |
| ৩২.১/৩৩.১ (ডিপিপি'র ইংরেজি ফরমেটের ক্ষেত্রে) | স্থায়িত্বশীলতা | এক্সিট প্ল্যান (Exit Plan) | ১.১.১০ |

| প্রকল্প মূল্যায়ন পদ্ধতি সংশ্লিষ্ট ক্ষেত্রসমূহ | নথি/প্রতিবেদনসমূহ | গ্রিনবুক ২০২২ অনুচ্ছেদ |
|---|---|---|
| প্রকল্পটি বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসুচির সবুজ পাতায় তালিকাভুক্ত নেই | মাননীয় মন্ত্রী/পরিকল্পনা প্রতিমন্ত্রীর পূর্বানুমতি পত্র | ২১.৫ |
| ডিপিপি মন্ত্রণালয়/বিভাগে জমা দেওয়ার পূর্বে | সংস্থা কর্তৃক গঠিত কমিটির সভার কার্যবিবরণী/কার্যপত্র | ২.১ |
| প্রকল্প যাচাই কমিটি সভা শেষে | প্রস্তুতি যাচাই সারণি/ কার্যবিবরণী/প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্র | ২.৩ |
| | প্রস্তুতি যাচাই সারণি/ কার্যবিবরণী/জনবল নির্ধারণ কমিটি সভার কার্যপত্র | ১.১.১৪ |
| | MAF এবং চেক সিট | ১.৯ |
| প্রকল্প মূল্যায়ন কমিটি সভা শেষে | প্রস্তুতি যাচাই সারণি/ কার্যবিবরণী/প্রকল্প মূল্যায়ন কমিটি সভার কার্যপত্র | |
| | প্রস্তুতি যাচাই সারণি/ কার্যবিবরণী/ব্যয় যুক্তিযুক্তকরণ সভার কার্যপত্র | ৩.১.১০ |
| | SAF এবং চেক সিট | ১.৯ |

যদিও এটি ডিপিপি বা গ্রিনবুক ২০২২-এ স্পষ্টভাবে উল্লেখ নেই, তবে ডিপিপি-তে সংশ্লিষ্ট অংশের তথ্য সমর্থন করার জন্য নিম্নলিখিত নথিগুলি ডিপিপি'র সাথে সংযুক্ত করা যেতে পারে।

| ডিপিপি আইটেম | ক্ষেত্রসমূহ | নথি/প্রতিবেদনসমূহ |
|---|---|---|
| ১৭. | ক্ষতিপূরণ | ভূমি অধিগ্রহণ ব্যবস্থাপনা পরিকল্পনা |
| ১৭. | ক্ষতিপূরণ | পুনর্বাসন কর্ম পরিকল্পনা |
| ২৫.২ | পরিবেশ | পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা (Environmental Management Plan) |
| ২৫.৩ | দূর্যোগ ব্যবস্থাপনা | আকস্মিক দূর্যোগ ব্যবস্থাপনার জন্য আপদকালীন পরিকল্পনা |

সূত্র: SPIMS


## ২-৩ ধাপ ২: মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) ব্যবহার করে ডিপিপি যাচাই এর প্রস্তুতি

মন্ত্রণালয় যাচাই করমেট (MAF) ব্যবহার করে ডিপিপি যাচাই এর প্রস্তুতি সম্পর্কে এই অধ্যায়ে বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়েছে। মন্ত্রণালয় পর্যায়ে প্রকল্প প্রস্তাব যাচাই এর সামগ্রিক প্রক্রিয়ার দ্বিতীয় ধাপ হচ্ছে "MAF ব্যবহার করে ডিপিপি যাচাই, যা চিত্র ২১- এ দেখানো হয়েছে।

ধাপ ২ এ, ধারাবাহিকভাবে নিম্নে বর্ণিত উপধাপসমূহ সম্পাদন করা হবে। এগুলোর মধ্যে নিচে দাগ দেয়া উপধাপসমূহের বিস্তারিত ব্যাখ্যা পরবর্তী উপ-অধ্যায়ে প্রদান করা হয়েছে।

- উপধাপ ২.১ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) ব্যবহার করে ডিপিপি যাচাই করবে।
- উপধাপ ২.২ ডিপিপি যাচাইকালে পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়াদি স্পষ্টিকরণের জন্য পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) এর সাথে আলোচনা/মত বিনিময় করবে।
- উপধাপ ২.৩ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রাথমিক যাচাই প্রতিবেদনে প্রাপ্ত তথ্যাদির উপর ভিত্তি করে আলোচ্য বিষয়সমূহ নির্ধারণসহ প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্র (গ্রিনবুক, ২০২২ এর সংযোজনী ড়) প্রস্তুত করবে।
- উপধাপ ২.৪ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রাথমিক যাচাই প্রতিবেদনে প্রাপ্ত তথ্যাদি, প্রকল্প যাচাই কমিটি সভার জন্য নির্ধারণকৃত আলোচ্য বিষয়সমূহ এবং সম্ভাব্য সুপারিশসমূহ পর্যালোচনার জন্য একটি অভ্যন্তরীণ সভার আয়োজন করবে। পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্র চূড়ান্ত করবে।
- উপধাপ ২.৫ সচিব (মঃ/বিঃ) এর সম্মতিক্রমে পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্র এবং পূরণকৃত MAF সংযুক্ত করে যুক্তিসংগত কার্যদিবস হাতে রেখে যাচাই কমিটি সভার নোটিশ জারি করবে।
- উপধাপ ২.৬ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) ও পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) প্রকল্প যাচাই কমিটি সভার পূর্ব পর্যন্ত বিভিন্ন বিষয় স্পষ্টিকরণের জন্য যখন প্রয়োজন তখন পরস্পরের সাথে যোগাযোগ করবে।

**এই অধ্যায়ের প্রতিপাদ্য**




**চিত্র ২১ ধাপ ২ "MAF ব্যবহার করে উন্নয়ন প্রকল্প প্রস্তাব যাচাই"**

## ২-৩-১ মন্ত্রণালয়ের যাচাই ফরমেট (MAF) এর যাচাই মানদন্ডসমূহ

### (১) MAF এর উদ্দেশ্য

প্রস্তাবিত প্রকল্পের মূল্য সম্পর্কে মন্ত্রণালয়/বিভাগের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণের জন্য একটি প্রমিত যাচাই কাঠামো MAF এ অন্তর্ভূক্ত করা হয়েছে। এছাড়া প্রাতিষ্ঠানিক, আর্থিক/অর্থনৈতিক এবং সামাজিক/পরিবেশগত প্রেক্ষাপটে প্রস্তাবিত প্রকল্পটি বিনিয়োগযোগ্য কিনা তাও MAF এর মাধ্যমে জানা যাবে।

### (২) MAF এর বিষয়বস্তু

গ্রিনবুক- ২০২২- এ উল্লিখিত প্রকল্প প্রস্তাব যাচাই এর বিষয়সমূহ MAF এ বিবেচনা করা হয়েছে। উক্ত বিষয়সমূহ সব কয়টি পুনর্বিন্যাস করে MAF এর ৫টি মৌলিক মূল্যায়ন মানদন্ড এবং বাংলাদেশের প্রেক্ষাপটে একটি অতিরিক্ত মানদন্ডে অন্তর্ভূক্ত করা হয়েছে: ১) প্রাসঙ্গিকতা; ২) কার্যকারিতা; ৩) দক্ষতা; ৪) প্রভাব; ৫) স্থায়িত্বশীলতা এবং ৬) ঝুঁকি ও তা নিরসনের উপায় (অতিরিক্ত মানদন্ড) । প্রকল্প মূল্যায়নের নীতি, এবং পাঁচটি মূল্যায়নের মানদন্ডের সংজ্ঞা এই ম্যানুয়ালটির অংশ ১- এ ব্যাখ্যা করা হয়েছে।

MAF নিম্নবর্ণিত ১০ টি অংশের সমন্বয়ে গঠিত:

- **প্রচ্ছদ পাতা:** প্রকল্প যাচাইয়ের জন্য কার্যক্রমের রেকর্ড সংরক্ষণ।
- **অনুসরণ চেক:** প্রকল্পটি প্রাসঙ্গিক নিয়ম ও প্রবিধান অনুযায়ী প্রণয়ন করা হয়েছে কিনা তা পরীক্ষা করা।
- **অংশ ১, মৌলিক তথ্যাদি:** ডিপিপি প্রণয়নের মৌলিক চাহিদা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য অন্তর্ভূক্ত করা হয়েছে কিনা তা পরীক্ষা করা।
- **অংশ ২, লজিক্যাল ফ্রেমওয়ার্কের স্পষ্টতা:** লজিক্যাল ফ্রেমওয়ার্কটি যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে কিনা তা পরীক্ষা করা।
- **অংশ ৩, ভূমি অধিগ্রহণ, ক্ষতিপূরণ ও পুনর্বাসন বিষয়সমূহ:** ভূমি অধিগ্রহণ সংক্রান্ত বিষয়াদির শর্তাবলী ও বর্তমান অবস্থাসহ ভূমি অধিগ্রহণ, ক্ষতিপূরণ প্রদান ও পুনর্বাসন সংক্রান্ত বিষয়ে অগ্রিম ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে এযাবৎ কি ধরনের অগ্রগতি সাধিত হয়েছে তা পরীক্ষা করা।
- **অংশ ৪, পরিবেশ সংক্রান্ত চাহিদাসমূহ এবং দূর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি:** পরিবেশগত প্রাথমিক প্রভাব মূল্যায়ন এবং/অথবা বিধিমালা/প্রবিধানমালায় উল্লিখিত পদ্ধতি অনুসারে পরিবেশগত প্রভাব মূল্যায়ন সম্পাদন করা হয়েছে কিনা এবং প্রকল্পটি পরিবেশগতভাবে গ্রহণযোগ্য কিনা তা পরীক্ষা করা।
- **অংশ ৫, সেক্টর নির্দিষ্ট/ভিত্তিক বিশ্লেষণ:** সেক্টর নির্দিষ্ট/ভিত্তিক মানদন্ড এবং/অথবা অগ্রাধিকার/চাহিদা (যদি থাকে) পূরণে বিবেচ্য প্রকল্প কতটুকু অবদান রাখবে তা পরীক্ষা করা।
- **অংশ ৬, ব্যয়-আয় বিশ্লেষণ:** ব্যয়-আয় বিশ্লেষণ যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে কিনা তা যাচাই করা এবং প্রকল্পটি আর্থিক ও অর্থনৈতিকভাবে গ্রহণযোগ্য কিনা তা পরীক্ষা করা।
- **অংশ ৭, মূল্যায়নের মানদন্ড:** প্রাসঙ্গিকতা, কার্যকারিতা, দক্ষতা, প্রভাব, স্থায়িত্বশীলতা ও ঝুঁকি বিবেচনায় যথাযথভাবে প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে কিনা তা পরীক্ষা করা।
- **চেক সিট:** যাচাই কমিটি সভার সুপারিশের ভিত্তিতে DPP পুনর্গঠন করা হয়েছে কিনা তা পরীক্ষা করা।

সারণি ১২ এ MAF এর ৭ টি অংশ ও উহাদের সম্পর্কিত জিজ্ঞাসাসমূহ উল্লেখ করা হয়েছে। কিভাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/যাচাইকারী MAF পূরণ করবেন সে সম্পর্কিত সংক্ষিপ্ত বিবরণ পরবর্তী অধ্যায়ে আলোচনা করা হয়েছে এবং এই ম্যানুয়ালের ৩য় অংশে MAF পূরণ করার ধাপসমূহ বিশদভাবে ব্যাখ্যা করা হয়েছে।.

### সারণি ১২ মন্ত্রণালয়ের যাচাই ফরমেট (MAF) এর বিষয়বস্তু

| অংশ | বিষয় | মানদন্ড | প্রশ্নসমূহ |
|---|---|---|---|
| **প্রচ্ছদ পাতা** | | ট্র্যাক রেকর্ড | |
| **অনুসরণ চেক ক** | | ক-১ : সংস্থা পর্যায়ে কমিটি কর্তৃক পরীক্ষা<br>ক-২: সম্ভাব্যতা সমীক্ষা[প্রযোজ্য ক্ষেত্রে]<br>ক-৩: বৈদেশিক অর্থায়ন<br>[প্রযোজ্য ক্ষেত্রে] ক-৪: সরকারি মালিকানাধীন/স্বায়ত্তসাশিত প্রতিষ্ঠানসমূহের প্রকল্পসমূহ | |
| **অনুসরণ চেক খ** | | খ-১: ভূমি<br>খ-২: পুনর্বাসন/Resettlement<br>খ-৩: পরিবেশগত প্রভাব<br>খ-৪: দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি | |
| ১ | **প্রকল্পের মৌলিক চাহিদা সংক্রান্ত তথ্য** | - উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ<br>- বাস্তবায়নকারী সংস্থা<br>- পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন<br>- প্রকল্পের পরিকল্পিত মেয়াদকাল/বাস্তবায়নকাল<br>- প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)<br>- প্রকল্পের অবস্থান | |
| ২ | **লজিক্যাল ফ্রেমওয়ার্কের স্পষ্টতা** | ১) প্রকল্পের উদ্দেশ্য | ১) প্রকল্পের সংক্ষিপ্ত বর্ণনায় প্রকল্পটির উদ্দেশ্য স্পষ্টরূপে বর্ণনা করা হয়েছে কি?<br>২) প্রকল্পের উদ্দেশ্যের বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকসমূহ (OVIs) স্পষ্টভাবে নির্ধারণ করা হয়েছে এবং সংশ্লিষ্ট যাচাই এর মাধ্যমসমূহ (MOV) যথাযথভাবে উল্লেখ করা হয়েছে কি? |
| | | ২) প্রকল্পের লক্ষ্য | ১) প্রকল্পের সংক্ষিপ্ত বর্ণনায় প্রকল্পটির লক্ষ্য স্পষ্টরূপে বর্ণনা করা হয়েছে কি?<br>২) প্রকল্পের লক্ষ্যের বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকসমূহ (OVIs) স্পষ্টভাবে নির্ধারণ করা হয়েছে এবং সংশ্লিষ্ট যাচাই এর মাধ্যমসমূহ (MOV) যথাযথভাবে উল্লেখ করা হয়েছে কি?<br>৩) প্রকল্প উদ্দেশ্যের গুরুত্বপূর্ণ অনুমানসমূহ (IA) কি যথাযথভাবে চিহ্নিত করা হয়েছে যাতে অনুমানসমূহ প্রকল্পের লক্ষ্য অর্জনের শর্ত বলে বিবেচিত হতে পারে ? |
| | | ৩) আউটপুট/ ফলাফল | ১) প্রকল্পের সংক্ষিপ্ত বর্ণনায় প্রকল্পটির আউটপুট স্পষ্টরূপে বর্ণনা করা হয়েছে কি? এগুলো কি যথাযথভাবে বিন্যস্ত করা হয়েছে যাতে একটির সাথে অন্যটির দ্বৈততা না থাকে?<br>২) প্রকল্পের প্রতিটি আউটপুটের যাচাই নির্দেশকসমূহ (OVIs) স্পষ্টভাবে নির্ধারণ এবং সংশ্লিষ্ট যাচাই এর মাধ্যমসমূহ (MOV) যথাযথভাবে উল্লেখ করা হয়েছে কি?<br>৩) প্রকল্পের আউটপুটের গুরুত্বপূর্ণ অনুমানসমূহ কি যথাযথভাবে চিহ্নিত করা হয়েছে যাতে এগুলো প্রকল্পের উদ্দেশ্য অর্জনের শর্ত বলে বিবেচিত হতে পারে? |
| | | ৪) ইনপুট | ১) প্রকল্পের ইনপুটগুলো কি আউটপুটসমূহ অর্জনের জন্য স্পষ্টভাবে বিন্যাস করা হয়েছে?<br>২) প্রকল্পের ক্রয় পরিকল্পনা কি যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে?<br>৩) প্রকল্প বাস্তবায়নে জনবল কাঠামো<br>৪) প্রকল্পের ইনপুটের গুরুত্বপূর্ণ অনুমানসমূহ ও পূর্বশর্তসমূহ কি যথাযথভাবে চিহ্নিত করা হয়েছে, যাতে এগুলো প্রতিটি আউটপুট অর্জনে সহায়ক হয়? |
| ৩ | **ভূমি অধিগ্রহণ, ক্ষতিপূরণ/পুনর্বাসন** | ১) **প্রাপ্যতা, পরিমাণ ও ভূমির শ্রেণি:** প্রাপ্যতা, পরিমাণ এবং ভূমির শ্রেণি কি স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে? | |

| অংশ | বিষয় | মানদন্ড | প্রশ্নসমূহ |
|---|---|---|---|
| | | ২) **ব্যয় প্রাক্কলনের ভিত্তি:** যে সকল প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণ প্রয়োজন হয় সেক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় থেকে ভূমির প্রাক্কলিত মূল্য/দর ইত্যাদি সংগ্রহ করা হয়েছে কিনা এবং ডিপিপি'র সাথে সংযুক্ত করা হয়েছে কিনা?<br>৩) **পুনর্বাসন/প্রত্যাবাসন:** এই প্রকল্পে ক্ষতিপূরণ, পুনর্বাসন/প্রত্যাবাসনের প্রয়োজনীতা আছে কি? যদি থাকে তাহলে প্রয়োজনীয় ক্ষতিপূরণের প্রাক্কলন ২০১৭ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন অনুযায়ী করা হয়েছে কি?। | |
| ৪ | **পরিবেশ সংক্রান্ত চাহিদা এবং দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি** | ১) এই প্রকল্পটি পরিবেশ বিষয়ক কোন শ্রেণির অন্তর্ভুক্ত?<br>২) প্রকল্পের জন্য Environment Conservation Act, 1995 অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র (ECC) গ্রহণ করা হয়েছে কিনা?<br>৩) যদি প্রকল্পটি "লাল" শ্রেণিভুক্ত হয়, তাহলে EIA দলিল সংযুক্ত করা হয়েছে কি?<br>৪) যদি প্রকল্পটি "লাল" শ্রেণিভুক্ত হয়, তাহলে Environmental Mangement Plan (EMP) দলিল সংযুক্ত করা হয়েছে কি?<br>৫) প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের উপর এই প্রকল্পটির গুরুত্বপূর্ণ প্রভাবগুলি কি এবং এগুলো নিরসনের জন্য কি ধরনের প্রতিকার প্রকল্পের নকশায় অন্তর্ভুক্ত করা হয়েছে? | |
| ৫ | **সেক্টর নির্দিষ্ট বিশ্লেষণ/ সেক্টর নির্দিষ্ট বিশেষ চাহিদাসমূহ** | ১) প্রাসঙ্গিক জাতীয়/সেক্টর সংক্রান্ত/আঞ্চলিক মান ও অগ্রাধিকার বজায় রেখে প্রকল্প এবং/অথবা উহার উপাদানসমূহ প্রণয়ন করা হয়েছে কি? | |
| ৬ | **ব্যয়-আয় বিশ্লেষণ** | ১) **আর্থিক বিশ্লেষণ:** আর্থিক বিশ্লেষণ কি পর্যাপ্তভাবে সম্পন্ন করা হয়েছে?<br>২) **অর্থনৈতিক বিশ্লেষণ:** অর্থনৈতিক বিশ্লেষণ কি পর্যাপ্তভাবে সম্পন্ন করা হয়েছে?<br>৩) **আর্থিক ও অর্থনৈতিক মূল্যের প্রাক্কলন:** প্রস্তাবিত প্রকল্পটি কি সরকারি বিনিয়োগের যোগ্য/লাভজনক? | |
| ৭ | **মূল্যায়নের মানদন্ড** | ১) প্রাসঙ্গিকতা | ১) কৌশল, কর্মসূচি ও পরিকল্পনার সাথে সামঞ্জস্যতা: সরকার বা সেক্টরের বিধৃত কৌশল, উন্নয়ন পরিকল্পনা বা কর্মসূচিতে প্রকল্পটি অন্তর্ভুক্ত কি? প্রকল্পটির লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ কি সেগুলোর সাথে সংগতিপূর্ণ?<br>২) মন্ত্রণালয়/বিভাগের Multi-Year Public Investment Programme (MYPIP) (বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি) যদি থাকে এবং মধ্যমেয়াদি বাজেট অবকাঠামো (MTBF) এর সাথে সামঞ্জস্যতা: প্রকল্পটির অর্থায়ন কি নিশ্চিত করা হয়েছে?<br>৩) সুফলভোগী (Beneficiaries): প্রকল্পের সুফলভোগী জনগোষ্ঠী কি সঠিকভাবে চিহ্নিত করা হয়েছে? প্রকল্পের উদ্দেশ্য কি সুফলভোগী জনগোষ্ঠীর চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ?<br>৪) প্রকল্পের অবস্থান/এলাকা: যে এলাকায় প্রকল্পটি বাস্তবায়িত হবে সে এলাকার / স্থানের বিদ্যমান অবস্থায় প্রকল্পের উদ্দেশ্য অর্জন করা সম্ভব হবে কিনা? |
| | | ২) কার্যকারিতা | ১) প্রকল্পের উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য আউটপুট (Output) গুলি কি যথাযথভাবে চিহ্নিত করা হয়েছে? |
| | | ৩) দক্ষতা | ১) প্রকল্পের ব্যয় প্রাক্কলন যথাযথ ও বিশ্বাসযোগ্য কি না।<br>২) প্রকল্পের মেয়াদ যৌক্তিক কিনা? মৌসুমি ও কর্মকান্ড/ কর্মসম্পাদন ইত্যাদি অস্থিতির বিবেচনায় প্রকল্পের কর্ম/কার্য তালিকা/সময়সূচি যৌক্তিক কিনা?<br>৩) প্রকল্পের কার্যাদি সম্পাদনে ও আউটপুটসমূহ অর্জনের জন্য প্রয়োজনীয় সামগ্রী, যন্ত্রপাতি, সুবিধাদি ও প্রযুক্তি যথেষ্ট কিনা? |
| | | ৪) প্রভাব | **৪.১ প্রভাব (ক)** অর্জিত দীর্ঘমেয়াদি ও বিস্তৃত উন্নয়ন ফলাফলের সাথে সম্পৃক্ততা।<br>**৪.২ প্রভাব (খ)** প্রকল্পের দীর্ঘমেয়াদি লক্ষ্যের সাথে সম্পর্কিত নয় এমন বিষয়ে প্রকল্পের পরোক্ষ প্রভাব (ইতিবাচক এবং নেতিবাচক) মূল্যায়ন করা।<br>**১) প্রকল্প বাস্তবায়নকালে:** |

| অংশ | বিষয় | মানদন্ড | প্রশ্নসমূহ |
|---|---|---|---|
| | | | - নেতিবাচক প্রভাব (Negative Impact): প্রকল্পটির ফলে বা এর কর্মকান্ডের ফলে সমাজের উপর বা প্রাকৃতিক ও পরিবেশগত কোন নেতিবাচক প্রভাব পড়ার সম্ভাবনা আছে কিনা? নেতিবাচক প্রভাব প্রশমনের উপায়গুলো বিবেচনা বা অন্তর্ভুক্ত করা হয়েছে কি?<br>- ইতিবাচক প্রভাব (Positive Impact): প্রকল্পটির ফলে বা এর কর্মকান্ডের ফলে সমাজের উপর বা প্রাকৃতিক ও পরিবেশগত কোন ইতিবাচক উন্নতি হবার সম্ভাবনা আছে কিনা?<br>**২) প্রকল্প পরিচালন ও রক্ষণাবেক্ষণকালে:**<br>- নেতিবাচক প্রভাব (Negative Impact): প্রকল্পটির ফলে বা এর কর্মকান্ডের ফলে সমাজের উপর বা প্রাকৃতিক ও পরিবেশগত কোন নেতিবাচক প্রভাব পড়ার সম্ভাবনা আছে কিনা? নেতিবাচক প্রভাব প্রশমনের উপায়গুলো বিবেচনা বা অন্তর্ভুক্ত করা হয়েছে কি?<br>- ইতিবাচক প্রভাব (Positive Impact): প্রকল্পটির ফলে বা এর কর্মকান্ডের ফলে সমাজের উপর বা প্রাকৃতিক পরিবেশগত কোন ইতিবাচক উন্নতি হবার সম্ভাবনা আছে কিনা? |
| | | ৫) স্থায়িত্বশীলতা | ১) প্রাতিষ্ঠানিক স্থায়িত্বশীলতা: প্রকল্পের সুবিধা/ ফলাফলসমূহ চলমান রাখার জন্য প্রকল্পের প্রাতিষ্ঠানিক বিন্যাস কি টেকসই? প্রকল্পের পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রস্তাবিত প্রতিষ্ঠানের পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য আইনগত ও প্রশাসনিক এখতিয়ারভুক্ত কি?<br>২) সাংগঠনিক স্থায়িত্বশীলতা: পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য নির্ধারিত প্রতিষ্ঠানের কি পর্যাপ্ত জনবল ও কারিগরি সক্ষমতা রয়েছে?<br>৩) আর্থিক স্থায়িত্বশীলতা: প্রকল্প সমাপ্তির পর প্রকল্পটি পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য আর্থিক সম্পদ সংক্রান্ত কোন সুস্পষ্টভিত্তির দালিলিক পরিকল্পনা আছে কি? |
| | | ৬) প্রকল্প পরিচালনাকালীন ঝুঁকি বিশ্লেষণ ও প্রতিকারের উপায়সমূহ | ১) প্রকল্পটি সমাপ্তির পর কোন গুরুত্বপূর্ণ নিয়ন্ত্রণযোগ্য অথবা অনিয়ন্ত্রণযোগ্য ঝুঁকি আছে কিনা যেগুলো প্রকল্পের ক্ষতি করতে পারে বা প্রকল্পের উপর প্রভাব ফেলতে পারে?<br>২) উপরের (১) এ চিহ্নিত ঝুঁকিসমূহ প্রতিকারের/মোকাবেলা করার জন্য কি কি প্রশমনমূলক ব্যবস্থা বিবেচনা করা হয়েছে? |
| চেক সিট | | | ১. জনবল নির্ধারণ কমিটি।<br>২. MAF অনুসরণ করে প্রকল্প যাচাই কমিটি সভার সকল মন্তব্য ও পরামর্শ পুনর্গঠিত ডিপিপি'তে অন্তর্ভুক্ত করা হয়েছে কিনা তা নিশ্চিত করুন। |

উৎস: SPIMS

## ২-৩-২ MAF এর যাচাই কাঠামো

**MAF -এ প্রতিটি যাচাই প্রশ্নের ৩ টি অংশ রয়েছে: অংশ ক) যাচাই এর বিষয়সমূহ; অংশ খ) সূত্র/রেফারেন্স; অংশ গ) যাচাই এর ফলাফল।**

- অংশ ক "যাচাই এর বিষয়সমূহ" এ গ্রিনবুক ২০২২-এর প্রাসঙ্গিক অনুচ্ছেদসমূহ এবং MAF এর মূল্যায়ন প্রশ্নসমূহ উল্লেখ করা হয়েছে।
- অংশ খ "সূত্র/রেফারেন্স"- এ ডিপিপি'র কোন অংশ মূল্যায়ন করা বিষয়বস্তুর সম্পর্কে তথ্য প্রদান করবে তার নির্দেশনা দেয়।
- অংশ গ "যাচাই এর ফলাফল"- এ প্রকল্প মূল্যায়নকারী মূল্যায়ন প্রশ্ন সম্পর্কিত মন্তব্য এবং ফলাফল প্রদান করবেন।

| | |
|---|---|
| অংশ ক: যাচাই এর বিষয়সমূহ | (২) সাংগঠনিক স্থায়িত্বশীলতা: পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য নির্ধারিত প্রতিষ্ঠানের কি পর্যাপ্ত জনবল ও কারিগরি সক্ষমতা রয়েছে?<br>তথ্যসুত্র: গ্রিনবুক ২০২২ এ উল্লেখিত পরীক্ষার বিষয়াদি<br>অনুচ্ছেদ ১.১.১০- প্রকল্পের ফলাফল টেকসইকরণ:<br>- (ক) উন্নয়ন কর্মসূচি/প্রকল্পের আওতায় সৃষ্ট প্রতিষ্ঠান/অবকাঠামো কর্মসূচি/প্রকল্প সমাপ্তির পর পরিচালনা ও রক্ষণাবেক্ষণের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা সন্নিবেশসহ এর প্রাতিষ্ঠানিকীকরণ ও টেকসই করার বিষয় (Exit Plan)।<br>- (খ) উন্নয়ন কর্মসূচি/প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি/আসবাবপত্র/যানবাহন কর্মসূচি/প্রকল্প সমাপ্তির পর কিভাবে ব্যবহার করা হবে এ সম্পর্কিত বিস্তারিত রূপরেখা সুস্পষ্টভাবে প্রকল্প প্রস্তাবে উল্লেখকরণ। |
| অংশ খ: সূত্র/রেফারেন্স | ক) নিম্নে উল্লেখিত ডিপিপি আইটেম ও সংযুক্তিগুলো পড়ুন<br>• ১৩. প্রকল্প বাস্তবায়ন শেষে প্রকল্পের আউটপুট রাজস্ব খাতে স্থানান্তরের প্রয়োজনীয়তা আছে কিনা?<br>• ৩২.১/৩৩.১ (বৈদেশিক অর্থায়ন জড়িত থাকলে): প্রকল্পের ফলাফল টেকসইকরণের উপায়<br>• সংযুক্তি: Exit Plan/ পরিচালন ও রক্ষণাবেক্ষণ পরিকল্পনা কৌশল (Operation and Maintenance Plan)<br>[প্রযোজ্য ক্ষেত্রে]<br>- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৭- মানব সম্পদ ও প্রশাসনিক সহায়তা<br>- অনুচ্ছেদ ৮- প্রাতিষ্ঠানিক ও আইনগত বিশ্লেষণ |
| অংশ গ: যাচাই এর ফলাফল | খ) তথ্যের প্রাপ্যতা যাচাই করুন (☐ বক্সটিতে টিক দিন)<br>☐ তথ্যাদি সন্নিবেশিত আছে ☐ তথ্যাদি সন্নিবেশিত নাই/পাওয়া যায় নাই (➔গ পরিহার করুন এবং ঘ তে যান)<br>গ) তথ্যের মান যাচাই করুন (☐ বক্সটিতে টিক দিন)<br>☐ বর্ণনামতে যথাযথ ☐ সংশোধন প্রয়োজন<br>ঘ) মন্তব্য ও পরামর্শ |

উৎস: SPIMS

**চিত্র ২২ MAF এর যাচাই কাঠামো**

**অংশ ক: যাচাই এর প্রশ্নসমূহ**

**ক-১ MAF এ প্রদত্ত যাচাই এর প্রশ্নসমূহ**

মূল যাচাই প্রশ্ন বুঝতে প্রকল্প যাচাইকারী ক-১ এ প্রদত্ত প্রশ্নটি পড়বেন।

**ক-২ গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ**

প্রকল্প যাচাইকারী যাচাই প্রশ্নের পটভূমি বোঝার জন্য ক-২ এ প্রদত্ত গ্রিনবুকের সংশ্লিষ্ট অনুচ্ছেদ পড়বেন।

**অংশ খ: সূত্র/রেফারেন্স**

**খ: ডিপিপি'র আইটেম/সংযুক্তিসমূহ**

ক-তে বর্ণিত যাচাই প্রশ্নের দৃষ্টিকোণ থেকে প্রকল্পের নকশা/ডিজাইন পরীক্ষা করার ক্ষেত্রে প্রকল্প যাচাইকারী খ-তে তালিকাভুক্ত ডিপিপি আইটেম এবং সংযুক্তিগুলি থেকে তথ্য সংগ্রহ করবেন।

**অংশ গ: যাচাই এর ফলাফল**

**গ-১ তথ্যের প্রাপ্যতা যাচাই**

(ক-২) অংশের নির্দেশনা অনুসারে ডিপিপি'র উপাদানসমূহকে রেফারেন্স হিসেবে ব্যবহার করে যাচাইকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রয়োজনীয় তথ্য দেয়া হয়েছে কিনা এবং তা পর্যালোচনা/যাচাই প্রশ্নের উত্তর পাওয়ার জন্য পর্যাপ্ত কিনা পরীক্ষা করবেন। যাচাইকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিম্নেবর্ণিত ২ টি বিকল্প থেকে একটি বেছে নিবেন এবং বক্সে টিক দিবেন:

- **তথ্যাদি সন্নিবেশিত আছে:** ডিপিপি'র সংশ্লিষ্ট উপাদানে গুণগত মান যাচাইয়ের জন্য প্রয়োজনীয় তথ্য দেয়া হয়েছে।
- **তথ্যাদি সন্নিবেশিত নাই/পাওয়া যায় নাই:** ডিপিপি'র সংশ্লিষ্ট আইটেমে তথ্য/উপাত্তের ঘাটতি রয়েছে। ডিপিপি'র সংশ্লিষ্ট উপাদানে গুণগত মান যাচাইয়ের জন্য প্রয়োজনীয় তথ্য/উপাত্ত যথেষ্ট নয়।

“তথ্যাদি সন্নিবেশিত নাই/পাওয়া যায় নাই”-এ বাক্সে টিক চিহ্ন দিলে, সংশ্লিষ্ট ডিপিপি আইটেমে কি ধরনের তথ্য সরবরাহ করা উচিত উল্লেখপূর্বক গ-৩-এ যাচাইকারী কর্মকর্তা মন্তব্য দিবেন।

### গ-২ তথ্যের গুণগত মান যাচাই


যাচাইকারী/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ডিপিপি’র সংশ্লিষ্ট উপাদানে প্রদত্ত তথ্য ‘ক’ তে উল্লিখিত প্রশ্নের আলোকে যথাযথ ও পর্যাপ্ত কিনা তা পরীক্ষা করে দেখবেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিম্নেবর্ণিত দুইটি বিকল্প থেকে একটি বেছে নিবেন এবং বক্সে টিক দিবেন:

- **বর্ণনামতে যথাযথ:** ডিপিপি’র সংশ্লিষ্ট উপাদানে প্রদত্ত তথ্য যৌক্তিকতা ও গুণগত মানের বিবেচনায় পর্যাপ্ত/যথাযথ। এ উপাদানের তথ্য অপরিবর্তিত রাখা যেতে পারে।
- **সংশোধন প্রয়োজন:** ডিপিপি’র সংশ্লিষ্ট উপাদানে প্রদত্ত তথ্য গুণগত মানের বিবেচনায় পর্যাপ্ত হলেও যৌক্তিকতার দৃষ্টিকোণ থেকে যথেষ্ট/পর্যাপ্ত নয়। যৌক্তিকতা নিশ্চিত করার জন্য উপাদানে প্রদত্ত তথ্য পরিবর্তন/সংশোধন করতে হবে।

### গ-৩ মন্তব্য ও পরামর্শ

যাচাই প্রশ্নের প্রেক্ষিতে যাচাইকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গ- ৩ অংশে মন্তব্য ও পরামর্শ প্রদান করবেন। মন্তব্য ও পরামর্শ সুনির্দিষ্ট ও সৃজনশীল হওয়া উচিৎ। সাধারণ মন্তব্য, যেমন: “ডিপিপি’র সংশ্লিষ্ট উপাদানে প্রদত্ত বিবরণ যথাযথ নয়”, “”ডিপিপি তে সংশ্লিষ্ট অংশ পরিবর্তন করতে হবে” গ্রহণযোগ্য মন্তব্য হিসেবে বিবেচিত হবে না। কিভাবে ডিপিপি’র সংশ্লিষ্ট উপাদানে প্রদত্ত বিবরণের উৎকর্ষতা সাধন করা যায় সে সম্পর্কে যাচাইকারী/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা বিকল্পসহ (প্রযোজ্য ক্ষেত্রে) নির্দেশনা প্রদান করবেন।

চিত্র ২৩- এ ডিপিপি’র সংশ্লিষ্ট উপাদানে প্রয়োজনীয় তথ্যের প্রাপ্যতা ও গুণগত মান যাচাইয়ের কাঠামো প্রদর্শন করা হয়েছে।




**চিত্র ২৩ মন্ত্রণালয় যাচাই ফরমেটের কাঠামো**

## ২-৩-৩ প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্রের বিষয়বস্তু

প্রকল্প যাচাইকারী কর্মকর্তা মন্ত্রণালয় যাচাই ফরমেট ব্যবহার করে প্রকল্প যাচাই কমিটি সভার এর জন্য কার্যপত্র প্রস্তুত করেন (সংযোজনী ড়, গ্রিনবুক ২০২২)। প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্র এর বিষয়বস্তু/সূচিপত্র বক্স ৬- এ দেওয়া আছে।

প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্রকে "প্রকল্প প্রস্তাবের যে সকল বিষয়ে আলোচনা একান্ত আবশ্যক সেগুলো চিহ্নিতকরণ এবং আলোচনা অনুসারে পরবর্তী করণীয় সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে সেগুলোর তালিকা এবং চিহ্নিত ত্রুটি বিচ্যুতি/ঘাটতি সমাধানের মাধ্যমে প্রকল্প প্রস্তাবের উৎকর্ষ সাধনের জন্য সুপারিশমূলক নির্দেশনা" হিসেবে সংজ্ঞায়িত করা যেতে পারে।

যেহেতু প্রকল্প যাচাই কমিটি সভার সদস্যবৃন্দ কার্যপত্রে অন্তর্ভূক্ত আলোচ্য বিষয় এবং সুপারিশ/পরামর্শ অনুসরণে আলোচনা করবেন তাই কার্যপত্রে আবশ্যিকভাবে আলোচ্য বিষয় এবং প্রকল্প যাচাই কমিটি সভার প্রস্তাবিত সুপারিশ/সমাধান/পরামর্শ থাকতে হবে। প্রকল্প যাচাই কমিটি সভার শেষে ডিপিপি'র গ্রহণযোগ্যতার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ডিপিপি গ্রহণযোগ্য বিবেচিত হলে উহা পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশনে প্রেরণ করার উপযোগী মানসম্পন্ন কিনা অথবা সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থা কিভাবে উহার মান উৎকর্ষ সাধন করতে পারে সে সম্পর্কে সুপারিশ/পরামর্শ প্রদান করা হবে।

প্রকল্প যাচাইকারী কর্মকর্তা কার্যপত্রের ১২ নং আইটেমকে মন্ত্রণালয় যাচাই ফরমেট ব্যবহার করে এর ফলাফলের সাথে প্রতিস্থাপন করবেন। অর্থাৎ, মন্ত্রণালয় যাচাই ফরমেট এ উল্লিখিত মন্তব্য এবং পরামর্শসমূহ প্রকল্প যাচাই কমিটির কার্যপত্র এর আইটেম ১২ তে উপস্থাপন করবেন (২.৩.২ এর গ-৩ এ ব্যাখ্যা করা হয়েছে)।

**বক্স ৬ কার্যপত্রের বিষয়বস্তু/ সূচিপত্র**

১। প্রকল্পের নাম
২। উদ্যোগী মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা
৩। প্রকল্পের বাস্তবায়নকাল
৪। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)
৫। প্রকল্পের অর্থায়নের ধরণ ও উৎস
৬। প্রকল্প এলাকা
৭। বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অবস্থান ও বরাদ্দ
৮। প্রকল্পের উদ্দেশ্য
৯। প্রকল্পের মূল কার্যক্রম/আউটপুট
১০। প্রকল্পের অঙ্গাভিত্তিক ব্যয় বিভাজন
১১। প্রকল্প সংশোধনের কারণ (সংশোধিত প্রকল্পের ক্ষেত্রে)
১২। পরিকল্পনা কমিশনের/মন্ত্রণালয়ের বিশ্লেষণ

(ক) প্রকল্পের প্রেক্ষাপট, লক্ষ্য ও উদ্দেশ্য বিশ্লেষণ

- প্রকল্পের উপকারভোগী, উন্নয়ন সমস্যা (Development Problem)
- প্রকল্পের মাধ্যমে কি সুফল (Benificial Consequence) অর্জিত হবে; প্রকল্প গ্রহণ না করলে কি ক্ষতি হবে তার বিশ্লেষণ
- প্রকল্পের উদ্দেশ্য সুনির্দিষ্ট (Specific), পরিমাপযোগ্য (Measurable), অর্জনযোগ্য (Achievable), প্রাসঙ্গিক (Relevant) ও সময়াবদ্ধ (Time-bound) হয়েছে কি না

(খ) প্রকল্পের উদ্দেশ্যের সাথে বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০, বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১ এবং পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্যে এবং জাতিসংঘ/আন্তর্জাতিক সংস্থা কর্তৃক গৃহীত উন্নয়ন লক্ষ্যমাত্রার সাথে সঙ্গতি বিশ্লেষণ

(গ) উপর্যুক্ত বিশ্লেষণে প্রকল্পটি নীতিগতভাবে (In Principle) গ্রহণযোগ্য প্রতীয়মান হলে নিম্নের বিষয়সমূহ বিশ্লেষণ:

- প্রকল্পের অঙ্গ ও অঙ্গাভিত্তিক ব্যয় প্রাক্কলনের যথার্থতা
- প্রকল্পের আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ
- পরিবেশ, জলবায়ু পরিবর্তন, কর্মসংস্থান, মহিলা ও শিশু; দারিদ্র হ্রাস, আঞ্চলিক বৈষম্য দূরীকরণ, ইত্যাদি ইস্যুর ওপর প্রকল্পের সম্ভাব্য প্রভাব (সংখ্যাতাত্ত্বিক পরিমাণসহ) বিশ্লেষণ
- প্রকল্পের ডিজাইন এবং Logical Framework বিশ্লেষণ; লক্ষ্য, উদ্দেশ্য, আউটপুট, ইনপুট ও এক্টিভিটি এর মধ্যকার সম্পর্ক এবং এগুলো পরিমাপের নির্দেশক, পরিমাপের উৎস এবং ঝুঁকি বিশ্লেষণ
- পরিচালন বাজেটের আওতাভুক্ত কর্মসূচি এবং অন্যান্য প্রকল্পের কার্যক্রমের সাথে দ্বৈততা বিশ্লেষণ
- প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের সুবিধা/উপকারসমূহের স্থায়িত্ব (Sustainability) বিশ্লেষণ
- প্রকল্প মেয়াদের যথার্থতা পরীক্ষা করা
- চলমান প্রকল্পের দায়সহ বিবেচ্য প্রকল্পের দায়ের বিষয় পরীক্ষা করা
- প্রকল্প সমাপ্তির পর পরিচালন বাজেটের ওপর প্রভাব বিশ্লেষণ করা

(ঘ) প্রকল্পে প্রস্তাবিত জনবলের ধরন, সংখ্যা, যোগ্যতা, নিয়োগের ধরন ইত্যাদি বিষয়সমূহ বিশ্লেষণ
(ঙ) সংশোধিত প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প সংশোধনের যৌক্তিকতা বিশ্লেষণ
(চ) প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াবলী

সূত্র: গ্রিনবুক ২০২২


## ২-৪ ধাপ ৩: প্রকল্প যাচাই কমিটি সভায় ডিপিপি যাচাই

এই অধ্যায়ে কার্যকরভাবে প্রকল্প যাচাই কমিটি পরিচালনার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রকল্প যাচাই কমিটির পর্যালোচনা ও পরীক্ষা হচ্ছে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে পরিচালিত সামগ্রিক যাচাই/পর্যালোচনা প্রক্রিয়ার তৃতীয় ধাপ (চিত্র ২৪)।

এই ম্যানুয়ালের উপ-অধ্যায় ২-১-২ এ প্রকল্প যাচাই কমিটির সদস্যবৃন্দ ও উহার কার্যপরিধি (ToR) উল্লেখ করা হয়েছে।

তৃতীয় ধাপে নিম্নেবর্ণিত উপধাপসমূহ পর্যায়ক্রমে সম্পাদন করা হবে (চিত্র ২৪)। এগুলোর মধ্যে নিচে দাগ দেওয়া উপধাপসমূহ সম্পর্কে পরবর্তী উপ-অধ্যায়সমূহে আলোচনা ও ব্যাখ্যা করা হয়েছে।

- উপধাপ ৩.১ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রাথমিক যাচাই প্রতিবেদনে প্রাপ্ত উল্লেখযোগ্য তথ্যাদি ব্যাখ্যা করে কার্যপত্র অনুসারে আলোচ্য বিষয় এবং প্রস্তাবিত সুপারিশসমূহ প্রকল্প যাচাই কমিটি সভায় উপস্থাপন করবে।
- উপধাপ ৩.২ পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) উপস্থাপিত তথ্যাদি, আলোচ্য বিষয় এবং প্রস্তাবিত সুপারিশসমূহের উপর বক্তব্য/ব্যাখ্যা প্রদান করবে।
- উপধাপ ৩.৩ প্রকল্প যাচাই কমিটি’র সদস্যবৃন্দ আলোচ্য বিষয় অনুসরণে ডিপিপি’র উপাদানসমূহ, উপস্থাপিত তথ্যাদি, প্রস্তাবিত সুপারিশসমূহ এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে মতামত/বক্তব্য প্রদান করবে।
- উপধাপ ৩.৪ বিস্তারিত আলোচনা শেষে প্রকল্প যাচাই কমিটির সদস্যগণ আলোচ্য ডিপিপি গ্রহণযোগ্যতার উপর মতামত প্রদান করেন। গ্রহণযোগ্য বিবেচিত হলে প্রকল্প প্রস্তবটি পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণ করার উপযোগী মান সম্পন্ন কিনা এবং/অথবা সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থা ডিপিপি পুনরগঠনের মাধয়মে কিভাবে তার মানোন্নয়ন সাধন করতে পারে সে সম্পর্কে সম্মিলিতভাবে সিদ্ধান্ত প্রদান করবে।




**চিত্র ২৪ ধাপ ৩ “প্রকল্প যাচাই কমিটি সভায় ডিপিপি যাচাই”**

### ২-৪-১ প্রকল্প যাচাই কমিটির সভা পরিচালনার পদ্ধতি

উদ্দ্যোগী মন্ত্রণালয়/বিভাগ এর সচিব প্রকল্প যাচাই কমিটি'র সভায় সভাপতিত্ব করবেন। সভাপতি আলোচ্য বিষয়সমূহের উপর পর্যায়ক্রমে আলোচনা নিশ্চিত করে সভা পরিচালনা করবেন। সারণি ১৩- এ প্রকল্প যাচাই কমিটি সভার আলোচনার একটি নমূনা সূচি প্রদান করা হয়েছে। সদস্যবৃন্দ প্রধানত: কার্যপত্রের মাধ্যমে পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) কর্তৃক উপস্থাপিত প্রাথমিক যাচাই প্রতিবেদনে প্রাপ্ত তথ্যাদি এবং উহাদের ভিত্তিতে প্রণীত সুপারিশের উপর আলোচনা করবেন। সভার শেষে প্রকল্প যাচাই কমিটি'র সদস্যবৃন্দ প্রকল্প প্রস্তাব যাচাই সম্পর্কে সর্বসম্মত সিদ্ধান্তে/সুপারিশে পৌঁছাবেন বলে প্রত্যাশা করা যায়।

**সারণি ১৩ প্রকল্প যাচাই কমিটি সভার নমুনা আলোচ্যসূচি**

| বিষয়বস্তু | দায়িত্ব |
|---|---|
| সূচনা বক্তব্য | সচিব/সিঃ সচিব, সভার সভাপতি |
| প্রকল্পের উপস্থাপনা, আলোচনার বিষয়বস্তু এবং সুপারিশসমূহের প্রস্তাবনা | যুগ্ম প্রধান বা উপ-প্রধান (সংশ্লিষ্ট ডেস্ক কর্মকর্তা/ কর্মকর্তাবৃন্দ প্রয়োজনে সহায়তা করবেন) |
| বাস্তবায়নকারী সংস্থার পক্ষ থেকে উপস্থাপনার উপর মতামত/বক্তব্য/ব্যাখ্যা প্রদান | বাস্তবায়নকারী সংস্থা প্রধান (পরিকল্পনা প্রধানসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ প্রয়োজনে সহায়তা করবেন) |
| উন্মুক্ত আলোচনা | সচিব/সিঃ সচিব, সভার সভাপতি পরিচালনা করবেন |
| সিদ্ধান্ত/সুপারিশ ও সমাপ্তি ঘোষণা | সচিব/সিঃ সচিব, সভার সভাপতি |

### ২-৪-২ কার্যপত্রের ব্যবহার

মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কার্যপত্রে প্রদত্ত প্রস্তাবিত সুপারিশ/পরামর্শ মন্ত্রণালয় যাচাই ফরমেটে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে তৈরি/প্রস্তুত করা হয়, যার উপর ভিত্তি করে সভার আলোচনা অগ্রসর হয়/এগিয়ে যায়।

ধাপ-২ এর প্রস্তাবনা অনুসারে, কার্যপত্রে নিম্নলিখিত বিষয়সমূহের উপর আলোচনা করা হয়ে থাকে।

- অনুসরণ চেক/প্রস্তুতি যাচাই
- লজিক্যাল ফ্রেমওয়ার্কের স্পষ্টতা
- ভূমি অধিগ্রহণ, পুনর্বাসন ও ক্ষতিপূরণ
- পরিবেশগত চাহিদাসমূহ এবং দূর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি
- সেক্টর নির্দিষ্ট বিশ্লষেণ
- ব্যয়-আয় বিশ্লেষণ
- মূল্যায়নের মানদন্ড (প্রাসঙ্গিকতা, কার্যকারিতা, দক্ষতা, প্রভাব, স্থায়িত্বশীলতা এবং ঝুঁকি)

প্রকল্প যাচাই কমিটির সভার আগে, প্রস্তাবিত পরামর্শগুলি বাস্তবায়নকারী সংস্থাকে অবহিত করা হয়। বাসবায়নকারী সংস্থা সভার আগে পরামর্শগুলির উপর তাদের প্রতিক্রিয়া প্রস্তুত করেন।


সভায়, প্রকল্প যাচাই কমিটির সদস্যবৃন্দ উভয় পক্ষ থেকে আলোচনা শোনার সুযোগ পান: মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উপস্থাপিত যাচাই প্রতিবেদনে প্রাপ্ত উল্লেখযোগ্য তথ্যাদিসহ প্রস্তাবিত সুপারিশ/পরামর্শ এবং বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক উহাদের উপর প্রদত্ত মতামত/বক্তব্য/ব্যাখ্যা। উন্মুক্ত আলোচনায় অংশ নিয়ে সদস্যবৃন্দ এসকল বিষয়ে তাঁদের মতামত/পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে পরবর্তী করণীয় সম্পর্কে সদস্যবৃন্দ ঐক্যমতে পৌঁছাবেন, যার ভিত্তিতেই সভাপতি সিদ্ধান্ত/সুপারিশ চূড়ান্ত করে সভার সমাপ্তি ঘোষণা করবেন।

## ২-৫ ধাপ ৪: যাচাই প্রতিবেদনের ফলাফল সংকলন

"**যাচাই প্রতিবেদনের ফলাফল সংকলন**" সম্পর্কে এই অধ্যায়ে বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়েছে। মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে পরিচালিত সামগ্রিক যাচাই/পর্যালোচনা প্রক্রিয়ার এটা হচ্ছে চতুর্থ ধাপ (চিত্র ২৫)।

৪র্থ ধাপে, নিম্নেবর্ণিত উপধাপসমূহ পর্যায়ক্রমে সম্পাদন করা হবে। এগুলোর মধ্যে নিচে দাগ দেয়া উপধাপসমূহের কার্যাবলী পরবর্তী উপ-অধ্যায়ে ব্যাখ্যা করা হয়েছে (চিত্র ২৫):

- উপধাপ ৪.১ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) এর ডেস্ক/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সভার আলোচনা ও সিদ্ধান্তের ভিত্তিতে কার্যবিবরণী প্রস্তুত করবে।
- উপধাপ ৪.২ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) এর প্রধান, প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণী পর্যালোচনা করে মতামত/পরামর্শ প্রদান করবে।
- উপধাপ ৪.৩ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রয়োজনে প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে অমিমাংসিত বিষয়সমূহ নিরসনের/স্পষ্টিকরণের জন্য পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) এর সাথে যোগাযোগ করবে।
- উপধাপ ৪.৪ সচিব (মঃ/বিঃ) প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণী চূড়ান্ত করে প্রত্যয়ন করবেন।
- উপধাপ ৪.৫ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) সচিব (মঃ/বিঃ) ও প্রকল্প যাচাই কমিটি সভার সভাপতির সম্মতিক্রমে যাচাই কমিটি সভার কার্যপত্র, মন্ত্রণালয় যাচাই প্রতিবেদনের সার-সংক্ষেপ এবং পূরণকৃত মন্ত্রণালয় যাচাই ফরমেটের সংযুক্তিসহ চূড়ান্ত কার্যবিবরণী প্রধান (বাস্তবায়নকারী সংস্থা) ও সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করবে।




**চিত্র ২৫ ধাপ-৪ "প্রকল্প যাচাই এর উপধাপসমূহ"**

### ২-৫-১ কার্যবিবরণীর বিষয়বস্তু

প্রকল্প যাচাই কমিটি সভার আলোচনা চলাকালীন নেয়া নোট এবং সভায় গৃহীত সর্বসম্মত সিদ্ধান্ত/সুপারিশ এর ভিত্তিতে পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) সভার কার্যবিবরণীর খসড়া প্রস্তুত করবে।

কার্যবিবরণী দুটি অংশে লিপিবদ্ধ করা হয়:

- অংশ ১: সাধারণ বিবরণী
- অংশ ২: আলোচনা ও সিদ্ধান্ত/সুপারিশসমূহ

১ম অংশে সভার স্থান, তারিখ, সময়, সভাপতির নামসহ মৌলিক বিষয়সমূহ অন্তর্ভূক্ত থাকে।
২য় অংশে নিম্নেবর্ণিত তিনটি বিষয় অন্তর্ভূক্ত থাকে:

১. প্রস্তাবিত পরামর্শ: মূলত: কার্যপত্রে প্রদত্ত প্রস্তাবিত সুপারিশসমূহের অনুরূপ;
২. আলোচনার ফলাফল: সভায় সদস্যবৃন্দ/আমন্ত্রিত বিষয় বিশেষজ্ঞের মধ্যে যারা আলোচনায় অংশ নিয়েছেন নাম/পদবি উল্লেখ করে তাঁদের সংক্ষিপ্ত বক্তব্য/মতামত/পরামর্শ তুলে ধরা;
৩. সিদ্ধান্ত/সুপারিশ ও সমাপ্তি ঘোষণা: প্রকল্প যাচাই কমিটি সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ এবং সভাপতি কর্তৃক ধন্যবাদ জ্ঞাপন ও সমাপ্তি ঘোষণা। চিত্র ২৬- এ ২য় অংশের একটি প্রস্তাবিত তুলনামূলক সারণি প্রদর্শন করা হলো।

| বিষয় | প্রস্তাবিত পরামর্শ | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ |
|---|---|---|---|
| অনুসরণ চেক/প্রস্তুতি যাচাই | এই অংশে কার্যপ্রত্রের অনুরূপ বিষয় অন্তর্ভূক্ত থাকবে | | |
| লজিক্যাল ফ্রেমওয়ার্কের স্পষ্টতা | | | |
| ভূমি অধিগ্রহণ, পুনর্বাসন ও ক্ষতিপূরণ | | | |
| পরিবেশগত চাহিদাসমূহ এবং দূর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি | | | |
| সেক্টর নির্দিষ্ট বিশ্লষেণ | | | |
| ব্যয়-আয় বিশ্লেষণ | | | |
| মূল্যায়নের মানদন্ড (প্রাসঙ্গিকতা, কার্যকারিতা, দক্ষতা, প্রভাব, স্থায়িত্বশীলতা এবং ঝুঁকি) | | | |

**চিত্র ২৬ প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণীতে অন্তর্ভূক্তির জন্য প্রস্তাবিত তুলনামূলক সারণি**

### ২-৫-২ প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণী জারিকরণ


প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণী বাস্তবায়নকারী সংস্থার নিকট প্রেরণ করতে হবে। কার্যবিবরণীর মাধ্যমে বাস্তবায়নকারী সংস্থা প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্ত/সুপারিশ পেয়ে থাকে। সংস্থার সংশ্লিষ্ট ডেস্ক কর্মকর্তা প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণী ও যাচাই প্রতিবেদনের সার-সংক্ষেপ পড়ে প্রকল্প যাচাই কমিটি সভার আলোচনা ও সিদ্ধান্ত/সুপারিশসমূহের যৌক্তিকতা বুঝতে পারবেন এবং কিভাবে উৎকর্ষ সাধনের মাধ্যমে ডিপিপি পুনর্গঠন করতে হবে সে সম্পর্কে সম্যক ধারণা লাভ করবেন।

## ২-৬ ধাপ ৫ প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য মতামত/পরামর্শ গ্রহণ এবং ডিপিপি পুনর্গঠন

এই অধ্যায়ে "প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্ত/সুপারিশ বাস্তবায়নের জন্য মতামত/পরামর্শ গ্রহণ এবং ডিপিপি পুনর্গঠন" সম্পর্কে বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়েছে। মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে পরিচালিত সামগ্রিক যাচাই/পর্যালোচনা প্রক্রিয়ার এটা হচ্ছে ৫ম ধাপ।

৫ম ধাপে, নিম্নেবর্ণিত উপধাপসমূহ পর্যায়ক্রমে সম্পাদন করা হবে। এগুলোর মধ্যে নিচে দাগ দেয়া উপধাপসমূহের কার্যাবলী পরবর্তী উপ-অধ্যায়ে ব্যাখ্যা করা হয়েছে (চিত্র ২৭)

- উপধাপ ৫.১ প্রধান (বাস্তবায়নকারী সংস্থা) এর মাধ্যমে পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণী গ্রহণ করবে।
- উপধাপ ৫.২ [প্রযোজ্য ক্ষেত্রে] জনবল নির্ধারণ কমিটি পদ/ধরণ এবং জনবলের পরিমাণ পরীক্ষা করবেন। জনবল নির্ধারণ সম্পন্ন হলে, সচিব (মঃ/বিঃ), এবং প্রধান (বাস্তবায়নকারী সংস্থা), ব্যয় নির্ধারণ কমিটি কর্তৃক প্রস্তুতকৃত প্রতিবেদন গ্রহণ করবে।
- উপধাপ ৫.৩ [প্রযোজ্য ক্ষেত্রে] প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণীর এবং জনবল নির্ধারণ কমিটির সিদ্ধান্ত অনুসারে পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) এর ডেস্ক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ডিপিপি পুনর্গঠন করবেন। একইসাথে প্রকল্প যাচাই কমিটি সভার প্রতিটি সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য গৃহীত পদক্ষেপ সম্পর্কিত একটি তুলনামূলক সারণি তৈরি করে তা পুনর্গঠিত ডিপিপি'তে অন্তর্ভূক্ত করবেন। এক্ষেত্রে তিনি প্রকল্প যাচাই কমিটি সভার প্রতিটি সিদ্ধান্তের প্রেক্ষিতে পুনর্গঠিত ডিপিপি'তে কোথায় কি ধরণের সংশোধন/সংযোজন/বিয়োজন করা হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ প্রদান করবে।
- উপধাপ ৫.৪ পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) পুনর্গঠিত ডিপিপি চূড়ান্ত করবে।
- উপধাপ ৫.৫ প্রধান (বাস্তবায়নকারী সংস্থা) এর সম্মতি ও প্রত্যয়ন গ্রহণ করে পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) তুলনামূলক সারণিসহ পুনর্গঠিত ডিপিপি সচিব (মঃ/বিঃ) এর নিকট পেশ করবে।




**চিত্র ২৭ ধাপ-৫ "প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য মতামত/পরামর্শ গ্রহণ এবং ডিপিপি পুনর্গঠন"**

### ২-৬-১ জনবল নির্ধারণ কমিটি

প্রকল্পের বাস্তবায়ন পর্যায়ে ডেপুটেশনে, সরাসরি বা আউট-সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের পরিকল্পনা থাকলে, ডিপিপি অর্থ বিভাগের জনবল নির্ধারণ কমিটির কাছে পাঠাতে হবে। বাস্তবায়নকারী সংস্থা জনবল নির্ধারণ কমিটি সভার কার্যপত্র প্রস্তুত করবে। এই কার্যপত্রকে বলা হয় অবস্থান বিশ্লেষণ প্রতিবেদন (Situation Analysis Report), যেখানে সমজাতীয় প্রকল্পগুলির জনবলের তুলনামূলক তথ্য প্রদান করা হয়ে থাকে।

> গ্রিনবুক ২০২২ এর অনুচ্ছেদ ১.১.১৪- প্রকল্পের জনবল: প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে এবং বাস্তবায়ন-উত্তর পর্যায়ে (Operational Phase) বাস্তবায়নকারী কর্তৃপক্ষের প্রাতিষ্ঠানিক সক্ষমতা (কারিগরি ও আর্থিক) সম্পর্কে তথ্য প্রদান করতে হবে। বিশেষ করে প্রকল্পের আউটপুট হিসেবে নির্মিত/স্থাপিত অবকাঠামো ও স্থাপনা পরিচালনার জন্য প্রয়োজনীয় অভিজ্ঞ ও দক্ষ জনবলের রূপরেখা সম্পর্কে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। উক্ত পদ/জনবলের ধরণ ও সংখ্যা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত জনবল নির্ধারণ কমিটির (অর্থ

বিভাগের অতিরিক্ত সচিবের সভাপতিত্বে গঠিত কমিটি) সুপারিশ গ্রহণপূর্বক প্রকল্প প্রস্তাবে (ডিপিপি) যথাযথভাবে প্রতিফলন করতে হবে। তবে কোন প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে সরাসরি/আউটসোর্সিং/প্রেষণে জনবল নিয়োগের সংশ্লেষ না থাকলে অর্থাৎ জনবলের বেতন-ভাতাদি খাতে প্রকল্প হতে কোন ব্যয় নির্বাহের সংশ্লেষ না থাকলে অর্থ বিভাগে গঠিত জনবল নির্ধারণ কমিটির সুপারিশ প্রয়োজন হবে না।

### ২-৬-২ ডিপিপি পুনর্গঠন

পরিকল্পনা শাখা (বাস্তবায়নকারী সংস্থা) এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (গণ) প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণী ও জনবল নির্ধারণ কমিটির সিদ্ধান্ত/সুপারিশ এর আলোকে ডিপিপি পুনর্গঠন করবেন। চিত্র ২৮ এ প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্ত সংবলিত একটি তুলনামূলক সারণির নমুনা দেয়া হয়েছে।

একইসাথে প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহের পটভূমি জানার জন্য পরিকল্পনা শাখা (বাস্তবায়নকারী সংস্থা) এর সংশ্লিষ্ট ডেস্ক কর্মকর্তা(গণ)কে কার্যবিবরণী ছাড়াও যাচাই কমিটি সভার কার্যপত্র এবং যাচাই প্রতিবেদন দেখা প্রয়োজন।

### ২-৬-৩ চেকলিস্ট/কমপ্লায়েন্স/তুলনামূলক সারণির প্রস্তুতি

প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহের প্রতিটি ক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক পুনর্গঠিত ডিপিপি'তে গৃহীত পদক্ষেপ এর তুলনামূলক সারণি প্রস্তুত করে তা পুনর্গঠিত ডিপিপি'র সাথে মন্ত্রণালয়/বিভাগে পাঠানো হয়। প্রকল্প যাচাই কমিটির প্রতিটি সিদ্ধান্ত পুনর্গঠিত ডিপিপি'তে কিভাবে অন্তর্ভূক্ত করা হয়েছে তা তুলনামূলক সারণিতে দেখানো হয়। প্রকল্প যাচাই কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক গৃহীত পদক্ষেপ সুনির্দিষ্ট করতে তুলনামূলক সারণিতে প্রতিটি সিদ্ধান্তের বিপরীতে পুনর্গঠিত ডিপিপি'র কোন জায়গায় (আইটেম নম্বর ও পৃষ্ঠা নম্বর) কি ধরনের পরিবর্তন/ সংশোধন/সংযোজন করা হয়েছে তা উল্লেখ করতে হবে। তুলনামূলক সারণির প্রস্তাবিত একটি নমুনা চিত্র ২৮- ২ প্রদর্শন করা হলো।

তবে বাস্তবায়নকারী সংস্থা যদি প্রকল্প যাচাই কমিটির সিদ্ধান্ত/সুপারিশসমূহ পরিপূর্ণভাবে অন্তর্ভূক্ত/প্রতিফলন করতে না পারে, তখন এর কারণ সম্পর্কে সংস্থাকে ব্যাখ্যা প্রদান করতে হবে বা অন্য কোন বিকল্প পদক্ষেপ প্রস্তাব পেশ করতে হবে।

<table>
<tr><th>বিষয়</th><th>প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্ত/সুপারিশ</th><th>পুনর্গঠিত ডিপিপি'তে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক গৃহীত পদক্ষেপ</th></tr>
<tr><td>অনুসরণ চেক/প্রস্তুতি যাচাই</td><td rowspan="7">এই অংশে কার্যবিবরণীর অনুরূপ বিষয় অন্তর্ভূক্ত থাকবে</td><td></td></tr>
<tr><td>লজিক্যাল ফ্রেমওয়ার্কের স্পষ্টতা</td><td></td></tr>
<tr><td>ভূমি অধিগ্রহণ, পুনর্বাসন ও ক্ষতিপূরণ</td><td></td></tr>
<tr><td>পরিবেশগত চাহিদাসমূহ এবং দূর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি</td><td></td></tr>
<tr><td>সেক্টর নির্দিষ্ট বিশ্লেষণ</td><td></td></tr>
<tr><td>ব্যয়-আয় বিশ্লেষণ</td><td></td></tr>
<tr><td>মূল্যায়নের মানদন্ড (প্রাসঙ্গিকতা, কার্যকারিতা, দক্ষতা, প্রভাব, স্থায়িত্বশীলতা এবং ঝুঁকি)</td><td></td></tr>
<tr><td>জনবল নির্ধারণ কমিটির সুপারিশসমূহ</td><td>এই অংশে জনবল নির্ধারণ কমিটি সভার সিদ্ধান্তের অনুরূপ বিষয় অন্তর্ভূক্ত থাকবে</td><td></td></tr>
</table>

**চিত্র ২৮ প্রস্তাবিত তুলনা সারণি/ কমপ্লায়েন্স টেবিল**


## ২-৭ ধাপ ৬:  পুনর্গঠিত ডিপিপি এবং চূড়ান্ত মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন পরিকল্পনা কমিশনে প্রেরণ

এই অধ্যায়ে "**পুনর্গঠিত ডিপিপি এবং চূড়ান্ত মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন পরিকল্পনা কমিশনে প্রেরণ**" সম্পর্কে বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়েছে। মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে পরিচালিত সামগ্রিক যাচাই প্রক্রিয়ার এটা হচ্ছে ৬ষ্ঠ ও শেষ ধাপ।

৬ষ্ট ধাপে, নিম্নেবর্ণিত উপধাপসমূহ পর্যায়ক্রমে সম্পাদন করা হবে (চিত্র ২৯)। এগুলোর মধ্যে নিচে দাগ দেয়া উপধাপসমূহের কার্যাবলী পরবর্তী উপ-অধ্যায়ে ব্যাখ্যা করা হয়েছে।

- উপধাপ ৬.১ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) পুনর্গঠিত ডিপিপি সচিব/সিঃ সচিব (মঃ/বিঃ) এর নিকট হতে গ্রহণ করবে।
- উপধাপ ৬.২ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) এর ডেস্ক/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণী অনুসারে যথাযথভাবে ডিপিপি পুনর্গঠন হয়েছে কিনা, তা পর্যালোচনা করবে। একই সাথে পুনর্গঠিত ডিপিপি'র সাথে সংগতি রেখে মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন পুনর্গঠন করবেন (চেক সিট ব্যবহারের মাধ্যমে)।
- উপধাপ ৬.৩ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) প্রয়োজনে অনিষ্পন্ন বিষয়াবলী স্পষ্টিকরণের জন্য পরিকল্পনা শাখা/ইউনিট (বাস্তবায়নকারী সংস্থা) এর সাথে যোগাযোগ করবে।
- উপধাপ ৬.৪ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) পুনর্গঠিত ডিপিপি পরীক্ষার ফলে প্রাপ্ত তথ্যাদি এবং চেকসিট পর্যালোচনার জন্য একটি অভ্যন্তরীণ সভার আয়োজন করবেন এবং সচিব (মঃ/বিঃ) এর সাথে আলোচনা করে পুনর্গঠিত ডিপিপি এবং মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন চূড়ান্তকরণের বিষয়ে তাঁর সম্মতি ও প্রত্যয়ন গ্রহণের মাধ্যমে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প যাচাই প্রক্রিয়া সম্পন্ন করবে।

  তবে সচিব (মঃ/বিঃ) যদি মনে করেন যে কিছু অনিষ্পন্ন বিষয় নিষ্পন্ন করার কিংবা পুনর্গঠিত ডিপিপি'র আরো উৎকর্ষ সাধনের প্রয়োজন রয়েছে তবে তিনি পুনরায় প্রকল্প যাচাই কমিটি সভা আয়োজনের ব্যবস্থা করতে পারেন। সেক্ষেত্রে ধাপ-২ থেকে ৫ পর্যন্ত পুনরায় পরিচালনা করতে হবে এবং ডেস্ক/দায়িত্বে প্রাপ্ত কর্মকর্তা পুনর্গঠিত ডিপিপি যাচাই এর জন্য মন্ত্রণালয় যাচাই ফরমেট পুনর্গঠন করবে।
- উপধাপ ৬.৫ পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ), সিনিয়র সচিব/ সচিব (মঃবিঃ) এর সম্মতিক্রমে পুনর্গঠিত ডিপিপি এবং চেক সিট চূড়ান্ত মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন (MAR) পরিকল্পনা কমিশনের সদস্য (সেক্টর ডিভিশন) এর নিকট প্রেরণ করবে।




**চিত্র ২৯ ধাপ ৬ "পুনর্গঠিত ডিপিপি এবং চূড়ান্ত মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন পরিকল্পনা কমিশনে প্রেরণ"**

### ২-৭-১ পুনর্গঠিত ডিপিপি'র বিষয়বস্তু নিশ্চিতকরণ

পরিকল্পনা (মঃ/বিঃ) চেক সিট ব্যবহার করে, প্রকল্প যাচাই কমিটি সভার কার্যবিবরণীতে উল্লিখিত সিদ্ধান্তসমূহ অনুসারে যথাযথভাবে ডিপিপি পুনর্গঠন করা হয়েছে কিনা তা পর্যালোচনা করবে।

ধরা যাক, সচিব/সিঃ সচিব (মঃ/বিঃ) কিছু অমীমাংসিত সমস্যা নিয়ে আলোচনা করার জন্য পুনরায় প্রকল্প যাচাই কমিটি সভার আয়োজন করার সিদ্ধান্ত নিলেন। সেক্ষেত্রে, পরিকল্পনা অনুবিভাগ (মঃ/বিঃ) মন্ত্রণালয় যাচাই প্রতিবেদনের ফলাফল পুনর্গঠন করার মাধ্যমে পুনর্গঠিত ডিপিপি'র বিষয়বস্তু যাচাই করবে।

এই ম্যানুয়ালের অংশ ৩- এ চেক সিট ব্যাবহারের পদ্ধতি আলোচনা করা হয়েছে।

### ২-৭-২ প্রকল্প যাচাই/পর্যালোচনা চূড়ান্তকরণ

প্রকল্প যাচাই কমিটি সভার সভাপতি হিসেবে সচিব (মঃ/বিঃ) মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প প্রস্তাব যাচাই প্রক্রিয়া সম্পন্নকরণের লক্ষ্যে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন। সচিব (মঃ/বিঃ) ও প্রকল্প যাচাই কমিটি সভার সভাপতি এর সম্মতি ও প্রত্যয়ন গ্রহণের মাধ্যমে এই প্রক্রিয়া সম্পন্ন হয়।

### ২-৭-৩ পুনর্গঠিত ডিপিপি এবং চূড়ান্ত মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন প্রেরণ

পুনর্গঠিত ডিপিপি ও চূড়ান্ত মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন এবং এর সাথে যাচাই কমিটি সভার কার্যপত্র, যাচাই কমিটির কার্যবিবরণী এবং তুলনামূলক সারণি সংযুক্তি আকারে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণ করা হয়।

চূড়ান্ত মন্ত্রণালয় যাচাই প্রতিবেদন নিম্নে উল্লিখিত প্রতিবেদনের সমন্বয়ে গঠিত:

i. পূরণকৃত চেক সিট
ii. তুলনামূলক সারণি
iii. যাচাই কমিটি সভার কার্যবিবরণী
iv. যাচাই কমিটি সভার কার্যপত্র
v. পূরণকৃত মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF)

**নোট: সচিব (মঃ/বিঃ) যদি মনে করেন যে কিছু অনিষ্পন্ন বিষয় নিষ্পন্ন করার কিংবা পুনর্গঠিত ডিপিপি'র আরো উৎকর্ষ সাধনের প্রয়োজন রয়েছে তবে তিনি পুনরায় প্রকল্প যাচাই কমিটি সভা আয়োজনের ব্যবস্থা করতে পারেন। সেক্ষেত্রে, ডিপিপি যথাযথ মান অর্জন না করা পর্যন্ত ধাপ-২ থেকে ৫ পর্যন্ত পুনরায় পরিচালনা করতে হবে।**

# অংশ- ৩

## মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) ব্যবহার করার নির্দেশিকা

## ৩ মন্ত্রণালয় যাচাই ফরমটে (MAF) ব্যবহার করার নির্দেশিকা

MAF নিম্নলিখিত উপাদানসমূহ দ্বারা গঠিত। এই অধ্যায়ে MAF এর প্রতিটি উপাদান কিভাবে পূরণ করতে হয় তার বিস্তারিত ব্যাখ্যা দেয়া হয়েছে।

১. **প্রচ্ছদ পাতা:** প্রকল্প যাচাইয়ের জন্য কার্যক্রমের রেকর্ড সংরক্ষণ।
২. **অনুসরণ চেক:** প্রকল্পটি প্রাসঙ্গিক নিয়ম ও নির্দেশিকা অনুযায়ী প্রণয়ন করা হয়েছে কিনা তা পরীক্ষা করা।
৩. **অংশ ১, মৌলিক তথ্যাদি:** ডিপিপি প্রণয়নের মৌলিক চাহিদা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য অন্তর্ভূক্ত করা হয়েছে কিনা তা পরীক্ষা করা।
৪. **অংশ ২, লজিক্যাল ফ্রেমওয়ার্কের স্পষ্টতা:** লজিক্যাল ফ্রেমওয়ার্কটি যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে কিনা তা পরীক্ষা করা।
৫. **অংশ ৩, ভূমি অধিগ্রহণ, ক্ষতিপূরণ ও পুনর্বাসন বিষয়সমূহ:** ভূমি অধিগ্রহণ সংক্রান্ত বিষয়াদির শর্তাবলী ও বর্তমান অবস্থাসহ ভূমি অধিগ্রহণ, ক্ষতিপূরণ প্রদান ও পুনর্বাসন সংক্রান্ত বিষয়ে অগ্রিম ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে এযাবৎ কি ধরনের অগ্রগতি সাধিত হয়েছে তা পরীক্ষা করা।
৬. **অংশ ৪, পরিবেশ সংক্রান্ত চাহিদাসমূহ এবং দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি:** পরিবেশগত প্রাথমিক প্রভাব মূল্যায়ন এবং/অথবা বিধিমালা/প্রবিধানমালায় উল্লিখিত পদ্ধতি অনুসারে পরিবেশগত প্রভাব মূল্যায়ন সম্পাদন করা হয়েছে কিনা এবং প্রকল্পটি পরিবেশগতভাবে গ্রহণযোগ্য কিনা তা পরীক্ষা করা।
৭. **অংশ ৫, সেক্টর নির্দিষ্ট/ভিত্তিক বিশ্লেষণ:** সেক্টর নির্দিষ্ট/ভিত্তিক মানদন্ড এবং/অথবা অগ্রাধিকার/চাহিদা (যদি থাকে) পূরণে বিবেচ্য প্রকল্প কতটুকু অবদান রাখবে তা পরীক্ষা করা।
৮. **অংশ ৬, ব্যয়-আয় বিশ্লেষণ:** ব্যয়-আয় বিশ্লেষণ যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে কিনা তা যাচাই করা এবং প্রকল্পটি আর্থিক ও অর্থনৈতিকভাবে গ্রহণযোগ্য কিনা তা পরীক্ষা করা।
৯. **অংশ ৭, মূল্যায়নের মানদন্ড:** প্রাসঙ্গিকতা, কার্যকারিতা, দক্ষতা, প্রভাব, স্থায়িত্বশীলতা ও ঝুঁকি বিবেচনায় যথাযথভাবে প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে কিনা তা পরীক্ষা করা।
১০. **চেক সিট:** যাচাই কমিটি সভার সুপারিশের ভিত্তিতে DPP পুনর্গঠন করা হয়েছে কিনা তা পরীক্ষা করা।

## ৩-১ প্রচ্ছদ পাতা

প্রচ্ছদ পাতার মূল উদ্দেশ্য হল কিভাবে ফরমেটটি ব্যবহার করা যায় সে সম্পর্কে ধারণা দেওয়া এবং মন্ত্রণালয়/বিভাগে প্রকল্প যাচাইয়ের জন্য নেওয়া কার্যক্রমের ট্র্যাক রাখা।

### নির্দেশনা

**সূত্র: MAF**

**নির্দেশনা**

[ডিপিপি প্রাপ্তির পর]

এই ফরমেট এর তথ্যের ভিত্তিতে ডেস্ক কর্মকর্তা প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্র প্রস্তুত করবেন। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা শাখা উপস্থাপিত ডিপিপি এবং সংযুক্ত দলিলপত্র পরীক্ষা নিরীক্ষা করে এবং ডিপিপি প্রণয়নের দায়িত্বে নিয়োজিত সংস্থা/অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে আলোচনা করে ও তাঁদের বক্তব্য শুনে মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা শাখা কর্তৃক যাচাই সম্পন্ন করবে। পূরণকৃত MAF এবং কার্যপত্র যাচাই কমিটির সভায় উপস্থাপন করতে হবে। MAF ফরমেট ব্যবহার করে নিচের বিষয়সমূহ যাচাই করতে হবে।

প্রস্তুতি যাচাই
(অংশ-১) প্রকল্পের মৌলিক/গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় তথ্যাদি;
(অংশ-২) লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর স্পষ্টতা;
(অংশ-৩) ভূমি অধিগ্রহণ, ক্ষতিপূরণ ও পুনর্বাসন সংক্রান্ত বিষসমূহ;
(অংশ-৪) পরিবেশ সংক্রান্ত চাহিদাসমূহ এবং দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকি;
(অংশ-৫) সেক্টর নির্দিষ্ট বিশ্লেষণ/ সেক্টর নির্দিষ্ট বিশেষ চাহিদাসমূহ;
(অংশ-৬) ব্যয় – আয় বিশ্লেষণ; এবং
(অংশ-৭) মূল্যায়নের মানদন্ড (প্রাসঙ্গিকতা, কার্যকারিতা, দক্ষতা, প্রভাব, স্থায়িত্বশীলতা/ঝুঁকি ও তা প্রশমনের ব্যবস্থা/উপায়)

[পুনর্গঠিত ডিপিপি প্রাপ্তির পর]

১. পুনর্গঠিত ডিপিপি যাচাই এর জন্য প্রকল্প যাচাই কমিটির সভা করা প্রয়োজন হলে, ডেস্ক কর্মকর্তা MAF ব্যবহার করে পুনর্গঠিত ডিপিপি পরীক্ষা করবেন।

২. যাচাই কমিটির সভা অনুষ্ঠানের প্রয়োজন না হলে, চেক সিট (Check Sheet) ব্যবহার করে ডেস্ক কর্মকর্তা এই মর্মে নিশ্চিত করবেন যে, MAF এর প্রাসঙ্গিক মন্তব্যের আলোকে বিগত যাচাই কমিটির সিদ্ধান্তসমূহ পুনর্গঠিত ডিপিপিতে প্রতিফলিত হয়েছে।

[পরিকল্পনা কমিশনে ডিপিপি প্রেরণের সময়]
প্রকল্প মূল্যায়নের জন্য ডিপিপির সাথে প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্র, কার্যবিবরণী, পূরণকৃত MAF এবং Check Sheet সেক্টর ডিভিশনে প্রেরণ করতে হবে।

[নোট] এই ফরমেটটিতে পরিকল্পনা বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র "উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা" শীর্ষক স্মারক নং ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২০২০(অংশ ১)/১৩৩, তারিখ- ১২ জুন ২০২২ (এখন থেকে তা "গ্রিনবুক" নামে অভিহিত হবে) এর উপর ভিত্তি করে মূল উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) যাচাই এর মানদণ্ডের রূপরেখা দেওয়া হয়েছে।

কখন এবং কিভাবে মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) ব্যবহার করতে হবে এই নির্দেশনাটি তা ব্যাখ্যা করে। বিশদভাবে, প্রকল্পের মন্ত্রণালয়ভিত্তিক যাচাই পদ্ধতির জন্য, এই ম্যানুয়ালটির অংশ ২ দেখুন।

### কখন এবং কিভাবে

- অনুসরণ যাচাই/ প্রস্তুতি যাচাইকালে MAF ব্যবহার করুন।
  - MAF এর "অনুসরণ যাচাই/ প্রস্তুতি যাচাই" অংশ পূরণ করার মাধ্যমে।
- ডিপিপি এবং ডিপিপি'র সাথে সংযুক্ত নথিপত্র যাচাইকালে এবং প্রকল্প যাচাই কমিটির কার্যপত্র প্রস্তুত করতে MAF* ব্যবহার করুন।
  - MAF এর "অংশ ১ ও অংশ ৭" পূরণ করার মাধ্যমে।
- MAF-এর প্রাসঙ্গিক মন্তব্যের উপর ভিত্তি করে প্রকল্প যাচাই কমিটি সভার সকল সিদ্ধান্ত পুনর্গঠিত ডিপিপি'তে প্রতিফলিত হয়েছে কিনা তা নিশ্চিত করতে MAF ব্যবহার করুন।
  - "চেক সিট" পূরণ করার মাধ্যমে ।

* পরিকল্পনা বিভাগ কর্তৃক ২৯ মার্চ, ২০২৩ সালে জারিকৃত প্রজ্ঞাপন (স্মারক নং: ২০.০০.০০০০.৪০৪.০৬১.২০২০ (অংশ-২).৮৯) অনুযায়ী সকল নতুন উন্নয়ন প্রকল্পে (নিজস্ব অর্থায়নের উন্নয়ন প্রকল্পসহ) MAF ব্যবহার করে যাচাই কমিটির কার্যপত্র প্রস্তুত করতে হবে।

প্রকল্প যাচাই কমিটি সভা পুনরায় অনুষ্ঠিত হবার প্রয়োজন/সিদ্ধান্ত হলে পুনরায় MAF ব্যবহার করুন/ পুনর্গঠিত DPP ব্যবহার করে MAF পুনর্গঠন করুন।

**প্রকল্পের নাম:**

সূত্র: MAF

১. প্রকল্পের শিরোনাম

ডিপিপি'তে উল্লিখিত প্রকল্প শিরোনাম এর সাথে প্রকল্পের নাম পুরোপুরি এক হতে হবে। যেহেতু, প্রকল্পের অন্যান্য শনাক্তকরণ কোড প্রকল্প অনুমোদনের পরবর্তী বাজেট বরাদ্দের পর পাওয়া যায়, সেহেতু ডিপিপি প্রক্রিয়াকরণ পর্যায়ে প্রকল্প প্রস্তাব শনাক্তকরণের একমাত্র উপায় হচ্ছে প্রকল্পের নাম। যদি প্রকল্পের নাম এবং ডিপিপি'তে উল্লিখিত প্রকল্প শিরোনাম একই রকম না হয়, তাহলে প্রকল্প প্রস্তাব প্রক্রিয়াকরণ এবং যাচাই এর সময় বিভ্রান্তি সৃষ্টি হতে পারে।

**যাচাই এর প্রশ্নসমূহ:**

নিম্নের বিষয়ের আঙ্গিকে এ আইটেমটি পরীক্ষা করবেন

- প্রকল্পের শিরোনামে প্রকল্পের গুরুত্বপূর্ণ ধারণা সুনির্দিষ্টভাবে ব্যাখ্যা করা হয়েছে কিনা?
- প্রকল্পের শিরোনামের বাংলা ও ইংরেজী অর্থ একই কিনা?
- প্রকল্পের নাম একই প্রকৃতির অন্য প্রকল্পের নামের সাথে মিলে গেছে কিনা?

**মন্ত্রণালয় কর্তৃক যাচাই এর পূর্বে গৃহীত পদক্ষেপসমূহের তারিখ**

সূত্র: MAF

ডিপিপি প্রণয়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরের তারিখ : ____________

সংস্থা প্রধান কর্তৃক ডিপিপি স্বাক্ষরের তারিখ : ____________

মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ডিপিপি প্রাপ্তির তারিখ : ____________

ডেস্ক কর্মকর্তা কর্তৃক ডিপিপি প্রাপ্তির তারিখ : ____________

## ডিপিপি প্রণয়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার এবং সংস্থা প্রধান কর্তৃক ডিপিপি স্বাক্ষরের তারিখ

ডিপিপি প্রণয়নকারী কর্মকর্তার(দের) স্বাক্ষর ও তারিখ ডিপিপি'র অংশ-ক/Part-A: প্রকল্পের সার-সংক্ষেপ এর শেষ পৃষ্ঠায় এবং সংস্থা প্রধানের স্বাক্ষর ও তারিখ অংশ-খ/Part-B: প্রকল্পের বিস্তারিত বর্ণনা এর শেষ পৃষ্ঠায় পাওয়া যাবে, যা যথাক্রমে ডিপিপি প্রণয়নের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উহার প্রত্যয়ন নির্দেশ করবে।

**[পরামর্শ]**

প্রকল্প প্রস্তাব প্রক্রিয়াকরণের উল্লেখযোগ্য কার্যাবলী সম্পাদনের তারিখ লিপিবদ্ধ ও অনুসরণ করার উদ্দেশ্য হচ্ছে প্রক্রিয়াকরণ পদ্ধতির দক্ষতা নিশ্চিতকরণ; যাচাইকারী/ডেস্ক কর্মকর্তা সংস্থা প্রধান এর স্বাক্ষরের তারিখ দেখে বুঝতে পারবেন কখন ডিপিপি যাচাইযোগ্য হয়েছে এবং/অথবা যাচাইযোগ্য হওয়ার কতদিন পর ডিপিপি তাঁর কাছে পৌঁছেছে।

## মন্ত্রণালয়/বিভাগ এবং ডেস্ক কর্মকর্তা কর্তৃক ডিপিপি প্রাপ্তির তারিখ

মন্ত্রণালয়/বিভাগ এবং ডেস্ক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/যাচাইকারী কর্মকর্তা কর্তৃক ডিপিপি প্রাপ্তির তারিখ অলাদাভাবে লিপিবদ্ধ করতে হবে। অনেক ক্ষেত্রে, প্রশাসনিক জটিলতার কারণে মন্ত্রণালয়/বিভাগ এবং ডেস্ক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/যাচাইকারী কর্মকর্তা কর্তৃক ডিপিপি প্রাপ্তির তারিখের মধ্যে পার্থক্য দেখা যায়।

**মন্ত্রণালয় কর্তৃক যাচাইকালে গৃহীত পদক্ষেপসমূহের তারিখ**

সূত্র: MAF

| তারিখ | সম্পাদিত কার্যক্রম | পরবর্তী অনুসরণীয় কার্যক্রম |
|---|---|---|
| | প্রকল্প যাচাই শুরু করা হয়েছে | |
| | প্রকল্প যাচাই কমিটি (পিএসসি) সভার কার্যপত্র প্রণয়ন করা হয়েছে | |
| | প্রকল্প যাচাই কমিটির (পিএসসি) সভা অনুষ্ঠিত হয়েছে | |
| | প্রকল্প যাচাই কমিটির (পিএসসি) সভার কার্যবিবরণী জারি করা হয়েছে | |
| | [প্রযোজ্য ক্ষেত্রে] জনবল নির্ধারণ কমিটির সুপারিশ সংযুক্ত আছে | |
| | মন্ত্রণালয়/বিভাগে সংস্থা হতে পুনর্গঠিত ডিপিপি গ্রহণ করা হয়েছে | |
| | ডেস্ক কর্মকর্তা কর্তৃক সংস্থা হতে পুনর্গঠিত ডিপিপি প্রাপ্তি | |

স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য ডিপিপি যাচাই প্রক্রিয়ার প্রতিটি উল্লেখযোগ্য কার্যাবলী রেকর্ড করতে হবে। নির্ধারিত প্রক্রিয়া অনুসরণে যাচাই কার্যাবলীর ধারাবাহিক অগ্রগতির অবস্থা অনুধাবন এবং অপ্রত্যাশিত বিষয়গুলো মোকাবেলার জন্য সংক্ষিপ্ত বিবরণসহ উল্লেখযোগ্য কার্যাবলী সম্পাদনের শুরু ও শেষের তারিখ রেকর্ড করা গুরুত্বপূর্ণ । যাচাই প্রক্রিয়ার এই পর্যায়ে দুই ধরনের যোগাযোগ হবে: ১) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ এর মধ্যে অভ্যন্তরীণ যোগাযোগ এবং ২) মন্ত্রণালয়/বিভাগ এর সাথে প্রকল্প প্রস্তাব প্রণয়নকারী সংস্থার যোগাযোগ। উভয় ধরনের যোগাযোগকেই রেকর্ডভূক্ত করতে হবে । যাচাই কার্যাবলী সম্পাদনের রেকর্ডে তিনটি বিষয় অর্ন্তভূক্ত করতে হবে:

- তারিখ: উল্লেখযোগ্য যাচাই কার্যাবলী শুরু ও সম্পাদনের তারিখ।
- উল্লেখযোগ্য কার্যাবলী: সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলীর সংক্ষিপ্ত বিবরণ।
- যেসকল কার্যাবলী অনুসরণ করতে হবে: কার্যকরভাবে কার্যাবলী সম্পাদনের জন্য পরবর্তী পর্যায়ে যেসকল পদক্ষেপ গ্রহণ করতে হবে তার সংক্ষিপ্ত বিবরণ।

MAF- এ সামগ্রিকভাবে নিম্নোক্ত কার্যাবলী সম্পাদনের উল্লেখ রয়েছে:

- প্রকল্প যাচাই শুরু করা হয়েছে
- প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্র প্রণয়ন করা হয়েছে
- প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে
- প্রকল্প যাচাই কমিটির সভার কার্যবিবরণী জারি করা হয়েছে
- [প্রযোজ্য ক্ষেত্রে] জনবল নির্ধারণ কমিটির সুপারিশ সংযুক্ত আছে
- মন্ত্রণালয়/বিভাগে সংস্থা হতে পুনর্গঠিত ডিপিপি গ্রহণ করা হয়েছে
- ডেস্ক কর্মকর্তা কর্তৃক সংস্থা হতে পুনর্গঠিত ডিপিপি প্রাপ্তি

**[পরামর্শ]**
মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রকল্প প্রস্তাব/ডিপিপি যাচাই কার্যাবলী সম্পাদনের রেকর্ডের ন্যূনতম চাহিদা হচ্ছে প্রতিটি উল্লেখযোগ্য কার্যাবলী সম্পাদনের শুরু ও শেষের তারিখসহ উহাদের সংক্ষিপ্ত বিবরণ দেয়া। পরবর্তীতে যখন বিবেচ্য কার্যাবলী সংশ্লিষ্ট আরো কোন পদক্ষেপ গ্রহণ করা হবে সেগুলো পর্যায়ক্রমে রেকর্ডভূক্ত করতে হবে।

**মন্ত্রণালয় যাচাই নিশ্চিতকরণের তারিখ**

**সূত্র: MAF**

| | |
|---|---|
| ডেস্ক কর্মকর্তা কর্তৃক চেক সিট ব্যবহার করে পুনর্গঠিত ডিপিপি নিশ্চিতকরণের তারিখ | : |
| সভাপতি, পিএসসি এবং প্রধান, মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক পুনর্গঠিত ডিপিপি সুপারিশের তারিখ | : |
| পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে Project Assessment সহ ডিপিপি/পুনর্গঠিত ডিপিপি প্রেরণের তারিখ | : |

**নিশ্চিতকরণের তারিখ**
যে তারিখে ডেস্ক অফিসার একটি চেক সিট ব্যবহার করে নিশ্চিত করবেন যে, MAF-এ প্রাসঙ্গিক মন্তব্যের উপর ভিত্তি করে প্রকল্প যাচাই কমিটি সভার সকল সিদ্ধান্ত পুনর্গঠিত DPP-তে প্রতিফলিত হয়েছে কিনা।

**প্রত্যয়নের তারিখ**
প্রকল্প যাচাই কমিটির (প্রকল্প যাচাই কমিটি) সভাপতি ডিপিপি'র নির্দিষ্ট অংশে স্বাক্ষর এবং তারিখ উল্লেখে করবেন। সচিব/সিঃ সচিবের স্বাক্ষরের মাধ্যমে তিনি ডিপিপি'র বিষয়বস্তু (প্রকল্প যাচাই ফলাফলসহ) চূড়ান্ত প্রত্যয়ন প্রদান করবেন।

**[পরামর্শ]**
মনে রাখতে হবে এটা প্রকল্প যাচাই কমিটি সভার তারিখ নয়।

**জমাদানের তারিখ**
এখানে ডিপিপি প্রেরণের আনুষ্ঠানিক তারিখ উল্লেখ করতে হবে, যে তারিখে মন্ত্রণালয়/বিভাগ থেকে ডিপিপি পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়/বিভাগ হতে যে পত্রের মাধ্যমে পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে পাঠানো হয়, সেখান থেকে এই তারিখ নিতে হবে।

**[পরামর্শ]**
প্রকল্প যাচাই কমিটি এর সভাপতি এবং মন্ত্রণালয়/বিভাগ এর সচিব কর্তৃক পুনর্গঠিত ডিপিপি প্রত্যয়ন করার সাথে সাথেই যেন পরিকল্পনা কমিশন এর সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণ করা হয় তা নিশ্চিত করতে হবে।

## ৩-২ অনুসরণ-ক: প্রকল্প প্রস্তাব যাচাই এর পূর্বে প্রকল্প প্রস্তাবের মৌলিক চাহিদা প্রতিপালন যাচাই

এখানে অনুসরণ চেকের দু'টি ভাগ রয়েছে: অনুসরণ ক এবং অনুসরণ খ

অনুসরণ ক- তে, গ্রিনবুক ২০২২-এ উল্লেখিত প্রকল্প প্রণয়ন, যাচাই/মূল্যায়ন এবং অনুমোদন পদ্ধতির সাথে সামঞ্জস্যতা যাচাই করুন।

- ক-১ : সংস্থা পর্যায়ে কমিটি কর্তৃক পরীক্ষা
- ক-২: সম্ভাব্যতা সমীক্ষা
- ক-৩: বৈদেশিক অর্থায়ন
- ক-৪: সরকারি মালিকানাধীন/স্বায়ত্বসাশিত প্রতিষ্ঠানসমূহের প্রকল্পসমূহ

**যদি ডিপিপি নির্ধারিত ফরমেট অনুযায়ী প্রণয়ন করা না হয়, সেক্ষেত্রে ডিপিপি সংস্থায় ফেরত পাঠাতে হবে।**

অনুসরণ খ-তে, প্রকল্প যাচাইয়ের আগে ডিপিপি এর মৌলিক প্রয়োজনীয়তাগুলির সাথে সামঞ্জস্যতা যাচাই করুন।

- খ-১: ভূমি
- খ-২: পুনর্বাসন/Resettlement
- খ-৩: পরিবেশগত প্রভাব
- খ-৪: দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি

**প্রকল্পের জন্য উপরিউক্ত বিষয়সমূহ প্রযোজ্য হলে, প্রস্তাবিত প্রকল্পটি প্রাসঙ্গিক নিয়ম ও নির্দেশিকা মেনে প্রস্তুতকৃত হয়েছে কিনা তা বিশদভাবে যাচাই করা হবে।**

## ক-১ সংস্থা পর্যায়ে কমিটি কর্তৃক পরীক্ষা

**সূত্র: MAF**

ক-১: সংস্থার কমিটি কর্তৃক পরীক্ষা

| অনুচ্ছেদ/গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়বস্তু |
| --- |
| অনুচ্ছেদ ২.১ বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রণীত প্রকল্প প্রস্তাব (ডিপিপি) সংস্থা পর্যায়ে সংস্থা প্রধানের সভাপতিত্বে কারিগরি বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক বিস্তারিতভাবে পরীক্ষা করে চূড়ান্ত প্রকল্প প্রস্তাব উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। প্রয়োজন অনুযায়ী Directorate/Department/সংস্থা পর্যায়ে প্রকল্প প্রস্তাব পরীক্ষার জন্য একটি কারিগরি উপ-কমিটি গঠন করতে হবে। |

গ্রিনবুক এর ২.১ অনুচ্ছেদে বলা হয়েছে "সংস্থা কর্তৃক প্রণীত প্রকল্প প্রস্তাবটি সংস্থা প্রধানের সভাপতিত্বে এবং কারিগরি বিশেষজ্ঞ সমন্বয়ে গঠিত একটি কমিটি দ্বারা বিস্তারিত ভাবে পরীক্ষা করে চূড়ান্ত করা হবে এবং সে অনুযায়ী পরীক্ষা করার পর মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হবে।"

**ক) কমিটি গঠন**

- ডিপিপি'র সংযুক্তি হিসেবে কমিটির সভার কার্যবিবরণী পরীক্ষা করে দেখুন যে সংস্থা কর্তৃক কমিটি গঠন করা হয়েছিল কিনা।
- কোন একটি Option/বিকল্প নির্বাচন করুন:
  - হ্যাঁ: কমিটি গঠন করা হয়েছিল।
  - না: কমিটি গঠন করা হয়নি।
- যদি উত্তর হ্যাঁ হয়; তাহলে খ-১ নং প্রশ্নের উত্তর করুন।
- যদি উত্তর না হয়; তাহলে প্রশ্ন খ-১ এবং খ-২ বাদ দিন। ডিপিপি সংস্থায় ফেরত পাঠাতে হবে।

**খ-১) কমিটির সিদ্ধান্ত**

- ডিপিপি'র সংযুক্তি হিসেবে কমিটি সভার কার্যবিবরণী পরীক্ষা করে দেখুন যে সংস্থা কর্তৃক গঠিত কমিটি প্রকল্প প্রস্তাবটি উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগে পাঠানোর সিদ্ধান্ত গ্রহণ করেছিল কিনা।
- কোন একটি Option/বিকল্প নির্বাচন করুন:
  - হ্যাঁ: কমিটি উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগে ডিপিপি প্রেরণের সিদ্ধান্ত নিয়েছিল।
  - না: কমিটি উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগে ডিপিপি প্রেরণের সিদ্ধান্ত নেয়নি।
- যদি উত্তর হ্যাঁ হয়, তাহলে খ-১ নং প্রশ্নের উত্তর করুন।
- যদি উত্তর না হয়, তাহলে খ-২ নং প্রশ্ন এড়িয়ে যান। ডিপিপি সংস্থায় ফেরত পাঠাতে হবে।

**খ-২) রেকর্ড**

- ডিপিপি'র সংযুক্তি হিসেবে সংযুক্ত সংস্থা কর্তৃক গঠিত কমিটি সভার কার্যবিবরণী দেখে কমিটি সভার তারিখটি উল্লেখ করুন (লিখুন)।
- কমিটি সভার কার্যবিবরণীর সংযুক্তির ক্রমিক নং উল্লেখ করুন।

**গ) মতামত ও পরামর্শ**

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**উদাহরণ:** কমিটির সিদ্ধান্ত নিশ্চিতকরণের উদ্দেশ্যে কমিটি সভার "কার্যবিবরণী" ডিপিপি'র সাথে সংযুক্ত করতে হবে। এই বিষয়টি সভায় আলোচনা করা যেতে পারে।

## ক-২ সম্ভাব্যতা সমীক্ষা

সূত্র: MAF

**ক-২: সম্ভাব্যতা সমীক্ষা (ডিপিপির আইটেম নং ১৭.)**

| গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
|---|
| অনুচ্ছেদ ১.১.২- সম্ভাব্যতা সমীক্ষা: ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয়ের সকল বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ, নিরপেক্ষ ও পেশাদারি প্রতিষ্ঠান/ব্যক্তি পরামর্শক কর্তৃক আবশ্যিকভাবে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করতে হবে এবং নির্ধারিত ছকে (সংযোজনী-ক/খ) সম্ভাব্যতা সমীক্ষার প্রতিবেদন প্রণয়ন করতে হবে। প্রতিবেদনের সুপারিশ ও গুরুত্বপূর্ণ অংশ (নির্বাহী সার-সংক্ষেপ, ব্যয় প্রাক্কলন, ডিজাইন/কনসেপচুয়াল ডিজাইন ইত্যাদি) প্রকল্প প্রস্তাবের (ডিপিপি) সাথে সংযুক্ত করতে হবে। এছাড়া, প্রকল্পের গুরুত্ব/প্রকৃতি বিবেচনায় ৫০ (পঞ্চাশ) কোটি টাকা পর্যন্ত প্রাক্কলিত ব্যয়ের বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বেও সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করতে হবে।<br>অনুচ্ছেদ ২১.৪ - উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকারী প্রতিটি সংস্থা পর্যায়ে নিজস্ব কারিগরি জ্ঞানসম্পন্ন কর্মকর্তাদের সমন্বয়ে একটি কারিগরি কমিটি থাকবে। উক্ত কমিটিতে যথাপ্রয়োজন সংস্থার বাইরে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ/দক্ষ কোন কর্মকর্তা/ব্যক্তিকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে। উক্ত কারিগরি কমিটি সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন বুঝে নেবে এবং সম্ভাব্যতা সমীক্ষা পরবর্তী প্রকল্প বাস্তবায়ন কৌশল নির্ধারণ বিষয়ে দিক-নির্দেশনাসহ সুপারিশ করবে। |

| ক) প্রস্তাবিত প্রকল্পের ব্যয় কি ৫০ কোটি টাকার উর্ধ্বে? (☐ বক্সটিতে টিক দিন ) | |
|---|---|
| ☐ হ্যাঁ হলে (➔ খ-১ এ যান) | ☐ না হলে (➔ গ তে যান) |
| খ-১) সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদিত হয়েছিল কি? (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ হ্যাঁ হলে (➔ খ-২ এ যান) | ☐ না হলে, ডিপিপি সংস্থায় ফেরৎ পাঠাতে হবে। |
| খ-২) বাস্তবায়নকারী সংস্থার কারিগরি কমিটি কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষা গ্রহণের তারিখ | |
| তারিখ (দিন/মাস/বছর): | সংযুক্তি নং: |
| গ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

গ্রিনবুক ২০২২ এর অনুচ্ছেদ ১.১.২- এ উল্লেখ করা হয়েছে, "৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয়ের সকল বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ, নিরপেক্ষ ও পেশাদারি প্রতিষ্ঠান/ব্যক্তি পরামর্শক কর্তৃক আবশ্যিকভাবে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করতে হবে।"

অনুচ্ছেদ ৬.২- এ উল্লেখ করা হয়েছে কিভাবে সম্ভাব্যতা সমীক্ষা প্রস্তাব প্রণয়ন, মূল্যায়ন, অনুমোদন এবং সংশোধন করতে হবে, যার সংশ্লিষ্ট সার-সংক্ষেপ নিম্নে দেয়া হলো:

- বাস্তবায়নকারী সংস্থা গ্রিনবুক ২০২২ এর সংযোজনী-ট অনুযায়ী সম্ভাব্যতা সমীক্ষা/জরিপ প্রকল্প প্রস্তাব প্রণয়ন করবেন।
- সম্ভাব্যতা সমীক্ষা/জরিপ প্রকল্পের ব্যয় ৫ কোটি (৫০ মিলিয়ন) টাকা পর্যন্ত হলে:
  - উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির সুপারিশক্রমে সম্ভাব্যতা সমীক্ষা/জরিপ প্রকল্প প্রস্তাব অনুমোদন করবেন।
- সম্ভাব্যতা সমীক্ষা/জরিপ প্রকল্পের ব্যয় ৫ কোটি (৫০ মিলিয়ন) টাকার উর্ধ্বে হলে:
  - পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত সম্ভাব্যতা সমীক্ষা/জরিপ প্রস্তাব যাচাই করে পিইসি সভায় উপস্থাপন করবে। পিইসি সভার সুপারিশ প্রাপ্তির পর পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন প্রকল্প প্রস্তাব অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করবেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বর্ণনা নিম্নে তুলে ধরা হল:
    - ➢ সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের ক্ষেত্রে, যার প্রাক্কলিত ব্যয় ৫ (পাঁচ) কোটি টাকা থেকে ৫০ (পঞ্চাশ) কোটি টাকা পর্যন্ত: পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী।
    - ➢ সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের ক্ষেত্রে, যার প্রাক্কলিত ব্যয় ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধে একনেক (ECNEC)

### ক) প্রকল্প ব্যয় যাচাই

- প্রকল্পের ব্যয় ৫০ কোটি টাকার বেশি কিনা তা যাচাই করুন। প্রকল্পের সামগ্রিক ব্যয় ডিপিপি এর আইটেম ৫.১ এ পাওয়া যাবে।
- কোন একটি Option/বিকল্প নির্বাচন করুন:
  - হ্যাঁ: প্রকল্প ব্যয় ৫০ কোটি টাকার উর্ধ্বে।
  - না: প্রকল্প ব্যয় ৫০ কোটি টাকার মধ্যে।
- যদি উত্তর হ্যাঁ হয়, তাহলে খ-১ নং প্রশ্নের উত্তর করুন।
- যদি উত্তর না হয়, তাহলে খ-১ ও খ-২ নং প্রশ্ন এড়িয়ে যান। এক্ষেত্রে, প্রস্তাবিত প্রকল্পের ব্যয় ৫০ কোটি টাকার মধ্যে হওয়ায় খ-১ ও খ-২ এর প্রশ্নসমূহ প্রযোজ্য হবে না।

**খ-১) সম্ভাব্যতা সমীক্ষার বর্তমান অবস্থা**

- সম্ভাব্যতা সমীক্ষার অবস্থা পরীক্ষা করুন: ডিপিপি আইটেম ১৭- এ উল্লেখ করা হয় যে সম্ভাব্যতা সমীক্ষা করা হয়েছিল কিনা। প্রি-এপ্রেইজাল/ সম্ভাব্যতা সমীক্ষা/ প্রাক-বিনিয়োগ সমীক্ষা হয়েছে কিনা? (হয়ে থাকলে পর্যবেক্ষণ ও সুপারিশ সংযুক্ত করতে হবে, না হয়ে থাকলে তার কারণ উল্লেখ করতে হবে)
- কোন একটি Option/বিকল্প নির্বাচন করুন:
  - হ্যাঁ: সম্ভাব্যতা সমীক্ষা করা হয়েছিল।
  - না: সম্ভাব্যতা সমীক্ষা করা হয়নি।
- যদি উত্তর হ্যাঁ হয়, তাহলে খ-২ নং প্রশ্নের উত্তর করুন।
- যদি উত্তর না হয়, তাহলে খ-২ নং প্রশ্ন এড়িয়ে যান। এক্ষেত্রে, ডিপিপি সংস্থায় ফেরত পাঠাতে হবে।

**খ-২) রেকর্ড**

- ডিপিপি'র আইটেম ১৭ এর সংযুক্তি হিসেবে সংযুক্ত "সম্ভাব্যতা সমীক্ষার সার-সংক্ষেপ" সংস্থা কর্তৃক অথবা কারিগরি কমিটি কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষা গ্রহণের তারিখটি উল্লেখ করুন (লিখুন)।
- সম্ভাব্যতা সমীক্ষার সার-সংক্ষেপ এর সংযুক্তির ক্রমিক নং উল্লেখ করুন।

**গ) মতামত ও পরামর্শ**

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**উদাহরণ:** যেহেতু প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫০ কোটি টাকার বেশি, তাই সম্ভাব্যতা সমীক্ষা করা উচিত এবং সম্ভাব্যতা সমীক্ষার ভিত্তিতে প্রকল্পের নকশা/ডিজাইন তৈরি করা উচিত। এই বিষয়টি সভায় আলোচনা করা যেতে পারে।

## ক-৩ বৈদেশিক অর্থায়ন

**সূত্র: MAF**

**[প্রযোজ্য ক্ষেত্রে] ক-৩: বৈদেশিক অর্থায়নঃ অনুদান/ঋণ (ডিপিপি আইটেম ৬.)**

| গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
|---|
| অনুচ্ছেদ ৭.১- বিনিয়োগ/কারিগরি সহায়তা প্রকল্পের জন্য বৈদেশিক অর্থায়নের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ প্রাথমিক উন্নয়ন প্রকল্প ছকে (পিডিপিপি) (সংযোজনী-ড) প্রস্তাব প্রণয়ন করে যুগপৎ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) এবং পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগে প্রেরণ করবে। ব্যয় নির্বিশেষে প্রণীত এ ধরনের প্রস্তাব প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ প্রকল্প প্রস্তাবের গ্রহণযোগ্যতা সম্পর্কে মতামত চূড়ান্ত করবে এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর অনুমোদনক্রমে মতামত/নীতিগত অনুমোদনসহ পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডিতে প্রেরণ করবে এবং উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করবে। |

| | | | |
|---|---|---|---|
| ক) প্রস্তাবিত প্রকল্পটি কি সম্পূর্ণ বা আংশিক বৈদেশিক অর্থ দ্বারা অর্থায়িত (অনুদান/ঋণ)? (☐ বক্সটিতে টিক দিন ) | | | |
| ☐ হ্যাঁ হলে (➔ খ-১ এ যান) | | ☐ না হলে (➔ ঘ তে যান) | |
| খ-১) প্রকল্পের প্রাথমিক ডিপিপি (পিডিপিপি) অনুমোদিত হয়েছিল কি? (☐ বক্সটিতে টিক দিন) | | | |
| ☐ হ্যাঁ হলে (➔ খ-২ এ যান) | | ☐ না হলে (➔ গ তে যান) | |
| খ-২) অনুমোদনের তারিখ ও ডিপিপির সংযোজনী নং উল্লেখ করুন | | | |
| অনুমোদনের তারিখ (দিন/মাস/বছর): | | সংযুক্তি নং: | |
| গ) উন্নয়ন অংশীদারদের সাথে স্বাক্ষরিত অনুদান/ঋণচুক্তি/সমঝোতা স্মারক/অনুমোদন প্রতিবেদন অথবা অন্যান্য সংশ্লিষ্ট দলিলপত্র ডিপিপির সাথে সংযুক্ত করা হয়েছে কি? | | | |
| ☐ হ্যাঁ | সংযুক্তি নং: | পৃষ্ঠা নং: | ☐ সংযুক্ত করা হয়নি (➔ ঘ তে যান) |
| ঘ) মন্তব্য ও পরামর্শ | | | |
| | | | |

গ্রিনবুক ২০২২ এর অনুচ্ছেদ ১.১.২- এ উল্লেখ করা হয়েছে, "বিনিয়োগ/কারিগরি সহায়তা প্রকল্পের জন্য বৈদেশিক অর্থায়নের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ প্রাথমিক উন্নয়ন প্রকল্প ছকে (পিডিপিপি) (সংযোজনী-ড) প্রস্তাব প্রণয়ন করে যুগপৎ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) এবং পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগে প্রেরণ করবে।”

### ক) অর্থায়নের ধরন ও উৎস

- অর্থায়নের উৎস দেখুন: প্রস্তাবিত প্রকল্পের ব্যয় উন্নয়ন সহযোগী (Development Partner) কর্তৃক সম্পূর্ণ/আংশিকভাবে অর্থায়ন হবে কি না তার জন্য ডিপিপি’র আইটেম ৬.১: অর্থায়নের ধরন ও উৎস পরীক্ষা করুন।
- কোন একটি Option/বিকল্প নির্বাচন করুন:
  - হ্যাঁ: প্রস্তাবিত প্রকল্পের ব্যয় উন্নয়ন সহযোগী (Development Partner) কর্তৃক সম্পূর্ণ/আংশিকভাবে অর্থায়ন করা হবে।
  - না: প্রস্তাবিত প্রকল্পের ব্যয় সম্পূর্ণভাবে বাংলাদেশ সরকারের মাধ্যমে অর্থায়ন করা হবে।
- যদি উত্তর হ্যাঁ হয়, তাহলে খ-১ নং প্রশ্নের উত্তর করুন।
- যদি উত্তর না হয়, তাহলে খ-১ ও খ-২ নং প্রশ্ন এড়িয়ে যান। এক্ষেত্রে, প্রস্তাবিত প্রকল্প বাংলাদেশ সরকারের মাধ্যমে অর্থায়িত হওয়ায় খ-১ ও খ-২ এর প্রশ্নসমূহ প্রযোজ্য হবে না।

### খ-১) পিডিপিপি অনুমোদনের অবস্থা

- ডিপিপি’র সংযুক্তিসমূহ থেকে পিডিপিপি অনুমোদনের অবস্থা পরীক্ষা করুন।
- কোন একটি Option/বিকল্প নির্বাচন করুন:
  - হ্যাঁ: পিডিপিপি অনুমোদিত হয়েছে।
  - না: পিডিপিপি অনুমোদিত হয়নি।
- যদি উত্তর হ্যাঁ হয়, তাহলে খ-২ নং প্রশ্নের উত্তর করুন।
- যদি উত্তর না হয়, তাহলে খ-২ নং প্রশ্ন এড়িয়ে যান। এক্ষেত্রে, ডিপিপি সংস্থায় ফেরত পাঠাতে হবে।

### খ-২) রেকর্ড

- পিডিপিপি এর অনুমোদন সম্পর্কে সংক্ষিপ্ত তথ্য প্রদান করুন, যেমন পরিকল্পনার দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক পিডিপিপি অনুমোদনের তারিখ।
- ডিপিপি’র সাথে সংযুক্ত পিডিপিপি- এর সংশ্লিষ্ট সংযুক্তি নং উল্লেখ করুন। এক্ষেত্রে সংযুক্তিতে পিডিপিপি অনুমোদন সংক্রান্ত কাগজ-পত্রের অনুলিপি থাকতে হবে।

### গ) মতামত ও পরামর্শ

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**উদাহরণ:** যেহেতু প্রস্তাবিত প্রকল্পটি ডেভেলপমেন্ট পার্টনারদের দ্বারা অর্থায়ন করা হয়েছে, সেহেতু পিডিপিপি প্রণয়ন করা উচিত এবং তা যথাযথ কর্তৃপক্ষের দ্বারা অনুমোদন পূর্বক ডিপিপি’র সাথে সংযুক্ত করা উচিত।

## ক-৪ সরকারি মালিকানাধীন/স্বায়ত্বসাশিত প্রতিষ্ঠানসমূহের প্রকল্পসমূহ

**সূত্র: MAF**

**[প্রযোজ্য ক্ষেত্রে] ক-৪: সরকারি মালিকানাধীন/স্বায়ত্বসাশিত প্রতিষ্ঠানসমূহের প্রকল্পসমূহ (ডিপিপি আইটেম ৬.)**

| গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
|---|
| অনুচ্ছেদ ১.৭.১- রাষ্ট্রীয় মালিকানাধীন/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত প্রকল্পের ক্ষেত্রে জিওবি থেকে অর্থায়নের প্রয়োজন হলে অর্থায়নের প্রকৃতি (অনুদান/ঋণ/ইক্যুইটি) নির্ধারণে অর্থ বিভাগের পূর্ব সম্মতি নিতে হবে। উল্লেখ্য, এ বিষয়ে অর্থ বিভাগের সর্বশেষ নির্দেশনা/সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণপূর্বক প্রকল্প প্রস্তাবে উল্লেখ করতে হবে।<br>অনুচ্ছেদ ১১.১.১- স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের উদ্বৃত্ত সম্পদ উন্নয়ন প্রকল্পে বিনিয়োগ করা যাবে। এক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার নিয়ন্ত্রণাধীন তহবিলের অর্থ এবং বাস্তবায়নকারী সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন তহবিলের অর্থ উপরোল্লিখিত উদ্বৃত্ত সম্পদের সাথে উন্নয়ন প্রকল্প গ্রহণে বিনিয়োগ করা যাবে। স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের উদ্বৃত্ত সম্পদ বিনিয়োগ সংক্রান্ত বিষয়ে অর্থ বিভাগের সর্বশেষ নীতিমালা অথবা এর ধারাবাহিকতায় পরবর্তীতে এ সংক্রান্ত জারিকৃত পরিপত্র অনুসরণ করে অর্থ বিভাগের মনিটরিং সেল থেকে ছাড়পত্র সংগ্রহ করতে হবে। স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের প্রকল্পের ক্ষেত্রে অর্থ বিভাগ থেকে প্রকাশিত 'স্থানীয়/বৈদেশিক মুদ্রার ঋণের লগ্নী এবং পুনঃলগ্নীর শর্তাবলী' যথাযথভাবে অনুসরণ করতে হবে।<br>অনুচ্ছেদ ১২.১- স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব তহবিলের (প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার নিয়ন্ত্রণাধীন তহবিলের অর্থ এবং বাস্তবায়নকারী সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন তহবিলের অর্থসহ) সাথে অন্য কোন উৎস হতে প্রাপ্ত/সংগৃহীত অর্থ (যেমন: বাংলাদেশ সরকার বা উন্নয়ন সহযোগীর নিকট থেকে সংগৃহীত ঋণ বা অনুদান, প্রকল্প সুবিধাভোগীদের নিকট থেকে সংগৃহীত অর্থ/শেয়ারের মাধ্যমে সংগৃহীত অর্থ, সংস্থার আয় বহির্ভূত অন্য কোন অর্থ ইত্যাদি) একত্রিত করে প্রকল্প গ্রহণ করা হলে অনুচ্ছেদ ১১.১ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রকল্প প্রস্তাব প্রণয়ন করতে হবে। প্রকল্প অনুমোদন, সংশোধন, মেয়াদ বৃদ্ধি, আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় ইত্যাদি বিষয় প্রক্রিয়াকরণের ক্ষেত্রে বিনিয়োগ প্রকল্পের জন্য প্রযোজ্য পদ্ধতি (অনুচ্ছেদ ৩, ৪, ৫, ১৮, ১৯ ইত্যাদি) অনুসরণ করতে হবে। |

| ক) বাস্তবায়নকারী সংস্থা কি একটি স্বায়ত্তশাসিত/আধা- স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন অথবা রাষ্ট্রায়ত্ত কোম্পানি? | |
|---|---|
| ☐ হ্যাঁ (➔ খ-১ এ যান, তারপর গ তে যান) | ☐ না (➔ ঙ তে যান) |
| খ-১) যদি স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানিগুলি প্রস্তাবিত প্রকল্পে তাদের উদ্বৃত্ত তহবিল বিনিয়োগ করে, সেক্ষেত্রে অর্থ বিভাগের অনাপত্তিপত্র/ছাড়পত্র নেওয়া হয়েছিল কি? (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ হ্যাঁ হলে (➔ খ-২ এ যান) | ☐ না হলে, ডিপিপি সংস্থায় ফেরৎ পাঠাতে হবে (➔ ঙ তে যান) |
| খ-২) অর্থ বিভাগের অনাপত্তিপত্র/ছাড়পত্র গ্রহণের তারিখ | |
| তারিখ (দিন/মাস/বছর): | সংযুক্তি নং: |
| গ) প্রস্তাবিত প্রকল্পের জন্য সরকারি অর্থায়ন প্রয়োজন আছে কি? (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ হ্যাঁ হলে (➔ ঘ-১ এ যান) | ☐ না হলে (➔ ঙ তে যান) |
| ঘ-১) প্রস্তাবিত প্রকল্পের জন্য যদি GoB থেকে তহবিল প্রয়োজন হয়,, সেক্ষেত্রে বিনিয়োগ/পুনঃবিনিয়োগের ঋণ/অনুদান/ইক্যুইটির অনুপাত সম্পর্কে অর্থ বিভাগের পূর্বানুমতি নেওয়া হয়েছিল কি? | |
| ☐ হ্যাঁ হলে (➔ ঘ-২ এ যান) | ☐ না হলে, ডিপিপি সংস্থায় ফেরৎ পাঠাতে হবে (➔ ঙ তে যান) |
| ঘ-২) বিনিয়োগ/পুনঃবিনিয়োগের ঋণ/অনুদান/ইক্যুইটির অনুপাত সম্পর্কে অর্থ বিভাগের পূর্বানুমতি নেওয়ার তারিখ | |
| তারিখ (দিন/মাস/বছর): | সংযুক্তি নং: |
| ঙ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

গ্রিনবুক ২০২২ এর অনুচ্ছেদ ১.৭.১- এ উল্লেখ করা হয়েছে, "রাষ্ট্রীয় মালিকানাধীন/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত প্রকল্পের ক্ষেত্রে জিওবি থেকে অর্থায়নের প্রয়োজন হলে অর্থায়নের প্রকৃতি (অনুদান/ঋণ/ইক্যুইটি) নির্ধারণে অর্থ বিভাগের পূর্ব সম্মতি নিতে হবে। উল্লেখ্য, এ বিষয়ে অর্থ বিভাগের সর্বশেষ নির্দেশনা/সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণপূর্বক প্রকল্প প্রস্তাবে উল্লেখ করতে হবে।"

গ্রিনবুক ২০২২ এর অনুচ্ছেদ ১১.১.১১- এ উল্লেখ করা হয়েছে, "স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের উদ্বৃত্ত সম্পদ উন্নয়ন প্রকল্পে বিনিয়োগ করা যাবে। এক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার নিয়ন্ত্রণাধীন তহবিলের অর্থ এবং বাস্তবায়নকারী সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন তহবিলের অর্থ উপরোল্লিখিত উদ্বৃত্ত সম্পদের সাথে উন্নয়ন প্রকল্প গ্রহণে বিনিয়োগ করা যাবে। স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের উদ্বৃত্ত সম্পদ বিনিয়োগ সংক্রান্ত বিষয়ে অর্থ বিভাগের সর্বশেষ নীতিমালা অথবা এর ধারাবাহিকতায় পরবর্তীতে এ সংক্রান্ত জারিকৃত পরিপত্র অনুসরণ করে অর্থ বিভাগের মনিটরিং সেল থেকে ছাড়পত্র সংগ্রহ করতে হবে। স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের প্রকল্পের ক্ষেত্রে অর্থ বিভাগ থেকে প্রকাশিত 'স্থানীয়/বৈদেশিক মুদ্রার ঋণের লগ্নী এবং পুনঃলগ্নীর শর্তাবলী' যথাযথভাবে অনুসরণ করতে হবে।"

**ক) স্বায়ত্তশাসিত/আধা- স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন অথবা রাষ্ট্রায়ত্ত কোম্পানি**

- ডিপিপি আইটেম ২.২ বাস্তবায়নকারী সংস্থা: প্রস্তাবিত প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা "স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানি" কিনা তা নিশ্চিত করুন।
- কোন একটি Option/বিকল্প নির্বাচন করুন:
  - হ্যাঁ: প্রস্তাবিত প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা একটি স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন অথবা রাষ্ট্রায়ত্ত কোম্পানি।
  - না: প্রস্তাবিত প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা একটি স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন অথবা রাষ্ট্রায়ত্ত কোম্পানি নয়।
- যদি উত্তর হ্যাঁ হয়, তাহলে খ-১ নং প্রশ্নের উত্তর করুন।
- যদি উত্তর না হয়, তাহলে পরবর্তী প্রশ্নসমূহ (খ, গ ও ঘ) পরিহার করুন।

**খ-১) "অনাপত্তিপত্র" এর অবস্থা**

- স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানিগুলি প্রস্তাবিত প্রকল্পে তাদের উদ্বৃত্ত তহবিল বিনিয়োগ করলে, সেক্ষেত্রে অর্থ বিভাগের অনাপত্তিপত্র/ছাড়পত্র নেওয়া হয়েছিল কিনা পরীক্ষা করুন।
  - হ্যাঁ: অনাপত্তিপত্র/ছাড়পত্র নেয়া হয়েছিল।
  - না: অনাপত্তিপত্র/ছাড়পত্র নেয়া হয়নি।
- যদি উত্তর হ্যাঁ হয়, তাহলে খ-২ নং প্রশ্নের উত্তর করুন।
- যদি উত্তর না হয়, তাহলে খ-২ নং প্রশ্ন এড়িয়ে যান। এক্ষেত্রে, ডিপিপি সংস্থায় ফেরত পাঠাতে হবে।

**খ-২) রেকর্ড**

- অনাপত্তিপত্র/ছাড়পত্র এর তারিখ ও এতদসংক্রান্ত তথ্য প্রদান করুন।
- প্রাসঙ্গিক কাগজের একটি অনুলিপি সংবলিত ডিপিপি এর সংশ্লিষ্ট সংযুক্তি নম্বর প্রদান করুন।

**গ) জিওবি অর্থের প্রয়োজনীয়তা**

- ডিপিপি আইটেম ৬.১ (অর্থায়নের ধরন ও উৎস) পরীক্ষা করে দেখুন যে প্রস্তাবিত প্রকল্পে জিওবি অর্থায়নের প্রয়োজনীয়তা আছে কিনা।
  - হ্যাঁ: প্রয়োজনীয়।
  - না: প্রয়োজনীয় নয়।
- যদি উত্তর হ্যাঁ হয়, তাহলে ঘ-১ নং প্রশ্নের উত্তর করুন।
- যদি উত্তর না হয়, তাহলে ঘ-১ নং প্রশ্ন এড়িয়ে যান। এক্ষেত্রে, ঙ নং প্রশ্নের উত্তর করুন।

**ঘ-১) "পূর্বানুমতি" এর অবস্থা**

- প্রস্তাবিত ডিপিপি এর সংযুক্তি উল্লেখপূর্বক অর্থ বিভাগ থেকে 'পূর্বানুমতি' নেওয়া হয়েছিল কিনা তা নিশ্চিত করুন।
  - হ্যাঁ: পূর্বানুমতি নেয়া হয়েছিল।
  - না: পূর্বানুমতি নেয়া হয়নি।
- যদি উত্তর হ্যাঁ হয়, তাহলে ঘ-২ নং প্রশ্নের উত্তর করুন।
- যদি উত্তর না হয়, তাহলে ঘ-২ নং প্রশ্ন এড়িয়ে যান। এক্ষেত্রে, ডিপিপি সংস্থায় ফেরত পাঠাতে হবে।

**ঘ-২) রেকর্ড**

- পূর্বানুমতি এর তারিখ ও এতদসংক্রান্ত তথ্য প্রদান করুন।
- প্রাসঙ্গিক কাগজের একটি অনুলিপি সংবলিত ডিপিপি এর সংশ্লিষ্ট সংযুক্তি নম্বর প্রদান করুন।

**গ) মতামত ও পরামর্শ**

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**উদাহরণ:** জিওবি অর্থায়ন জড়িত এমন প্রকল্পের ক্ষেত্রে অর্থ বিভাগ থেকে পূর্বানুমতি গ্রহন করতে হবে এবং তা ডিপিপি এর সাথে সংযুক্ত করতে হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা যেতে পারে।

## খ-১ ভূমি

**সূত্র: MAF**

**খ-১: ভূমি (অর্থনৈতিক কোড নং ৪১৪১১০১, ডিপিপি আইটেম নং ৭.২ এবং ডিপিপি আইটেম নং ৯.)**

| গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
|---|
| অনুচ্ছেদ ১.৪- সাধারণভাবে উন্নয়ন প্রকল্পের জন্য জমি অধিগ্রহণ পরিহার করতে হবে। জমি অধিগ্রহণ অনিবার্য হলে জমির পরিমাণ নির্ধারণে রক্ষণশীলতা অবলম্বনসহ কৃষি/আবাদি জমি অধিগ্রহণ নিরুৎসাহিত করতে হবে। ভূমি অধিগ্রহণের প্রয়োজন রয়েছে এ ধরনের প্রকল্প প্রস্তাব অধিগ্রহণযোগ্য ভূমির পরিমাণ, প্রাপ্যতা ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় থেকে সংগৃহীত তথ্য প্রকল্প প্রস্তাবে সংযুক্ত করতে হবে। ভূমি অধিগ্রহণের সময় ভূমির পুর্বাবস্থা জানার জন্য প্রস্তাবিত ভূমির ছবি/ভিডিও প্রস্তাবনার পুর্বেই সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে। |

| ক) প্রস্তাবিত প্রকল্পে ভূমির প্রয়োজন আছে কি? (☐ বক্সটিতে টিক দিন ) | | |
|---|---|---|
| ☐ হ্যাঁ | ☐ না | যদি হ্যাঁ হয়, তাহলে অংশ- ৩ এর প্রশ্নের উত্তর দিন |
| খ) মন্তব্য ও পরামর্শ | | |
| | | |

### ক) প্রকল্পের শর্তাবলী

- ভূমি অধিগ্রহণের প্রয়োজনীয়তা: প্রস্তাবিত প্রকল্পে ভূমি অধিগ্রহণের প্রয়োজনীয়তা আছে কিনা তা পরীক্ষা করতে হবে। ভূমি অধিগ্রহণ সংক্রান্ত তথ্যাদি ডিপিপি'র আইটেম- ৯. প্রাক্কলিত ব্যয়ের সার-সংক্ষেপে অন্তর্ভূক্ত ইকোনমিক কোড-৪১৪১১০১- এ পাওয়া যাবে।
- কোন একটি Option/বিকল্প নির্বাচন করুন:
  - হ্যাঁ: প্রস্তাবিত প্রকল্পে ভূমি অধিগ্রহণের প্রয়োজনীয়তা আছে।
  - না: প্রস্তাবিত প্রকল্পে ভূমি অধিগ্রহণের প্রয়োজনীয়তা নেই।
- যদি উত্তর হ্যাঁ হয়, তাহলে প্রকল্প যাচাইকারী কর্মকর্তাকে MAF এর অংশ ৩- এ ভূমি সংক্রান্ত বিষয়াদি বিশদভাবে যাচাই করতে হবে।
- যদি উত্তর না হয়, তাহলে MAF এর অংশ ৩ পূরণ করা পরিহার করুন।

### খ) মতামত ও পরামর্শ

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**উদাহরণ:** সমজাতীয় একটি প্রকল্পের জন্য জমি অধিগ্রহণ প্রয়োজন ছিল, যদিও ডিপিপি'তে ভূমি অধিগ্রহণের প্রয়োজন নেই মর্মে উল্লেখ করা হয়েছিল। প্রস্তাবিত প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণের প্রয়োজনীয়তা পুনরায় নিশ্চিত করুন।

## খ-২ পুনর্বাসন/প্রত্যাবাসন

সূত্র: MAF

**খ-২: পুনর্বাসন/Resettlement (অর্থনৈতিক কোড নং ৩২১১১০৩, ডিপিপি আইটেম নং ৩০. বা ৩১.)**

| ক) প্রস্তাবিত প্রকল্পে পুনর্বাসনের প্রয়োজন আছে কি? (☐ বক্সটিতে টিক দিন ) | | |
|---|---|---|
| ☐ হ্যাঁ | ☐ না | যদি হ্যাঁ হয়, তাহলে অংশ- ৩ এর প্রশ্নের উত্তর দিন |
| খ) মন্তব্য ও পরামর্শ | | |
| | | |

### ক) প্রকল্পের শর্তাবলী

- পুনর্বাসন/প্রত্যাবাসনের প্রয়োজনীয়তা: প্রস্তাবিত প্রকল্পে ক্ষতিগ্রস্থ জনগণের পুনর্বাসন/প্রত্যাবাসনের প্রয়োজনীয়তা আছে কিনা তা পরীক্ষা করতে হবে। পুনর্বাসন/প্রত্যাবাসন সংক্রান্ত তথ্যাদি ডিপিপি'র আইটেম- ৯. প্রাক্কলিত ব্যয়ের সার-সংক্ষেপে অন্তর্ভূক্ত ইকোনমিক কোড-৩২১১১০৩ এবং ডিপিপি আইটেম ৩০. ক্ষতিপূরণ, পুনর্বাসন/প্রত্যাবাসন- এ পাওয়া যাবে।
- কোন একটি Option/বিকল্প নির্বাচন করুন:
  - হ্যাঁ: প্রস্তাবিত প্রকল্পে পুনর্বাসন/প্রত্যাবাসনের প্রয়োজনীয়তা আছে।
  - না: প্রস্তাবিত প্রকল্পে পুনর্বাসন/প্রত্যাবাসনের প্রয়োজনীয়তা নেই।
- যদি উত্তর হ্যাঁ হয়, তাহলে প্রকল্প যাচাইকারী কর্মকর্তাকে MAF এর অংশ ৩- এ পুনর্বাসন/প্রত্যাবাসন সংক্রান্ত বিষয়াদি বিশদভাবে যাচাই করতে হবে।
- যদি উত্তর না হয়, তাহলে MAF এর অংশ ৩ পূরণ করা পরিহার করুন।

### খ) মতামত ও পরামর্শ

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**উদাহরণ:** সমজাতীয় একটি প্রকল্পের পুনর্বাসন/প্রত্যাবাসনের প্রয়োজন হওয়ায় প্রস্তাবিত প্রকল্পের জন্য পুনর্বাসন/ প্রত্যাবাসনের চাহিদা পুনরায় নিশ্চিত করা উচিত।

## খ-৩ পরিবেশগত প্রভাব

**সূত্র: MAF**

**খ-৩: পরিবেশগত প্রভাব (ডিপিপি আইটেম নং ২৫.২ ও ২৬.)**

| গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
|---|
| অনুচ্ছেদ ২১.৩- 'বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫' এবং 'পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭'* অনুযায়ী লাল শ্রেণিভুক্ত বিনিয়োগ প্রকল্পসমূহ (বিশেষতঃ পানি, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ, শিল্প এবং যোগাযোগ ও পরিবহন খাতসমূহের বিনিয়োগ প্রকল্প) গ্রহণ/অনুমোদনের পূর্বে আবশ্যিকভাবে Initial Environmental Examination (IEE) ও Environmental Impact Assessment (EIA) এবং EIA সমীক্ষার পরামর্শ অনুযায়ী প্রকল্পের ডিজাইন পরিমার্জন করতে হবে। পরিবেশগত বিরূপ প্রভাব পরিহার/হ্রাসের লক্ষ্যে বিনিয়োগ প্রকল্প বাস্তবায়নের জন্য EIA সমীক্ষা হতে প্রাপ্ত Environmental Management Plan প্রকল্প প্রস্তাবে সংযোজন করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে Disaster Impact Assessment (DIA) সম্পাদন করতে হবে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

* গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ রহিত করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ জারি করেছে।

| ক) প্রস্তাবিত প্রকল্পটির পরিবেশগত শ্রেণি কি হলুদ, কমলা অথবা লাল? (☐ বক্সটিতে টিক দিন ) | | |
|---|---|---|
| ☐ হ্যাঁ | ☐ না | যদি হ্যাঁ হয়, তাহলে অংশ- ৪ এর প্রশ্নের উত্তর দিন |
| খ) মন্তব্য ও পরামর্শ | | |
| | | |

### ক) প্রকল্পের শর্তাবলী

- প্রস্তাবিত প্রকল্পের পরিবেশগত প্রভাব এবং উহার পরিবেশের শ্রেণী পরীক্ষা করুন: প্রস্তাবিত প্রকল্পটি উল্লেখযোগ্যভাবে পরিবেশকে প্রভাবিত করবে কিনা তা নিশ্চিত হতে হবে। পরিবেশগত প্রভাব সংক্রান্ত তথ্যাদি ডিপিপি আইটেম - ২৫.২ (টেকসই পরিবেশ সংক্রান্ত তথ্যাদি যথা-ভূমি, পানি, বাতাস/বায়ু, জীব-বৈচিত্র্য, প্রতিবেশ ইত্যাদি) এবং ২৬. এ (পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (ECA ১৯৯৫) (সংশোধিত-২০১০) ছাড়পত্র গ্রহণ করা হয়েছে কিনা?) এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এর সিডিউল ১- এ পাওয়া যাবে।
- কোন একটি Option/বিকল্প নির্বাচন করুন:
  - হ্যাঁ: প্রস্তাবিত প্রকল্পটির পরিবেশগত শ্রেণি লাল, কমলা বা হলুদ।
  - না: প্রস্তাবিত প্রকল্পটির পরিবেশগত শ্রেণি সবুজ।

  প্রকল্পের পরিবেশগত শ্রেণি নির্ণয়ের জন্য পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩* এর সিডিউল ১ দেখুন।
- যদি উত্তর হ্যাঁ হয়, তাহলে প্রকল্প যাচাইকারী কর্মকর্তাকে MAF এর অংশ ৪- এ পরিবেশ সংক্রান্ত বিষয়াদি বিশদভাবে যাচাই করতে হবে।
- যদি উত্তর না হয়, তাহলে MAF এর অংশ ৪ পূরণ করা পরিহার করুন।

### খ) মতামত ও পরামর্শ

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**উদাহরণ:** প্রাসঙ্গিক প্রবিধান অনুযায়ী, প্রস্তাবিত প্রকল্পের পরিবেশগত শ্রেণি 'লাল' হলেও প্রস্তাবিত ডিপিপি'তে প্রকল্পটিকে 'সবুজ' হিসেবে শ্রেণীবদ্ধ করেছে। পরিবেশ অধিদপ্তর দ্বারা ক্রস-চেকিং করা প্রয়োজন।

* গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ রহিত করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ জারি করেছে। এই ম্যানুয়ালের ব্যবহারকারীগণ পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ অনুসরণ করবেন।

## খ-৪ দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি

**সূত্র: MAF**

**খ-৪: দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি (ডিপিপি আইটেম নং ২৫.২ ও ২৬.)**

| গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
|---|
| অনুচ্ছেদ ১.১.১১- পরিবেশ ও জলবায়ু পরিবর্তনসহ অন্যান্য ক্ষেত্রের (Cross Cutting Issues) প্রভাব বিশ্লেষণ: পরিবেশ, জলবায়ু পরিবর্তনের প্রভাব, প্রতিবেশ (Ecology), প্রাকৃতিক দুর্যোগ, কর্মসংস্থান, পুষ্টি, মহিলা, শিশু, জেন্ডার ইস্যু, প্রতিবন্ধী, খাদ্য নিরাপত্তা, নিরাপদ খাদ্য, দারিদ্র্য হ্রাসের সংখ্যাতাত্ত্বিক পরিমাণ, প্রাতিষ্ঠানিকীকরণ, উৎপাদনশীলতা, ইতঃপূর্বে বাস্তবায়িত কিংবা বর্তমানে বাস্তবায়নাধীন প্রকল্প এবং বিদ্যমান অবকাঠামোর ওপর প্রস্তাবিত প্রকল্পের প্রভাব উল্লেখসহ কোন বিরূপ প্রভাব থাকলে তা প্রতিকারের উপায় সুনির্দিষ্টভাবে প্রকল্প দলিলে সন্নিবেশ করা। প্রকল্প প্রণয়নের সময় ডিজাস্টার এন্ড ক্লাইমেট রিস্ক ইনফরমেশন প্লাটফরম (ডিআরআইপি) ব্যবহার করে ডিজাস্টার ইমপ্যাক্ট এসেসমেন্ট (ডিআইএ) করতে হবে, যাতে প্রকল্প এলাকার দুর্যোগ ও জলবায়ু ঝুঁকি চিহ্নিতপূর্বক তা নিরসনের উপায় নির্ধারণ করা যায়।<br><br>অনুচ্ছেদ ১.১.১১ (ক)- বিনিয়োগ প্রকল্প চিহ্নিতকরণ, প্রণয়ন ও প্রক্রিয়াকরণের ক্ষেত্রে 'সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন (GCRD)' বিষয়টি উন্নয়ন প্রকল্প প্রস্তাবের (DPP) ২৫.৩ অনুচ্ছেদে একটি উপ-অনুচ্ছেদ [২৫.৩(ক)] হিসেবে সন্নিবেশ করতে হবে। এক্ষেত্রে সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন ধারণা অনুযায়ী সেক্টরভিত্তিক বর্ণনা ও বিশ্লেষণ ডিপিপি-তে সংযুক্ত করতে হবে।<br><br>অনুচ্ছেদ ২১.৩- 'বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫' এবং 'পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭'* অনুযায়ী লাল শ্রেণিভুক্ত বিনিয়োগ প্রকল্পসমূহ (বিশেষতঃ পানি, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ, শিল্প এবং যোগাযোগ ও পরিবহন খাতসমূহের বিনিয়োগ প্রকল্প) গ্রহণ/অনুমোদনের পূর্বে আবশ্যিকভাবে Initial Environmental Examination (IEE) ও Environmental Impact Assessment (EIA) এবং EIA সমীক্ষার পরামর্শ অনুযায়ী প্রকল্পের ডিজাইন পরিমার্জন করতে হবে। পরিবেশগত বিরূপ প্রভাব পরিহার/হ্রাসের লক্ষ্যে বিনিয়োগ প্রকল্প বাস্তবায়নের জন্য EIA সমীক্ষা হতে প্রাপ্ত Environmental Management Plan প্রকল্প প্রস্তাবে সংযোজন করতে হবে। প্রযোজ্য দক্ষেত্রে Disaster Impact Assessment (DIA) সম্পাদন করতে হবে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>অনুচ্ছেদ ২১.৩ (ক)- বিনিয়োগ প্রকল্প চিহ্নিতকরণ, প্রণয়ন ও প্রক্রিয়াকরণের ক্ষেত্রে উপ-অনুচ্ছেদ ১.১.১১ (ক)- এ উল্লেখিত নির্দেশনা অনুযায়ী 'সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন (GCRD)' বিষয়টি ডিপিপির ২৫.৩ অনুচ্ছেদের ২৫.৩ (ক) উপ-অনুচ্ছেদে সংযুক্ত করতে হবে। |

* গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ রহিত করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ জারি করেছে।

| ক) প্রস্তাবিত প্রকল্পটির Disaster Impact Assessment (DIA) প্রয়োজন কি? (☐ বক্সটিতে টিক দিন ) | | |
|---|---|---|
| ☐ হ্যাঁ | ☐ না | যদি হ্যাঁ হয়, তাহলে অংশ- ৪ এর প্রশ্নের উত্তর দিন |
| খ) মন্তব্য ও পরামর্শ | | |
| | | |

### ক) প্রকল্পের শর্তাবলী

- প্রস্তাবিত প্রকল্পের জন্য DIA ফ্রেমওয়ার্ক ব্যবহার করে Disaster Impact Assessment (DIA) প্রয়োজন কিনা তা পরীক্ষা করুন।
- কোন একটি Option/বিকল্প নির্বাচন করুন:
  - হ্যাঁ: Disaster Impact Assessment (DIA) প্রয়োজন।
  - না: Disaster Impact Assessment (DIA) প্রয়োজন নেই।
- যদি উত্তর হ্যাঁ হয়, তাহলে প্রকল্প যাচাইকারী কর্মকর্তাকে MAF এর অংশ ৪- এ DIA সংক্রান্ত বিষয়াদি বিশদভাবে যাচাই করতে হবে।
- যদি উত্তর না হয়, তাহলে MAF এর অংশ ৪ পূরণ করা পরিহার করুন।

### খ) মতামত ও পরামর্শ

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**উদাহরণ:** DIA ফ্রেমওয়ার্ক অনুযায়ী প্রস্তাবিত প্রকল্পটির DIA করা প্রয়োজন। তবে, প্রস্তাবিত প্রকল্পে DIA করা হয়নি। এক্ষেত্রে DIA করে প্রকল্প নকশা পরিবর্তন করা প্রয়োজন।

সাধারণত, প্রকল্পে অবকাঠামো নির্মাণ জড়িত থাকলে প্রকল্পের DIA করা প্রয়োজন। DIA ফ্রেমওয়ার্কের বিস্তারিত জানতে বক্স ৭দেখুন।

বক্স ৭- এ DIA ফ্রেমওয়ার্ক বিস্তারিত আকারে ব্যাখ্যা করা হয়েছে।

**বক্স ৭ ডিআইএ কাঠামো**

National Resilience Programme (NRP)-Programming Division এর আওতায় প্রণীত DIA-Framework এর গুরুত্বপূর্ণ অত্যাবশ্যক উপাদানসমূহের ব্যাপ্তি এবং ex-ante tool হিসেবে এর ব্যবহার প্রকল্প প্রণেতা ও মূল্যায়নকারীর অধিকতর উপলব্ধির জন্য নিম্নে বিশেষ গুরুত্বসহকারে উল্লেখ করা হলো:

**কাঠামোর ব্যাপ্তি/পরিধি:**

প্রণীত কাঠামোটি মূলত প্রকল্প পর্যায়ে DIA ব্যবহারের জন্য প্রস্তুত করা হয়েছে যাতে DPP এর প্রাসঙ্গিক অনুচ্ছেদ (২৪.৩ এবং ৩০.০/৩১.০) সমূহে প্রয়োগ করা যায়। প্রাথমিক পর্যায়ে DIA এর পরিধি শুধুমাত্র অবকাঠামো প্রকল্পের মধ্যে সীমাবদ্ধ রাখা হয়েছে এবং এর মধ্যে সম্ভাব্য অবকাঠামো ও ঝুঁকির তালিকা সংযুক্ত করা হয়েছে। তবে অন্যান্য সেক্টরে এবং নীতি ও কর্মসূচি স্তরে DIA প্রয়োগের সুযোগ বৃদ্ধি করার প্রয়োজনীয়তা রয়েছে।

**DIA সম্পাদনের জন্য অনুসরণীয় ধাপসমূহ:**

কাঠামোতে চিহ্নিত উন্নয়ন প্রকল্পের জন্য DIA সম্পাদনের ক্ষেত্রে নিম্নলিখিত ছয়টি ধাপ অনুসরণ করতে হবে:
ধাপ- ১: প্রকল্পের স্থান নির্দেশ করা: প্রথম প্রাপ্ত risk ও hazard মানচিত্রে প্রকল্পের স্থান বা এলাকা অবস্থিত হতে হবে যাতে ঝুঁকির তীব্রতা চিহ্নিত ও যাচাই করা যায় এবং সে অনুযায়ী নির্দিষ্ট নকশা নির্দেশিকা অনুসারে প্রকল্পটিকে ঝুঁকি সহিষ্ণু করা যায়। কাঠামোটিতে এডিবির কারিগরি সহায়তায় Programming Division কর্তৃক ২০১৮ সালে প্রণীত ১০টি সম্ভাব্য প্রধান ঝুঁকি ও হুমকির সম্মুখীন জেলাসমূহের একটি তালিকা দেওয়া হয়েছে।

ধাপ-২: ঝুঁকির প্রভাব চিহ্নিত করা:
দ্বিতীয় ধাপ হচ্ছে প্রস্তাবিত প্রকল্পের উপর হুমকি/ঝুঁকির প্রভাব সম্পর্কে প্রতিবেদন প্রণয়ন করা। কাঠামোতে প্রধানত সেবার আংগিকে অবকাঠামোগত intervention এর বিষয়ে আলোচনা করা হয়েছে এবং এর সাথে বাংলাদেশে বিভিন্ন ধরনের অবকাঠামোর উপর ঝুঁকির প্রভাবের একটি দীর্ঘ তালিকা নির্দেশিকা হিসেবে সংযুক্ত করা হয়েছে। প্রস্তাবিত intervention বা অবকাঠামো এলাকা বা পরিবেশের উপর নতুন প্রভাব সৃষ্টি করতে পারে কিনা বা নতুন ঝুঁকি সৃষ্টি করতে পারে কিনা তাও বিবেচনা করে এই ধাপে প্রতিবেদন দিতে হবে। উদাহরণস্বরূপ এই ধরনের risk transfer এমন হতে পারে যে একটি রাস্তা নির্মাণের ফলে জলাবদ্ধতা সৃষ্টি হতে পারে অথবা একটি বাঁধ নির্মাণ অসুরক্ষিত এলাকায় বন্যা সৃষ্টি করতে পারে।

ধাপ-৩: বিকল্প প্রতিরোধ ব্যবস্থা: DIA প্রক্রিয়ার একটি গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে একটি প্রকল্পকে সহিষ্ণু করার লক্ষ্যে ঝুঁকি হ্রাসের উদ্দেশ্যে বিকল্প প্রতিরোধ ব্যবস্থা প্রস্তাব করা। তৃতীয় ধাপ হচ্ছে ২নং ধাপে উল্লিখিত প্রভাবসমূহ নিরসনের জন্য প্রয়োজনীয় বিকল্প প্রতিরোধ ব্যবস্থা চিহ্নিত করা। কাঠামোতে ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র প্রকল্পের একটি matrix এর মধ্যে বহুমাত্রিক নির্দেশকসহ সাধারণ ব্যবহারকারীদের জন্য একটি ভাল উদাহরণ দেয়া হয়েছে। তবে, এই matrix সমূহ আরো উন্নত করা যেতে পারে এবং DIA- এর আওতা অন্যান্য প্রকল্প এলাকাতে প্রসারিত করা যেতে পারে, যা DIA এর scale-up সুবিধার দৃষ্টান্ত হিসেবে দেখানো যেতে পারে।

ধাপ- ৪: সহিষ্ণুতা যাচাই: DIA এর ৪নং ধাপে সহিষ্ণুতার মাত্রা বিবেচনা ও যাচাই করা উচিৎ যা দুর্যোগ মোকাবেলার অব্যবহিত পরে কোন একটি প্রকল্প দেখাতে পারে। এটি বেশ কিছু নির্দেশকের মাধ্যমে করা যেতে পারে, যেগুলো কাঠামোতে উল্লেখ করা হয়েছে, যেমন উদাহরণস্বরূপ:

i. জরুরি দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা- যেমন কোন স্থাপনা (দালান) ভেঙ্গে পড়ার ক্ষেত্রে উদ্বাসন (Evacuation)/অপসারণ পরিকল্পনা থাকতে হবে;
ii. সেবা চলমান/ধারবাহিকতা রাখার পরিকল্পনা- যেমন বন্যার কারণে বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত স্থানে বন্যা শেষ হওয়ার পর পরই পাঠদান শুরু করতে হবে;
iii. সময় পুনরুদ্ধার (Time Recovery) উদাহরণস্বরূপ: যদি কোন প্রকল্পে দুর্যোগ মোকাবেলার জন্য দীর্ঘ পুনর্বাসনের সময় প্রয়োজন হয় (যেমন: ক্ষতিগ্রস্ত বাঁধ) তাহলে তা প্রকল্প এলাকার অধিবাসীদের দুঃখ/কষ্ট/দুর্গতি প্রলম্বিত করবে। এ কারণে প্রকল্পের নকশা ও মূল্যায়ন পর্যায়ে "সহিষ্ণুতা যাচাই" করা অত্যন্ত জরুরী।

ধাপ- ৫: Disaster Risk Reduction- DRR এর ব্যয় প্রাক্কলন:
DIA এর ৫নং ধাপে DRR এর ব্যয় প্রাক্কলন এবং এর প্রতিবেদন প্রণয়ন করা উচিৎ (মোট প্রকল্প ব্যয়ের শতাংশ হিসেবে)। সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াতে এর প্রভাব থাকতে পারে এবং আদর্শগতভাবে রাস্তা নির্মাণ প্রকল্পে নদী ভাঙ্গন রোধের ব্যয় প্রাক্কলনের জন্য incremental পদ্ধতি অথবা ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প বা বাঁধ নির্মাণ প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের পুরো প্রকল্প ব্যয় বিবেচনা করতে হবে। আদর্শগতভাবে unit cost basis এ ব্যয় প্রাক্কলন করতে হবে যেমন একজন লোককে আশ্রয় প্রদানের জন্য কত ব্যয় করতে হবে (আশ্রয়কেন্দ্র নির্মাণের ক্ষেত্রে)।

ধাপ-৬: অবশিষ্ট ঝুঁকি: যেহেতু ঝুঁকি পরিপূর্ণভাবে নির্মূল করা সম্ভব নয়, তাই মূল্যায়ন পর্যায়ে DRR এর ব্যয়ের সাথে অবশিষ্ট ঝুঁকির তুলনা করার সুবিধার্থে "অবশিষ্ট ঝুঁকি" নির্ণয় করা প্রয়োজন। উদাহরণস্বরূপ, যদি কোন স্থাপনা/দালান রিখটার স্কেলে ৭:০০ মাত্রার ভূমিকম্প প্রতিরোধ ক্ষমতা সম্পন্নরূপে নকশা করা হয় তাহলে ৭:০০ মাত্রার উপর ভূমিকম্পের সম্ভাবনার ব্যাপারে প্রতিবেদন দিতে হবে।

সূত্র: Haque, S, 2020. Developing and institutionalizing Disaster Impact Assessment Tool & Guidelines Towards Marking Public Investment Resilient: A Review of Policies and Practices.

## ৩-৩ অংশ ১ প্রকল্পের মৌলিক/গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় তথ্যাদি

| | | | | |
|---|---|---|---|---|
| **সূত্র: MAF** | | | | |
| ১. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | | | |
| ২. বাস্তবায়নকারী সংস্থা/সংস্থাসমূহ | : | | | |
| ৩. পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ | : | | | |
| ৪. প্রকল্পের পরিকল্পিত মেয়াদ (মাস, বছর) | : | শুরু | : | |
| | | শেষ | : | |
| | | মেয়াদ (মাস) | : | |
| ৫. প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | : | **মোট** | : | |
| | | জিওবি | : | |
| | | প্রকল্প ঋণ/অনুদান | : | |
| | | নিজস্ব অর্থ | : | |
| | | অন্যান্য | : | |
| ৬. প্রকল্পের এলাকা/স্থান | : | | | |
| [নোট] অ্যালোকেশন অব বিজনেস অনুযায়ী উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের এখতিয়ারের মধ্য থেকে প্রকল্প প্রণয়ন করতে হবে। | | | | |

অংশ ১- এ মৌলিক তথ্যাদি প্রদান করা হয়।

### (১-১, ১-২ এবং ১-৩) উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগ

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ, বাস্তবায়নকারী সংস্থা/সংস্থাসমূহ এবং পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগের নাম যথাক্রমে ডিপিপি এর আইটেম-২.১, ২.২ ও ২.৩ এ পাওয়া যাবে। প্রকল্পের উদ্যোগ গ্রহণকারী মন্ত্রণালয়/বিভাগ এবং বাস্তবায়নের দায়িত্বে নিয়োজিত সংস্থা/সংস্থাসমূহকে যথাযথভাবে চিহ্নিত ও নির্দিষ্টকরণ খুবই গুরুত্বপূর্ণ।

[নোট] অ্যালোকেশন অব বিজনেস অনুযায়ী প্রকল্পটি উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের এখতিয়ারের মধ্যে প্রণয়ন করা সমীচীন হবে।

**[পরামর্শ]**
ডিপিপি'র আইটেম- ১.১.১ এবং ২১.১- এ উল্লেখ করা হয়েছে "প্রকল্প প্রস্তাব প্রণয়নের সময় সরকারের অ্যালোকেশন অব বিজনেস অবশ্যই বিবেচনায় নিতে হবে"। যাচাইকারী কর্মকর্তাকে বাস্তবায়নকারী সংস্থা এবং উদ্যোগী মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত কাজ ও দায়িত্বের সাথে বিবেচ্য প্রকল্পের উদ্দেশ্যের প্রাসঙ্গিকতা পরীক্ষা করতে হবে। এ জন্য ডিপিপি'র আইটেম- ২৭.১: (প্রকল্পটি কিভাবে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ এবং বাস্তবায়নকারী সংস্থার মিশন/ভিশন অর্জনে অবদান রাখবে) এবং আইটেম- ২৭.২: (প্রকল্পটি কিভাবে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ এর এলোকেশন অব বিজনেস এর সাথে সংগতিপূর্ণ হবে) কে তথ্য সূত্র হিসেবে ব্যবহার করে যেতে পারে।

### (১-৪) প্রকল্পের বাস্তবায়নকাল

এ অংশে প্রকল্পের শুরু ও সমাপ্তির তারিখ বা মাস এবং মাসের হিসেবে মোট মেয়াদ উল্লেখ করতে হবে। প্রকল্পের শুরু ও সমাপ্তির তারিখ/মাস ডিপিপি'র আইটমে- ৪. (প্রকল্পের বাস্তবায়নকাল) এ দেয়া আছে। উক্ত তথ্য ব্যবহার করে মাসের হিসেবে প্রকল্পের মোট মেয়াদকাল বের করা যাবে।

**প্রকল্পের মোট মেয়াদকাল (মাস) = ডিপিপি'র আইটেম "৪.খ) সমাপ্তির তারিখ/মাস" – ডিপিপি'র আইটেম "৪.ক) শুরুর তারিখ/মাস + ১ মাস"**

**[পরামর্শ]**
প্রকল্পের মেয়াদকাল বলতে প্রকল্পটির উদ্দেশ্য অর্জনের জন্য প্রয়োজনীয় সময়কে বোঝায়। প্রকল্পের আউটপুট সম্পন্ন হওয়ার সাথে সাথে প্রকল্পটির সমাপ্তি নাও হতে পারে। প্রকল্পের সংক্ষিপ্ত বর্ণনা এবং উদ্দেশ্যের বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকসমূহ ভালোভাবে পরীক্ষা করে প্রকৃত মেয়াদকাল সম্পর্কে জানা প্রয়োজন।

### (১-৫) প্রকল্পের প্রাক্কলিত ব্যয়

প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ডিপিপি আইটেম-৫.১ ও ৫.২ এ পাওয়া যাবে। প্রকল্প প্রণয়ন পর্যায়ে যথাযথভাবে উৎস অনুযায়ী উহার প্রাক্কলিত ব্যয়ের বিভাজন নির্ধারণ করা আবশ্যক।

৫.১ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা):

**সূত্র: ডিপিপি ফরমেট**

৫.১ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)

| | | |
|---|---|---|
| (ক) মোট | : | |
| (খ) জিওবি (জেডিসিএফ/ডিআরজিএ-সিএফ কিংবা অন্য কোন Debt Cancellation) | : | |
| (গ) নিজস্ব তহবিল | : | |
| (ঘ) অন্যান্য | : | |

৫.২ বৈদেশিক মুদ্রার বিনিময় হার (উৎস: বাংলাদেশ ব্যাংক, তারিখসহ) :

**প্রশ্নসমূহ:**

নিম্নের বিষয়ের আঙ্গিকে এ আইটেমটি পরীক্ষা করবেন

- প্রকল্পের মোট ব্যয় এবং জিওবি, প্রকল্প ঋণ/প্রকল্প অনুদান, নিজস্ব অর্থ ও অন্যান্য অর্থায়নের বিভাজন যথাযথভাবে সনাক্ত করা হয়েছে কিনা?
- যদি প্রকল্প ঋণ/প্রকল্প অনুদান থাকে, তাহলে তারিখসহ বিনিময় হার যথাযথভাবে সনাক্ত করা হয়েছে কিনা?

### (১-৬) প্রকল্প এলাকা

প্রকল্প এলাকা ডিপিপি'র আইটেম-৭.১ এ দেওয়া আছে। প্রকল্প প্রণয়ন পর্যায়ে প্রকল্প এলাকা সুনির্দিষ্ট করা আবশ্যক।

- যে সকল সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলায় বিবেচ্য প্রকল্পের আওতায় উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা হবে তাদের বিভাগ এবং জেলাভিত্তিক নামের তালিকা ডিপিপি'র আইটেম ৭.১ এর তথ্য অনুযায়ী প্রদান করতে হবে।
- প্রকল্প এলাকার সংখ্যা যদি বেশী হয়, সেক্ষেত্রে এ অংশে বিভাগ/জেলাভিত্তিক সংখ্যা উল্লেখ করে সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলার নামের তালিকা সংযোজনী আকারে দেয়া যেতে পারে। এ অংশ পূরণের সময় যাচাইকারী কর্মকর্তাকে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলার নামসহ উহাদের বিভাগ/জেলাভিত্তিক বিভাজন ডিপিপি'তে সঠিকভাবে উল্লেখ করা হয়েছে কিনা তা পরীক্ষা করে দেখতে হবে।
- তাছাড়া প্রকল্প এলাকা চিহ্নিতকরণের জন্য সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলার নামের তালিকাসহ একটি মানচিত্রে উহাদেরকে চিহ্নিত করে তা ডিপিপি'র সংযোজনী আকারে দেখানো উচিত।

**সূত্র: ডিপিপি ফরমেট**

৭.১ প্রকল্প এলাকা:

| ক্রমিক নং | বিভাগ | জেলা | উপজেলা/সিটি কর্পোরেশন/পৌরসভা |
|---|---|---|---|
| *(১)* | *(২)* | *(৩)* | *(৪)* |
| | | | |
| | | | |

(প্রযোজ্য ক্ষেত্রে মানচিত্র সংযুক্ত করতে হবে)

**প্রশ্নসমূহ:**

নিম্নের বিষয়ের আঙ্গিকে এ আইটেমটি পরীক্ষা করবেন

- ডিপিপি'তে সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলাভিত্তিক তথ্য সন্নিবেশিত করা হয়েছে কিনা?
- ৭.১ নং আইটেমের তথ্যের সাথে সংযোজনী-১ (এলাকাভিত্তিক ব্যয় বিভাজন) এর সাদৃশ্য আছে কিনা?
- ৭.১ নং আইটেমের তথ্যের সাথে প্রকল্প এলাকার মানচিত্রের সাদৃশ্য আছে কিনা? (সংযুক্তি- ১, যেখানে প্রযোজ্য)।

## ৩-৪ অংশ-২ লজিক্যাল ফ্রেমওয়ার্কের স্পষ্টতা

লজিক্যাল ফ্রেমওয়ার্কে প্রদত্ত তথ্যের মান যাচাই করাই অংশ-২ এর মূল উদ্দেশ্য। সঠিকভাবে বর্ণিত তথ্যের মাধ্যমে লজিক্যাল ফ্রেমওয়ার্কে প্রকল্পের সামগ্রিক চিত্র তুলে ধরা হয়। বিবেচ্য প্রকল্পের কাঠামো সঠিকভাবে প্রণয়ন করা হয়েছে কিনা তা জানার জন্য যাচাইকারী কর্মকর্তাকে অংশ-২ এ ডিপিপি'তে প্রদত্ত লজিক্যাল ফ্রেমওয়ার্ক পরীক্ষা করতে হবে। অংশ-২ এর ৪ টি উপ-অংশ এবং ১২ টি যাচাই প্রশ্ন রয়েছে, যা সারণি ১৪- এ দেয়া হলো।

**সারণি ১৪ MAF এর অংশ-২ এর সার-সংক্ষেপ**

| অংশ | শিরোনাম | উপ-অংশ | যাচাই প্রশ্নসমূহ | কোড/ উপ অংশ |
|---|---|---|---|---|
| ২ | লগ ফ্রেমের স্পষ্টতা | ii-১ প্রকল্পের উদ্দেশ্য | ১) প্রকল্পের সংক্ষিপ্ত বর্ণনা অংশে প্রকল্পটির উদ্দেশ্য স্পষ্টরূপে বর্ণনা করা হয়েছে কি? | ২-১-১ |
| | | | ২) প্রকল্পের উদ্দেশ্য অর্জনে বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকসমূহ (OVIs) কি স্পষ্টভাবে নির্ধারণ করা এবং সংশ্লিষ্ট যাচাই এর মাধ্যমসমূহ (MOV) যথাযথভাবে উল্লেখ করা হয়েছে কি? | ২-১-২ |
| | | ii-২ প্রকল্পের লক্ষ্য | ১) প্রকল্পের সংক্ষিপ্ত বর্ণনা অংশে প্রকল্পটির লক্ষ্য স্পষ্টরূপে বর্ণনা করা হয়েছে কি? | ২-২-১ |
| | | | ২) প্রকল্পের লক্ষ্য অর্জনে বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকসমূহ (OVIs) কি স্পষ্টভাবে নির্ধারণ করা এবং সংশ্লিষ্ট যাচাই এর মাধ্যমসমূহ (MOV) যথাযথভাবে উল্লেখ করা হয়েছে কি? | ২-২-২ |
| | | | ৩) প্রকল্পের উদ্দেশ্য পর্যায়ের গুরুত্বপূর্ণ অনুমানসমূহ কি যথাযথভাবে চিহ্নিত করা হয়েছে যাতে এগুলো প্রকল্পের লক্ষ্য অর্জনের শর্ত বলে বিবেচিত হয়? | ২-২-৩ |
| | | ii-৩ আউটপুট | ১) প্রকল্পের মূল সংক্ষিপ্ত বর্ণনা অংশে প্রকল্পটির আউটপুট স্পষ্টরূপে বর্ণনা করা হয়েছে কি? এগুলো কি যথাযথভাবে বিন্যস্ত করা হয়েছে যাতে একটির সাথে অন্যটির দ্বৈততা না থাকে? | ২-৩-১ |
| | | | ২) প্রকল্পের প্রতিটি আউটপুটের বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকসমূহ (OVIs) কি স্পষ্টভাবে নির্ধারণ এবং সংশ্লিষ্ট যাচাই এর মাধ্যমসমূহ (MOV) যথাযথভাবে উল্লেখ করা হয়েছে কি? | ২-৩-২ |
| | | | ৩) এই পর্যায়ের গুরুত্বপূর্ণ অনুমানসমূহ কি যথাযথভাবে নির্দেশ করা হয়েছে যাতে এগুলো উদ্দেশ্য অর্জনের শর্ত বলে বিবেচিত হয়? | ২-৩-৩ |
| | | ii-৪ ইনপুট | ১) প্রকল্পের ইনপুটগুলো কি আউটপুটসমূহ অর্জনের জন্য স্পষ্টভাবে বিন্যাস করা হয়েছে? | ২-৪-১ |
| | | | ২) প্রকল্পের ক্রয় পরিকল্পনা কি যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে? | ২-৪-২ |
| | | | ৩) প্রকল্পের জনবল বিন্যাসের বিষয়ে ডিপিপি'র আইটেম নং ১১, ১২, এবং সংযোজনী-২/Annexure-II, সংযোজনী- ৩ (গ)/Annexure-III(c) অনুসরণ করুন। প্রয়োজনীয় পদসমূহ ও পরামর্শকদের বর্ণনা দিন এবং সংস্থায় এই পদের অবস্থা উল্লেখ করুন । | ২-৪-৩ |
| | | | ৪) প্রকল্পের ইনপুটের গুরুত্বপূর্ণ অনুমানসমূহ ও পূর্বশর্তসমূহ কি যথাযথভাবে চিহ্নিত করা হয়েছে, যাতে এগুলো প্রতিটি আউটপুট অর্জনে সহায়ক হয়? | ২-৪-৪ |

**সূত্র: SPIMS**

সাধারণত, নিম্নলিখিত মূল্যায়ন পয়েন্টসমূহ MAF-এর অংশ ২- এর অধীনস্থ প্রশ্নগুলির ক্ষেত্রে প্রযোজ্য।

- সংক্ষিপ্ত বর্ণনার প্রতি স্তর (প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য, আউটপুট ও ইনপুট) এবং গুরুত্বপূর্ণ অনুমানগুলো যৌক্তিকভাবে সন্নিবেশ করা হয়েছে কিনা?
- বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকসমূহ, সংক্ষিপ্ত বর্ণনার অর্জনগুলো যথাযথভাবে ব্যাখ্যা হয়েছে কিনা?
- যাচাই এর মাধ্যমসমূহ চিহ্নিত করা হয়েছে কিনা এবং এগুলো বাস্তবসম্মত কিনা?
- গুরুত্বপূর্ণ অনুমানসমূহ চিহ্নিত করা হয়েছে কিনা এবং এগুলো বাস্তবসম্মত কিনা?

**বক্স ৮ লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর রূপরেখা**

**লজিকাল ফ্রেমওয়ার্কের এর কাঠামো:** সাধারণত লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর কাঠামো নিম্নরূপ হয়ে থাকে:

- চার/চার ম্যাট্রিকস এর মাধ্যমে লজিক্যাল ফ্রেমওয়ার্ক কোন প্রকল্পের নকশা প্রদর্শন করে/তুলে ধরে।
- **লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর উলম্ব** (Vertical) যুক্তি হচ্ছে কোন প্রকল্পের কাংঙ্খিত বিভিন্ন অবস্থার পারমপর্য যা প্রকল্পটির কার্যকরনের সহিত সংযুক্ত: ১) ইনপুট; ২) আউটপুট; ৩) উদ্দেশ্য এবং ৪) অভিষ্ট লক্ষ্য।
- **লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর অনুভূমিক যুক্তি** কাংঙ্খিত অবস্থার বিভিন্ন অবস্থান ব্যাখ্যা করে: ১) সংক্ষিপ্ত বর্ণনা, ২) বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক (OVI), ৩) যাচাই এর মাধ্যম (MOV) এবং গুরুত্বপূর্ণ অনুমান (IA) সমূহ।

**উলম্ব যুক্তি:** লজিক্যাল ফ্রেমওয়ার্কের উলম্ব যুক্তি কোন প্রকল্পের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের প্রয়োজনীয় নিমিত্তবাচক পরম্পরাসমূহ দেখায় যেমন; ইনপুট থেকে শুরু হয়ে কার্যাবলির মাধ্যমে আউটপুট হয়ে আউটকাম ও প্রভাবে গিয়ে শেষ হয় (যা পরবর্তিতে "**ফলাফল চেইন**" নামে অবহিত।

| | |
|---|---|
| প্রভাব | প্রকল্পের ফলফলের সাথে বিভিন্ন দীর্ঘ মেয়াদি ও বিন্নস্ত উন্নয়ন ফল। |
| ⇑ | |
| আউটকাম | আউটপুট ব্যবহারের মাধ্যমে সুফলভোগিগণ যে সমস্ত স্বল্প মেয়াদি ও মধ্যমেয়াদি ফলাফলসমূহ পেয়ে থাকেন। |
| ⇑ | |
| আউটপুট | কর্মকান্ডের মাধ্যমে ইনপুট ব্যবহার করে সৃষ্ট যে সমস্ত সুবিধাভোগিগণের নিকট উৎপাদিত দ্রব্য ও সেবাসমূহ সুবিধাভোগীগণের কাছে পৌছে দেয়া হয়ে থাকে। |
| ⇑ | |
| কার্যাবলি | ইনপুট ব্যবহার করে আউটপুট সৃষ্টির জন্য গৃহীত/কৃত একগুচ্ছ কার্যক্রম। |
| ⇑ | |
| ইনপুট | কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় আর্থিক মানবসম্পদ ও বৈশ্বিক সম্পদ। |

প্রকল্পের ফলাফল যা প্রকল্প সমাপ্ত হওয়ার সময় আশা করা যায়, তাকে প্রকল্পের লক্ষ্য হিসেবে ব্যাখ্যা করা যেতে পারে। তাই লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর লক্ষ্য/উদ্দেশ্য সাধারণত ডিপিপি'র 'ফলাফল চেইন' এর আউটকাম স্তরে দেখানো হয়েছে (যা প্রকল্প সমাপ্তির সময় অর্জিত হতে পারে।)

প্রকল্পের উদ্দেশ্য অর্জনের ২-৩ বছর পর প্রকল্পের পাপ্ত ফলাফলকে লক্ষ্য হিসেবে রাখা যেতে পারে। ডিপিপি'তে লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর ফলাফল চেইন এর প্রভাব স্তরে রাখা/দেখানো যেতে পারে।

লক্ষ্য রাখতে হবে যে 'লক্ষ্য হচ্ছে প্রভাব স্তরে' এবং 'উদ্দেশ্য হচ্ছে আউটকাম স্তরে' এ যুক্তি সবসময় সত্য নয়। প্রকল্প সমাপ্তির সময় ও প্রকল্পের লক্ষ্য/উদ্দেশ্য অর্জনের ২-৩ বছর পর প্রকল্পের আউটকাম স্তরের অর্জন বহলাংশে প্রকল্পের ডিজাইন/নকশা ও প্রকৃতির উপর নির্ভর করে। উদাহরণস্বরূপ বলা যায় যে, কোন কোন ক্ষেত্রে অবকাঠামো নির্মাণ প্রকল্পের আউটকাম parpose/objective স্তর output স্তরের খুব কাছাকাছি কারণ সুবিধাভোগীগণ যে ফলাফল output ব্যবহারের মাধ্যমে পাবেন বলে ধারনা করা হয়, তা সব সময় প্রকল্প সমাপ্তির পূর্বে শুরু হয়না।

**অনুভূমিক যুক্তি:** লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর অনুভূমিক যুক্তি ফলাফল চেইন এর প্রতিটি পর্যায় ব্যাখ্যা করে: ১) সংক্ষিপ্ত বর্ণনা, ২) বস্তুনিষ্ঠ যাচাই এর মাধ্যম/উপায় এবং ৪) গুরুত্বপূর্ণ অনুমানসমূহ।

- সংক্ষিপ্ত বর্ণনা: লজিক্যাল ফ্রেমওয়ার্কের উল্লম্ব যুক্তির প্রতিটি উপাদানে অর্জনের একটি সংক্ষিপ্ত বিবৃতি।
- বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক: অর্জিত ফলাফল পরিমাপের সূচক: নির্দেশকগুলো প্রকল্পের লজিক্যাল ফ্রেমে অন্তর্ভুক্ত ফলাফলের কোন বিশেষ দিক অথবা বৈশিষ্ট্যের পরিমাপ করার জন্য ব্যবহৃত হয় যা প্রকল্পের লক্ষ্য অর্জনে অগ্রগতি নিরুপণের ভিত্তি হিসেবে কাজ করে।
- গুরুত্বপূর্ণ অনুমানসমূহ: প্রকল্পের দ্বারা অনিয়ন্ত্রিত গুরুত্বপূর্ণ কারণসমূহ যা প্রকল্পের পরিকল্পিত ফলাফলের অর্জনকে প্রভাবিত করতে পারে: সংক্ষিপ্ত বর্ণনায় উল্লিখিত প্রকল্প প্রস্তাব/ধারণা এর বিবরণী যা কিছু অনুমানের ভিত্তিতে প্রণীত হয়। এগুলো প্রকল্প দ্বারা অনিয়ন্ত্রণযোগ্য গুরুত্বপূর্ণ উপাদান সংশ্লিষ্ট অনুমান যা প্রকল্পের পরিকল্পিত ফলাফল অর্জনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে এবং প্রকল্প ধারণায়/প্রস্তাবে প্রভাব ফেলতে পারে ।

সূত্র: GOB-SPIMS 2023 Logical Framework for Investment Projects

### (২-১) প্রকল্পের উদ্দেশ্য

| |
|---|
| প্রকল্পের উদ্দেশ্য হল প্রকল্পের ফলাফল, যা প্রকল্পের সমাপ্তির সময় অর্জনের প্রত্যাশা করা হয়। লজিক্যাল ফ্রেমওয়ার্কে উদ্দেশ্য/উদ্দেশ্যের স্তরটি প্রকল্পের আউটকাম স্তরে বিবেচনা করা উচিত। |

এই উপ-অংশে ডিপিপি'র লজিক্যাল ফ্রেমওয়ার্কে প্রকল্পের উদ্দেশ্য যথাযথভাবে নির্ধারণ করা হয়েছে কিনা তা পরীক্ষা করতে হবে। প্রকল্পের পরিসর/আওতার উপর ভিত্তি করেই মূলত: প্রকল্পের উদ্দেশ্য ও উহার নির্দেশকসমূহকে চিহ্নিত করা যায়। কাজেই বিবেচ্য প্রকল্পের উদ্দেশ্যের পর্যাপ্ততা ও যথার্থতা যাচাই এর জন্য নিম্নে বর্ণিত বিষয়গুলো পরীক্ষা করা দরকার।

- **তথ্যের প্রাপ্যতা:** ডিপিপি'র আইটেম ১০. লজিক্যাল ফ্রেমওয়ার্ক- এ প্রকল্পের উদ্দেশ্যের সংক্ষিপ্ত বিবরণ এবং উহার বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকসমূহ বর্ণিত থাকে। এছাড়া ডিপিপি'র আইটেম ৩., ১৪. এবং ১৫.- এ প্রকল্পের সংক্ষিপ্ত উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা, পটভূমি এবং প্রকল্পের বিবরণ বর্ণিত থাকে। এবং;
- **তথ্যের গুণগত মান:** প্রকল্পের উদ্দেশ্য উহার পরিসর/আওতার সাথে যুক্তিসঙ্গত এবং ডিপিপি'র আইটেম ৩., ১০., ১৪. এবং ১৫. তে প্রদত্ত তথ্যসমূহ পারস্পরিক সঙ্গতিপূর্ণ কিনা।

এই উপ-অংশের যাচাই প্রশ্নসমূহ নিম্নে দেয়া হলো:

- (২-১-১) প্রকল্পের সংক্ষিপ্ত বর্ণনায় প্রকল্পটির উদ্দেশ্য স্পষ্টরূপে বর্ণনা করা হয়েছে কি?
- (২-১-২) প্রকল্প উদ্দেশ্যের বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকসমূহ (OVIs) স্পষ্টভাবে নির্ধারণ করা হয়েছে এবং সংশ্লিষ্ট যাচাই এর মাধ্যমসমূহ (MOV) যথাযথভাবে উল্লেখ করা হয়েছে কি?

## (২-১-১) প্রকল্প উদ্দেশ্যের সংক্ষিপ্ত বর্ণনা

**সূত্র: MAF**

**১. প্রকল্পের উদ্দেশ্য**

[নোট] প্রকল্প সমাপ্তির সময় প্রাপ্তব্য সরাসরি ফলাফলকে প্রকল্পের উদ্দেশ্য বলে গণ্য করা হয়।

(১) প্রকল্পের সংক্ষিপ্ত বর্ণনায় প্রকল্পটির উদ্দেশ্য স্পষ্টরূপে বর্ণনা করা হয়েছে কি?

| | |
|---|---|
| ক) এই অংশে ডিপিপিতে বর্ণিত প্রকল্পের উদ্দেশ্যে সমূহের বর্ণনা দিন। তথ্যের প্রধান উৎস হিসাবে ডিপিপির লজিক্যাল ফ্রেমওয়ার্ক (আইটেম-১০.) এবং অতিরিক্ত তথ্যের উৎস হিসেবে উদ্দেশ্য ও লক্ষ্য (আইটেম-৩.), পটভূমি (আইটেম-১৪.) এবং প্রকল্পের বিবরণ (আইটেম-১৫.) ব্যবহার করুন। | |
| | |
| খ) তথ্যের প্রাপ্যতা যাচাই করুন (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ তথ্যাদি সন্নিবেশিত আছে | ☐ তথ্যাদি সন্নিবেশিত নাই/পাওয়া যায় নাই (➔গ পরিহার করুন এবং ঘ তে যান) |
| গ) তথ্যের মান যাচাই করুন (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ বর্ণনামতে যথাযথ | ☐ সংশোধন প্রয়োজন |
| ঘ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

**যাচাইয়ের প্রশ্ন**

প্রকল্পের সংক্ষিপ্ত বর্ণনায় প্রকল্পটির উদ্দেশ্য স্পষ্টরূপে বর্ণনা করা হয়েছে কি?

**ক) সূত্র**

ডিপিপি'র লজিক্যাল ফ্রেমওয়ার্ক পরীক্ষান্তে, যাচাইকারী কর্মকর্তা তথ্য সূত্র/বরাত (আইটেম ১০., পৃষ্ঠা- ) উল্লেখপূর্বক এ উপ-অংশে প্রকল্পের উদ্দেশ্যের সংক্ষিপ্ত বর্ণনা কপি করে বসিয়ে দিবেন। কিভাবে ডিপিপি'র লজিক্যাল ফ্রেমওয়ার্ক হতে প্রকল্পের উদ্দেশ্যের সংক্ষিপ্ত বর্ণনা (NS-PP) কপি করে আনতে হবে তা ডান দিকের চিত্রে দেখানো হলো।

| | Narrative Summary (NS) | Objectively Verifiable Indicators (OVI) | Means of Verification (MOV) | Important Assumptions (IA) |
|---|---|---|---|---|
| Project Goal (PG) | PG-NS | PG-OVI | PG-MOV | PG-IA |
| Project Purpose (PP) | PP-NS | PP-OVI | PP-MOV | PP-IA |
| Output (OP) | OP-NS | OP-OVI | OP-MOV | OP-IA |
| Input (IP) | IP-NS | IP-OVI | IP-MOV | IP-IA |

[নোট] ডিপিপি'র পৃষ্ঠা নং উল্লেখ করতে হবে।

**(খ) তথ্যের প্রাপ্যতা**

দু'টি থেকে একটি নির্বাচন করুন

- তথ্যাদি সন্নিবেশিত আছে
- তথ্যাদি সন্নিবেশিত নাই

**(গ) তথ্যের গুণগত মান**

দু'টি থেকে একটি নির্বাচন করুন

- বর্ণনামতে যথাযথ
- সংশোধন প্রয়োজন

**[পরামর্শ]**

- সংশ্লিষ্ট সেক্টর কৌশল পত্র (SSP)/SAP* পরীক্ষা করে বিবেচ্য প্রকল্প, সংশ্লিষ্ট সেক্টর লক্ষ্য থেকে শুরু করে সেক্টর ফলাফল এবং মধ্যবর্তী ফলাফল পর্যন্ত কোথায় অবদান রাখবে তা খুজে বের করতে হবে।
- যাচাইকারী কর্মকর্তার এক বা একাধিক মধ্যবর্তী ফলাফল (Intermediate Outcome) সনাক্ত করতে সক্ষম হওয়া উচিত, যেগুলো বিবেচ্য প্রকল্পের সঙ্গে দৃঢ়ভাবে সম্পর্কিত।
- যদি যাচাইকারী কর্মকর্তা কোন মধ্যবর্তী ফলাফল সনাক্ত করতে সক্ষম না হন তাহলে প্রকল্পটি সংশ্লিষ্ট সেক্টর তথা বাংলাদেশের উন্নয়নের জন্য প্রাসঙ্গিক হবে না অথবা বিবেচ্য প্রকল্পের উদ্দেশ্য হয়ত সঠিকভাবে নির্ধারণ করা হয়নি।

* SSP এর বিষয়ে বিস্তারিত জানতে বক্স ২, পৃষ্ঠা ৪ দেখুন।

মূল প্রকল্প উদ্দেশ্য নির্দিষ্ট করে ব্যাখ্যা করা হয়েছে কিনা তা যাচাই করুন। সংক্ষিপ্ত বিবরণে প্রদত্ত প্রকল্পের উদ্দেশ্যে প্রকল্প বাস্তবায়নের ফলে সৃষ্ট আউটপুটসমূহের প্রকৃত প্রভাব বা ফলাফল কে প্রতিফলিত করা হয়। সাধারণত, প্রকল্প সমাপ্তির অব্যবহিত পরে স্বতন্ত্রভাবে প্রাপ্ত অর্জনসমূহকে প্রকল্পের উদ্দেশ্য হিসেবে উল্লেখ করা হয়। এক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে আউটপুটসমূহের জন্য নির্ধারিত বিনির্দেশের চাহিদা পূরণ হলেই হবে না, প্রকল্পের উদ্দেশ্য অর্জনে উহাদের প্রকৃত প্রভাব কতটুকু তার উপর গুরুত্ব আরোপ করতে হবে। এছাড়া গুণগত মান নির্ধারণের জন্য পরীক্ষা করে দেখতে হবে যে স্বতন্ত্রভাবে প্রাপ্ত অর্জনসমূহ প্রকল্পের চূড়ান্ত লক্ষ্যে পৌছানোর ক্ষেত্রে কতটুকু অবদান রাখবে।

**ঘ) মতামত ও পরামর্শ**

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**উদাহরণ:** লজিক্যাল ফ্রেমওয়ার্ক- এ উদ্দেশ্য/উদ্দেশ্যের বর্ণনায় "কারণ/মাধ্যম" লেখা উচিত নয়। সংক্ষিপ্ত বর্ণনা পুনরায় লিখতে হবে।

## (২-১-২) প্রকল্প উদ্দেশ্যের বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকসমূহ (OVIs)

**সূত্র: MAF**

(২) প্রকল্প উদ্দেশ্যের বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক সমূহ (OVIs) স্পষ্টভাবে নির্ধারণ করা হয়েছে এবং সংশ্লিষ্ট যাচাই এর মাধ্যমসমূহ (MOV) যথাযথভাবে উল্লেখ করা হয়েছে কি?
[নোট] প্রকল্পের বিস্তারিত বর্ণনার সাথে বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক সমূহ স্পষ্টভাবে উল্লেখ থাকবে এবং OVI গুলি SMART (Specific, Measurable, Achievable, Relevant and Time-bound)/QQTL (Quantity, Quality, Time and Location) এর বিস্তারিত নিরীখে চিহ্নিত হতে হবে।

<table>
<tr><td colspan="2">ক) এই অংশে ডিপিপিতে বর্ণিত প্রকল্প উদ্দেশ্যের বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক সমূহের বর্ণনা দিন। তথ্যের প্রধান উৎস হিসাবে ডিপিপির লজিক্যাল ফ্রেমওয়ার্ক (আইটেম-১০.) এবং অতিরিক্ত তথ্যের উৎস হিসেবে উদ্দেশ্য ও লক্ষ্য (আইটেম-৩.), পটভূমি (আইটেম-১৪.) এবং প্রকল্পের বিবরণ (আইটেম-১৫.) ব্যবহার করুন।</td></tr>
<tr><td colspan="2"></td></tr>
<tr><td colspan="2">খ) তথ্যের প্রাপ্যতা যাচাই করুন (☐ বক্সটিতে টিক দিন)</td></tr>
<tr><td>☐ তথ্যাদি সন্নিবেশিত আছে</td><td>☐ তথ্যাদি সন্নিবেশিত নাই/পাওয়া যায় নাই (➔গ পরিহার করুন এবং ঘ তে যান)</td></tr>
<tr><td colspan="2">গ) তথ্যের মান যাচাই করুন (☐ বক্সটিতে টিক দিন)</td></tr>
<tr><td>☐ বর্ণনামতে যথাযথ</td><td>☐ সংশোধন প্রয়োজন</td></tr>
<tr><td colspan="2">ঘ) মন্তব্য ও পরামর্শ</td></tr>
<tr><td colspan="2"></td></tr>
</table>

### যাচাইয়ের প্রশ্ন

প্রকল্প উদ্দেশ্যের বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকসমূহ (OVIs) স্পষ্টভাবে নির্ধারণ করা হয়েছে এবং সংশ্লিষ্ট যাচাই এর মাধ্যমসমূহ (MOV) যথাযথভাবে উল্লেখ করা হয়েছে কি?

### ক) সূত্র

যে সকল প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণ প্রয়োজন হয় সেক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় থেকে ভূমির প্রাক্কলিত মূল্য/দর ইত্যাদি সংগ্রহ করা হয়েছে কিনা এবং ডিপিপি'র সাথে সংযুক্ত করা হয়েছে কিনা?

**গ্রিনবুকের মূল্যায়ন পয়েন্ট**

উপরের প্রশ্নের উত্তর দেয়ার অর্থ হচ্ছে এর মাধ্যমে গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক নির্দেশনা অনুসরণ করা হয়েছে।

- অনুচ্ছেদ ১.১.৮.২- প্রকল্পের ব্যয় প্রাক্কলনের যথার্থতা

খ) এবং গ) তে বর্ণিত বিকল্প নির্বাচনের জন্য নিম্নে উল্লিখিত পয়েন্টসমূহ বিবেচনা করুন এবং ঘ)-তে মন্তব্য প্রদান করুন।

- সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অফিস থেকে সংগৃহীত বিদ্যমান "বাজার দর" উল্লেখ করা এবং ডিপিপি'র সাথে সংযুক্ত করা হয়েছে কিনা?
- 'স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭' অনুযায়ী যথাযথভাবে ক্ষতিপূরণ/পুনর্বাসনের ব্যয় প্রাক্কলন করা হয়েছে কিনা?

**(ক) ডিপিপি'র সংশ্লিষ্ট আইটেমসমূহ**

- নিম্নলিখিত ডিপিপি আইটেম চেক করুন।
  - ডিপিপি আইটেম ৩০./৩১. (বৈদেশিক অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের জন্য): ক্ষতিপূরণ, পুনর্বাসন এবং প্রত্যাবাসন
  - সংযুক্তি: জমির মুল্য/দর ও ক্ষতিপূরণ সংক্রান্ত (জেলা প্রশাসকের প্রত্যয়ন পত্র)
  - সংযুক্তি: ভূমি অধিগ্রহণ ব্যবস্থাপনা পরিকল্পনা
- নিচের অনুচ্ছেদ গুলো সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন অনুযায়ী যাচাই করুন
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৪-কারিগরি, প্রযুক্তিগত ও প্রকৌশলগত বিশ্লেষণ (ক) অবস্থান; (ঘ) প্রাক্কলিত ব্যয়

**(খ) তথ্যের প্রাপ্যতা**

দু'টি থেকে একটি নির্বাচন করুন

- তথ্যাদি সন্নিবেশিত আছে
- তথ্যাদি সন্নিবেশিত নাই

**(গ) তথ্যের গুণগত মান**

দু'টি থেকে একটি নির্বাচন করুন

- বর্ণনামতে যথাযথ
- সংশোধন প্রয়োজন

**[পরামর্শ]**

- প্রকল্প যাচাইকারী কর্মকর্তা স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ধারা ৯ এবং ১০ এর আলোকে তথ্যের গুণমান যাচাই করেন।

**ঘ) মতামত ও পরামর্শ**

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

## (৩-৩) পুনর্বাসন/প্রত্যাবাসন

**যাচাইয়ের প্রশ্ন**

এই প্রকল্পে ক্ষতিপূরণ, পুনর্বাসন/প্রত্যাবাসনের প্রয়োজনীতা আছে কি ? যদি থাকে তাহলে প্রয়োজনীয় ক্ষতিপূরণের প্রাক্কলন ২০১৭ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন অনুযায়ী করা হয়েছে কি?

**গ্রিনবুকের মূল্যায়ন পয়েন্ট**

উপরের প্রশ্নের উত্তর দেয়ার অর্থ হচ্ছে এর মাধ্যমে গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক নির্দেশনা অনুসরণ করা হয়েছে।

- অনুচ্ছেদ ১.১.৮.২- প্রকল্পের ব্যয় প্রাক্কলনের যথার্থতা

খ) এবং গ) তে বর্ণিত বিকল্প নির্বাচনের জন্য নিম্নে উল্লিখিত পয়েন্টসমূহ বিবেচনা করুন এবং ঘ)-তে মন্তব্য প্রদান করুন।

- প্রকল্পটির জন্য ভূমি অধিগ্রহণ প্রয়োজন আছে কিনা?
- প্রকল্প প্রভাবিত মানুষের সংখ্যা (PAP) চিহ্নিত আছে কিনা?
- 'স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭' অনুযায়ী যথাযথভাবে ক্ষতিপূরণ/পুনর্বাসনের ব্যয় প্রাক্কলন করা হয়েছে কিনা?
- প্রত্যাবাসন/পুনর্বাসন কর্ম পরিকল্পনা (Resettlement Action Plan) ডিপিপি'র সংযুক্তি হিসাবে সংযুক্ত করা হয়েছে কিনা?

**(ক) ডিপিপি'র সংশ্লিষ্ট আইটেমসমূহ**

- নিম্নলিখিত ডিপিপি আইটেম চেক করুন।
  - ডিপিপি আইটেম ৩০./৩১. (বৈদেশিক অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের জন্য): ক্ষতিপূরণ, পুনর্বাসন এবং প্রত্যাবাসন
  - সংযুক্তি: জমির মুল্য/দর ও ক্ষতিপূরণ সংক্রান্ত (জেলা প্রশাসকের প্রত্যয়ন পত্র)
  - সংযুক্তি: ভূমি অধিগ্রহণ ব্যবস্থাপনা পরিকল্পনা
- নিচের অনুচ্ছেদ গুলো সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন অনুযায়ী যাচাই করুন
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৪-কারিগরি, প্রযুক্তিগত ও প্রকৌশলগত বিশ্লেষণ (ক) অবস্থান; (ঘ) প্রাক্কলিত ব্যয়
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৫- পরিবেশগত স্থায়িত্বশীলতা, জলবায়ু সহিষ্ণুতা ও দুর্যোগের ঝুঁকি বিশ্লেষণ; ৫.১- পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগের ঝুঁকি বিশ্লেষণ

**(খ) তথ্যের প্রাপ্যতা**

দু'টি থেকে একটি নির্বাচন করুন

- তথ্যাদি সন্নিবেশিত আছে
- তথ্যাদি সন্নিবেশিত নাই

**(গ) তথ্যের গুণগত মান**

দু'টি থেকে একটি নির্বাচন করুন

- বর্ণনামতে যথাযথ
- সংশোধন প্রয়োজন

**[পরামর্শ]**

- প্রকল্প যাচাইকারী কর্মকর্তা স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ধারা ৯ এবং ১০ এর আলোকে তথ্যের গুণমান যাচাই করেন।

**ঘ) মতামত ও পরামর্শ**

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

## ৩-৬ অংশ-৪ পরিবেশ সংক্রান্ত চাহিদা এবং দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি

পরিবেশগত ও জলবায়ু পরিবর্তন ঝুঁকির অবস্থা এবং শর্তসমূহ পরীক্ষা করুন। সারণি ১৬- এ প্রদত্ত দশটি যাচাই পয়েন্টসমূহ ব্যাখ্যা করা হয়েছে।

**সারণি ১৬ MAF অংশ ৪ এর যাচাই প্রশ্নসমূহ**

| অংশ | আইটেম | উপ-আইটেম | প্রশ্নসমূহ | কোড/ উপঅংশ |
|---|---|---|---|---|
| ৪ | পরিবেশ সংক্রান্ত চাহিদা এবং দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি | ১) পরিবেশগত চাহিদাসমূহ | ১) এই প্রকল্পটি পরিবেশ বিষয়ক কোন শ্রেণির ?<br>২) প্রকল্পের জন্য Environment Conservation Act, 1995 অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র (ECC) গ্রহণ করা হয়েছে কিনা?<br>৩) যদি প্রকল্পটি “লাল” শ্রেণিভুক্ত হয়, তাহলে EIA দলিল সংযুক্ত করা হয়েছে কি?<br>৪) যদি প্রকল্পটি “লাল” শ্রেণিভুক্ত হয়, তাহলে Environmental Mangement Plan (EMP) দলিল সংযুক্ত করা হয়েছে কি?<br>৫) প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের উপর এই প্রকল্পটির গুরুত্বপূর্ণ প্রভাবগুলি কি এবং এগুলো নিরসনের জন্য কি ধরনের প্রতিকার প্রকল্পের নকশায় অন্তর্ভুক্ত করা হয়েছে? | ৪-১-১ |
| | | (২) দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি | ২.১ প্রস্তাবিত প্রকল্পটি কি GCRD নীতিমালা/নির্দেশিকায় বর্ণিত সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন (GCRD) ধারণা অগ্রাধিকার কর্মকান্ডের (সেক্টর-ওয়ারি) সাথে সামঞ্জস্যপূর্ণ?<br>২.২ দুর্যোগের প্রভাব যাচাই | ৪-২-১ |
| | | | ১) অবকাঠামো নির্মাণ জড়িত এমন প্রকল্পের ক্ষেত্রে, DIA প্রস্তুত করা হয়েছিল কি? এবং DIA রিপোর্ট কি ডিপিপি’তে সংযুক্ত করা হয়েছে?<br>২) প্রস্তাবিত প্রকল্পের উপর জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব কি ও তা নিরসনের উপায় কি?<br>৩) বিদ্যমান দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকিসমূহ বৃদ্ধি কিংবা নতুন ঝুঁকিসমূহ সৃষ্টির ক্ষেত্রে এই প্রকল্পের প্রভাবসমূহ কি অবদান রাখবে ও তা নিরসনের উপায়সমূহ<br>৪) দুর্যোগ ব্যবস্থাপনা ও কাজ চলমান রাখার আপৎকালীন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে কি এবং তা ডিপিপি’র সাথে সংযুক্ত করা হয়েছে কি? | ৪-২.২-১ |

## (৪-১) পরিবেশগত চাহিদাসমূহ

নিম্নলিখিত যাচাই পয়েন্টসমূহ এবং রেফারেন্স আইটেম ৪-১ এর অধীনস্থ প্রশ্নগুলির জন্য প্রযোজ্য।

যেকোন একটি বিকল্প বেছে নেয়ার জন্য নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করুন এবং ক)- তে প্রদত্ত ডিপিপি আইটেমগুলো পড়ে মন্তব্য প্রদান করুন।

- প্রস্তাবিত প্রকল্পটি প্রাসঙ্গিক বিধি ও প্রবিধান মেনে চলছে কিনা?
  - প্রকল্পের জন্য পরিবেশ ছাড়পত্র সনদ (ECC) নেওয়া হয়েছে কিনা?
  - প্রকল্পের জন্য পরিবেশগত প্রভাব যাচাই (Environmental Impact Assessment- EIA) করা হয়েছে কিনা?
  - EIA দলিল সংযুক্ত করা হয়েছে কি?
  - প্রকল্পের জন্য Environmental Mangement Plan (EMP) দলিল সংযুক্ত করা হয়েছে কি?
- প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের উপর এই প্রকল্পটির গুরুত্বপূর্ণ প্রভাবগুলি কি এবং এগুলো নিরসনের জন্য কি ধরনের প্রতিকার প্রকল্পের নকশায় অন্তর্ভুক্ত করা হয়েছে?
- প্রকল্প এবং এর কার্যক্রমের মাধ্যমে সামাজিক ও পরিবেশগত নেতিবাচক প্রভাব/প্রতিক্রিয়া সৃষ্টি হবার সম্ভাবনা আছে কিনা?
- নেতিবাচক প্রভাব প্রশমনের ব্যবস্থা প্রস্তাবিত প্রকল্পের নকশায় বিবেচনা করা হয়েছে কিনা?

**গ্রিনবুকের মূল্যায়ন পয়েন্ট**
উপরের প্রশ্নের উত্তর দেয়ার অর্থ হচ্ছে এর মাধ্যমে গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক নির্দেশনা অনুসরণ করা হয়েছে।

- অনুচ্ছেদ ১.১.৮.২- প্রকল্পের ব্যয় প্রাক্কলনের যথার্থতা
- অনুচ্ছেদ ১.১.১১- পরিবেশ ও জলবায়ু পরিবর্তনের অন্যান্য ক্ষেত্রের (Cross Cutting Issues) প্রভাব বিশ্লেষণ
- অনুচ্ছেদ ১.১৬- স্থাপনা নির্মাণ সম্পর্কিত প্রকল্পের ক্ষেত্রে কারিগরি পরীক্ষার (মৃত্তিকা পরীক্ষা, ডিআইএ ও অন্যান্য) প্রতিবেদন
- অনুচ্ছেদ ২১.৩- 'বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫' এবং 'পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭

**(ক) ডিপিপি'র সংশ্লিষ্ট আইটেমসমূহ**

- নিম্নলিখিত ডিপিপি আইটেম চেক করুন।
  - ২৫. নিম্নবর্ণিত বিষয়ের উপর প্রকল্পের ফলাফল/প্রভাবের বর্ণনাএবং প্রতিকার/ঝুঁকি হ্রাসের  উপায় বর্ণনা
  - (২৫.২) টেকসই পরিবেশ সংক্রান্ত তথ্যাদি যথা- ভূমি, পানি, বাতাস, জীব-বৈচিত্র, প্রতিবেশ ইত্যাদি (প্রস্তাবিত প্রকল্পটি 'রেড ক্যাটাগরি/লাল শ্রেণিভুক্ত' হলে EIA রিপোর্ট সংযুক্ত করতে  হবে।)
  - ২৬. পরিবেশ সংরক্ষন আইন ১৯৯৫ (ECA ১৯৯৫) (সংশোধিত-২০১০) অনুযায়ী ছাড়পত্র গ্রহণ করা হয়েছে কিনা? (উত্তর হ্যাঁ হলে সনদ পত্র সংযুক্ত করতে হবে; না হলে তার কারণ উল্লেখ করতে হবে।)
  - সংযুক্তি: পরিবেশগত প্রভাব মূল্যায়ন প্রতিবেদন (EIA)
  - সংযুক্তি: পরিবেশগত ছাড়পত্র (ECC)
  - সংযুক্তি: পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা (EMP)
- নিচের অনুচ্ছেদ গুলো সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন অনুযায়ী যাচাই করুন
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ১- গুরুত্বপূর্ণ তথ্যাদি; ১.৬- পরিবেশের শ্রেণি (পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী)
  - অনুচ্ছেদ ৫- পরিবেশগত স্থায়িত্বশীলতা, জলবায়ু সহিষ্ণুতা ও দুর্যোগের ঝুঁকি বিশ্লেষণ; ৫.১- পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগের ঝুঁকি বিশ্লেষণ

**সূত্র:**
পরিবেশ সংরক্ষণ সম্পর্কিত আইন, বিধি ও প্রবিধান

- বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫
- পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩

### (৪-১-১) পরিবেশগত শ্রেণি

**যাচাইয়ের প্রশ্ন**

এই প্রকল্পটি পরিবেশ বিষয়ক কোন শ্রেণির?

**সূত্র: MAF**

(১) এই প্রকল্পটি পরিবেশ বিষয়ক কোন শ্রেণির ? (বক্সটিতে টিক দিন)

| | | | |
|---|---|---|---|
| ☐ লাল | ☐ কমলা | ☐ হলুদ | ☐ সবুজ |

[নোট] পরিবেশ বিষয়ক শ্রেণি নির্দেশের জন্য ২০২৩ সালের Environment Conservation Rules এর সিডিউল-১ দেখুন/দ্রষ্টব্য

গ্রিনবুক ২০২২- এর যাচাই পয়েন্টসমূহ এবং DPP- এর রেফারেন্স আইটেমগুলি বুঝতে পৃষ্ঠা ১০৯-এ প্রদত্ত ডট-লাইন সহ বক্সটি দেখুন।

**শ্রেণি নির্বাচন**

- পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এর তালিকা পরীক্ষা করে প্রকল্পটির পরিবেশগত শ্রেণী সম্পর্কে অবগত হওয়া।
- চারটি বিকল্প থেকে একটি নির্বাচন করুন এবং টিক দিন
  - লাল
  - কমলা
  - হলুদ
  - সবুজ

**[পরামর্শ]**

- বাংলাদেশ পরিবেশ সংরক্ষন বিধিমালা ২০২৩, বিধি ৭ (৬) ৯গ) এবং (ঘ) এবং তফসিল ১- এ প্রতিটি ভাগে প্রকল্প/শিল্পের পরিবেশগত শ্রেণির তালিকা রয়েছে (সবুজ, হলুদ, কমলা, লাল)।

- প্রকল্পের শ্রেণি লাল হলে ৪-১-২ ৪-১-৩, ৪-১-৪, ৪-১-৫ নং প্রশ্নের উত্তর করুন
- প্রকল্পের শ্রেণি সবুজ, হলুদ বা কমলা হলে ৪-১-২ ৪-১-৩, ৪-১-৪, ৪-১-৫ নং প্রশ্নের উত্তর করুন

## (৪-১-২) পরিবেশগত ছাড়পত্র (Environmental Clearance Certificate- ECC)

**যাচাইয়ের প্রশ্ন**

প্রকল্পের জন্য Environmental Conservation Act, 1995 অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র (ECC) গ্রহণ করা হয়েছে কিনা?

**সূত্র: MAF**

(২) প্রকল্পের জন্য Environment Conservation Act, 1995 অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র (ECC) গ্রহণ করা হয়েছে কিনা? (ডিপিপি আইটেম ২৬.২ দেখুন)

| ☐ হ্যাঁ | ☐ না |
|---|---|
| যদি উত্তর না হয়, তাহলে সংযুক্ত না করার কারণ ডিপিপিতে উল্লেখ করা হয়েছে কি? প্রদত্ত যুক্তিগুলো কি যৌক্তিক? | |
| মন্তব্য ও পরামর্শ | |
| | |

[নোট] সকল প্রকল্পের জন্য ECC গ্রহণ আবশ্যক

গ্রিনবুক ২০২২- এর যাচাই পয়েন্টসমূহ এবং DPP- এর রেফারেন্স আইটেমগুলি বুঝতে পৃষ্ঠা ১০৯ -এ প্রদত্ত ডট-লাইন সহ বক্সটি দেখুন।

**নির্বাচন**

- দু'টি বিকল্প থেকে একটি নির্বাচন করুন এবং টিক দিন
  - হ্যাঁ: গ্রহণ করা হয়েছে।
  - না: গ্রহণ করা হয়নি।

**[পরামর্শ]**

- বাংলাদেশ পরিবেশ সংরক্ষন আইন ১৯৯৫ (সংশোধিত ২০১০) (অনুচ্ছেদ ১২) অনুযায়ী সকল শ্রেণির প্রকল্প/শিল্পের পরিবেশগত ছাড়পত্র গ্রহন করতে হবে।

**মতামত ও পরামর্শ**

- প্রকল্প প্রস্তাবে ECC না পাওয়ার পর্যাপ্ত যৌক্তিকতা না থাকলে সেখানে মন্তব্য প্রদান করুন।

** কিছু ক্ষেত্রে অবস্থানগত ছাড়পত্র একই উদ্দেশ্য অর্জনে গ্রহন করা যেতে পারে। এক্ষেত্রে, পরিবেশ সংরক্ষন বিধিমালা ২০২৩ অনুযায়ী ছাড়পত্র গ্রহন করা সমীচীন।

**৬। অবস্থানগত ছাড়পত্র ও পরিবেশগত ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা।**

(১) বিধি ৫ এ উল্লিখিত হলুদ, কমলা ও লাল শ্রেণির নূতন শিল্প প্রতিষ্ঠান স্থাপন এবং প্রকল্প গ্রহণের পূর্বে অধিদপ্তরের নিকট হইতে প্রথমে অবস্থানগত ছাড়পত্র ও পরবর্তীতে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করিতে হইবে:
তবে শর্ত থাকে যে, সবুজ শ্রেণির নূতন শিল্প প্রতিষ্ঠান স্থাপন ও প্রকল্প গ্রহণের পূর্বে, উহা যেখানেই স্থাপন করা হউক না কেন, অবস্থানগত ছাড়পত্র গ্রহণের প্রয়োজন হইবে না, অধিদপ্তরের নিকট হইতে কেবল পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করিতে হইবে;
আরও শর্ত থাকে যে, সরকারি বা বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল, অর্থনৈতিক অঞ্চল বা বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশনের শিল্প নগরীতে স্থাপিতব্য সকল শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে অবস্থানগত ছাড়পত্র গ্রহণের প্রয়োজন হইবে না, অধিদপ্তরের নিকট হইতে কেবল পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।
(২) অবস্থানগত ছাড়পত্র গ্রহণ ব্যতীত হলুদ, কমলা ও লাল শ্রেণির কোনো শিল্প প্রতিষ্ঠান স্থাপন বা প্রকল্পের জন্য ভূমির উন্নয়ন বা এতদুদ্দেশ্যে কোনো প্রকার অবকাঠামো নির্মাণ করা যাইবে না।
(৩) অবস্থানগত ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে হলুদ, কমলা ও লাল শ্রেণির নূতন শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পে গ্যাস, বিদ্যুৎ, পানি বা অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদান করা যাইবে না।
(৪) পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে সবুজ, হলুদ, কমলা ও লাল শ্রেণির নূতন শিল্প প্রতিষ্ঠানে পরীক্ষামূলক উৎপাদন করা বা প্রকল্প চালু করা যাইবে না।

সূত্র: বিধি ৬, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩

### (৪-১-৩) পরিবেশগত প্রভাব যাচাই (Environmental Impact Assessment- EIA)

**যাচাইয়ের প্রশ্ন**

যদি প্রকল্পটি “লাল” শ্রেণিভুক্ত হয়, তাহলে EIA দলিল সংযুক্ত করা হয়েছে কি?

**সূত্র: MAF**

(৩) যদি প্রকল্পটি “লাল” শ্রেণিভুক্ত হয়, তাহলে EIA দলিল সংযুক্ত করা হয়েছে কি? (ডিপিপি আইটেম ২৫.২ দেখুন)

| | |
|---|---|
| ☐ হ্যাঁ | ☐ না |
| যদি উত্তর না হয়, তাহলে সংযুক্ত না করার কারণ ডিপিপিতে উল্লেখ করা হয়েছে কি? প্রদত্ত কারণসমুহ যৌক্তিক কি? | |
| মন্তব্য ও পরামর্শ | |
| | |

গ্রিনবুক ২০২২- এর যাচাই পয়েন্টসমূহ এবং DPP- এর রেফারেন্স আইটেমগুলি বুঝতে পৃষ্ঠা ১০৯-এ প্রদত্ত ডট-লাইন সহ বক্সটি দেখুন।

**নির্বাচন**

- প্রস্তাবিত প্রকল্পের পরিবেশগত শ্রেণি “লাল” নিশ্চিত করুন।
- দু’টি বিকল্প থেকে একটি নির্বাচন করুন এবং টিক দিন
  - হ্যাঁ: গ্রহণ করা হয়েছে এবং ডিপিপি’তে সংযুক্ত করা হয়েছে।
  - না: গ্রহণ করা বা ডিপিপি’তে সংযুক্ত করা হয়নি।

**[পরামর্শ]**

- সাধারণ মন্তব্যের জন্য বক্স ১০ দেখুন।

**মতামত ও পরামর্শ**

- প্রকল্প প্রস্তাবে EIA এর বিষয়ে পর্যাপ্ত তথ্য না পাওয়ার গেলে মন্তব্য প্রদান করুন।

### (৪-১-৪) পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (Environmental Management Plan- EMP)

**যাচাইয়ের প্রশ্ন**

যদি প্রকল্পটি “লাল” শ্রেণিভুক্ত হয়, তাহলে Environmental Mangement Plan (EMP) দলিল সংযুক্ত করা হয়েছে কি?

**সূত্র: MAF**

(৪) যদি প্রকল্পটি “লাল” শ্রেণিভুক্ত হয়, তাহলে Environmental Mangement Plan (EMP) দলিল সংযুক্ত করা হয়েছে কি? (ডিপিপি আইটেম ২৫.২ দেখুন)

| | |
|---|---|
| ☐ হ্যাঁ | ☐ না |
| যদি উত্তর না হয়, তাহলে সংযুক্ত না করার কারণ ডিপিপিতে উল্লেখ করা হয়েছে কি? প্রদত্ত কারণসমুহ যৌক্তিক কি? | |
| মন্তব্য ও পরামর্শ | |
| | |

গ্রিনবুক ২০২২- এর যাচাই পয়েন্টসমূহ এবং DPP- এর রেফারেন্স আইটেমগুলি বুঝতে পৃষ্ঠা ১০৯-এ প্রদত্ত ডট-লাইন সহ বক্সটি দেখুন।

**নির্বাচন**

- প্রস্তাবিত প্রকল্পের পরিবেশগত শ্রেণি “লাল” নিশ্চিত করুন।
- দু’টি বিকল্প থেকে একটি নির্বাচন করুন এবং টিক দিন
  - হ্যাঁ: গ্রহণ করা হয়েছে এবং ডিপিপি’তে সংযুক্ত করা হয়েছে।
  - না: গ্রহণ করা বা ডিপিপি’তে সংযুক্ত করা হয়নি।

**মতামত ও পরামর্শ**

- প্রকল্প প্রস্তাবে EMP এর বিষয়ে পর্যাপ্ত তথ্য না পাওয়ার গেলে মন্তব্য প্রদান করুন।

## (৪-১-৫) পরিবেশগত ও সামাজিক প্রভাব এবং প্রতিকারসমূহ

**যাচাইয়ের প্রশ্ন**

প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের উপর এই প্রকল্পটির গুরুত্বপূর্ণ প্রভাবগুলি কি এবং এগুলো নিরসনের জন্য কি ধরনের প্রতিকার প্রকল্পের নকশায় অন্তর্ভুক্ত করা হয়েছে?

**সূত্র: MAF**

(৫) প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের উপর এই প্রকল্পটির গুরুত্বপূর্ণ প্রভাবগুলি কি এবং এগুলো নিরসনের জন্য কি ধরনের প্রতিকার প্রকল্পের নকশায় অন্তর্ভুক্ত করা হয়েছে? (ডিপিপি আইটেম ২৫.২; ২৬; ECC; EIA ও EMP দলিল দেখুন)

| ক) মূল প্রভাবসমূহ | খ) নিরসনের উপায়সমূহ |
|---|---|
| | |
| গ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

গ্রিনবুক ২০২২- এর যাচাই পয়েন্টসমূহ এবং DPP- এর রেফারেন্স আইটেমগুলি বুঝতে পৃষ্ঠা ১০৯-এ প্রদত্ত ডট-লাইন সহ বক্সটি দেখুন।

### ক) মূল প্রভাবসমূহ খ) নিরসনের উপায়সমূহ

- প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের উপর প্রস্তাবিত প্রকল্পের প্রভাব লিখুন।
- উপরে বর্ণিত প্রভাবের জন্য সংশ্লিষ্ট প্রতিকারসমূহ লিখুন।

**গ) মতামত ও পরামর্শ**

- প্রাকৃতিক এবং সামাজিক পরিবেশের উপর প্রস্তাবিত প্রকল্পের মূল প্রভাবসমূহ এবং সংশ্লিষ্ট প্রভাবগুলির প্রশমন ব্যবস্থা অনুপস্থিত থাকলে মন্তব্য প্রদান করুন।

| | | |
|---|---|---|
| **[পরামর্শ]**<br>একটি সাধারণ প্রকল্প দ্বারা প্রভাবিত হতে পারে এমন চিহ্নিত প্রভাব নিম্নরূপ:<br>- বাতাসের গুণমান<br>- পানির গুণমান<br>- স্রোতে পানির পরিমাণ<br>- ভূগর্ভস্থ জলের পাইজোমেট্রিক পৃষ্ঠের স্তর<br>- শব্দ দূষণ<br>- ভূমির ব্যবহার | - মাটি (প্রকার, গুণমান এবং পরিমাণ) এবং ভূখণ্ড<br>- আবাদি জমি<br>- বন্যপ্রাণী<br>- পানিবিদ্যা<br>- হাইড্রো-জিওলজি<br>- জলজ সম্পদ<br>- ঐতিহ্যগত পরিবেশগত জ্ঞান এবং ভূমি ব্যবহার | - সংরক্ষণ এবং পুনরুদ্ধার<br>- মানব স্বাস্থ্য<br>- আর্থ-সামাজিক<br>- প্যালিওন্টোলজিক্যাল সম্পদ।<br><br>সূত্র: GOB/GED 2014 DPP Manual |

**বক্স ১০ পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এ উল্লিখিত পরিবেশগত প্রভাব যাচাই প্রতিবেদনের ফরমেট**

**পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন**

| ক্রমিক নং | বিষয় | বর্ণনা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | নির্বাহী সারসংক্ষেপ (Executive Summary) | নির্বাহী সারসংক্ষেপে অকারিগরি (Non-technical) ভাষায় লিখিত সমীক্ষায় প্রাপ্ত তথ্য এবং সুপারিশ থাকিবে। ইহাতে নিম্নোক্ত তথ্যাদি অন্তর্ভুক্ত করিতে হইবে :<br>● প্রকল্পের বিবরণ: প্রস্তাবিত প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ।<br>● সমীক্ষায় প্রাপ্ত তথ্য (Study findings): পরিবেশগত প্রভাব নিরূপণ এর কার্যপরিধি বা সমীক্ষার মাধ্যমে চিহ্নিত প্রধান পরিবেশগত ইস্যুসমূহের আলোকে নিরূপিত পরিবেশগত প্রভাব, প্রশমনমূলক ব্যবস্থা এবং পরিবীক্ষণ কর্মসূচির সারসংক্ষেপ। |
| ২। | সাধারণ তথ্যাবলি (General Information) | সাধারণ তথ্যাবলি প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত তথ্য অন্তর্ভুক্ত করিতে হইবে:<br>● প্রকল্পের ও প্রকল্পের উদ্যোক্তার নাম এবং যোগাযোগের ঠিকানা; প্রকল্পের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল এবং পরিবেশগত প্রভাব নিরূপণ সংক্রান্ত কোনো বিষয় অনুসন্ধানের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল।<br>● পরিবেশবিষয়ক পরামর্শক: পরামর্শক প্রতিষ্ঠানের নাম, যোগযোগের ঠিকানা এবং ই-মেইল; সমীক্ষা দলের প্রত্যেক সদস্যের নামের তালিকা, সমীক্ষার অধিক্ষেত্র এবং স্বাক্ষর। |
| ৩। | প্রকল্পের বিবরণ ও প্রকল্পের অপশনসমূহ (Project Description) | প্রকল্পের বিবরণ দেওয়ার সময় নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করিতে হইবে—<br>● প্রকল্পের প্রয়োজনীয়তা: প্রকল্পের যৌক্তিকতা, উদ্দেশ্য এবং সুফল;<br>● প্রকল্পের বিবরণ: প্রকল্পের বিবরণ প্রদানের ক্ষেত্রে প্রকল্প কার্যক্রম, অবস্থান, লে-আউট, সময়সূচিসহ প্রকল্প বাস্তবায়নের ধাপসমূহ এবং প্রকল্পের সম্ভাব্য সম্প্রসারণের বিষয়ের উল্লেখ থাকিতে হইবে। ইহাতে নিম্নোক্ত বিষয়সমূহ থাকিতে হইবে:<br>● জমির পরিমাণ: প্রয়োজনীয় জমির পরিমাণ, জমির মালিকানা, ভূমি অধিগ্রহণ ইত্যাদি।<br>● প্রকল্পের অবস্থান ও পারিপার্শ্বিক এলাকা: প্রকল্পের অবস্থান (লোকেশন ম্যাপসহ), লে-আউট প্ল্যান যাহাতে ইউটিলিটিস, মেশিনারি, স্টোরেজ ইয়ার্ড, অবকাঠামো, পরিবহণ রুট এবং অন্যান্য কাঠমো প্রদর্শন করিতে হইবে।<br>● প্রকল্পের বিবরণ: সাইট লে-আউট, ফ্লো-ডায়াগ্রামসহ উৎপাদন প্রক্রিয়ার বিস্তারিত বিবরণ, উৎপাদন ক্ষমতা, উৎপাদিত পণ্যের নাম ও পরিমাণ এবং ইউটিলিটিসমূহের বিবরণ।<br>● প্রকল্প কার্যক্রম ও বাস্তবায়ন সময়সূচি: প্রকল্পের ভূমি উন্নয়ন, অবকাঠামো নির্মাণ ও পরিচালনাকালীন গৃহীতব্য প্রধান কার্যক্রমের তালিকা; প্রকল্প উন্নয়নের ধাপ এবং বাস্তবায়ন কাল (Schedule)।<br>● সম্পদ ও উপযোগমূলক সেবার চাহিদা: তৈল, গ্যাস, বিদ্যুৎ, কয়লা ইত্যাদি জ্বালানির চাহিদা; কাঁচামালের তালিকা, পরিমাণ ও উৎস; পানির চাহিদা ও উৎস, কাঁচামাল ও উৎপাদিত পণ্য হ্যান্ডলিং ও স্টোরেজের জন্য নির্মিতব্য অবকাঠামো; অন্যান্য সাপোর্টিং অবকাঠামো, ইউটিলিটি এবং সার্ভিসের চাহিদা; প্রকল্পের উন্নয়ন ও পরিচালনার সময় কর্মসংস্থানের সুযোগ।<br>● দূষণের সম্ভাবনা (Pollution potential):<br>● প্রকল্পের অপশনসমূহ: অপশনসমূহের সংক্ষিপ্ত বিবরণ, গ্রহণযোগ্য অপশন বাছাই এবং অন্যান্য অপশন বাতিলের যৌক্তিকতা। |
| ৪। | প্রকল্প এলাকার বিদ্যমান পরিবেশগত অবস্থা (Existing | পরিবেশগত প্রভাব নিরূপণ এ সমীক্ষাধীন এলাকার বিদ্যমান পরিবেশের বর্ণনায় নিম্নোক্ত বিষয়ের উপর তথ্য ও উপাত্ত প্রদান করিতে হইবে:<br>● ভৌত পরিবেশ: টপোগ্রাফি, জিওলজি, জিও-মর্ফোলজি, মৃত্তিকা, ড্রেনেজ, হাইড্রোলজি এবং পানি সম্পদ, আবহাওয়া ও জলবায়ু, বায়ু ও পানির গুণগত মান, শব্দের মাত্রা, বিদ্যমান দূষণের উৎসসমূহ ইত্যাদি। |

| | | |
|---|---|---|
| | Environmental Condition) | • জীব পরিবেশ: প্রতিবেশ ব্যবস্থা (উদ্ভিদকুল, প্রাণিকুল, স্থলজ আবাসস্থল, সামুদ্রিক/জলজ আবাসস্থল), জলভূমি, এনডেমিক/থ্রেটেন্ড/এনডেঞ্জারড প্রজাতি, নিকটতম সংরক্ষিত, সংবেদনশীল বা সংকটাপন্ন আবাসভূমি (Habitat)।<br>• ভূমি ব্যবহার: বিদ্যমান এবং প্রস্তাবিত ভূমি ব্যবহার, সংরক্ষণের জন্য প্রতিবেশগত গুরুত্বপূর্ণ এলাকা।<br>• সামজিক পরিবেশ: জনসংখ্যার বণ্টন (Population distribution), অর্থনৈতিক কর্মকাণ্ড, ভৌত অবকাঠামো ও পরিষেবা, সামাজিক-সাংস্কৃতিক অ্যামিনিটিস, জনস্বাস্থ্য।<br>• মানচিত্র, লেখচিত্র ও ছবি: প্রকল্প এলাকার বর্ণনার সহিত নিম্নোক্ত তথ্য, ম্যাপ, ছবি এবং অন্যান্য ভিজুয়্যাল তথ্য যুক্ত করিতে হইবে।<br>• প্রকল্প এবং পার্শ্ববর্তী এলাকার পরিবেশের হালনাগাদ ছবি।<br>• প্রকল্পের লোকেশন (অক্ষাংশ ও দ্রাঘিমাংশসহ), প্রকল্প এলাকা এবং সমীক্ষা এলাকার ভৌগোলিক সীমারেখা;<br>• প্রস্তাবিত প্রকল্পের অবস্থান-নির্দেশক ম্যাক্রো স্কেল ম্যাপ (১: ৫০,০০০ এবং ১: ২৫,০০০), প্ল্যান, ছবি অথবা স্যাটেলাইট ইমেজ; স্পষ্ট, পাঠযোগ্য, রঙিন ভূমি ব্যবহারের ম্যাপ। সাম্প্রতিক বিদ্যমান পরিবেশের অবস্থা অনুধাবনের জন্য হালনাগাদ স্যাটেলাইট ইমেজ ব্যবহার করা যাইতে পারে। ভূমি ব্যবহারের ম্যাপে ন্যূনতম ৫ কি.মি. ব্যাসার্ধের এলাকা অন্তর্ভুক্ত করিতে হইবে।<br>• বিদ্যমান পরিবেশের অবস্থা বুঝাইবার জন্য প্রস্তাবিত প্রকল্পের ধরন অনুসারে অন্যান্য কোনো ম্যাপ, যথা-টপোগ্রাফি ম্যাপ, জিওলজিক্যাল ম্যাপ, হাইড্রোলজিক্যাল ম্যাপ ইত্যাদি। |
| ৫। | পরিবেশগত প্রভাব পূর্বানুমান ও মূল্যায়ন (Impact Predication and Evaluation) | পরিবেশগত প্রভাব নিরূপণ এর কার্যপরিধিতে যেসকল পরিবেশগত ইস্যু চিহ্নিত করা হইয়াছে বা পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষায় যে আরও অতিরিক্ত পরিবেশগত ইস্যু চিহ্নিত হইয়াছে সেইগুলির প্রভাব নিরূপণ (Impact Assessment) করিতে হইবে। প্রভাব নিরূপণ প্রধানত নিম্নোক্ত তিনটি ধাপে সম্পন্ন করিতে হইবে, যথা:<br>• প্রভাব চিহ্নিতকরণ (Impact Identification): প্রকল্পের প্রতিটি ধাপের সুনির্দিষ্ট এবং বিশদ প্রভাব চিহ্নিত করিতে হইবে। সকল গুরুত্বপূর্ণ প্রভাবসমূহ বিবেচনা করিতে হইবে। একই সঙ্গে সম্ভাব্য গুরুত্বপুর্ণ পরোক্ষ এবং ক্রমপুঞ্জিভূত (Cumulative) প্রভাবসমূহও চিহ্নিত করিতে হইবে। |
| | | • প্রভাব পূর্বানুমান (Impact Predication): গুরুত্বপূর্ণ প্রভাবসমূহের প্রকৃতি, বিশালত্ব, বিস্তার এবং স্থায়িত্ব (nature, magnitude, extent and duration) ইত্যাদি পূর্বানুমান করিতে হইবে। প্রভাব নিরূপণের জন্য একাধিক গুণবাচক বা পরিমাণবাচক পূর্বানুমান টুল রহিয়াছে। এইক্ষেত্রে সমীক্ষাধীন প্রকল্প এবং প্রকল্প এলাকার জন্য যথোপযুক্ত টুল বা মডেল নির্বাচন করিতে হইবে।<br>• প্রভাব মূল্যায়ন (Impact Evaluation): প্রকল্পের কার্যক্রমের ফলে সৃষ্ট পরিবেশগত প্রভাব নিম্নোক্ত নির্ণায়কের ভিত্তিতে মূল্যায়ন করিতে হইবে:<br>প্রভাবের মাত্রা (Magnitude of impact)<br>প্রভাবের বিস্তার (Extent of effect)<br>প্রভাবের স্থায়িত্বকাল (Duration of the impact)<br>ক্ষতিগ্রস্ত এলাকা বা অবস্থার পূর্বাবস্থায় ফিরিয়া যাওয়া (Reversibility of condition/impacted area)<br>পুঞ্জিভূত প্রভাব (Cumulative impact)<br>• প্রকল্পের কার্যক্রমের ফলে সৃষ্ট পরিবেশগত প্রভাবের বিষয়ে উল্লিখিত নির্ণায়কের ভিত্তিতে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ হইবে:<br>কোনো প্রভাব নাই (No impact)<br>প্রভাব তাৎপর্যপূর্ণ (Significat impact)<br>প্রভাব অতাৎপর্যপূর্ণ (Insignificant impact)<br>অজানা প্রভাব (Unknown impact)<br>প্রশমনযোগ্য প্রভাব (Mitigated impact) |

| | | |
|---|---|---|
| ৬। | প্রশমনমূলক ব্যবস্থা (Mitigation Measures) | পরিবেশগত প্রভাব নিবৃত্তির জন্য বাস্তবসম্মত, সুলভ এবং কার্যকর প্রশমনমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করিতে হইবে। পরিবেশগত প্রভাব নিবৃত্তির জন্য সম্ভাব্য সকল বিকল্প উপায় মূল্যায়ন করিয়া সর্বোত্তম সমাধানের জন্য পরামর্শ প্রদান করিতে হইবে যাহার ব্যয় উদ্যোক্তার জন্য সহনীয় এবং প্রকল্পের নেতিবাচব প্রভাব অবলোপনের জন্য যৌক্তিকভাবে গ্রহণযোগ্য। প্রশমনমূলক ব্যবস্থার কার্যকারিতা পরিমাপযোগ্য হইতে হইবে যাহাতে পরিবীক্ষণ এবং অডিটিং-এর মাধ্যমে তাহা প্রমাণ করা যায়।<br><br>সুপারিশকৃত প্রতিটি প্রশমনমূলক ব্যবস্থার বিস্তারিত বিবরণ প্রদান করিতে হইবে। প্রকল্পের বিস্তারিত ডিজাইনে কখন এবং কীভাবে এইগুলি অন্তর্ভুক্ত হইবে তাহার উল্লেখ করিতে হইবে। প্রস্তাবিত সকল প্রশমনমূলক ব্যবস্থার প্রাক্কলিত ব্যয় সম্ভব হইলে প্রদান করিতে হইবে। |
| ৭। | পরিবীক্ষণ কর্মসূচি (Monitoring Programme) | পরিবীক্ষণ কর্মসূচির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়ে বিবরণ প্রদান করিতে হইবে:<br><br>• প্রশমনমূলক ব্যবস্থা বাস্তবায়ন পরিবীক্ষণ: সুপারিশকৃত সকল প্রশমনমূলক ব্যবস্থার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করিবার জন্য পরিবীক্ষণ পদ্ধতি নির্ধারণ করিতে হইবে। এই উদ্দেশ্যে নিম্নোক্ত তথ্য প্রদান করিতে হইবে:<br>সুপারিশকৃত প্রশমনমূলক ব্যবস্থাসমূহ যে সঠিকভাবে বাস্তবায়ন করা হইয়াছে তাহা পরীক্ষা করার পদ্ধতি (Methodology);<br>প্রশমনমূলক ব্যবস্থা গ্রহণের লোকেশন এবং পরিবীক্ষণ সাইট নির্দেশক ম্যাপ এবং ছবি;<br>প্রকল্প মেয়াদে সাইট পরিদর্শনের সংখ্যা উল্লেখপূর্বক সময়সূচি;<br>প্রতিবেদন প্রেরণ এবং<br>ফলাফল পর্যালোচনা/অডিটিং-এর পদ্ধতি এবং সময়সূচি<br>• প্রকল্পের পরিবেশগত প্রভাব পরিবীক্ষণ: পরিবীক্ষণ কর্মসূচির আওতায় নেতিবাচক পরিবেশগত পরিবর্তন পর্যবেক্ষণ করিতে হইবে এবং এই লক্ষ্যে নিম্নলিখিত বিষয়ে বিস্তারিত বিবরণ পরিবীক্ষণ কর্মসূচিতে অন্তর্ভুক্ত করিতে হইবে :<br>প্রধান পরিবেশগত ইস্যুর জন্য ইন্ডিকেটর<br>পরিবেশগত মানমাত্রা এবং প্রকল্পে তাহাদের প্রয়োগ<br>পরিবীক্ষণ পদ্ধতি, লোকেশন এবং সময়সূচি<br>উদ্যোক্তার দায়িত্ব (পরিবীক্ষণ কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় জনবল, বাজেট এবং পরামর্শ সেবার প্রয়োজনীয়তা)<br>পরিবীক্ষণ রিপোর্টিং |

**<u>পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রতিবেদন</u>**

| ক্রমিক নং | বিষয় | বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ভূমিকা (Introduction) | • প্রতিবেদনের উদ্দেশ্য |
| ২। | প্রকল্পের বিবরণ (Project Description) | • লোকেশন, এরিয়া এবং প্রকল্পের উদ্দেশ্য<br>• প্রকল্পের লে-আউট এবং ডিজাইন<br>• প্রকল্পের বাস্তবায়ন পরিকল্পনা এবং সময়সূচি<br>• প্রকল্পের অন্যান্য প্রয়োজনীয় তথ্য |
| ৩। | পরিবেশগত নীতিমালা (Environmental Policy) | • পরিবেশগত ব্যবস্থাপনা এবং সংরক্ষণসংক্রান্ত কোম্পানির নীতি |
| ৪। | পরিবেশগত প্রতিপালনীয় বিষয় | • প্রতিপালনীয় আইনগত মানমাত্রা<br>• পরিবেশ অধিদপ্তর বা অন্য কোনো সংস্থা কর্তৃক প্রদত্ত পরিবেশগত শর্তসমূহ |

| | | |
|---|---|---|
| | (Environmental Compliance Requirements) | • উদ্দেশ্য ও নির্ণায়কসমূহ যাহা পূরণ করা হইবে<br>• নীতিসমূহ যাহাতে অবিচল থাকা হইবে<br>• উত্তম চর্চাসমূহ যাহা প্রয়োগ করা হইবে |
| ৫। | পরিবেশগত প্রভাব এবং প্রশমনের ব্যবস্থা (Environmental Impacts and Mitigation Measures) | • প্রকল্প কার্যক্রমের বিস্তারিত তালিকা এবং গুরুত্বপূর্ণ পরিবেশগত প্রভাব;<br>• গৃহীতব্য দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থাসমূহ;<br>• প্রাকৃতিক সম্পদ, প্রতিবেশগত ব্যবস্থা, সাইট, এলাকার বৈশিষ্ট্য কিংবা প্রজাতি সুরক্ষার জন্য গৃহীতব্য সংরক্ষণমূলক কার্যক্রম;<br>• সামাজিক এবং পাবলিক ইস্যু (সাংস্কৃতিক এবং ধর্মীয়) মোকাবিলা ব্যবস্থা |
| ৬। | পরিবেশগত সার্ভেইল্যান্স, পরিবীক্ষণ এবং অডিটিং (Environmental Surveillance, Monitoring and Auditing) | • প্রস্তাবিত প্রশমন ব্যবস্থাসমূহের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করিবার লক্ষ্যে গৃহীতব্য সার্ভেইল্যান্স এবং পরিবীক্ষণ কর্মসূচি রূপরেখা;<br>পরিবেশগত অবস্থা পরিবীক্ষণ করিবার জন্য যেসকল পদ্ধতি ও প্রণালি (Procedures and methods) গ্রহণ করা হইবে তাহার রূপরেখা;<br>সার্ভেইল্যান্স ও পরিবীক্ষণ কত সময় পরপর করা হইবে;<br>পরিবেশ ছাড়পত্রের শর্তসমূহ প্রতিপালন যাচাই করিবার জন্য প্রস্তাবিত অডিট কর্মসূচি<br>ডাটা সংগ্রহ এবং পরিবেশ অধিদপ্তরে দাখিলের জন্য প্রতিবেদন প্রণয়ন |
| ৭। | আকস্মিক পরিস্থিতি মোকাবিলা পরিকল্পনা (Contigency Planning) | • অস্বাভাবিক এবং জরুরি পরিস্থিতি (যেমন : উৎপাদন প্রক্রিয়ার যন্ত্রপাতি বিকল, আগুন, গ্যাস লিক, বিপজ্জনক পদার্থে বিচ্ছুরণ, দূষণ নিয়ন্ত্রণ যন্ত্রপাতি বিকল) মোকাবিলা করিবার করিবার পরিকল্পনা।<br>• জরুরি পরিস্থিতি মোকাবিলার পরিকল্পনায় নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করিতে হইবে, যথা:<br>জরুরি পরিস্থিতি মোকাবিলায় গৃহীতব্য পদ্ধতি ও উপায়সমূহ (Procedures and measures)<br>সুরক্ষা ব্যবস্থা (কর্মরত স্টাফ ও সাধারণ জনগণের জন্য)<br>জরুরি পরিস্থিতিকালীন যেসকল সংস্থা/যাহার সহিত যোগাযোগ করিতে হইবে এবং পরবর্তীকালে অবহিত করিতে হইবে<br>সুরক্ষাবিষয়ক সচেতনতা বৃদ্ধি এবং শিক্ষামূলক কার্যক্রম |
| ৮। | সাংগঠনিক কাঠামো (Organizational Structure) | • প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামো (ইএমপি বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট কাজের তত্ত্বাবধানের জন্য দায়িত্বপ্রাপ্ত স্টাফসহ)<br>• ইএমপি বাস্তবায়নের কাজের সহিত সংশ্লিষ্ট স্টাফদের দায়িত্ব ও কর্মপ্রণালি (Responsibilities and work Procedure)<br>• প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ এবং বহিঃসংস্থাকে (যেমন: পরিবেশ অধিদপ্তর) রিপোর্ট করিবার প্রক্রিয়া (Reporting hierarchy)<br>• বাহিরের সংস্থা বা ব্যক্তির নিকটি হইতে সেবা গ্রহণের প্রয়োজনীয়তা (যেমন: পরিবেশগত পরিবীক্ষণ-এর জন্য গবেষণাগার, স্লাজ পরিত্যজনের জন্য ঠিকাদার)<br>• প্রশিক্ষণ কর্মসূচি |
| ৯। | বাজেট এবং বাস্তবায়ন কর্মসূচি (Budget and Implementation Programme) | • ইএমপি বাস্তবায়ন কর্মসূচি<br>• নিম্নোক্ত খাতে বাজেট বরাদ্দ:<br>০ প্রশমন ব্যবস্থাসমূহ বাস্তবায়ন<br>০ সার্ভেইল্যান্স, পরিবীক্ষণ এবং অডিটিং<br>০ প্রশিক্ষণ এবং ইমারজেন্সি রেস্পন্স |

সূত্র: পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল- ১১, [বিধি ১৫ এর উপ-বিধি (৩) দ্রষ্টব্য]

## (৪-২) দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি

নিম্নলিখিত যাচাই পয়েন্টসমূহ এবং রেফারেন্স আইটেম ৪-২ এর অধীনে প্রশ্নগুলির জন্য প্রযোজ্য।

উত্তর নির্বাচন করার জন্য নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করুন এবং ক)- তে তালিকাভুক্ত DPP আইটেমটি গুলো পড়ে মন্তব্য প্রদান করুন।

- প্রস্তাবিত প্রকল্পটি কি GCRD নীতিমালা/নির্দেশিকায় বর্ণিত সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন (GCRD) ধারণা অগ্রাধিকার কর্মকান্ডের (সেক্টর-ওয়ারি) সাথে সামঞ্জস্যপূর্ণ?
- প্রস্তাবিত প্রকল্পটি GRCD নির্দেশিকাগুলিতে নির্ধারিত অগ্রাধিকারমূলক কর্ম বিবেচনায় অগ্রাধিকারমূলক প্রকল্প কিনা?
- প্রস্তাবিত প্রকল্পটি কি প্রাসঙ্গিক বিধি ও প্রবিধান অনুসরণ করে প্রণীত হয়েছে কিনা?
  - DIA প্রস্তুত করা হয়েছিল কি? এবং DIA রিপোর্ট কি ডিপিপি'তে সংযুক্ত করা হয়েছে?
  - জরুরী দুর্যোগ ব্যবস্থাপনা এবং/অথবা ব্যবসার ধারাবাহিকতা পরিকল্পনার জন্য আপৎকালীন পরিকল্পনা প্রস্তুত এবং ডিপিপি'র সাথে সংযুক্ত করা হয়েছে কিনা?
- প্রস্তাবিত প্রকল্পের উপর জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব আছে কি?
  - প্রস্তাবিত প্রকল্পের উপর জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব নিরসনের উপায় বিবেচনা করা হয়েছে কি?
- বিদ্যমান দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকিসমূহ বৃদ্ধি কিংবা নতুন ঝুঁকিসমূহ সৃষ্টির ক্ষেত্রে এই প্রকল্পের কোন প্রভাবসমূহ কোন অবদান রাখবে কি?
  - বিদ্যমান দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকিসমূহ বৃদ্ধি কিংবা নতুন ঝুঁকিসমূহ সৃষ্টির ক্ষেত্রে এই প্রকল্পের প্রভাবসমূহ নিরসনের উপায় বিবেচনা করা হয়েছে কি?
- প্রস্তাবিত প্রকল্পে বিবেচিত প্রতিকারসমূহ জলবায়ু ও দূর্যোগ সহনশীল কিনা?

**গ্রিনবুকের মূল্যায়ন পয়েন্ট**

উপরের প্রশ্নের উত্তর দেয়ার অর্থ হচ্ছে এর মাধ্যমে গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক নির্দেশনা অনুসরণ করা হয়েছে।

- অনুচ্ছেদ ১.১.৮.২- প্রকল্পের ব্যয় প্রাক্কলনের যথার্থতা
- অনুচ্ছেদ ১.১.১১- পরিবেশ ও জলবায়ু পরিবর্তনের অন্যান্য ক্ষেত্রের (Cross Cutting Issues) প্রভাব বিশ্লেষণ
- অনুচ্ছেদ ১.১৬- স্থাপনা নির্মাণ সম্পর্কিত প্রকল্পের ক্ষেত্রে কারিগরি পরীক্ষার (মৃত্তিকা পরীক্ষা, ডিআইএ ও অন্যান্য) প্রতিবেদন
- অনুচ্ছেদ ২১.৩- 'বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫' এবং 'পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭

গ্রিনবুক এর পরবর্তীতে সংশোধন করা হয়েছে এবঙ্গ প্রজ্ঞাপন দ্বারা GCRD সম্পর্কিত নিম্নলিখিত দুটি অনুচ্ছেদ অন্তর্ভুক্ত করা হয়েছে (নং-২০.০০.০০০০.৪০৪.১৪.০৬১.২০২০(অংশ- ২/৬৩)

- অনুচ্ছেদ ১.১.১১ (ক)- বিনিয়োগ প্রকল্প চিহ্নিতকরণ, প্রণয়ন ও প্রক্রিয়াকরণের ক্ষেত্রে 'সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন (GCRD)' বিষয়টি বিবেচনাপূর্বক উন্নয়ন প্রকল্প প্রস্তাবের (DPP) ২৫.৩ অনুচ্ছেদে একটি উপ-অনুচ্ছেদ [২৫.৩(ক)] হিসেবে সন্নিবেশ করতে হবে। এক্ষেত্রে সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন ধারণা অনুযায়ী সেক্টরভিত্তিক বর্ণনা ও বিশ্লেষণ ডিপিপি-তে সংযুক্ত করতে হবে।
- অনুচ্ছেদ ২১.৩ (ক)- বিনিয়োগ প্রকল্প চিহ্নিতকরণ, প্রণয়ন ও প্রক্রিয়াকরণের ক্ষেত্রে উপ-অনুচ্ছেদ ১.১.১১ (ক)- এ উল্লেখিত নির্দেশনা অনুযায়ী 'সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন (GCRD)' বিষয়টি ডিপিপি'র ২৫.৩ অনুচ্ছেদের ২৫.৩ (ক) উপ-অনুচ্ছেদে সংযুক্ত করতে হবে।

**(ক) ডিপিপি'র সংশ্লিষ্ট আইটেমসমূহ**

- নিম্নলিখিত ডিপিপি আইটেম চেক করুন।
  - ২৫. নিম্নবর্ণিত বিষয়ের উপর প্রকল্পের ফলাফল/প্রভাবের বর্ণনাএবং প্রতিকার/ঝুঁকি হ্রাসের উপায় বর্ণনা
  - (২৫.২) টেকসই পরিবেশ সংক্রান্ত তথ্যাদি যথা- ভূমি, পানি, বাতাস, জীব-বৈচিত্র, প্রতিবেশ ইত্যাদি (প্রস্তাবিত প্রকল্পটি 'রেড ক্যাটাগরি/লাল শ্রেণিভূক্ত' হলে EIA রিপোর্ট সংযুক্ত করতে হবে।)
  - ২৬. পরিবেশ সংরক্ষন আইন ১৯৯৫ (ECA ১৯৯৫) (সংশোধিত-২০১০) অনুযায়ী ছাড়পত্র গ্রহণ করা হয়েছে কিনা? (উত্তর হ্যাঁ হলে সনদ পত্র সংযুক্ত করতে হবে; না হলে তার কারণ উল্লেখ করতে হবে।)
  - সংযুক্তি: দুর্যোগের প্রভাব মূল্যায়ন প্রতিবেদন (DIA)
  - সংযুক্তি: জরুরী দুর্যোগ ব্যবস্থাপনার জন্য আপৎকালীন পরিকল্পনা
- নিচের অনুচ্ছেদ গুলো সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন অনুযায়ী যাচাই করুন
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ১- গুরুত্বপূর্ণ তথ্যাদি
  - অনুচ্ছেদ ৫- পরিবেশগত স্থায়িত্বশীলতা, জলবায়ু সহিষ্ণুতা ও দুর্যোগের ঝুঁকি বিশ্লেষণ।
  - ৫.১- পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগের ঝুঁকি বিশ্লেষণ
  - ৫.২- প্রকল্পের দুর্যোগ সহিষ্ণুতা যাচাই

## (৪-২-১) সবুজ ও জলবায়ু সহিষ্ণু (GCRD) অগ্রাধিকার

**যাচাইয়ের প্রশ্ন**

প্রস্তাবিত প্রকল্পটি কি GCRD নীতিমালা/নির্দেশিকায় বর্ণিত সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন (GCRD) ধারণা অগ্রাধিকার কর্মকান্ডের (সেক্টর-ওয়ারি) সাথে সামঞ্জস্যপূর্ণ?

**সূত্র: MAF**

**২.১ সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন (GCRD) অগ্রাধিকার**

প্রস্তাবিত প্রকল্পটি কি GCRD নীতিমালা/নির্দেশিকায় বর্ণিত সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন (GCRD) ধারণা অগ্রাধিকার কর্মকান্ডের (সেক্টর-ওয়ারি) সাথে সামঞ্জস্যপূর্ণ?

| ☐ হ্যাঁ | ☐ না |
|---|---|
| মন্তব্য ও পরামর্শ বিশেষত যদি উত্তর 'না' হয় তাহলে GCRD নির্দেশিকা অনুসরণ না করে প্রকল্পটি প্রস্তাব করার কোন কারণ আছে কিনা? | |
| | |

গ্রিনবুক ২০২২- এর যাচাই পয়েন্টসমূহ এবং DPP- এর রেফারেন্স আইটেমগুলি বুঝতে পৃষ্ঠা ১১৮-এ প্রদত্ত ডট-লাইন সহ বক্সটি দেখুন।

### নির্বাচন

- প্রস্তাবিত প্রকল্পের আইটেম ২৫.৩ পরীক্ষা করুন এবং দেখুন প্রস্তাবিত প্রকল্পটি GRCD নির্দেশিকাগুলিতে নির্ধারিত অগ্রাধিকারমূলক কর্ম বিবেচনায় অগ্রাধিকারসমুহের সাথে প্রাসঙ্গিক কিনা?
- দু'টি বিকল্প থেকে একটি নির্বাচন করুন এবং টিক দিন
  - হ্যাঁ, প্রস্তাবিত প্রকল্পটি GRCD নির্দেশিকাগুলিতে নির্ধারিত অগ্রাধিকারসমুহের সাথে প্রাসঙ্গিক।
  - না, প্রস্তাবিত প্রকল্পটি GRCD নির্দেশিকাগুলিতে নির্ধারিত অগ্রাধিকারসমুহের সাথে প্রাসঙ্গিক নয়।

**[পরামর্শ]**

- বার্ষিক উন্নয়ন কর্মসূচির সেক্টরের সাথে সামঞ্জজস্যতস রেখে GRCD নির্দেশিকাসমূহ প্রস্তুত করা হয়েছে।

### গ) মতামত ও পরামর্শ

- যদি প্রস্তাবিত প্রকল্পটি সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন (GCRD) অগ্রাধিকার কর্মের সাথে সঙ্গাতিপূর্ণ না হয় বা অপর্যাপ্ত যৌক্তিকতা প্রদান করা হয়, সেক্ষেত্রে মন্তব্য প্রদান করুন।

### (৪-২-২) দুর্যোগের প্রভাব যাচাই (DIA)

### (৪-২-২-১) দুর্যোগের প্রভাব যাচাই (DIA) প্রতিবেদন

**যাচাইয়ের প্রশ্ন**

অবকাঠামো নির্মাণ জড়িত এমন প্রকল্পের ক্ষেত্রে, DIA প্রস্তুত করা হয়েছিল কি? এবং DIA রিপোর্ট কি ডিপিপি'তে সংযুক্ত করা হয়েছে?

**সূত্র: MAF**

**২.২ দুর্যোগের প্রভাব যাচাই**

(১) অবকাঠামো নির্মাণ জড়িত এমন প্রকল্পের ক্ষেত্রে, DIA প্রস্তুত করা হয়েছিল কি? এবং DIA রিপোর্ট কি ডিপিপিতে সংযুক্ত করা হয়েছে?

| ☐ হ্যাঁ | ☐ না |
|---|---|
| যদি উত্তর না হয়, তাহলে সংযুক্ত না করার কারণ ডিপিপিতে উল্লেখ করা হয়েছে কি? প্রদত্ত কারণসমূহ যৌক্তিক কি? | |
| মন্তব্য ও পরামর্শ | |
| | |

গ্রিনবুক ২০২২- এর যাচাই পয়েন্টসমূহ এবং DPP- এর রেফারেন্স আইটেমগুলি বুঝতে পৃষ্ঠা ১১৮-এ প্রদত্ত ডট-লাইন সহ বক্সটি দেখুন। উপরন্তু, গ্রিনবুক ২০২২- এর নিম্নলিখিত উপ-অনুচ্ছেদটি উপরে উল্লিখিত প্রশ্নের সাথে প্রাসঙ্গিক।

- অনুচ্ছেদ ১.১৬- স্থাপনা নির্মাণ সম্পর্কিত প্রকল্পের ক্ষেত্রে কারিগরি পরীক্ষার (মৃত্তিকা পরীক্ষা, ডিআইএ ও অন্যান্য) প্রতিবেদন, ঘূর্ণিঝড়ের গতিবেগ, বন্যার সর্বোচ্চ উচ্চতা, সাইট নির্বাচনের যৌক্তিকতা সংক্রান্ত তথ্যাদি ডিপিপি/আরডিপিপি'র সাথে সংযুক্ত করতে হবে।

**নির্বাচন**

- DIA পরিচালিত হয়েছে কিনা, এর প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে কিনা এবং ডিপিপি-এর সংযুক্তি উল্লেখ পূর্বক DIA প্রতিবেদনটি সংযুক্ত করা হয়েছে কিনা তা পরীক্ষা করুন।
- দু'টি বিকল্প থেকে একটি নির্বাচন করুন এবং টিক দিন
  - হ্যাঁ, DIA করা হয়েছিল, এর প্রতিবেদন প্রস্তুতপূর্বক তা ডিপিপি'তে সংযুক্ত করা হয়েছে।
  - না, হ্যাঁ, DIA করা হয়নি।, এর প্রতিবেদন প্রস্তুত করা হয়নি বা তা ডিপিপি'তে সংযুক্ত করা হয়নি।

**[পরামর্শ]**

- পরিবেশগত শ্রেণির মত DIA এর কোন শ্রেণি নেই। সকল প্রকার অবকাঠামো নির্মাণ জড়িত প্রকল্পের জন্যই DIA করা প্রয়োজন।
- DIA পরিচালনা করতে Disaster and Climate Risk Information Platform (DRIP) ব্যবহার করুন।

**গ) মতামত ও পরামর্শ**

- প্রকল্পে DIA প্রয়োজন সত্ত্বেও পরিচালনা না করার জন্য পর্যাপ্ত তথ্য নেই বা তথ্যের যৌক্তিকতা নেই সেখানে মন্তব্য প্রদান করুন।

**বক্স ১১ Disaster and Climate Risk Information Platform (DRIP)**

দুর্যোগ ও জলবায়ু ঝুঁকি সংক্রান্ত তথ্য Platform হচ্ছে একটি বিশেষায়িত sowftware application, যার উদ্দেশ্য হচ্ছে ঝুঁকি যাচাই ও উপলব্ধি, এবং দুর্যোগ ও জলবায়ু ঝুঁকি সংক্রান্ত বিষয়ে যোগাযোগ স্থাপন করা এবং দুর্যোগের ঝুঁকি সংক্রান্ত তথ্যাদি উন্নয়ন পরিকল্পনা, উন্নয়ন বাজেট, নীতি এবং কর্মসূচিতে সমন্বিত করা। এ প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যগুলো নিম্নে দেয়া হলো:

- ঝুঁকি অবহিত সরকারি বিনিয়োগ নিশ্চিত করনের লক্ষ্যে দুর্যোগ ও জলবায়ু ঝুঁকি সংক্রান্ত তথ্যাদি উন্নয়ন প্রকল্প, পরিকল্পনা, কর্মসূচি এবং নীতিমালায় সমন্বিত করা।
- একটি সাধারণ (common) Platform থেকে ঝুঁকি সংক্রান্ত তথ্যাদি প্রপ্তিতে সহায়তা প্রদান
- বিভিন্ন মন্ত্রণালয়ের পরিকল্পনা কর্মকর্তাগণকে বিভিন্ন সেক্টরে বিদ্যমান ঝুঁকি সংক্রান্ত তথ্যাদি দ্বারা সহায়তা করা

অতিরিক্ত তথ্যের জন্য, http://drip.plancomm.gov.bd/ (মে, ২০২৩ পর্যন্ত) পরিদর্শন করুন।

## (৪-২-২-২) দুর্যোগের প্রভাব যাচাই (DIA) প্রতিবেদন

**যাচাইয়ের প্রশ্ন**

প্রস্তাবিত প্রকল্পের উপর জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব কি ও তা নিরসনের উপায় কি?

**সূত্র: MAF**

(২) প্রস্তাবিত প্রকল্পের উপর জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব কি ও তা নিরসনের উপায় কি? (ডিপিপি আইটেম ২৫.৩, DIA প্রতিবেদন দেখুন)

| ক) মূল প্রভাবসমূহ | খ) নিরসনের উপায়সমূহ |
|---|---|
| | |
| | |
| | |
| গ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

গ্রিনবুক ২০২২- এর যাচাই পয়েন্টসমূহ এবং DPP- এর রেফারেন্স আইটেমগুলি বুঝতে পৃষ্ঠা ১১৮-এ প্রদত্ত ডট-লাইন সহ বক্সটি দেখুন।

**ক) মূল প্রভাবসমূহ খ) নিরসনের উপায়সমূহ**

- প্রস্তাবিত প্রকল্পের উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব লিখুন।
- উপরে বর্ণিত প্রভাবের জন্য সংশ্লিষ্ট নিরসনের উপায়সমূহ লিখুন।
- নিম্নে উল্লিখিত তথ্যসূত্রে প্রকল্পের উপর জলবায়ুর প্রভাব ও নিরসনের উপায়সমূহের উদাহরণ উল্লেখ করা হয়েছে।

**গ) মতামত ও পরামর্শ**

- প্রস্তাবিত প্রকল্পে জলবায়ু পরিবর্তনের প্রধান প্রভাবগুলি এবং সংশ্লিষ্ট প্রভাবগুলির নিরসনের উপায়সমূহ অনুপস্থিত থাকলে মন্তব্য প্রদান করুন।

**তথ্যসূত্র: প্রকল্পের উপর জলবায়ু পরিবর্তনের প্রভাবের উদাহরণ ও প্রতিকারের উপায়**

- ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রসমূহ বাতাসের ঝুঁকি, ঝড়/জলোচ্ছাস এবং লবণাক্ততার মত বিপদের সম্মুখিন হবে।
- বাঁধসমূহ ঘূর্ণিজড়ে/জলোচ্ছাসের কারনে ভেঙে যেতে পারে এবং জল উপচে জলাবদ্ধতার সৃষ্টি হতে পারে।
- লবণাক্ততা বৃদ্ধি ও জলাবদ্ধতা নারীদের প্রয়োজনীয় স্বাস্থ ও স্বাস্থ্য বিধি ও অভ্যাসের উপর নেচিবাচক প্রভাব ফেলতে পারে।
- বন্যা সমতলের মধ্যস্থিত রাস্তা বন্যার ফলে নিমজ্জিত হয়ে যোগাযোগ ব্যহত হতে পারে।
- স্থাপনার ক্ষতি, বিশেষত স্থল যোগাযোগের ক্ষতির কারনে মালামাল ও সেবা সরবাহ বিচ্ছিন্ন হয়ে জনগণের অর্থনৈতিক জীবনে নেতিবাচক প্রভাব সৃষ্টি করতে পারে।
- সেতুসমূহ নদী ভাঙনের মুখে পড়তে পারে।
- ভুমিকম্প ভবন/দালান ইত্যাদির ক্ষতি করতে পারে এবং ফলত অগ্নিজনিত ঝুঁকির সৃষ্টি হতে পারে।
- ক্ষতিগ্রস্ত ও ভেঙে পড়া স্থাপনা নারী, বয়সন্ধির বালিকা, বিকলাংগ লোকজন ও বয়স্ক ব্যাক্তিগণের জন্য সমান সুযোগ ও নিরাপত্তার ব্যাপারে ঝুঁকি হতে পারে।

| প্রকল্প | ঝুঁকি প্রশমন | উপায় | |
|---|---|---|---|
| ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র | ঝুঁকি | বায়ু | BNBC অনুযায়ী সর্বোচ্চ বায়ুর গতি বিবেচনা করা হয়েছে। |
| | | ঘূর্ণিঝড় জনিত জলোচ্ছাস | ঐতিহাসিকভাবে বিবেচিত সর্বোচ্চ জলচ্ছাসের স্তর বিবেচনা করা হয়েছে। |
| | | লবণাক্ততা | Thicker covering; modular construction |
| | যথোপযোগিতা | নদী ভাংগন | পর্যাপ্ত setback দুরত্ব বজায় রাখা হয়েছে। |
| | | আশ্রয়কেন্দ্রের প্রবেশাধিকার | রাস্তা ও কালভার্ট নির্মাণ করা হয়েছে। |
| | | আশ্রয়কেন্দ্রে নিরাপত্তা | নারীদের জন্য ভিন্ন পৃথক জায়গায় wash facilities; আপৎকালীন আলোর ব্যবস্থা করা হয়েছে। |
| | | পরবর্তি সেবাসমূহ | স্বাভাবিক পরিকল্পনা করা হয়েছে। |

উৎস: GOB (forthcoming) DIA Framework

## (৪-২-২-৩) দুর্যোগের প্রভাব যাচাই (DIA) প্রতিবেদন

**যাচাইয়ের প্রশ্ন**

বিদ্যমান দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকিসমূহ বৃদ্ধি কিংবা নতুন ঝুঁকিসমূহ সৃষ্টির ক্ষেত্রে এই প্রকল্পের প্রভাবসমূহ কি অবদান রাখবে ও তা নিরসনের উপায়সমূহ

**সূত্র: MAF**

(৩) বিদ্যমান দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকিসমূহ বৃদ্ধি কিংবা নতুন ঝুঁকিসমূহ সৃষ্টির ক্ষেত্রে এই প্রকল্পের প্রভাবসমূহ কি অবদান রাখবে ও তা নিরসনের উপায়সমূহ (ডিপিপি আইটেম ২৫.৩ এর DIA প্রতিবেদন দেখুন)

| ক) মূল প্রভাবসমূহ | খ) নিরসনের উপায়সমূহ |
|---|---|
| | |
| | |
| | |
| গ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

গ্রিনবুক ২০২২- এর যাচাই পয়েন্টসমূহ এবং DPP- এর রেফারেন্স আইটেমগুলি বুঝতে পৃষ্ঠা ১১৮-এ প্রদত্ত ডট-লাইন সহ বক্সটি দেখুন।

**ক) মূল প্রভাবসমূহ খ) নিরসনের উপায়সমূহ**

- জলবায়ু পরিবর্তনের উপর প্রস্তাবিত প্রকল্পের প্রভাব লিখুন।
- উপরে বর্ণিত প্রভাবের জন্য সংশ্লিষ্ট নিরসনের উপায়সমূহ লিখুন।
- নিম্নে উল্লিখিত তথ্যসূত্রে জলবায়ু পরিবর্তনের উপর প্রকল্পের প্রভাব ও নিরসনের উপায়সমূহের উদাহরণ উল্লেখ করা হয়েছে।

**গ) মতামত ও পরামর্শ**

- জলবায়ু পরিবর্তনের উপর প্রস্তাবিত প্রকল্পে প্রধান প্রভাবগুলি এবং সংশ্লিষ্ট প্রভাবগুলির নিরসনের উপায়সমূহ অনুপস্থিত থাকলে মন্তব্য প্রদান করুন।

**তথ্যসূত্র: জলবায়ু পরিবর্তনে প্রস্তাবিত প্রকল্পের প্রভাবের উদাহরণসমূহ**

- বেড়িবাঁধ নদী তীরবর্তী অরক্ষিত এলাকায় বন্যার স্তর বৃদ্ধি করতে পারে।
- রাস্তা নির্মাণের কারণে জলাবদ্ধতা তৈরি হতে পারে।

সূত্র: GOB (forthcoming) DIA Framework

## (৪-২-২-৪) দুর্যোগের প্রভাব যাচাই (DIA) প্রতিবেদন

**যাচাইয়ের প্রশ্ন**

দুর্যোগ ব্যবস্থাপনা ও কাজ চলমান রাখার আপৎকালীন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে কি এবং তা ডিপিপি'র সাথে সংযুক্ত করা হয়েছে কি?

**সূত্র: MAF**

(৪) দুর্যোগ ব্যবস্থাপনা ও কাজ চলমান রাখার আপৎকালীন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে কি এবং তা ডিপিপির সাথে সংযুক্ত করা হয়েছে কি?

| □ হ্যাঁ | □ না |
|---|---|
| যদি উত্তর না হয়, তাহলে সংযুক্ত না করার কারণ ডিপিপিতে উল্লেখ করা হয়েছে কি? প্রদত্ত কারণসমূহ যৌক্তিক কি? | |
| মন্তব্য ও পরামর্শ | |
| | |

গ্রিনবুক ২০২২- এর যাচাই পয়েন্টসমূহ এবং DPP- এর রেফারেন্স আইটেমগুলি বুঝতে পৃষ্ঠা ১১৮-এ প্রদত্ত ডট-লাইন সহ বক্সটি দেখুন।

**ক) মূল প্রভাবসমূহ খ) নিরসনের উপায়সমূহ**

- দুর্যোগ ব্যবস্থাপনা ও কাজ চলমান রাখার জন্য আপৎকালীন পরিকল্পনা প্রস্তুত এবং তা ডিপিপি'র সাথে সংযুক্ত করা হয়েছে কিনা তা পরীক্ষা করুন। XXX বক্সে সেই পরিকল্পনাগুলি ব্যাখ্যা করা হয়েছে।
- দু'টি বিকল্পের মধ্যে একটি নির্বাচন করুন এবং বক্সে টিক দিন।
  - হ্যাঁ, পরিকল্পনা প্রস্তুত এবং সংযুক্ত করা হয়েছিল
  - না, পরিকল্পনা প্রস্তুত এবং সংযুক্ত করা হয়নি

**গ) মতামত ও পরামর্শ**

- যেখানে দুর্যোগ ব্যবস্থাপনা ও কাজ চলমান রাখার জন্য আপৎকালীন পরিকল্পনা প্রস্তুত না করার জন্য অপর্যাপ্ত তথ্য প্রদান করা হয়েছে বা যৌক্তিক তথ্য উপস্থাপন করা হয়নি সেখানে মন্তব্য প্রদান করুন।

**সূত্র: আপৎকালীন দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা/ সেবা চলমান রাখার পরিকল্পনা**

নিম্নের নির্দেশকসমূহ দ্বারা সহিষ্ণুতা পরিমাপ করা যেতে পারে।

- প্রকল্পের আপৎকালীন দুর্যোগ মোকাবেলা পরিকল্পনা আছে কিনা- সকল প্রকল্পই ব্যর্থ হতে পারে এবং তাই তাঁর জন্য একটি আপৎকালীন/আকষ্মিকতা পরিকল্পনা থাকা প্রয়োজন। উদাহরণস্বরুপ মনে করুন ভূমিকম্পের কারনে একটি ভবন ভেঙ্গে পড়েছে। এরকম অবস্থায় একটি অপসরন/স্থানন্তর পরিকল্পনা থাকা প্রয়োজন এবং বিদ্যুৎ, গ্যাস উত্যাদি সেবাসমূহ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাওয়ার পরিকল্পনা থাকা দরকার, যাতে অগ্নিনির্বাপন করা যায়।
- সেবা চলমান রাখার পরিকল্পনা- গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ যেমন হাসপাতাল, স্কুল, বিদ্যুৎ কেন্দ্র ইত্যাদির জন্য দুর্যোগের অব্যহতি পরেই সেবা চলমান রাখার জন্য একটি সেবা চলমান পরিকল্পনা থাকা আবশ্যক। উদাহরণ: একটি স্কুলে বন্যার অব্যহতি পরেই এর কার্যক্রম শুরু করা প্রয়োজন, কারন বন্যার সময় এখানে বহুসংখ্যক লোক আশ্রয় নিয়েছিল; নদী ভাঙ্গানের জন্য কোন হাসপাতাল হারিয়ে গেলে কমিউনিটি স্বাস্থ্য সেবা, নারীদের প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা চালু রাখা প্রয়োজন; ঘূর্ণিঝড়ের কারনে কিছু টানসমিশন টাউয়ার ক্ষতিগ্রস্থ হলেও মোবাইল নেটওয়ার্ক দুর্যোগের অব্যহিত পরেই পুনরায় চালু করা প্রয়োজন।
- পুনরুদ্ধারের সময়- যদি কোন প্রকল্প অকৃতকার্য/ব্যর্থ হয়, তাহলে এটি পূনর্বাসনের জন্য অনেক দীর্ঘ সময়ের প্রয়োজন হবে, যদি না এটি ডিজাইন ও পরিকল্পপনার সময় বিবেচনা করা হয়ে থাকে। উদাহরণস্বরুপ উল্লেখ্য যে ২০০০ সালের শেষের দিকে 'আইলা' ও 'সিডরে' ক্ষতিগ্রস্ত অনেক Polder এখন পর্যন্ত পুনর্বাসন করা হয়নি যা বাসিন্দাদের দুর্ভোগ প্রলম্বিত করেছে বিশেষভাবে সাম্প্রতিক 'আম্ফান' ঘূর্ণিঝরের সময় প্রত্যক্ষ করা গেছে।

সূত্র: GOB (forthcoming) DIA Framework

## ৩-৭ অংশ-৫ সেক্টর নির্দিষ্ট বিশ্লেষণ/সেক্টর নির্দিষ্ট বিশেষ চাহিদাসমূহ

সূত্র: MAF

প্রস্তাবিত প্রকল্পটি সেক্টর নির্দিষ্ট চাহিদা ও মান (ভৌত মান/প্রকল্পের ধরন) অনুযায়ী নকশা ও পরিকল্পনা করা হয়েছে কি?

| |
|---|
| গ্রিনবুক ২০২২ এ নিচের সেক্টর মানসমূহ/standards উল্লেখ করা হয়েছে। |
| - বিস্তারিত নিচের বক্সে দেখুন |
| - [নোট] গ্রিনবুক ২০২২ এ উল্লেখিত সুনির্দিষ্ট চাহিদা/মান, আইন ও প্রবিধি ছাড়াও প্রস্তাবিত প্রকল্পের জন্য প্রাসঙ্গিক অন্যান্য চাহিদা/মান উল্লেখ করা যেতে পারে। |

| ক) ডিপিপির নিম্নলিখিত আইটেম ও সংযুক্তিগুলো দেখুন | |
|---|---|
| • ডিপিপি আইটেম ২৩. প্রধান প্রধান আইটেমসমূহের কারিগরি স্পেসিফিকেশন/নকশা<br>- [আইটেম ২৩. এর সংযুক্তি] | [প্রযোজ্য ক্ষেত্রে]<br>- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৪- কারিগরি, প্রযুক্তিগত ও প্রকৌশলগত বিশ্লেষণ (খ) কারিগরি নকশা |

| খ) প্রস্তাবিত প্রকল্পের সুনির্দিষ্ট চাহিদা ও মানসমূহ লিখুন | গ) প্রস্তাবিত প্রকল্পটিতে লিপিবদ্ধ চাহিদা ও মান অনুযায়ী ডিজাইন/নকশা ও পরিকল্পনা করা হয়েছে কিনা যাচাই করুন এবং মন্তব্য করুন |
|---|---|
| | |
| | |
| | |

এই অংশে প্রস্তাবিত প্রকল্পটিকে সংশ্লিষ্ট খাতের বিশেষত্ব এবং উহার জন্য নির্দিষ্ট মান সম্পন্ন চাহিদাসমূহের দৃষ্টিকোণ থেকে পরীক্ষা করা হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাকে স্ব স্ব সেক্টর নির্দিষ্ট বিশেষ চাহিদাসমূহের তালিকা সংগ্রহ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

**যাচাইয়ের প্রশ্ন**

প্রস্তাবিত প্রকল্পটি সেক্টর নির্দিষ্ট চাহিদা ও মান (ভৌত মান/প্রকল্পের ধরন) অনুযায়ী নকশা ও পরিকল্পনা করা হয়েছে কি?

**গ্রিনবুকের মূল্যায়ন পয়েন্ট**

উপরের প্রশ্নের উত্তর দেয়ার অর্থ হচ্ছে এর মাধ্যমে গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক নির্দেশনা (পরবর্তী পৃষ্ঠায় উল্লেখ করা হয়েছে) অনুসরণ করা হয়েছে। গ্রিনবুক ২০২২ এর পাশাপাশি অন্যান্য বিশেষ চাহিদা ও মান, অন্যান্য প্রাসঙ্গিক আইন এবং প্রবিধানের উপর ভিত্তি করে নির্ধারিত হতে পারে।

খ) এবং গ) তে সেক্টর নির্দিষ্ট চাহিদা বা মান বর্ণনা করার জন্য নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করুন এবং ঘ-তে মন্তব্য প্রদান করুন।

- সেক্টর-নির্দিষ্ট চাহিদা কি।
- প্রকল্পটি সেক্টর-নির্দিষ্ট চাহিদাসমূহের সাথে প্রাসঙ্গিক করে প্রণয়ন করা হয়েছে কিনা?

**(ক) ডিপিপি'র সংশ্লিষ্ট আইটেমসমূহ**

- নিম্নলিখিত ডিপিপি আইটেম চেক করুন।
  - ডিপিপি আইটেম ২৩. প্রধান প্রধান আইটেমসমূহের কারিগরি স্পেসিফিকেশন/নকশা
  - [আইটেম ২৩. এর সংযুক্তি]
- নিচের অনুচ্ছেদ গুলো সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন অনুযায়ী যাচাই করুন
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৪- কারিগরি, প্রযুক্তিগত ও প্রকৌশলগত বিশ্লেষণ (খ) কারিগরি নকশা

**(খ) নির্দিষ্ট চাহিদাসমূহ/মান**

- প্রস্তাবিত প্রকল্পের জন্য নির্দিষ্ট চাহিদাসমূহ/মান লিখুন।

উদ্দোগী মন্ত্রণালয়/বিভাগ প্রাসঙ্গিক সেক্টরের সমজাতীয় প্রকল্পসমূহের সেক্টর-নির্দিষ্ট চাহিদা/মানগুলির তালিকা তৈরি করবে মর্মে পরামর্শ দেয়া হচ্ছে।

**(গ) প্রকল্প ডিজাইন/নকশা**

- প্রস্তাবিত প্রকল্পটি (খ)- তে তালিকাভুক্ত চাহিদা এবং মান অনুযায়ী ডিজাইন ও পরিকল্পনা করা হয়েছে কিনা তা পরীক্ষা করুন।

**ঘ) মতামত ও পরামর্শ**

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**বক্স ১২ গ্রিনবুক ২০২২ এ উল্লিখিত নির্দিষ্ট চাহিদাসমূহ**

অনুচ্ছেদ ১.১.১৫- সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় প্রস্তাবিত জাতীয় মহাসড়কের উভয় পার্শ্বে ধীরগতির যানবাহন চলাচলের জন্য সার্ভিস সড়ক নির্মাণসহ পথচারী চলাচলের ব্যবস্থা করতে হবে। বিগত একশত বছরের বন্যার সর্বোচ্চ উচ্চতা বিবেচনায় নিয়ে জাতীয় মহাসড়কসমূহ উঁচু করে নির্মাণ করতে হবে। এছাড়া, পর্যায়ক্রমে চার লেন বিশিষ্ট সকল মহাসড়কে এবং মহাসড়ক প্রশস্তকরণের সময় ব্যস্ততম এলাকা ও ইন্টারসেকশনে আন্ডারপাস/ওভারপাস কিংবা ইউলুপ নির্মাণ করতে হবে।

অনুচ্ছেদ ১.১.১৬- মহাসড়ক, মহাসড়কে বিদ্যমান/নির্মিতব্য সেতু, এক্সপ্রেসওয়ে ও টানেল টেকসই করার লক্ষ্যে যানবাহনের এক্সেল লোড নিয়ন্ত্রণের জন্য ওজন পরিমাপক যন্ত্র (Weighing Machine) স্থাপনের সংস্থান রাখতে হবে। এছাড়া, গ্রামীণ সড়ক/সেতু দিয়ে যাতে ভারী যানবাহন চলাচল করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় নিয়ন্ত্রণ ব্যবস্থা রাখতে হবে।

অনুচ্ছেদ ১.২- সড়ক পরিবহন খাতের উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও প্রক্রিয়াকরণের সময় Project Appraisal Framework (PAF) এ প্রদত্ত তথ্যাবলির ভিত্তিতে ডিপিপি প্রণয়ন করতে হবে। PAF অনুসরণে Project Appraisal Report (PAR) এবং Appraisal Summary Table (AST) প্রস্তুতপূর্বক ডিপিপি'র সাথে সংযুক্ত করতে হবে। এছাড়া, সড়কের শ্রেণিবিন্যাস ও স্ট্যান্ডার্ড ডিজাইন বিবেচনায় নিতে হবে।

অনুচ্ছেদ ১.৩- ১০০(একশত) মিটারের বেশি দৈর্ঘ্যের সেতু নির্মাণ এবং নদীতীর সংরক্ষণ ও নদীতে বাঁধ নির্মাণের ক্ষেত্রে হাইড্রোলজিক্যাল, মরফোলজিক্যাল, নেভিগেশনাল ও বেথিমেট্রিক সমীক্ষার সুপারিশ ডিপিপি'র সাথে সংযুক্ত করতে হবে। সমীক্ষায় নদীর বৈশিষ্ট্য, পানির প্রবাহ, নৌযান চলাচল, চরের গতিবিধি, ডুবোচরের এরিয়াল ভিউ ইত্যাদি বিষয় বিবেচনায় রাখতে হবে। এছাড়া, সমীক্ষার সুপারিশ বিবেচনায় রেখে প্রয়োজনীয় ড্রেজিং ও বাঁধ নির্মাণের কার্যক্রম নিম্নবর্ণিতভাবে প্রকল্পে অন্তর্ভুক্ত করতে হবে।

অনুচ্ছেদ ১.৩.১- নদীতীর সংরক্ষণ প্রকল্পে ক্যাপিটাল ড্রেজিং-এর কার্যক্রম অন্তর্ভুক্তির বিষয় বিবেচনায় নিতে হবে। নদীর নাব্যতা রক্ষার্থে ক্যাপিটাল ড্রেজিং-এর পর প্রতিবছর Maintenance ড্রেজিং-এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা করে এ সংক্রান্ত বিদ্যমান আইন অনুযায়ী ড্রেজড্ ম্যাটেরিয়ালস্ (মাটি, পলি ও বালি) ব্যবহারের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। তবে রেললাইন ও মহাসড়ক উঁচুকরণ, সড়কের পাশে মাটি ভরাটসহ অন্যান্য কাজে (আবাসন, অর্থনৈতিক অঞ্চল ইত্যাদি) ব্যবহারের বিষয়টি অগ্রাধিকার পাবে। এসব কাজে কোনভাবেই ফসলী জমি নষ্ট করা যাবে না। বিশেষজ্ঞ কমিটি/কারিগরি কমিটি কর্তৃক বিশেষ ক্ষেত্রে কোন সুপারিশ থাকলে প্রমাণকসহ ডিপিপি'তে উল্লেখ করতে হবে।

অনুচ্ছেদ ১.৩.২- উপকূলীয় এলাকাসহ অন্যান্য যে সকল এলাকায় বাঁধ নির্মাণ করা হবে সেখানে বাঁধ টেকসই করার জন্য জলবায়ু পরিবর্তনের বিষয় বিবেচনায় নিতে হবে এবং বাঁধের পাড়ে উভয় পার্শ্বে সবুজ বেষ্টনী/বনায়ন করতে হবে।

অনুচ্ছেদ ১.৩.৩- হাওর অঞ্চলসহ নিচু অঞ্চলে পরিবেশ ও প্রতিবেশ রক্ষার্থে যথাপ্রয়োজন সাবমার্সিবল/এলিভেটেড রাস্তা নির্মাণের বিষয় বিবেচনায় নিতে হবে। পানির স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকরণের বিষয়টি বিবেচনা করে সেচ ব্যবস্থাপনা ও বাঁধ নির্মাণ প্রকল্পে যথাসম্ভব স্লুইস গেইট নির্মাণের প্রবণতা পরিহার করতে হবে এবং হাওর এলাকায় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মতামত গ্রহণ করতে হবে।

অনুচ্ছেদ ১.৩.৪- বাঁধের কান্ট্রি সাইডে কোন সংস্থা কর্তৃক কোন স্থাপনা নির্মাণের পূর্বে যথাযথ কর্তৃপক্ষের মতামত গ্রহণ করতে হবে।

অনুচ্ছেদ ১.৩.৫- নদীর নাব্যতা, পানির স্বাভাবিক প্রবাহ যাতে বাঁধাগ্রস্ত না হয়, সেটি বিবেচনায় নিয়ে সেতু নির্মাণের ডিজাইন করতে হবে। নদীর উপর যথাসম্ভব কম সংখ্যক সেতু নির্মাণের পরিকল্পনা থাকতে হবে। সেতুর ভিত্তির ডিজাইন এমনভাবে করতে হবে যাতে নৌযান চলাচল বিঘ্নিত না হয় এবং পরবর্তীতে নদী পুনঃখনন বা ড্রেজিং-এর সময় সেতু ক্ষতিগ্রস্ত না হয়।

অনুচ্ছেদ ১.৩.৬- সেতু নির্মাণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ ও অন্যান্য) নিকট থেকে নেভিগেশনাল ক্লিয়ারেন্স সংক্রান্ত ছাড়পত্র গ্রহণ করে প্রকল্প প্রস্তাবে সংযুক্ত করতে হবে।

অনুচ্ছেদ ১.৩.৭- 'বাংলাদেশ পানি আইন, ২০১৩' এবং 'বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮' অনুযায়ী নির্দিষ্ট ধরনের প্রকল্পের ক্ষেত্রে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) থেকে ছাড়পত্র/অনাপত্তি গ্রহণ করে প্রকল্প প্রস্তাবে সংযুক্ত করতে হবে।

অনুচ্ছেদ ১.৩.৮- প্রকল্পের সংশ্লিষ্টতা বিবেচনায় প্রযোজ্য ক্ষেত্রে বিদ্যমান রেল আইন অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে ছাড়পত্র/অনাপত্তি গ্রহণ করতে হবে। এছাড়া, প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য আইন/বিধিমালা/নীতিমালার আলোকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ছাড়পত্র/অনাপত্তি গ্রহণ করতে হবে।

অনুচ্ছেদ ১.৬- সরকারি অফিস ভবন, আবাসিক ভবন ইত্যাদি নির্মাণের ক্ষেত্রে ভবিষ্যত প্রয়োজন ও পরিবেশ বিবেচনা করে যথাসম্ভব ফাঁকা জায়গা ও জলাধার সংরক্ষণ করতে হবে। অনুভূমিকভাবে একাধিক ভবন তৈরি না করে উল্লম্বভাবে সম্প্রসারণের সুযোগ রেখে ভবন নির্মাণের বিষয় বিবেচনা করতে হবে। এক্ষেত্রে মাঠ পর্যায়ে বিভিন্ন দপ্তরের জন্য আলাদা আলাদা অফিস ভবন তৈরি না করে

সমন্বিত ভবন নির্মাণের বিষয়ে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করতে হবে। একই অবকাঠামো যথা: হলরুম, অডিটোরিয়াম ও প্রশিক্ষণ কেন্দ্র ইত্যাদি মাল্টি এজেন্সি কর্তৃক মাল্টিপারপাসে ব্যবহারের ব্যবস্থা রাখতে হবে।

অনুচ্ছেদ ১.১৬- স্থাপনা নির্মাণ সম্পর্কিত প্রকল্পের ক্ষেত্রে কারিগরি পরীক্ষার (মৃত্তিকা পরীক্ষা, ডিআইএ ও অন্যান্য) প্রতিবেদন, ঘূর্ণিঝড়ের গতিবেগ, বন্যার সর্বোচ্চ উচ্চতা, সাইট নির্বাচনের যৌক্তিকতা সংক্রান্ত তথ্যাদি ডিপিপি/আরডিপিপি'র সাথে সংযুক্ত করতে হবে।

অনুচ্ছেদ ২১.১৯- উপজেলা, জেলা এবং নগর উন্নয়ন সংক্রান্ত সকল প্রকল্পে বর্জ্য ব্যবস্থাপনার বিষয়টি বিশেষ গুরুত্ব সহকারে অন্তর্ভুক্ত করতে হবে। বর্জ্য ব্যবস্থাপনার জন্য কী-কী কার্যক্রম গ্রহণ করা হবে, অর্থ বরাদ্দসহ ডিপিপি'তে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে। নগরীর বর্জ্য/স্যুয়ারেজ কোন নদী/খালে নিঃসরণ করা যাবে না।

অনুচ্ছেদ ২১.২০- প্রতিটি শিল্প এলাকায় Central Effluent Treatment Plant (CETP) এর ব্যবস্থা থাকতে হবে এবং তা নির্ধারিত হারে অর্থ প্রদানের মাধ্যমে বাধ্যতামূলক ব্যবহারের নিশ্চয়তা বিধানের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

অনুচ্ছেদ ২১.২১- সকল স্থাপনাতে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিবন্ধীদের জন্য Ramp এবং প্রতিবন্ধী বান্ধব টয়লেটের সংস্থান রাখতে হবে।

অনুচ্ছেদ ২১.২২- পাবলিক বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের জন্য প্রথমেই একটি 'মাস্টার প্ল্যান' তৈরি করে সে অনুযায়ী প্রকল্প গ্রহণ করে উন্নয়ন কাজ সম্পন্ন করতে হবে। বিশ্ববিদ্যালয় বা কলেজগুলোতে হোস্টেল নির্মাণের সময় ছাত্র/ছাত্রীদের জন্য সম-আসনের হোস্টেল নির্মাণ করতে হবে।

অনুচ্ছেদ ২১.২৩- ঢাকাসহ অন্যান্য বড় শহরে জনসংখ্যা ও জমির স্বল্পতার বিষয়টি বিবেচনায় নিয়ে কোন সরকারি প্রতিষ্ঠান, আধা সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠানের জমিতে নিজস্ব বহুতল ভবন নির্মাণ পরিকল্পনায় অন্যান্য সরকারি প্রতিষ্ঠান, আধা সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠানের জন্য অফিস সংকুলানের বিষয়টি বিবেচনায় রাখতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহারের সুযোগ-সুবিধাসহ ব্যবস্থা রাখতে হবে।

অনুচ্ছেদ ২১.২৪- উপজেলা, জেলা, বিভাগ ও কেন্দ্রীয় পর্যায়ে সরকারি অফিসসমূহ এক জায়গায় আনয়নের লক্ষ্যে আন্ডারগ্রাউন্ডসহ প্রয়োজনে নীচতলা/দোতলা/তৃতীয় তলায় পার্কিং, ওয়েটিং স্পেস, কনফারেন্স সেন্টার, একাধিক সভাকক্ষ, ক্যাফেটেরিয়া, প্রার্থনাকক্ষ, ডে-কেয়ার সেন্টার ইত্যাদির সংস্থান রাখতে হবে। এছাড়া, প্রতি ফ্লোরে মহিলা ও পুরুষদের জন্য পৃথক সুপরিসর ওয়াশরুম/টয়লেট, মাদার্স কর্নার ইত্যাদি সুবিধাসহ বহুতল ভবনের একটি মডেল নকশা প্রণয়ন করতে হবে যার বাহ্যিক ভিউ (Exterior Design) একই রকম হবে।

অনুচ্ছেদ ২১.২৫- বহুতল ভবনের নকশায় অডিটরিয়াম/বড় হলরুম থাকলে তা গ্রাউন্ড ফ্লোর/ফার্স্ট ফ্লোর বা পার্শ্ববর্তী খালি জায়গায় করতে হবে; কোনভাবেই ভবনের উপরের অংশে করা যাবে না।

অনুচ্ছেদ ২১.৩১- অনলাইনে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন সংক্রান্ত বিষয়ে ইতোমধ্যে পরিকল্পনা বিভাগ হতে জারিকৃত পরিপত্র (সংযোজনী-উ) অনুসরণ করতে হবে।

সুত্রঃ গ্রিনবুক ২০২২

## ৩-৮ অংশ-৬ ব্যয়-আয় বিশ্লেষণ

MAF এর অংশ ৬ এ প্রকল্পের আর্থিক ও অর্থনৈতিক মূল্য যাচাই/পরীক্ষা করা হয়। কতগুলো প্রমিত তথ্য/সূত্র ও গণনা/নির্দেশক যথা ব্যয়-আয় বিশ্লেষণ (CBA) এর মাধ্যমে প্রকল্পে বিনিয়োগকৃত অর্থের নীট বর্তমান মূল্য (NPV), সুফল-ব্যয়ের অনুপাত (BCR) এবং অভ্যন্তরীণভাবে ফেরত প্রাপ্তির হার (IRR) নির্ণয় করে উহার আর্থিক ও অর্থনৈতিক মূল্য নির্ধারণ করা হয়। অংশ -৬ তে তিনটি উপ-অংশ রয়েছে যা সারণি ১৭- এ ব্যাখ্যা করা হয়েছে।

**সারণি ১৭ MAF এর অংশ ৬ এর সার-সংক্ষেপ**

| অংশ | বিষয় | মানদন্ড | প্রশ্নসমূহ | কোড |
|---|---|---|---|---|
| ৬ | ব্যয়-আয় বিশ্লেষণ | ১) আর্থিক বিশ্লেষণ: | আর্থিক বিশ্লেষণ কি পর্যাপ্তভাবে সম্পন্ন করা হয়েছে? | ৬-১ |
| | | ২) অর্থনৈতিক বিশ্লেষণ: | অর্থনৈতিক বিশ্লেষণ কি পর্যাপ্তভাবে সম্পন্ন করা হয়েছে? | ৬-২ |
| | | ৩) আর্থিক ও অর্থনৈতিক মূল্যের প্রাক্কলন: | প্রস্তাবিত প্রকল্পটি কি সরকারি বিনিয়োগের যোগ্য/ লাভজনক? | ৬-৩ |

**সূত্র: MAF**

**আর্থিক ও অর্থনৈতিক প্যারামিটার/বৈশিষ্ট্য (ডিপিপি আইটেম ১৮.)**

| | Discount Rate | NPV | BCR | IRR |
|---|---|---|---|---|
| আর্থিক | | | | |
| অর্থনৈতিক | | | | |

এই অংশে, ডিপিপি আইটেম ১৮.-এর তথ্য কপি এবং পেস্ট করুন।

বক্স ১৩ আর্থিক এবং অর্থনৈতিক বিশ্লেষণের রূপরেখা প্রদান করে। বিস্তারিত তথ্যের জন্য CBA-এর হ্যান্ডবুক দেখুন।

**বক্স ১৩ আয়-ব্যয় বিশ্লেষণের মৌলিক ধারণা**

**অর্থনৈতিক বিশ্লেষণ (EA):** দেশের সার্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষিতে কোন প্রকল্প গ্রহণ/নির্ধারণের যৌক্তিকতা প্রদর্শন করে [গ্রিনবুক ২০২২- অনুচ্ছেদ ১.১.৫ (ঘ)]। সরকার কর্তৃক নির্ধারিত "বাট্টার হার" (Discount rate) কে সামাজিক বাট্টার হার (SDR) বলা হয়। যদি কোন প্রকল্পের EIRR>Social Discunt Rate হয় তাহলে তা দেশের কল্যাণে যথেষ্ট পরিমাণে অবদান রাখবে বলে ধারণা করা হয় এবং প্রকল্পটি বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভূক্তির যোগ্য বলে বিবেচিত হয়। এটি অর্থনৈতিক দক্ষতার আর্থিক নীতি তত্ত্বের (Fiscal policy principle) সাথে সামঞ্জস্যপূর্ণ। অর্থনৈতিক বিশ্লেষণ (EA) সমাজের কল্যাণের বিবেচনায় প্রকল্পের সকল গুরুত্বপূর্ণ ধনাত্মক ও ঋণাত্মক দিক ও প্রভাবসমূহের আর্থিক মূল্য নির্ণয় করে । এই হিসাব/নির্ণয় প্রক্রিয়ায় ১) Input & Output সমূহ Traded and non traded goods, production factor ও externalities এ শ্রেণিভূক্ত করা হয় এবং ২) Conversion factor, ও "দাম দিতে ইচ্ছুক"(Willingness to Pay Values) মূল্যের উপাত্ত ব্যবহার করে ৩) প্রস্তাবিত প্রকল্পের EIRR, ENPV, ও EBCR নির্ণয় /হিসাব করা হয়।

**আর্থিক বিশ্লেষণ (FA):** প্রকল্পের অর্থায়নের প্রয়োজন, লাভজনকতা (Profitability) ও আর্থিক স্থায়িত্বশীলতা সম্বন্ধে তথ্য প্রদান করে। প্রকল্প কর্তৃক উৎপাদিত দ্রব্যাদি ও সেবাসমূহের দাম কোন পর্যায়ে নির্ধারণ করলে সম্পূর্ণ ব্যয়/খরচ "উঠানো" (recover) সম্ভব হবে, আর্থিক বিশ্লেষণ তার হিসাব নির্ণয় করতে পারে। লাভজনকতার প্রধান নির্দেশক হচ্ছে সম্পূর্ণ বিনিয়োগের আর্থিক অভ্যন্তরীণ পরিবর্তনের হার (FIRRi) ও equity capital (FIRRc); আর্থিক নীট বর্তমান মূল্য (FNPV) ও আর্থিক আয়-ব্যয় অনুপাত (FBCR) এই বিষয়ে এক নজরে অতিরিক্ত তথ্য প্রদান করে।

**EIRR, ENPV ও EBCR ইত্যাদি নির্দেশকসমূহ** স্থির মূল্যে দেখানো হয়। Non-Financial Operation এর নীট Cash প্রবাহের উপর Discounted Cash Flow (DCF) কৌশল ব্যবহার/প্রয়োগের মাধ্যমে এই হিসাব নির্ণয় করা হয়। সরকার সকল সেক্টরের আর্থিক বিশ্লেষণের জন্য একটি (সকল সেক্টরের জন্য) ও অর্থনৈতিক বিশ্লেষণের জন্য একটি পৃথক বাট্টার হার (discount rate) নির্ধারণ করে দেয়। উল্লেখ্য যে, স্থির মূল্যের জন্য ব্যবহৃত বাট্টার হার চলতি মূল্যের (nominal price) জন্য ব্যবহৃত বাট্টার হার থেকে ভিন্ন, যার পরিমাণ হবে মূল্যস্ফিতি হারের কাছাকাছি।

অর্থনৈতিক প্রাসঙ্গিকতা এবং আর্থিক স্থায়িত্ব এই দুটি বিষয়ের মধ্যে ভারসাম্য বজায় রেখে প্রকল্পের মূল্য (Value) বিচার করা হয়। দুটি বিষয় তিনটি নির্দেশকের মাধ্যমে দেখানো হয়ে থাকে, যথা, ১) NPV, ২) BCR, এবং ৩ IRR।

- Net Present Value (NPV) (প্রকল্প প্রণয়নের সময়) একটি প্রকল্পের অর্থনৈতিক পূর্ণ সময়ের ব্যয় ও লাভের বর্তমান মূল্যের প্রবাহ দেখায়। Discounting Technique ও একটি নির্দিষ্ট discount factor (DF) ব্যবহার করে NPV হিসাব করা হয় । EA এর ক্ষেত্রে SDR এবং FA এর ক্ষেত্রে market interest rate of discount (MRD) ব্যবহার করা হয়। কোন নির্দিষ্ট SDR প্রয়োগের ফলে, NPV>0 হলে net benefit (the difference between the NPV of all revenues/ benefits and the NPV of all costs) ধণাত্তক হবে। বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত Discount Rate-ই হল SDR।

- বেনিফিট কস্ট রেশিও (BCR) প্রকল্পের কর্মক্ষমতার একটি আপেক্ষিক সূচক প্রকাশ করে। BCR> 1.1এর মানে হল, প্রকল্পের সুবিধার NPV, প্রকল্পের খরচের NPV থেকে 10% বেশি। BCR= 1 এর অর্থ হল, প্রদত্ত ডিসকাউন্ট হারে সুবিধার NPV এবং খরচের NPV সমান।

- ইন্টারনাল রেট অফ রিটার্ন (IRR) বিনিয়োগের উপর রিটার্ন প্রকাশ করে IRR সেই ডিসকাউন্ট রেট দেখায়, যা অ-আর্থিক ক্রিয়াকলাপের জন্য প্রকল্পগুলির নেট নগদ প্রবাহের NPV শূন্য হয়। যদি EA তে প্রতীয়মান হয় যে, EIRR> SDR, তাহলে প্রকল্পের কর্মক্ষমতা SDR-এর সাথে GOB দ্বারা সংজ্ঞায়িত welfare benchmark এর চেয়ে ভালো হবে; যদি FA তে প্রতীয়মান হয় যে, FIRR> MDR, তাহলে এর মানে হল প্রকল্পটি সমস্ত stakeholder দের জন্য লাভজনক হবে।

সূত্র: SPIMS (2017) Guidance for CBA trainers

**ব্যয়-আয় বিশ্লেষণ এর জন্য ব্যবহৃত সিদ্ধান্ত ম্যাট্রিক্স**
নিম্নে উল্লিখিত ম্যাট্রিক্স ব্যবহার করে আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ থেকে প্রাপ্ত IRR এর তথ্য সরকারি বিনিয়োগের জন্য সিদ্ধান্ত গ্রহণকারীদের অর্থ বরাদ্দের ন্যায্যতা সম্পর্কে অবহিত করা যায়।

- **No Go:** আর্থিক ও অর্থনৈতিক, উভয় সূচকসমূহ অসন্তোষজনক।

- **GO and Finance the Gap:** এখানে, অর্থনৈতিক সূচকসমূহ সন্তোষজনক তবে আর্থিক সূচকসমূহ নয়। এক্ষেত্রে, দেশের উন্নয়নে পণ্য/সেবা/অবকাঠামো নির্মাণ সম্পর্কিত প্রকল্প আর্থিকভাবে লাভজনক না হলেও প্রয়োজনীয় পরিমাণে সরকারি বিনিয়োগ করা যেতে পারে।

- **Go but no Subsidies:** আর্থিক ও অর্থনৈতিক উভয় সূচকসমূহ সন্তোষজনক। সেক্ষেত্রে সরকারি বিনিয়োগের পরিবর্তে বেসরকারি সেক্টরের বিনিয়োগকে উৎসাহিত করা এবং সরকারকর্তৃক রেগুলেট করা প্রয়োজন।

- **Go & Tax or Internalized Welfare Cost:** এখানে, আর্থিক সূচকসমূহ সন্তোষজনক তবে অর্থনৈতিক সূচকসমূহ নয়। এধরণের প্রকল্পে বিনিয়োগের ক্ষেত্রে, প্রকল্পের মাধ্যমে সৃষ্ট জনকল্যাণে নেতিবাচক বিষয়সমূহ প্রশমনের জন্য ব্যয় আর্থিক বিশ্লেষণে হিসাব করতে হবে (যেমন, দূষণ প্রতিরোধে অতিরিক্ত বিনিয়োগ কর)।

**CBA Decision rules**

| CBA outcomes | EIRR < SDR<br>ENPV < 0;<br>EBCR < 1 | EIRR > SDR<br>ENPV > 0<br>EBCR > 1 |
|---|---|---|
| FIRR < FDR<br>FNPV <0<br>FBCR<1 | NO GO | GO and Finance the gap |
| FIRR > FDR<br>FNPV > 0<br>FBCR >1 | GO & Tax or internalize the welfare costs | GO but no subsidies |

EIRR = Economic Internal Rate of Return
FIRR = Financial Rate of Return on Investment
FDR = Financial Discount Rate
SDR = Social Discount Rate

সূত্র: SPIMS (2017) Guidance for CBA trainers

## আর্থিক বিশ্লেষণের প্রয়োজনীয়তা পরীক্ষা করুন

**সূত্র: MAF**

| **প্রস্তাবিত প্রকল্পটি কি আয়-উৎপাদনশীল প্রকল্প?** | |
|---|---|
| ☐ হ্যাঁ (আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ প্রয়োজন) | ☐ না (শুধু অর্থনৈতিক বিশ্লেষণ প্রয়োজন) |

### যাচাইয়ের প্রশ্ন

প্রস্তাবিত প্রকল্পটি কি রাজস্ব-উৎপাদনকারী প্রকল্প?

### প্রকল্পের প্রকৃতি

- ডিপিপি আইটেম ১৩, ১৮ এবং ৩৩ এ প্রদত্ত O&M- এর জন্য অর্থ পরিকল্পনা যাচাই পূর্বক প্রকল্পের প্রকৃতি পরীক্ষা করুন। নিম্নে উল্লিখিত তথ্যসূত্রে এ রাজস্ব-উৎপাদনকারী এবং রাজস্ব উৎপাদনকারী নয়, এমন প্রকল্পগুলির সংক্ষিপ্ত সংজ্ঞা প্রদান করা হয়েছে।
- দু'টি বিকল্প থেকে একটি নির্বাচন করুন এবং টিক দিন
  - হ্যাঁ, প্রকল্পটি একটি রাজস্ব উৎপাদনকারী প্রকল্প।
  - না, প্রকল্পটি একটি রাজস্ব উৎপাদনকারী প্রকল্প নয়।
- উত্তর "হ্যাঁ" হলে, "১. আর্থিক বিশ্লেষণ" এ যান। "
- উত্তর "না" হলে, নিচের " ১. আর্থিক বিশ্লেষণ" পরিহার করুন।

**তথ্যসূত্র:** আয় সৃষ্টিকারী/অ-আয়-সৃষ্টিকারী প্রকল্পসমূহের পার্থক্য নির্ণয় করা যায়:

- আয় সৃষ্টি করেনা এমন প্রকল্প হলো রাস্তা, সেতু, এবং অন্যান্য সরকারি দ্রব্য যেখানে সরাসরি কোন ব্যবহার ফি প্রয়োজন হয়না। এই ধরনের প্রকল্পের পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় সবসময় সরকারের পরিচালন বাজেট অথবা অনুদান বা প্রকল্প সাহায্যের উপর নির্ভরশীল।
- আয় সৃষ্টিকারী প্রকল্প হলো জ্বালানি নেটওয়ার্ক অবকাঠামো, আইসিটি নেটওয়ার্ক, বন্দর, রেল, কৃষি, শিক্ষা, স্বাস্থ্য ইত্যাদি। এই ধরনের প্রকল্পে পুরো পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় বহনের জন্য পর্যাপ্ত রাজস্ব আহরণ করা যাবে এবং কিছু প্রকল্প পুরো পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় নির্বাহের জন্য ব্যবহার ফি, অন্যান্য ফি/রাজস্ব আহরণ পর্যাপ্ত নয়। আর্থিক স্থায়িত্বশীলতা অর্জন নিশ্চিত হবে তখনই, যদি সরকার বা অন্য কোন উৎস থেকে আর্থিক শূণ্যতা পূরণ করা হয়।

## (৬-১) আর্থিক বিশ্লেষণ

**সূত্র: MAF**

১. **আর্থিক বিশ্লেষণ:** আর্থিক বিশ্লেষণ কি পর্যাপ্তভাবে সম্পন্ন করা হয়েছে?

| গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
|---|
| অনুচ্ছেদ ১.১.৮.২- প্রকল্পের ব্যয় প্রাক্কলন এবং ব্যয় প্রাক্কলনের ভিত্তি ও যথার্থতা: (ছ) বস্তুনিষ্ঠ আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ। |

| ক) নিম্নোক্ত আইটেম ও সংযুক্তি সমূহ দেখুন/দ্রষ্টব্য | |
|---|---|
| • ১৮. আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ:<br>• সংযুক্তি: গণনা সিট (Calculation sheet) | [প্রযোজ্য ক্ষেত্রে]<br>- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৬- ব্যয়-আয় বিশ্লেষণ<br>- ৬.১- আর্থিক বিশ্লেষণ<br>- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৯- ঝুঁকি ও সংবেদনশীলতা বিশ্লেষণ<br>- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ১০- বিকল্প প্রস্তাবনা বিশ্লেষণ |
| খ) তথ্যের প্রাপ্যতা যাচাই করুন (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ তথ্যাদি সন্নিবেশিত আছে | ☐ তথ্যাদি সন্নিবেশিত নাই/পাওয়া যায় নাই (➔গ পরিহার করুন এবং ঘ তে যান) |
| গ) তথ্যের মান যাচাই করুন (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ বর্ণনামতে যথাযথ | ☐ সংশোধন প্রয়োজন |
| ঘ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

**যাচাইয়ের প্রশ্ন**

আর্থিক বিশ্লেষণ কি পর্যাপ্তভাবে সম্পন্ন করা হয়েছে?

**গ্রিনবুকের মূল্যায়ন পয়েন্ট**

উপরের প্রশ্নের উত্তর দেয়ার অর্থ হচ্ছে এর মাধ্যমে গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক নির্দেশনা অনুসরণ করা হয়েছে।

- অনুচ্ছেদ ১.১.৮.২- প্রকল্পের ব্যয় প্রাক্কলন এবং ব্যয় প্রাক্কলনের ভিত্তি ও যথার্থতা: (ছ) বস্তুনিষ্ঠ আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ।

খ) এবং গ)- তে উত্তর করতে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করুন এবং ঘ-তে মন্তব্য প্রদান করুন।

- Incremental Analysis সঠিকভাবে প্রণয়ন করা হয়েছে কিনা?
- তথ্যের উৎস ও ব্যয় প্রাক্কলন নির্ভরযোগ্য কিনা?
- ইনপুট/ব্যয় এবং সুফল/ফলাফল/প্রভাব যথাযথভাবে চিহ্নিত করা হয়েছে কিনা?
- BCR/IRR/NPV গণনার জন্য স্থিরমূল্য (constant price) ব্যবহার করা হয়েছে কিনা?
- প্রকল্প পরিষেবাগুলোর চাহিদা সম্পর্কে অনুমানগুলো ব্যাখ্যা করা হয়েছে কিনা?
- অন্যান্য প্রধান অনুমানসমূহ বিবেচনা করা হয়েছে কিনা?
- ডিস্কাউন্টেড ক্যাশ ফ্লো (DCF) সঠিকভাবে গণনা করা হয়েছে কিনা?
- আর্থিক মূল্যের জন্য বাজার মূল্য (market price) ব্যবহার করা হয়েছে কিনা?
- অর্থনৈতিক বিশ্লেষণে সব উল্লেখযোগ্য প্রভাব (ভূমি, পুনর্বাসন, পরিবেশ এবং বিশ্বব্যাপী গ্রীণ হাউস গ্যাস নির্গমন) অন্তর্ভুক্ত আছে কিনা?
- মিশ্র উৎসের অর্থায়নের জন্য অর্থায়নের প্রয়োজনীয়তা এবং যৌক্তিকতা ব্যাখ্যা করা হয়েছে কিনা?
- সংবেদনশীলতা বিশ্লেষণ (Sensitivity Analysis) করা হয়েছে কি?
- সংবেদনশীলতা বিশ্লেষণের ফলাফল পর্যাপ্ত কিনা?

**(ক) ডিপিপি'র সংশ্লিষ্ট আইটেমসমূহ**

- নিম্নলিখিত ডিপিপি আইটেম চেক করুন।
  - ১৮. আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ:
  - সংযুক্তি: গণনা সিট (Calculation sheet)
- নিচের অনুচ্ছেদগুলো সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন অনুযায়ী যাচাই করুন
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৩- বাজার চাহিদা বিশ্লেষণ
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৬- ব্যয়-আয় বিশ্লেষণ; ৬.১- আর্থিক বিশ্লেষণ
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৯- ঝুঁকি ও সংবেদনশীলতা বিশ্লেষণ
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ১০- বিকল্প প্রস্তাবনা বিশ্লেষণ

**(খ) তথ্যের প্রাপ্যতা**
দু'টি থেকে একটি নির্বাচন করুন
- তথ্যাদি সন্নিবেশিত আছে
- তথ্যাদি সন্নিবেশিত নাই

**(গ) তথ্যের গুণগত মান**
দু'টি থেকে একটি নির্বাচন করুন
- বর্ণনামতে যথাযথ
- সংশোধন প্রয়োজন

**[পরামর্শ]**
- রাষ্ট্রীয় মালিকানাধীন/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রকল্পসমূহের জন্য, ডিসকাউন্ট ক্যাশ ফ্লো (DCF) বিশ্লেষণ, তারল্য বিশ্লেষণ (Liquidity Analysis), সচ্ছলতা বিশ্লেষণ (Solvency Analysis) এবং আরও বেশ কিছু তথ্য প্রকল্প বাস্তবায়নের পাশাপাশি পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য বাস্তবায়নকারী সংস্থার সক্ষমতা পরিমাপের জন্য প্রয়োজন হতে পারে।

- অর্থ বিভাগের প্রাসঙ্গিক প্রবিধান অনুসরণ করুন।

**ঘ) মতামত ও পরামর্শ**
- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**সারাংশ সারণি**
- ধাপে ধাপে যাচাই প্রশ্নের উত্তর দিতে নিচে দেখানো সারাংশ সারণিটি পূরণ করুন।
  - ক) ডিপিপি আইটেম ১৮, ডিপিপি আইটেম ১৮ এর সংযুক্তি এবং সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনে তথ্য খুঁজুন।
  - খ) স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**সূত্র: MAF**

আর্থিক বিশ্লেষণের সারাংশ সারণী:

| আইটেমসমূহ | (ক) ডিপিপিতে প্রস্তাবিত বর্ণনা ও সংযুক্তি | | (খ) মন্তব্য ও পরামর্শ |
|---|---|---|---|
| ইকোনমিক লাইফ (বছর) | | | |
| আর্থিক ব্যয় এর (খরচের) সংক্ষিপ্ত বর্ণনা | | | |
| মোট আর্থিক ব্যয় (পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়সহ) (টাকা) | | | |
| আর্থিক সুবিধা (Benefit) এর সংক্ষিপ্ত বর্ণনা | | | |
| মোট আর্থিক সুবিধা (টাকা) | | | |
| কর, মূল্য সংযোজন কর | ☐ অন্তর্ভুক্ত আছে | ☐ অন্তর্ভুক্ত নাই | |
| প্রাইস কন্টিনজেন্সি (Price contingency) | ☐ অন্তর্ভুক্ত আছে | ☐ অন্তর্ভুক্ত নাই | |
| ফিজিক্যাল কন্টিনজেন্সি (Physical contingency) | ☐ অন্তর্ভুক্ত আছে | ☐ অন্তর্ভুক্ত নাই | |
| মূল অনুমানসমূহের সংক্ষিপ্ত বর্ণনা/প্যারামিটারসমূহ | | | |
| সংবেদনশীলতা প্রতিবেদনের ফলাফল: কোন অনুমান/প্যারামিটারসমূহ খরচ এবং সুবিধার জন্য বেশি সংবেদনশীল? | | | |
| বাট্টার হার (Discount Rate) | | | |
| আর্থিক NPV (FNPV) | ☐ FNPV≤0 | ☐ FNPV>0 | |
| আর্থিক BCR (FBCR) | ☐ FBCR≤1 | ☐ FBCR>1 | |
| আর্থিক IRR (FIRR) | ☐ FIRR≤ Discount Rate | ☐ FIRR> Discount Rate | |

## (৬-২) অর্থনৈতিক বিশ্লেষণ

**সূত্র: MAF**

২. **অর্থনৈতিক বিশ্লেষণ:** অর্থনৈতিক বিশ্লেষণ কি পর্যাপ্তভাবে সম্পন্ন করা হয়েছে?

| গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
| --- |
| অনুচ্ছেদ ১.১.৮.২- প্রকল্পের ব্যয় প্রাক্কলন এবং ব্যয় প্রাক্কলনের ভিত্তি ও যথার্থতা: (ছ) বস্তুনিষ্ঠ আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ। |

| ক) নিম্নোক্ত আইটেম ও সংযুক্তি সমূহ দেখুন/দ্রষ্টব্য | |
| --- | --- |
| • ১৮. আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ:<br>• সংযুক্তি: গণনা সিট (Calculation sheet) | [প্রযোজ্য ক্ষেত্রে]<br>- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৬- ব্যয়-আয় বিশ্লেষণ<br>- ৬.২- অর্থনৈতিক বিশ্লেষণ<br>- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৯- ঝুঁকি ও সংবেদনশীলতা বিশ্লেষণ<br>- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ১০- বিকল্প প্রস্তাবনা বিশ্লেষণ |
| খ) তথ্যের প্রাপ্যতা যাচাই করুন (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ তথ্যাদি সন্নিবেশিত আছে | ☐ তথ্যাদি সন্নিবেশিত নাই/পাওয়া যায় নাই (➔গ পরিহার করুন এবং ঘ তে যান) |
| গ) তথ্যের মান যাচাই করুন (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ বর্ণনামতে যথাযথ | ☐ সংশোধন প্রয়োজন |
| ঘ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

**যাচাইয়ের প্রশ্ন**

অর্থনৈতিক বিশ্লেষণ কি পর্যাপ্তভাবে সম্পন্ন করা হয়েছে?

**গ্রিনবুকের মূল্যায়ন পয়েন্ট**

উপরের প্রশ্নের উত্তর দেয়ার অর্থ হচ্ছে এর মাধ্যমে গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক নির্দেশনা অনুসরণ করা হয়েছে।

- অনুচ্ছেদ ১.১.৮.২- প্রকল্পের ব্যয় প্রাক্কলন এবং ব্যয় প্রাক্কলনের ভিত্তি ও যথার্থতা: (ছ) বস্তুনিষ্ঠ আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ।

খ) এবং গ)- তে উত্তর করতে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করুন এবং ঘ-তে মন্তব্য প্রদান করুন।

- Incremental Analysis সঠিকভাবে প্রণয়ন করা হয়েছে কিনা?
- তথ্যের উৎস ও ব্যয় প্রাক্কলন নির্ভরযোগ্য কিনা?
- ইনপুট/ব্যয় এবং সুফল/ফলাফল/প্রভাব যথাযথভাবে চিহ্নিত করা হয়েছে কিনা?
- BCR/IRR/NPV গণনার জন্য স্থিরমূল্য (constant price) ব্যবহার করা হয়েছে কিনা?
- প্রকল্প পরিষেবাগুলোর চাহিদা সম্পর্কে অনুমানগুলো ব্যাখ্যা করা হয়েছে কিনা?
- অন্যান্য প্রধান অনুমানসমূহ বিবেচনা করা হয়েছে কিনা?
- ডিস্কাউন্টেড ক্যাশ ফ্লো (DCF) সঠিকভাবে গণনা করা হয়েছে কিনা?
- অর্থনৈতিক মূল্য এবং রুপান্তর ফ্যাক্টর (Conversion Factor) অর্থনৈতিক বিশ্লেষণের জন্য ব্যবহৃত হয়েছে কিনা?
- অর্থনৈতিক বিশ্লেষণে সব উল্লেখযোগ্য প্রভাব (ভূমি, পুনর্বাসন, পরিবেশ এবং বিশ্বব্যাপী গ্রীণ হাউস গ্যাস নির্গমন) অন্তর্ভুক্ত আছে কিনা?
- মিশ্র উৎসের অর্থায়নের জন্য অর্থায়নের প্রয়োজনীয়তা এবং যৌক্তিকতা ব্যাখ্যা করা হয়েছে কিনা?
- সংবেদনশীলতা বিশ্লেষণ (Sensitivity Analysis) করা হয়েছে কি?
- সংবেদনশীলতা বিশ্লেষণের ফলাফল পর্যাপ্ত কিনা?

**(ক) ডিপিপি'র সংশ্লিষ্ট আইটেমসমূহ**

- নিম্নলিখিত ডিপিপি আইটেম চেক করুন।
  - ১৮. আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ:
  - সংযুক্তি: গণনা সিট (Calculation sheet)
- নিচের অনুচ্ছেদগুলো সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন অনুযায়ী যাচাই করুন
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৩- বাজার চাহিদা বিশ্লেষণ
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৬- ব্যয়-আয় বিশ্লেষণ; ৬.২- অর্থনৈতিক বিশ্লেষণ
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৯- ঝুঁকি ও সংবেদনশীলতা বিশ্লেষণ
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ১০- বিকল্প প্রস্তাবনা বিশ্লেষণ

**(খ) তথ্যের প্রাপ্যতা**

দু’টি থেকে একটি নির্বাচন করুন

- তথ্যাদি সন্নিবেশিত আছে
- তথ্যাদি সন্নিবেশিত নাই

**(গ) তথ্যের গুণগত মান**

দু’টি থেকে একটি নির্বাচন করুন

- বর্ণনামতে যথাযথ
- সংশোধন প্রয়োজন

**[পরামর্শ]**

অর্থনৈতিক সুবিধার উৎসগুলি নিম্নলিখিত শ্রেণির অন্তর্ভুক্ত হতে পারে।

- Consumer Surplus
    - ➢ ক্রমবর্ধমান আউটপুট (Incremental Output) (সুবিধা)
    - ➢ অ-বর্ধিত আউটপুট (Non-incremental Output) (সুবিধা)
- Producer’s (or Supplier’s) surplus
    - ➢ রাজস্ব বৃদ্ধি
- পরোক্ষ সুবিধা (Indirect Benefit)

সূত্র: CBA Handbook

**ঘ) মতামত ও পরামর্শ**

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**সারাংশ সারণি**

- ধাপে ধাপে যাচাই প্রশ্নের উত্তর দিতে নিচে দেখানো সারাংশ সারণিটি পূরণ করুন।
    - ক) ডিপিপি আইটেম ১৮, ডিপিপি আইটেম ১৮ এর সংযুক্তি এবং সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনে তথ্য খুঁজুন।
    - খ) স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**সূত্র: MAF**

অর্থনৈতিক বিশ্লেষণের সারাংশ সারণী:

| আইটেমসমূহ | (ক) ডিপিপিতে প্রস্তাবিত বর্ণনা ও সংযুক্তি | | (খ) মন্তব্য ও পরামর্শ |
|---|---|---|---|
| ইকোনমিক লাইফ (বছর) | | | |
| অর্থনৈতিক ব্যয় এর (খরচের) সংক্ষিপ্ত বর্ণনা | | | |
| মোট অর্থনৈতিক ব্যয় (পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়সহ) (টাকা) | | | |
| অর্থনৈতিক সুবিধা (Benefit) এর সংক্ষিপ্ত বর্ণনা | | | |
| মোট অর্থনৈতিক সুবিধা (টাকা) | | | |
| বহিরাগত প্রভাব (Externalites) (যদি থাকে) | | | |
| কর, মূল্য সংযোজন কর | ☐ অন্তর্ভুক্ত আছে | ☐ অন্তর্ভুক্ত নাই | |
| প্রাইস কন্টিনজেন্সি (Price contingency) | ☐ অন্তর্ভুক্ত আছে | ☐ অন্তর্ভুক্ত নাই | |
| ফিজিক্যাল কন্টিনজেন্সি (Physical contingency) | ☐ অন্তর্ভুক্ত আছে | ☐ অন্তর্ভুক্ত নাই | |
| Conversion Factor (রূপান্তর ফ্যাক্টর) | | | |
| মূল অনুমানসমূহের সংক্ষিপ্ত বর্ণনা/প্যারামিটারসমূহ | | | |
| সংবেদনশীলতা প্রতিবেদনের ফলাফল: কোন অনুমান/প্যারামিটারসমূহ খরচ এবং সুবিধার জন্য বেশি সংবেদনশীল? | | | |
| বাট্টার হার (Discount Rate) | | | |
| অর্থনৈতিক NPV (ENPV) | ☐ ENPV≤0 | ☐ ENPV>0 | |
| অর্থনৈতিক BCR (EBCR) | ☐ EBCR≤1 | ☐ EBCR>1 | |
| অর্থনৈতিক IRR (EIRR) | ☐ EIRR≤ Discount Rate | ☐ EIRR> Discount Rate | |

## (৬-৩) আর্থিক ও অর্থনৈতিক মূল্যের প্রাক্কলন

**সূত্র: MAF**

**৩. আর্থিক ও অর্থনৈতিক মূল্যের প্রাক্কলনঃ প্রস্তাবিত প্রকল্পটি কি সরকারি বিনিয়োগের যোগ্য/লাভজনক?**

| গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
|---|
| অনুচ্ছেদ ১.১.৮.২- প্রকল্পের ব্যয় প্রাক্কলন এবং ব্যয় প্রাক্কলনের ভিত্তি ও যথার্থতা: (ছ) বস্তুনিষ্ঠ আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ।<br>অনুচ্ছেদ ১.১২- বেসরকারি উদ্যোগে বাস্তবায়নের সম্ভাবনা রয়েছে এ ধরনের প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তি পরিহার করতে হবে। |

| ক) নিম্নোক্ত আইটেম ও সংযুক্তি সমূহ দেখুন/দ্রষ্টব্য | |
|---|---|
| • ১৮. আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ<br>• সংযুক্তি: গণনা সিট (Calculation sheet) | [প্রযোজ্য ক্ষেত্রে]<br>- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৬- ব্যয়-আয় বিশ্লেষণ<br>- ৬.১- আর্থিক বিশ্লেষণ<br>- ৬.২- অর্থনৈতিক বিশ্লেষণ<br>- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৯- ঝুঁকি ও সংবেদনশীলতা বিশ্লেষণ<br>- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ১০- বিকল্প প্রস্তাবনা বিশ্লেষণ |
| খ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

### যাচাইয়ের প্রশ্ন

প্রস্তাবিত প্রকল্পটি কি সরকারি বিনিয়োগের যোগ্য/লাভজনক?

### গ্রিনবুকের মূল্যায়ন পয়েন্ট

উপরের প্রশ্নের উত্তর দেয়ার অর্থ হচ্ছে এর মাধ্যমে গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক নির্দেশনা অনুসরণ করা হয়েছে।

- অনুচ্ছেদ ১.১.৮.২- প্রকল্পের ব্যয় প্রাক্কলন এবং ব্যয় প্রাক্কলনের ভিত্তি ও যথার্থতা: (ছ) বস্তুনিষ্ঠ আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ।
- অনুচ্ছেদ ১.১২- বেসরকারি উদ্যোগে বাস্তবায়নের সম্ভাবনা রয়েছে এ ধরনের প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তি পরিহার করতে হবে।

ক)- তে প্রদত্ত বিষয়গুলো বিবেচনা করুন এবং খ-তে মন্তব্য প্রদান করুন।

- প্রস্তাবিত প্রকল্পটি কি সরকারি বিনিয়োগের জন্য যোগ্য/লাভজনক কিনা?

### (ক) ডিপিপি'র সংশ্লিষ্ট আইটেমসমূহ

- নিম্নলিখিত ডিপিপি আইটেম চেক করুন।
  - ১৮. আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ:
  - সংযুক্তি: গণনা সিট (Calculation sheet)
- নিচের অনুচ্ছেদগুলো সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন অনুযায়ী যাচাই করুন
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৩- বাজার চাহিদা বিশ্লেষণ
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৬- ব্যয়-আয় বিশ্লেষণ; ৬.১- আর্থিক বিশ্লেষণ; ৬.২- অর্থনৈতিক বিশ্লেষণ
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৯- ঝুঁকি ও সংবেদনশীলতা বিশ্লেষণ
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ১০- বিকল্প প্রস্তাবনা বিশ্লেষণ

### খ) মতামত ও পরামর্শ

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**[পরামর্শ]**

CBA সিদ্ধান্তের ম্যাট্রিক্স এর জন্য বক্স XX- এ প্রদত্ত ব্যাখ্যা দেখুন।

**CBA Decision rules**

| CBA outcomes | EIRR < SDR<br>ENPV < 0;<br>EBCR < 1 | EIRR > SDR<br>ENPV > 0<br>EBCR > 1 |
|---|---|---|
| FIRR < FDR<br>FNPV <0<br>FBCR<1 | NO GO | GO and Finance the gap |
| FIRR > FDR<br>FNPV > 0<br>FBCR >1 | GO & Tax or internalize the welfare costs | GO but no subsidies |

EIRR = Economic Internal Rate of Return
FIRR = Financial Rate of Return on Investment
FDR = Financial Discount Rate
SDR = Social Discount Rate

## ৩-৯ অংশ-৭ মূল্যায়নের মানদন্ড (প্রাসঙ্গিকতা, কার্যকারিতা, দক্ষতা, প্রভাব, স্থায়িত্বশীলতা এবং ঝুঁকি ও তা নিরসণের উপায়সমূহ)

অংশ-৭ এ মৌলিক মূল্যায়ন নীতিমালাভূক্ত পাঁচটি মানদণ্ড, যথা: প্রাসঙ্গিকতা, কার্যকারিতা, দক্ষতা, প্রভাব, ও স্থায়িত্বশীলতা এবং বাংলাদেশের ক্ষেত্রে একটি অতিরিক্ত মানদন্ড যথা ঝুঁকি ও তা নিরসণের উপায় ব্যবহার করে প্রকল্প প্রস্তাব এর মূল্য যাচাই করা হবে। মৌলিক মূল্যায়ন মানদন্ড এর ধারণাগত কাঠামোসহ প্রতিটি মানদন্ড এর ব্যাখ্যা উপ-অধ্যায় ১-৩ এ দেওয়া হয়েছে।

অংশ-৭ এর মোট ৬ টি উপ-অংশ রয়েছে, যা সারণি ১৮- এ দেখানো হয়েছে।

**সারণি ১৮ MAF এর অংশ ৭ এর সার-সংক্ষেপ**

| অংশ | শিরোনাম | মানদন্ড | প্রশ্নসমূহ | কোড |
|---|---|---|---|---|
| ৭ | **মূল্যায়নের মানদন্ড** | **প্রাসঙ্গিকতা** | ১) উন্নয়ন কৌশল, পরিকল্পনা ও কর্মসূচির সাথে সামঞ্জস্যতা: সরকার বা সংশ্লিষ্ট সেক্টরের বিধৃত উন্নয়ন কৌশল, পরিকল্পনা বা কর্মসূচিতে প্রকল্পটি অন্তর্ভূক্ত আছে কি? প্রকল্পটির লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ কি সেগুলোর সাথে সংগতিপূর্ণ | **৭-১-১** |
| | | | ২) আর্থিক সম্পদ এর সাথে সংগতি: সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি (MYPIP) এবং/অথবা মধ্যমেয়াদি বাজেট কাঠামো (MTBF) এর সাথে সংগতি আছে কি? প্রস্তাবিত প্রকল্পের অর্থায়ন কি নিশ্চিত করা হয়েছে? | **৭-১-২** |
| | | | ৩) সুফলভোগী (Beneficiaries): প্রস্তাবিত প্রকল্পের সুফলভোগকারীগণকে কি সঠিকভাবে চিহ্নিত করা হয়েছে? প্রকল্পের উদ্দেশ্য কি সুফলভোগকারীগণের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ ? | **৭-১-৩** |
| | | | ৪) প্রকল্প এলাকা: প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়নের জন্য যে এলাকা নির্ধারণ করা হয়েছে তার মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য অর্জন করা সম্ভব হবে কিনা? | **৭-১-৪** |
| | | **কার্যকারিতা** | ১) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের জন্য আউটপুটসমূহ কি যথাযথভাবে চিহ্নিত করা হয়েছে? | **৭-২-১** |
| | | **দক্ষতা** | ১) প্রকল্পের ব্যয় প্রাক্কলন যথাযথ ও বিশ্বাসযোগ্য কিনা? | **৭-৩-১** |
| | | | ২) প্রকল্পের মেয়াদ যৌক্তিক কি না? মৌসুমি ও কর্মকান্ড সংশ্লিষ্ট অস্থিতির বিবেচনায় প্রকল্পের কর্ম/কার্য সম্পাদনের যে সময়সূচি নির্ধারণ করা হয়েছে তা যৌক্তিক কিনা? | **৭-৩-২** |
| | | | ৩) প্রকল্পের কার্যাদি সম্পাদন ও আউটপুটসমূহ অর্জনজনিত বাস্তবায়ন ব্যবস্থাপনার জন্য যে মানব সম্পদ/জনবল এর সংস্থান রাখা হয়েছে, তা যথাযথ কিনা? | **৭-৩-৩** |
| | | | ৪) প্রকল্পের কার্যাদি সম্পাদনে ও আউটপুটসমূহ অর্জনের জন্য প্রয়োজনীয় উপকরণ, সুবিধাদি ও প্রযুক্তি এর যে সংস্থান রাখা হয়েছে, তা যথাযথ কিনা? | **৭-৩-৪** |
| | | | ৫) প্রকল্পটির বাস্তবায়ন বিঘ্নিত করতে পারে এমন কোন নিয়ন্ত্রণযোগ্য/অনিয়ন্ত্রণযোগ্য ঝুঁকি আছে কিনা? | **৭-৩-৫** |
| | | | ৬) চিহ্নিত বাস্তবায়নকালীন ঝুঁকিসমূহ (৫ নং ক্রমিক) প্রশমনের জন্য কী কী প্রতিকার বিবেচনা করা হয়েছে? | **৭-৩-৬** |
| | | **প্রভাব** | ৪.১ প্রভাব (ক) অর্জিত দীর্ঘমেয়াদি ও বিস্তৃত উন্নয়ন ফলাফলের সাথে সম্পৃক্ততা।<br><br>দীর্ঘ এবং বিস্তৃত উন্নয়ন ফলাফলগুলো কি প্রকল্পের উদ্দেশ্য অর্জনে যথাযথভাবে চিহ্নিত করা হয়েছে এবং বাস্তবে অর্জনযোগ্য? | **৭-৪-১** |
| | | | ৪.২ প্রভাব (খ) প্রকল্পের দীর্ঘমেয়াদি লক্ষ্যের সাথে সম্পর্কিত নয় এমন বিষয়ে প্রকল্পের পরোক্ষ প্রভাব (ইতিবাচক এবং নেতিবাচক) মূল্যায়ন করা। | **৭-৪-২** |
| | | | (১) প্রকল্প বাস্তবায়নকালে: | **৭-৪-২-১** |
| | | | (১-১) নেতিবাচক প্রভাব (Negative Impact): প্রকল্পটির ফলে বা এর কর্মকান্ডের ফলে সমাজের উপর বা প্রাকৃতিক ও পরিবেশগত কোন নেতিবাচক প্রভাব পড়ার সম্ভাবনা আছে কিনা? নেতিবাচক প্রভাব প্রশমনের উপায়গুলো বিবেচনা বা অন্তর্ভুক্ত করা হয়েছে কি? | **৭-৪-২-১-১** |

| অংশ | শিরোনাম | মানদন্ড | প্রশ্নসমূহ | কোড |
|---|---|---|---|---|
| | | | (১-২) ইতিবাচক প্রভাব (Positive Impact): প্রকল্পটির ফলে বা এর কর্মকান্ডের ফলে সমাজের উপর বা প্রাকৃতিক ও পরিবেশগত কোন ইতিবাচক উন্নতি হবার সম্ভাবনা আছে কিনা? | ৭-৪-২-১-২ |
| | | | (২) প্রকল্প পরিচালন ও রক্ষণাবেক্ষনকালে: | ৭-৪-২-২ |
| | | | (২-১) নেতিবাচক প্রভাব (Negative Impact): প্রকল্পটির ফলে বা এর কর্মকান্ডের ফলে সমাজের উপর বা প্রাকৃতিক ও পরিবেশগত কোন নেতিবাচক প্রভাব পড়ার সম্ভাবনা আছে কিনা? নেতিবাচক প্রভাব প্রশমনের উপায়গুলো বিবেচনা বা অন্তর্ভুক্ত করা হয়েছে কি? | ৭-৪-২-২-১ |
| | | | (২-২) ইতিবাচক প্রভাব (Positive Impact): প্রকল্পটির ফলে বা এর কর্মকান্ডের ফলে সমাজের উপর বা প্রাকৃতিক পরিবেশগত কোন ইতিবাচক উন্নতি হবার সম্ভাবনা আছে কিনা? | ৭-৪-২-২-২ |
| | | **স্থায়িত্বশীলতা** | ১) আর্থিক স্থিতিশীলতা: প্রকল্পটি সমাপ্তির পর এর অর্জিত ফলাফল বা সৃষ্ট সুবিধাদি ও সেবাসমূহ সংরক্ষণ এবং কার্যকরভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় আর্থিক সম্পদের সংস্থানসহ কোন প্রাথমিক পরিকল্পনা নেওয়া হয়েছে কিনা? | ৭-৫-১ |
| | | | ২) প্রাতিষ্ঠানিক স্থিতিশীলতা: পরিকল্পনা মাফিক/অনুযায়ী প্রকল্পের অর্জিত ফলাফল বা সৃষ্ট সুবিধাদি ও সেবা চলমান রাখার জন্য প্রস্তাবিত প্রাতিষ্ঠানিক কাঠামো যথাযথ ও টেকসই কিনা? | ৭-৫-২ |
| | | | ৩) সাংগঠনিক স্থিতিশীলতা: প্রাতিষ্ঠানিক কাঠামোর সংস্থান রাখা হয় নাই এমন ক্ষেত্রে প্রকল্পের অর্জিত ফলাফল বা সৃষ্ট সুবিধাদি ও সেবার কার্যকর পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এর দায়িত্ব কোন প্রতিষ্ঠান/সংস্থা বা গোষ্ঠীর উপর অর্পন করা হবে তার সুস্পষ্ট উল্লেখসহ বিস্তারিত বিবরণ দেওয়া হয়েছে কিনা? | ৭-৫-৩ |
| | | **পরিচালনাকালীন ঝুঁকি বিশ্লেষণ ও প্রতিকারের উপায়সমূহ** | ১) এমন কোন গুরুত্বপূর্ণ নিয়ন্ত্রণযোগ্য অথবা অনিয়ন্ত্রণযোগ্য ঝুঁকি আছে কিনা যেগুলো প্রকল্প সমাপ্তির পর কিংবা প্রকল্পের অর্জিত ফলাফল বা সৃষ্ট সুবিধাদি ও সেবা পরিচালনাকালীন নেতিবাচক প্রভাব ফেলতে পারে? | ৭-৬-১ |
| | | | ২) পরিচালনাকালীন ঝুঁকিসমূহ প্রশমন করার জন্য কী কী প্রতিকারমূলক ব্যবস্থা বিবেচনা করা হয়েছে? | ৭-৬-২ |

**(৭-১) প্রাসঙ্গিকতা**

এই উপ-অংশে প্রস্তাবিত প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য এবং পরিসর/আওতা এর সাথে প্রকল্প প্রস্তাব প্রণয়নকালীন সময়ে দেশের অগ্রাধিকারপ্রাপ্ত উন্নয়ন চাহিদাসমূহের সংগতি/সামঞ্জস্যতা আছে কিনা তা যাচাই করা হবে। এই উপ-অংশের প্রশ্নগুলো নিম্নবর্নিত বিষয়সমূহ সংশ্লিষ্ট:

- (৭-১-১) উন্নয়ন কৌশল, পরিকল্পনা ও কর্মসূচির সাথে সংগতি;
- (৭-১-২) বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি (MYPIP) এবং অথবা মধ্যমেয়াদি বাজেট কাঠামো (MTBF) এর সাথে সংগতি;
- (৭-১-৩) সুফলভোগী জনগোষ্ঠি;
- (৭-১-৪) প্রকল্পের অবস্থান/এলাকা।

## (৭-১-১) উন্নয়ন কৌশল, পরিকল্পনা ও কর্মসূচির সাথে সংগতি

**যাচাইয়ের প্রশ্ন**

কৌশল, কর্মসূচি ও পরিকল্পনার সাথে সামঞ্জস্যতা: সরকার বা সেক্টরের বিধৃত কৌশল, উন্নয়ন পরিকল্পনা বা কর্মসূচিতে প্রকল্পটি অন্তর্ভূক্ত কি? প্রকল্পটির লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ কি সেগুলোর সাথে সংগতিপূর্ণ?

**গ্রিনবুকের মূল্যায়ন পয়েন্ট**

উপরের প্রশ্নের উত্তর দেয়ার অর্থ হচ্ছে এর মাধ্যমে গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক নির্দেশনা অনুসরণ করা হয়েছে।

- অনুচ্ছেদ ১.১.১ অ্যালোকেশন অব বিজনেস-এর সাথে সঙ্গতি
- অনুচ্ছেদ ১.১.৫ দীর্ঘমেয়াদি, মধ্যমেয়াদি ও স্বল্পমেয়াদি উন্নয়ন পরিকল্পনা, নীতি ও কৌশলের সাথে সংগতি
- অনুচ্ছেদ অনুচ্ছেদ ১.১.৯ দারিদ্র্য নিরসন ও আঞ্চলিক বৈষম্য দূরীকরণ

খ) এবং গ)- তে উত্তর করতে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করুন এবং ঘ-তে মন্তব্য প্রদান করুন।

- প্রস্তাবিত প্রকল্পের অধীনে প্রস্তাবিত অর্জিতব্য উদ্দেশ্যসমূহ পঞ্চবার্ষিক/ প্রেক্ষিত পরিকল্পনা এবং প্রোগ্রাম এবং/অথবা সেক্টর কৌশলপত্র (SSP)/ সেক্টর কর্ম পরিকল্পনা (SAP)- তে নির্ধারিত বৃহৎ উন্নয়ন লক্ষ্যগুলোর সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা?
- অন্যান্য প্রকল্প/প্রতিষ্ঠানের সাথে দেখানো যোগসূত্রসমূহ যথাযথ এবং প্রাসঙ্গিক কিনা?
- প্রস্তাবিত প্রকল্পের লক্ষ্য এবং উদ্দেশ্য/উদ্দেশ্যের মূল সূচকগুলি ব-দ্বীপ পরিকল্পনা (Delta Plan), প্রেক্ষিত পরিকল্পনা, পঞ্চবার্ষিক পরিকল্পনা, সেক্টর কৌশলপত্র (SSP)/ সেক্টর কর্ম পরিকল্পনা (SAP) এবং টেকসই উন্নয়ন লক্ষ্য (SDGs) এর রেফারেন্স সহ সরকারি খাত দ্বারা নির্ধারিত উন্নয়ন পরিকল্পনা এবং কর্মসূচির সাথে সামঞ্জস্যপূর্ণ এবং প্রাসঙ্গিক কিনা?
- প্রকল্পটির পরিধি সম্পূর্ণরূপে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের কার্যবন্টনের (AoB) আওতাভুক্ত কিনা? উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ও বাস্তবায়নকারী সংস্থা এর মিশন ও ভিশনের সাথে সম্পর্কিত কিনা? এবং পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনের আওতাভুক্ত কিনা?

[নোট] ডিপিপি প্রস্তুতির জন্য হ্যান্ডবুকের প্রথম অংশে প্রকল্প এবং কর্মসূচির মধ্যে যোগসূত্র ব্যাখ্যা করা হয়েছে। চিত্র ৫- এ (পৃষ্ঠা- ১০) প্রোগ্রাম এবং প্রকল্পের মধ্যে যোগসূত্র দেখুন।

**(ক) ডিপিপি'র সংশ্লিষ্ট আইটেমসমূহ**

- নিম্নলিখিত ডিপিপি আইটেম চেক করুন।
  - ২.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ
  - ২.২ বাস্তবায়নকারী সংস্থা
  - ২.৩ পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ
  - ১৪. প্রকল্পের পটভূমি
  - ১৫. প্রকল্পের বর্ণনা
  - ২৭. সুনির্দিষ্ট সম্পৃক্ততা (Linkage)
  - ২৮.১ মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার (Vision ও Mission)
  - ২৮.২ মন্ত্রণালয়/বিভাগের কার্যবন্টন (Allocation of Business)
- নিচের অনুচ্ছেদগুলো সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন অনুযায়ী যাচাই করুন
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৩- বাজার চাহিদা বিশ্লেষণ, প্রকল্প ধারণার প্রাসঙ্গিকতা
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৮- প্রাতিষ্ঠানিক ও আইনগত বিশ্লেষণ

**(খ) তথ্যের প্রাপ্যতা**

দু'টি থেকে একটি নির্বাচন করুন

- তথ্যাদি সন্নিবেশিত আছে
- তথ্যাদি সন্নিবেশিত নাই

**(গ) তথ্যের গুণগত মান**

দু'টি থেকে একটি নির্বাচন করুন

- বর্ণনামতে যথাযথ
- সংশোধন প্রয়োজন

**[পরামর্শ]**

- এক্ষেত্রে সেক্টর কৌশলপত্র (SSP) হতে পারে একটি প্রাসঙ্গিক তথ্য সূত্র। কেননা সেক্টরের ফলাফল এবং সেক্টরের অন্তর্বর্তী ফলাফলসমূহ সরাসরি প্রকল্প লক্ষ্য এবং প্রকল্পের উদ্দেশ্যের সাথে সম্পর্কযুক্ত হওয়া উচিত।

সেক্টর কৌশলপত্র (SSP) বিস্তারিত জানতে বক্স ২ দেখুন।

**ঘ) মতামত ও পরামর্শ**

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

## (৭-১-২) মন্ত্রণালয়/বিভাগের Multi-Year Public Investment Programme (MYPIP) (বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি) যদি থাকে এবং মধ্যমেয়াদি বাজেট অবকাঠামো (MTBF) এর সাথে সামঞ্জস্যতা

**যাচাইয়ের প্রশ্ন**

প্রকল্পটির অর্থায়ন কি নিশ্চিত করা হয়েছে?

**গ্রিনবুকের মূল্যায়ন পয়েন্ট**

উপরের প্রশ্নের উত্তর দেয়ার অর্থ হচ্ছে এর মাধ্যমে গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক নির্দেশনা অনুসরণ করা হয়েছে।

- অনুচ্ছেদ ১.১.৬ সম্পদ প্রাপ্তি বিবেচনা
- অনুচ্ছেদ ১.১.৭- সমজাতীয় প্রকল্পের ফলাফল বিবেচনা ও দ্বৈততা পরিহার

খ) এবং গ)- তে উত্তর করতে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করুন এবং ঘ-তে মন্তব্য প্রদান করুন।

- অর্থায়নের উৎস কোনগুলো: জিওবি, উন্নয়ন সহযোগী, বাস্তবায়নকারী সংস্থা এবং অন্যান্য?
- অর্থায়নের কোন ধরণসমূহ গ্রহণ করা হয়েছে?
- প্রস্তাবিত বাজেট বরাদ্দ সেক্টর কর্মসূচির বাজেট বরাদ্দ, মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (MTBF) এবং (MYPIP) এর সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা?
- প্রয়োজনীয় সংযুক্তিসমূহ যা নিচের টেবিলে ব্যাখা করা হয়েছে, তা ডিপিপি'তে সংযুক্ত করা হয়েছে কিনা?
- প্রকল্প বাস্তবায়নকাল বিবেচনায় প্রদত্ত বছরভিত্তিক ব্যয় প্রাক্কলন যথাযথ কিনা?
- প্রকল্পের ব্যয় প্রাক্কলন সেক্টরের বছরভিত্তিক আর্থিক সংস্থানের আলোকে যথাযথ কিনা?
- প্রস্তাবিত প্রকল্পের সাথে বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাইরে অন্যান্য উন্নয়ন প্রকল্প/কর্মসূচি, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (CCTF) বা অন্যান্য তহবিলের অধীনে চলমান প্রকল্প/কর্মসূচি এবং অপারেশনাল বাজেটের অধীনে চলমান কার্যাবলীর সাথে কোনও দৈত্বতা আছে কিনা?

**(ক) ডিপিপি'র সংশ্লিষ্ট আইটেমসমূহ**

- নিম্নলিখিত ডিপিপি আইটেম চেক করুন।
  - ৬.৩ অর্থায়ন পরিকল্পনা (সংযোজনী ৭)
  - ১২.২ প্রকল্পের বছরভিত্তিক আর্থিক ও বাস্তব পরিকল্পনা (সংযোজনী ৪)
  - ২২. প্রকল্পের বছরভিত্তিক প্রাক্কলিত ব্যয়ের বিস্তারিত বিবরণ (সংযোজনী ৫)
  - ২৪. বাংলাদেশ সরকারের নিকট হতে গৃহীত ঋণ পরিশোধ সংক্রান্ত সিডিউল (Amortization Schedule) (সংযোজনী- ৬)

**(খ) তথ্যের প্রাপ্যতা**

দু'টি থেকে একটি নির্বাচন করুন

- তথ্যাদি সন্নিবেশিত আছে
- তথ্যাদি সন্নিবেশিত নাই

**(গ) তথ্যের গুণগত মান**

দু'টি থেকে একটি নির্বাচন করুন

- বর্ণনামতে যথাযথ
- সংশোধন প্রয়োজন

**[পরামর্শ]**

- বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি (MYPIP) এর উপর ভিত্তি করে প্রণীত ADP/RADP এর Sector Highlights এবং সাব-সেক্টর-ভিত্তিক আর্থিক সংস্থানের তথ্য দেখুন।
- জিওবি থেকে ঋণ (স্থানীয়/বৈদেশিক মুদ্রা) সংক্রান্ত প্রকল্প বাস্তবায়নের জন্য, নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করুন।
  - ➢ ঋণ পরিশোধ সংক্রান্ত সিডিউল যৌক্তিক কিনা?
  - ➢ ঋণ পরিশোধ করার সময়সূচি প্রস্তাবিত সিডিউল অনুযায়ী যৌক্তিক কিনা?
- উন্নয়ন সহযোগীদের সাথে ঋণে গৃহীত প্রকল্প বাস্তবায়নের জন্য,
  - ➢ প্রস্তাবিত প্রকল্পে বৈদেশিক সহায়তা গ্রহণের শর্তাদি এই আইটেমে স্পষ্টভাবে বর্ণনা করা হয়েছে কিনা?

**ঘ) মতামত ও পরামর্শ**

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

### (৭-১-৩) সুফলভোগী

**যাচাইয়ের প্রশ্ন**

প্রকল্পের সুফলভোগী জনগোষ্ঠী কি সঠিকভাবে চিহ্নিত করা হয়েছে? প্রকল্পের উদ্দেশ্য কি সুফলভোগী জনগোষ্ঠীর চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ?

**গ্রিনবুকের মূল্যায়ন পয়েন্ট**

উপরের প্রশ্নের উত্তর দেয়ার অর্থ হচ্ছে এর মাধ্যমে গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক নির্দেশনা অনুসরণ করা হয়েছে।

- অনুচ্ছেদ ১.১.৯- দারিদ্র্য নিরসন ও  আঞ্চলিক বৈষম্য দূরীকরণ

খ) এবং গ)- তে উত্তর করতে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করুন এবং ঘ-তে মন্তব্য প্রদান করুন।

- সমস্যা, সমস্যার কারণ, সমস্যার সম্ভাব্য ক্রম চিহ্নিত করা হয়েছে কিনা?
- এই প্রকল্পের সুফলভোগীদের যথাযথভাবে চিহ্নিত করা হয়েছে কিনা?
- সুফলভোগীদের বর্তমান ও ভবিষ্যৎ চাহিদা যথাযথভাবে বিবেচনা করা হয়েছে কিনা?
- যে এলাকায় প্রকল্পটি বাস্তবায়িত হবে তার বিবেচনায় প্রকল্পের উদ্দেশ্য অর্জন করা যাবে কিনা?

[নোট] চাহিদা বিশ্লেষণের জন্য বক্স ১৪ দেখুন।

**(ক) ডিপিপি'র সংশ্লিষ্ট আইটেমসমূহ**

- নিম্নলিখিত ডিপিপি আইটেম চেক করুন।
  - ৩. প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা
  - ১৪. প্রকল্পের পটভূমি সংক্রান্ত তথ্য
  - ১৫. প্রকল্পের বিবরণ
  - ১৬. জনসংখ্যা সংক্রান্ত পরিসংখ্যান
- নিচের অনুচ্ছেদগুলো সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন অনুযায়ী যাচাই করুন
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৩- বাজার চাহিদা বিশ্লেষণ (খ) প্রকল্প ধারণার প্রাসঙ্গিকতা (ঘ) অংশীজন ও চাহিদা বিশ্লেষণ

**(খ) তথ্যের প্রাপ্যতা**

দু'টি থেকে একটি নির্বাচন করুন

- তথ্যাদি সন্নিবেশিত আছে
- তথ্যাদি সন্নিবেশিত নাই

**(গ) তথ্যের গুণগত মান**

দু'টি থেকে একটি নির্বাচন করুন

- বর্ণনামতে যথাযথ
- সংশোধন প্রয়োজন

**[পরামর্শ]**

নিম্নলিখিত পয়েন্টসমূহ দেখুন,

- সুফলভোগীদের মূল তথ্যসমূহ-
  - বৈশিষ্ট্য: তাঁরা কারা (গোষ্ঠী এবং নাগরিক হিসেবে);
  - সংখ্যা: প্রকল্প হতে সুফল পাবে এমন কত সংখ্যক লোক বিবেচনা করা হয়েছে;
  - অবস্থান: তারা কোথায় বসবাস করছেন;
  - প্রয়োজন/চাহিদা: তাদের কী ধরণের উন্নয়নমূলক প্রয়োজন/চাহিদা রয়েছে।
- প্রস্তাবিত প্রকল্পের সামগ্রিক এবং অবস্থান-ভিত্তিক সুফলভোগীদের চিহ্নিত করা এবং সঠিকভাবে অনুমান করা হয়েছে কিনা?
- প্রকল্পটি নারী, প্রবীণ নাগরিক, শিশু, শারীরিক ও মানসিক প্রতিবন্ধী ইত্যাদির জন্য সম্ভাব্য সুযোগ তৈরি করে কিনা। যদি হ্যাঁ হয়, সেগুলো কি?

**ঘ) মতামত ও পরামর্শ**

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**বক্স ১৪ চাহিদা বিশ্লেষণ কি?**

চাহিদা বিশ্লেষণ এর মাধ্যমে নিম্নের বিষয়সমূহ যাচাইপূর্বক কোন বিনিয়োগের প্রয়োজনীয়তা/ চাহিদা চিহ্নিত করাকে বুঝায়:

- বর্তমান চাহিদা (সেবা প্রদানকারী/নিয়ন্ত্রণকারী/ মন্ত্রণালয়/ জাতীয় ও আঞ্চলিক পরিসংখ্যান অফিস প্রদত্ত বিভিন্ন ব্যবহারকারীর পরিসংখ্যান এর ভিত্তিতে)
- ভবিষ্যৎ চাহিদা (গ্রহণযোগ্য সামগ্রিক ও আর্থ-সামাজিক চাহিদার পূর্বাভাস সংক্রান্ত মডেল (Model); সরবরাহের বিকল্প উৎস, প্রাসঙ্গিক দর/দামের সাথে প্রাসঙ্গিক চাহিদা ও আয়ের স্থিতিস্থাপকতা বিবেচনায় নিয়ে) প্রকল্পসহ ও প্রকল্প বাদে- উভয় দৃশ্যপট বিবেচনা করতে হবে।

যথাযথ উৎপাদন সক্ষমতা বিবেচনাপূর্বক একটি প্রকল্প ডিজাইন করতে হলে, উক্ত দুটি বৈশিষ্ট্যই চাহিদা-প্রক্ষেপণ প্রণয়নের জন্য প্রয়োজন। একইসাথে উৎপাদিত/প্রবর্তিত (Induced) চাহিদা (প্রাসঙ্গিক ক্ষেত্রে*) বিবেচনা করা জরুরি। উদাহরণস্বরূপ- এটি অনুসন্ধান করা দরকার যে, জনসেবা, রেল পরিবহন বা বর্জ্য অপসারণের কোন অংশ প্রকল্প দ্বারা অর্জন করা যায়।

চাহিদা প্রস্তাব (hypothesis) বর্তমান ও ভবিষ্যৎ সরবরাহের শর্তসমূহ বিশ্লেষণের মাধ্যমে পরীক্ষা করা উচিৎ- যা এ প্রকল্পের সাথে সংশ্লিষ্ট নয় এমন কার্যক্রম দ্বারা প্রভাবিত হতে পারে।

সূত্র: EU 2014 Guide to Cost Benefit Analysis of Investment Projects for Cohesion Policy 2014-2020.

*** ভবিষ্যৎ চাহিদার উৎস: প্রধানত, বিদ্যমান ব্যবহারকারী, অন্যান্য সেবা প্রদানকারী দ্বারা সৃষ্ট ব্যবহারকারী, প্রকল্পের নতুন কার্যাবলী দ্বারা সৃষ্ট/প্রভাবিত ব্যবহারকারী। একটি প্রকল্পের নতুন প্রভাবিত চাহিদা সৃষ্টির সক্ষমতা নির্ভর করে বিদ্যমান চাহিদার বিপরীতে প্রকল্পের আকার, চাহিদার স্থিতিস্থাপকতা ও বিদ্যমান বাজারদর কমানোর সক্ষমতার উপর।**

### (৭-১-৪) প্রকল্পের অবস্থান/ এলাকা

**যাচাইয়ের প্রশ্ন**

যে এলাকায় প্রকল্পটি বাস্তবায়িত হবে সে এলাকার/স্থানের বিদ্যমান অবস্থায় প্রকল্পের উদ্দেশ্য অর্জন করা সম্ভব হবে কিনা ?

**গ্রিনবুকের মূল্যায়ন পয়েন্ট**

উপরের প্রশ্নের উত্তর দেয়ার অর্থ হচ্ছে এর মাধ্যমে গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক নির্দেশনা অনুসরণ করা হয়েছে।

- অনুচ্ছেদ ১.১.৯- দারিদ্র্য নিরসন ও আঞ্চলিক বৈষম্য দূরীকরণ
- অনুচ্ছেদ ১.১৬- স্থাপনা নির্মাণ সম্পর্কিত প্রকল্পের ক্ষেত্রে কারিগরি পরীক্ষার (মৃত্তিকা পরীক্ষা, ডিআইএ ও অন্যান্য) প্রতিবেদন, ঘূর্ণিঝড়ের গতিবেগ, বন্যার সর্বোচ্চ উচ্চতা, সাইট নির্বাচনের যৌক্তিকতা সংক্রান্ত তথ্যাদি ডিপিপি/আরডিপিপি'র সাথে সংযুক্ত করতে হবে।

খ) এবং গ)- তে উত্তর করতে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করুন এবং ঘ-তে মন্তব্য প্রদান করুন।

- বিভাগ, জেলা, সিটি কর্পোরেশন/ পৌরসভা/উপজেলা পর্যায় পর্যন্ত প্রকল্প এলাকার সুনির্দিষ্ট তথ্য আছে কিনা?
- দারিদ্র্য বিমোচন ও আঞ্চলিক বৈষম্য দূরীকরণ এবং বিদ্যমান, চলমান ও পাইপলাইন প্রকল্প, প্রতিষ্ঠান এবং সুবিধাগুলোসহ সরকারি নীতিমালা ও Master Plan বিবেচনা করে নির্বাচিত প্রকল্প এলাকাটি কিভাবে ভৌগলিক অঞ্চলকে অগ্রাধিকার দেয় সে সম্পর্কে সুনির্দিষ্ট তথ্য আছে কিনা?
- নির্বাচিত প্রকল্প এলাকা কিভাবে প্রস্তাবিত প্রকল্পের প্রয়োজনীয় প্রযুক্তির জন্য উপযুক্ত সে সম্পর্কে সুনির্দিষ্ট তথ্য আছে কিনা?
- প্রয়োজন অনুযায়ী অন্যান্য বিদ্যমান, চলতি ও অপেক্ষমান প্রকল্প, প্রতিষ্ঠান ও সুবিধাসমূহের সাথে সংযোগ দেখানোর জন্য একটি মানচিত্র ডিপিপি'র সাথে সংযুক্তি হিসাবে দেয়া যেতে পারে।
- প্রস্তাবিত প্রকল্প এর সাথে চলমান এবং পাইপলাইনভুক্ত প্রকল্প, প্রতিষ্ঠান এবং সুযোগ-সুবিধাগুলির যোগসূত্র প্রদর্শন করে, DPP-তে একটি মানচিত্র সংযুক্ত করা হয়েছে কিনা?
- কিভাবে প্রকল্পটি পরিবেশগত সুরক্ষিত এলাকার আওতাধীন নয়, সে সম্পর্কে সুনির্দিষ্ট তথ্য আছে কিনা?
- জলবায়ু পরিবর্তনের ঝুঁকি এবং দুর্যোগ ব্যবস্থাপনা প্রদর্শন করে ডিপিপি-তে একটি ঝুঁকি মানচিত্র সংযুক্ত আছে কিনা? যেমন National Adaptation Plan- এ উল্লিখিত জলবায়ু সনবেদনশীল এলাকার সাথে সম্পর্ক। (সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৪- কারগরি, প্রযুক্তিগত ও প্রকৌশলগত বিষয়াদি বিশ্লেষণ, (ক) অবস্থান।)
- যদি প্রকল্প বাস্তবায়নকালে উপ-প্রকল্প নির্বাচনের পরিকল্পনা থাকে তাহলে, উপ- প্রকল্প নির্বাচনের স্থান নির্বাচনের মানদণ্ড ব্যাখ্যা করতে হবে ।

**(ক) ডিপিপি'র সংশ্লিষ্ট আইটেমসমূহ**

- নিম্নলিখিত ডিপিপি আইটেম চেক করুন।
  - ৭.১ প্রকল্প এলাকা
  - ৭.২ প্রকল্প এলাকা নির্বাচনের যৌক্তিকতা
  - [সংযুক্তি] মানচিত্র
- নিচের অনুচ্ছেদগুলো সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন অনুযায়ী যাচাই করুন
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৪- কারিগরি, প্রযুক্তিগত ও প্রকৌশলগত বিশ্লেষণ; (ক) অবস্থান

**(খ) তথ্যের প্রাপ্যতা**

দু'টি থেকে একটি নির্বাচন করুন

- তথ্যাদি সন্নিবেশিত আছে
- তথ্যাদি সন্নিবেশিত নাই

**(গ) তথ্যের গুণগত মান**

দু'টি থেকে একটি নির্বাচন করুন

- বর্ণনামতে যথাযথ
- সংশোধন প্রয়োজন

**[পরামর্শ]**

- প্রকল্প এলাকার মানচিত্র একটি দরকারী বিষয় এবং এটি ডিপিপি'র সাথে সংযুক্ত করার পরামর্শ দেওয়া হয়েছে। মানচিত্র থেকে প্রকল্পের অন্তর্ভুক্ত এলাকা, অনুরূপ বৈশিষ্ট্যযুক্ত অন্যান্য প্রকল্পের অবস্থান এবং অন্যান্য সুযোগ সুবিধার সাথে বিবেচ্য প্রকল্পের সংশ্লিষ্টতার একটি পরিষ্কার চিত্র পাওয়া যায়।

**ঘ) মতামত ও পরামর্শ**

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

## (৭-২) কার্যকারিতা

এই উপ-অংশে প্রস্তাবিত প্রকল্পের ক্ষেত্রে যে সকল আউটপুট নির্ধারণ করা হয়েছে উহাদের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য কতটুকু অর্জিত হবে তা যাচাই করা হবে। এই উপ-অংশের প্রশ্ন নিম্নেবর্ণিত বিষয়ের সাথে সম্পর্কিত:

**যাচাইয়ের প্রশ্ন**

প্রকল্পের উদ্দেশ্যসমূহ* অর্জনের জন্য আউটপুট** (Output) গুলি কি যথাযথভাবে চিহ্নিত করা হয়েছে?

* প্রকল্পের উদ্দেশ্য বলতে প্রকল্পের প্রত্যক্ষ ফলাফল, যা সমাপ্তির সময় অর্জিত হবে বলে আশা করা হয়।
** আউটপুট বলতে আউটপুটসমূহ হচ্ছে কতগুলো গুরুত্বপূর্ণ বিভাজিত উপাদান, যা প্রকল্পের উদ্দেশ্য বা ফলাফল অর্জনে সহায়তা করে।

**গ্রিনবুকের মূল্যায়ন পয়েন্ট**

উপরের প্রশ্নের উত্তর দেয়ার অর্থ হচ্ছে এর মাধ্যমে গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক নির্দেশনা অনুসরণ করা হয়েছে।

- অনুচ্ছেদ ১.১.৪ প্রকল্পের উদ্দেশ্য

খ) এবং গ)- তে উত্তর করতে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করুন এবং ঘ-তে মন্তব্য প্রদান করুন।

- প্রকল্পের উদ্দেশ্য অর্জনের জন্য সমজাতীয়/ একই আউটপুট বা অনুপস্থিত আউটপুট
- প্রকল্পের উদ্দেশ্য অর্জনের জন্য যথাযথ/প্রয়োজনীয় চাহিদার বাইরের আউটপুট

**(ক) ডিপিপি'র সংশ্লিষ্ট আইটেমসমূহ**

- নিম্নলিখিত ডিপিপি আইটেম চেক করুন।
  - ১০. লজিক্যাল ফ্রেমওয়ার্ক
  - ১৪. প্রকল্পের পটভূমি সংক্রান্ত তথ্য
  - ১৫. প্রকল্পের বিবরণ
- নিচের অনুচ্ছেদগুলো সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন অনুযায়ী যাচাই করুন
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৩- বাজার চাহিদা বিশ্লেষণ (গ) প্রকল্পের প্রস্তাবিত হস্তক্ষেপ
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৪- কারিগরি, প্রযুক্তিগত ও প্রকৌশলগত বিশ্লেষণ (গ) আউটপুট পরিকল্পনা
  - সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ১০- বিকল্প প্রস্তাবনা বিশ্লেষণ

**(খ) তথ্যের প্রাপ্যতা**

দু'টি থেকে একটি নির্বাচন করুন
- তথ্যাদি সন্নিবেশিত আছে
- তথ্যাদি সন্নিবেশিত নাই

**(গ) তথ্যের গুণগত মান**

দু'টি থেকে একটি নির্বাচন করুন
- বর্ণনামতে যথাযথ
- সংশোধন প্রয়োজন

**[পরামর্শ]**
- যদি O&M-এর জন্য গ্রুপ/সংগঠনের গঠন এবং সক্ষমতা বৃদ্ধি কোন প্রকল্পের উদ্দেশ্য এবং পরিধির একটি অংশ হয়, তাহলে নিশ্চিত করতে হবে যে প্রয়োজনীয় ইনপুট এবং আউটপুট সেই অনুযায়ী ডিজাইন করা হয়েছে কিনা? (৭-৫-২, সাংগঠনিক স্থায়িত্বশীলতা দেখুন)

**ঘ) মতামত ও পরামর্শ**

- স্পষ্ট Option বা পরামর্শ প্রদান করুন; xxx, yyy এর আলোকে স্পষ্ট নয়/পর্যাপ্ত নয় এবং xxx পরিবর্তন করে zzz লিখা যেতে পারে।

**(৭-৩) দক্ষতা**

এই উপ-অংশে প্রকল্প বাস্তবায়নের সময় বিভিন্ন ইনপুটসমূহ কতটা দক্ষতার সাথে (সময়সীমা, ব্যয় ও গুণগত মান) আউটপুটে রূপান্তরিত হবে তা যাচাই করা হবে।

এই উপ-অংশের প্রশ্নগুলো নিম্নেবর্ণিত বিষয়গুলোর সাথে সম্পর্কিত:

- (৭-৩-১) (১-১) ব্যয় প্রাক্কলন;
- (৭-৩-১) (১-২) ব্যয়ের তুলনা;
- (৭-৩-২) প্রকল্পের বাস্তবায়নকাল;
- (৭-৩-৩) প্রকল্পের উপকরণ ও প্রযুক্তি;
- (৭-৩-৪) জনবল;
- (৭-৩-৫) বাস্তবায়নকালীন ঝুঁকিসমূহ;
- (৭-৩-৬) বাস্তবায়নকালীন ঝুঁকি প্রশমনের উপায়সমূহ

**(৭-৩-১) (১-১) ব্যয় প্রাক্কলন**

**যাচাইয়ের প্রশ্ন**

প্রকল্পের ব্যয় প্রাক্কলন যথার্থ ও নির্ভরযোগ্য কিনা?

**গ্রিনবুকের মূল্যায়ন পয়েন্ট**

উপরের প্রশ্নের উত্তর দেয়ার অর্থ হচ্ছে এর মাধ্যমে গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক নির্দেশনা অনুসরণ করা হয়েছে।

- অনুচ্ছেদ ১.১.৮ প্রকল্পের ব্যয় প্রাক্কলন এবং ব্যয় প্রাক্কলনের ভিত্তি ও যথার্থতা
- অনুচ্ছেদ ১.৭.২ জিওবি'র নিকট হতে গৃহীত ঋণে (স্থানীয়/বৈদেশিক মুদ্রায়) বাস্তবায়নের জন্য প্রস্তাবিত প্রকল্প প্রস্তাবের (ডিপিপি/আরডিপিপি) সাথে ঋণচুক্তির কপি ও ঋণ পরিশোধসূচি (Amortization Schedule) সংযোজন করতে হবে।
